Ⓓ Explanation Leaving out of the question অর্থ চিন্তা বাদ দিয়ে। তাই অর্থ অনুসারে (D) হবে।

**21. A <u>congenial</u> work environment enables workers to perform better. The antonym of the underlined word is —.**
Ⓐ friendly Ⓑ easy Ⓒ hostile Ⓓ solitary
Ⓒ Explanation Congenial অর্থ উপযোগী/বন্ধুভাবাপন্ন, যার বিপরীত hostile.

**22. Giving undue favours to one's kith and kin is called —.**
Ⓐ nepotism Ⓑ favouritism Ⓒ formalism Ⓓ meritocracy
Ⓐ Explanation Kith and kin– আত্মীয়স্বজন, যা nepotism (পক্ষপাত) এর সাথে সম্পর্কিত।

**23. 'To be or not to be' is the <u>dilemma</u> of Hamlet. The underlined word can be replaced by —.**
Ⓐ question Ⓑ confusion Ⓒ problem Ⓓ guess
Ⓑ Explanation Dilemma উভয় সংকট/দ্বিধা দ্বন্দ্ব যার সমার্থক হলো– confusion.

**24. Choose the correct sentence:**
Ⓐ The terrorist as well as his accomplices are going to prison.
Ⓑ Neither of the two traffic lights are working.
Ⓒ The number of volunteers grow every year.
Ⓓ Two-fifths of the forest was destroyed by fire. Ans Ⓓ

**25. The major concern among archaeologists today is the preservation of archaeological sites, — are threatened by development.**
Ⓐ many of which Ⓑ many of them
Ⓒ of which many Ⓓ many Ans Ⓐ

**26. An 'elegy' is a —.**
Ⓐ satire Ⓑ limerick
Ⓒ romantic song Ⓓ poem of lamentation
Ⓓ Explanation Elegy– শোক কবিতা, lamentation অর্থ-শোক।

**27. When she parted — her parents, her eyes were full of tears.**
Ⓐ with Ⓑ to Ⓒ from Ⓓ off
Ⓒ Explanation Part from-ব্যক্তি থেকে বিচ্ছিন্ন হওয়া part with-বস্তু থেকে বিচ্ছিন্ন হওয়া।

**28. China has the world's largest <u>canine</u> population. Here the underlined word is connected with —.**
Ⓐ dogs Ⓑ snakes Ⓒ tigers Ⓓ cats
Ⓐ Explanation Canine (কুকুর সম্বন্ধীয়)।

**29. A book of words and their synonyms is called a —.**
Ⓐ thesaurus Ⓑ dictionary Ⓒ etymology Ⓓ collocation
Ⓐ Explanation শব্দ ও তার সমার্থক শব্দসমূহের বইকে thesaurus বলে।

**30. A person who writes or edits a — is called a lexicographer.**
Ⓐ letter Ⓑ book Ⓒ dictionary Ⓓ newspaper
Ⓒ Explanation যে ব্যক্তি dictionary লিখেন তাকে lexicographer বলে।

## সাধারণ জ্ঞান

**01. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন মহাদেশের?**
Ⓐ এশিয়া Ⓑ আফ্রিকা Ⓒ ইউরোপ Ⓓ উত্তর আমেরিকা
Ⓒ Solve জাতিসংঘের বর্তমান মহাসচিব অ্যান্তোনিও গুতেরেস। ইউরোপ মহাদেশের অন্তর্গত পর্তুগালের নাগরিক। তিনি ১৯৯৫-২০০১ সাল পর্যন্ত পর্তুগালের প্রধানমন্ত্রী ছিলেন। তিনি দ্বিতীয় মেয়াদে মহাসচিব নির্বাচিত হোন ১৮ জুন ২০২১ সালে।

**02. মানুষের পাকস্থলিতে কোন অ্যাসিড উৎপন্ন হয়?**
Ⓐ সালফিউরিক অ্যাসিড Ⓑ নাইট্রিক অ্যাসিড
Ⓒ হাইড্রোক্লোরিক অ্যাসিড Ⓓ সাইট্রিক অ্যাসিড
Ⓒ Solve মানুষের পাকস্থলিতে খাবার পরিপাকের জন্য হাইড্রোক্লোরিক অ্যাসিড ও পেপসিন নামক এনজাইম নিঃসৃত হয়। হাইড্রোক্লোরিক অ্যাসিড ক্ষতিকারী ব্যাকটেরিয়া মেরে ফেলে খাবার পরিপাকে সাহায্য করে।

**03. বাংলাদেশের জাতীয় সংসদে কোরাম হয় কত জনে?**
Ⓐ ৫৫ Ⓑ ৭৫ Ⓒ ৬০ Ⓓ ৫০
Ⓒ Solve জাতীয় সংসদে কোরাম গঠিত হয় ন্যূনতম ৬০জন সংসদ সদস্যের উপস্থিতিতে। সংবিধানের ৭৫(২) অনুচ্ছেদে কোরাম সম্পর্কে নির্দেশনা দেওয়া আছে। এ অনুচ্ছেদ অনুসারে কোনো সংসদে বৈঠক চলাকালে উপস্থিত সদস্য ৬০ এর কম হলে বৈঠক স্থগিত থাকবে কিংবা মুলতুবি হবে।

**04. টেকসই উন্নয়ন সংক্রান্ত ২০৩০ এজেন্ডা-তে (The Agenda for Sustainable Development) কয়টি লক্ষ্য রয়েছে?**
Ⓐ ১৫ Ⓑ ১৭ Ⓒ ২১ Ⓓ ২৭
Ⓑ Solve জাতিসংঘ কর্তৃক গৃহীত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) গৃহীত হয় ২৫ সেপ্টেম্বর ২০১৫। SDG-তে ১৭টি লক্ষ্য, ৪৭টি সূচক এবং ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এই ১৭টি লক্ষ্য বিশিষ্ট পরিকল্পনা বাস্তবায়নের সময়কাল ধরা হয়েছে ১ জানুয়ারি ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০৩০ (১৫ বছর) পর্যন্ত।

**05. নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্ত হয় সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে?**
Ⓐ চতুর্দশ সংশোধনী Ⓑ পঞ্চদশ সংশোধনী
Ⓒ ষষ্ঠদশ সংশোধনী Ⓓ দ্বাদশ সংশোধনী
Ⓑ Solve নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার বিলুপ্ত হয় সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে। পঞ্চদশ সংশোধনীতে ৭২-এর মূলনীতি পুনর্বহাল, তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বিলুপ্ত, নারীদের জন্য ৫০টি আসন সংরক্ষণ করা হয়। এখন পর্যন্ত সংবিধান ১৭ বার সংশোধন করা হয়েছে।

**06. পবিত্র কোরআন কত বছর ধরে নাযিল হয়েছিল?**
Ⓐ ৬৩ Ⓑ ৪০ Ⓒ ২৩ Ⓓ ১০
Ⓒ Solve পবিত্র কোরআন নাযিল হতে মোট সময় লেগেছিল ২৩ বছর। মক্কার অদূরে হেরা পর্বতের গুহায় শবে-কদর রাতে পবিত্র কোরআন নাযিল হয়। কোরআন শব্দের অর্থ পাঠ করা।

**07. রোহিঙ্গা নিধনের বিরুদ্ধে আন্তর্জাতিক আদালতে মামলাকারী দেশটির নাম কী?**
Ⓐ কেনিয়া Ⓑ গাম্বিয়া Ⓒ গ্যাবন Ⓓ গায়ানা
Ⓑ Solve মিয়ানমারের সামরিক বাহিনী ২০১৭ সালে রোহিঙ্গা জনগোষ্ঠীর উপর অভিযান পরিচালনা করে দেশত্যাগ করতে বাধ্য করে। যার প্রেক্ষিতে ১৯৪৮ সালের জেনোসাইড কনভেনশনের ওপর ভিত্তি করে গাম্বিয়া আন্তর্জাতিক বিচার আদালতে মামলা দায়ের করেন।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

08. হুদাইবিয়ার সন্ধি সম্পাদিত হয়-

Ⓐ ৬২৪ সালে Ⓑ ৬২৮ সালে Ⓒ ৬২৬ সালে Ⓓ ৬২৭ সালে

**B** Solve ষষ্ঠ হিজরীতে (৬২৮ খ্রিষ্টাব্দে) মদিনা শহরবাসী এবং কোরাইশ গোত্রের মধ্যে হুদাইবিয়া নামক স্থানে ১০ বছর মেয়াদি একটি চুক্তি স্থাপিত হয় যা ইতিহাসে হুদাইবিয়ার সন্ধি নামে পরিচিত।

09. বাংলাদেশের মুক্তিযুদ্ধে মর্যাদা অনুসারে বীরত্বসূচক খেতাবের ক্ষেত্রে তৃতীয় খেতাব-

Ⓐ বীরপ্রতীক Ⓑ বীরবিক্রম Ⓒ বীরশ্রেষ্ঠ Ⓓ বীরউত্তম

**B** Solve বীরত্বসূচক খেতাবের বিবরণ :

| খেতাবের নাম | বর্তমান সংখ্যা |
|---|---|
| মুক্তিযুদ্ধে অবদানের জন্য খেতাবে ভূষিত হয় মোট | ৬৭১ |
| ১ম : সর্বোচ্চ পদমর্যাদার খেতাব (বীরশ্রেষ্ঠ) | ৭ |
| ২য় : উচ্চ পদমর্যাদার খেতাব (বীরউত্তম) | ৬৭ |
| ৩য় : প্রশংসনীয় পদমর্যাদার খেতাব (বীরবিক্রম) | ১৭৪ |
| ৪র্থ : বীরত্বসূচক প্রশংসা পত্রের খেতাব (বীরপ্রতীক) | ৪২৪ |

10. 'রয়টার্স' কোন দেশের সংবাদ সংস্থা?

Ⓐ কানাডা Ⓑ সুইডেন Ⓒ যুক্তরাজ্য Ⓓ যুক্তরাষ্ট্র

**C** Solve 'রয়টার্স' যুক্তরাজ্যভিত্তিক বিশ্বের সবচেয়ে বড় সংবাদ সংস্থা। পল জুলিয়াস রয়টার ১৮৫১ সালে এটি প্রতিষ্ঠা করেন। এর সদর দপ্তর লন্ডন।

11. BRICS-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

Ⓐ বেইজিং Ⓑ সাংহাই Ⓒ মস্কো Ⓓ কোনোটিই নয়

**D** Solve ব্রিকস একটি বিকাশমান অর্থনৈতিক জোট। BRICS এর যাত্রা শুরু হয়েছিল বিশ্বের পাঁচটি বিকাশমান অর্থনীতির দেশ ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন ও দক্ষিণ আফ্রিকাকে নিয়ে। ১ জানুয়ারি ২০২৪ নতুন ৫টি দেশ মিশর, ইথিওপিয়া, ইরান, সৌদি আরব এবং সংযুক্ত আরব আমিরাত আনুষ্ঠানিকভাবে ব্রিকসে যোগদান করেছে। BRICS এর কোন সদর দপ্তর নেই।

12. ২, ১, $\frac{১}{২}$, $\frac{১}{৪}$ ... এই সিরিজটির পরবর্তী সংখ্যা কী হবে?

Ⓐ $\frac{১}{৩}$ Ⓑ $\frac{১}{৮}$ Ⓒ $\frac{২}{৮}$ Ⓓ $\frac{১}{১৬}$ Ans B

13. কর্ণফুলী নদীর তলদেশে সদ্য স্থাপিত বঙ্গবন্ধু টানেলের মূল দৈর্ঘ্য (শুধু টানেল অংশ) কত কি. মি.?

Ⓐ ৯.৩৯ Ⓑ ৩.৩২ Ⓒ ৩.৫০ Ⓓ ২.১৩

**B** Solve বঙ্গবন্ধু টানেল কর্ণফুলী নদীর নিচে অবস্থিত বাংলাদেশের প্রথম ও দীর্ঘতম সুড়ঙ্গ সড়ক। বঙ্গবন্ধু টানেলের দৈর্ঘ্য ৩.৩২ কিলোমিটার। টানেলটি জনসাধারণের জন্য উদ্বোধন করা হয় ১৮ অক্টোবর ২০২৩ সালে। টানেলটি পতেঙ্গার নেভাল একাডেমি থেকে চট্টগ্রামের আনোয়ারা পর্যন্ত নির্মিত হয়েছে। নির্মাণ প্রতিষ্ঠান চায়না কমিউনিকেশন কনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড।

14. রাজু ভাস্কর্য-র স্থপতি কে?

Ⓐ শামীম সিকদার Ⓑ শ্যামল চৌধুরী Ⓒ রাশা Ⓓ হামিদুর রহমান

**B** Solve সন্ত্রাসবিরোধী রাজু স্মারক ভাস্কর্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি প্রাঙ্গণে অবস্থিত বাংলাদেশের একটি অন্যতম প্রধান ভাস্কর্য নিদর্শন। ১৯৯৭ সালে স্থপতি শ্যামল চৌধুরী 'রাজু ভাস্কর্য' নির্মাণ করেন।

15. রবীন্দ্রনাথ ঠাকুরকে 'বিশ্বকবি' আখ্যা দিয়েছিলেন কে?

Ⓐ কাজী নজরুল ইসলাম Ⓑ ব্রহ্মবান্ধব উপাধ্যায়

Ⓒ কবি জয় গোস্বামী Ⓓ লালন ফকির

**B** Solve রবীন্দ্রনাথ ঠাকুরকে দেওয়া বিভিন্ন উপাধি সম্পর্কিত তথ্য :

| উপাধি | প্রদানকারী |
|---|---|
| বিশ্বকবি | ব্রহ্মবান্ধব উপাধ্যায় |
| কবিগুরু | ক্ষিতিমোহন সেন |
| গুরুদেব | মহাত্মা গান্ধী |
| ভারতের মহাকবি | চি-সি-লিজন |

16. পাকিস্তানের গণপরিষদের কার্যবিবরণীতে বাংলা ভাষা অন্তর্ভুক্ত করার দাবি করেছিলেন কে?

Ⓐ আবুল কাশিম Ⓑ ড. মুহম্মদ শহীদুল্লাহ

Ⓒ শেখ মুজিবুর রহমান Ⓓ ধীরেন্দ্রনাথ দত্ত

**D** Solve ১৯৪৮ সালের ২৩ ফেব্রুয়ারি তারিখে পাকিস্তান গণপরিষদে ইংরেজি ও উর্দুর পাশাপাশি সদস্যদের বাংলায় বক্তৃতা প্রদান এবং সরকারি কাজে বাংলা ভাষা ব্যবহারের জন্য একটি সংশোধনী প্রস্তাব উত্থাপন করেন গণপরিষদ সদস্য ধীরেন্দ্রনাথ দত্ত।

17. কোন বিখ্যাত ম্যাগাজিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' আখ্যা দিয়েছিল?

Ⓐ টাইম Ⓑ নিউজউইক

Ⓒ দি ইকোনমিস্ট Ⓓ ইকোনমিক অ্যান্ড পলিটিক্যাল উইকলি

**B** Solve নিউজউইক মার্কিন যুক্তরাষ্ট্রের নিউইয়র্কভিত্তিক একটি বিখ্যাত ম্যাগাজিন। ৫ এপ্রিল ১৯৭১ বিখ্যাত মার্কিন সাময়িকী 'নিউজ উইকস'-এর একটি নিবন্ধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'Poet of Politics' বা 'রাজনীতির কবি' হিসেবে উল্লেখ করে।

18. পরবর্তী বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে-

Ⓐ কানাডায় Ⓑ মেক্সিকোতে Ⓒ যুক্তরাষ্ট্রে Ⓓ উল্লিখিত সব দেশে

**D** Solve ২০২৬ সালে ফিফা বিশ্বকাপ ফুটবল যৌথভাবে অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্র কানাডা ও মেক্সিকোতে।

19. বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ কোনটি?

Ⓐ সেন্টমার্টিন Ⓑ মহেশখালী Ⓒ ছেঁড়া দ্বীপ Ⓓ নিঝুম দ্বীপ

**B** Solve বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী। দ্বীপটি ৩টি দ্বীপের (সোনাদিয়া, মাতারবাড়ি ও ধলাঘাট) সমন্বয়ে গঠিত। প্রায় ২০০ বছর পূর্বে বৌদ্ধ সেন মহেশ্বরের নামানুসারে মহেশখালী দ্বীপের নামকরণ করা হয়। বিখ্যাত আদিনাথ মন্দির মহেশখালী দ্বীপে অবস্থিত।

20. 'সেপ্টেম্বর অন যশোর রোড' কবিতাটির রচয়িতা কে?

Ⓐ গুন্টার গ্রাস Ⓑ খুশবন্ত সিং Ⓒ অ্যালেন গিন্সবার্গ Ⓓ জর্জ হ্যারিসন

**C** Solve অ্যালেন গিন্সবার্গ মার্কিন কবি যিনি বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অর্থ সংগ্রহের জন্য কবিতা পাঠের আয়োজন করেন। মুক্তিযুদ্ধকালে অনেক মানুষ ভারতের শরণার্থী শিবিরে আশ্রয় নেয়। সীমান্ত ঘুরে অসহায় মানুষের দুঃখ-দুর্দশা দেখেন। সেই প্রেক্ষিতে ১৫২ লাইনের বিখ্যাত কবিতা 'সেপ্টেম্বর অন যশোর রোড' রচনা করেন।

21. মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র সংগ্রাম-এর পরিচালক কে ছিলেন?

Ⓐ চাষী নজরুল ইসলাম Ⓑ জহির রায়হান

Ⓒ মোরশেদুল ইসলাম Ⓓ তারেক মাসুদ

**A** Solve চাষী নজরুল ইসলাম পরিচালিত উল্লেখযোগ্য চলচ্চিত্র হচ্ছে- ওরা ১১ জন, সংগ্রাম, দেবদাস, শুভদা, পদ্মা মেঘনা যমুনা, হাঙ্গর নদী গ্রেনেড, মেঘের পরে মেঘ। সংগ্রাম চলচ্চিত্র ১৯৭৪ সালে মুক্তিপ্রাপ্ত একটি বাংলাদেশি যুদ্ধ নাট্য চলচ্চিত্র। এটি খালেদ মোশাররফের একটি ডায়েরিতে লেখা সত্য ঘটনার ওপর ভিত্তি করে তৈরি হয়েছে।

22. 'মুর‍্যাল'-এর অর্থ-

Ⓐ কোলাজ Ⓑ দেয়ালচিত্র Ⓒ পাতায় আঁকা চিত্র Ⓓ নকশা

**B** Solve মুর‍্যাল হলো গ্রাফিক আর্টওয়ার্কের যে কোনো অংশ যা আঁকা বা সরাসরি দেওয়াল, ছাদ বা অন্যান্য স্থায়ী স্তরে প্রয়োগ করা হয়। মুর‍্যাল কৌশলগুলোর মধ্যে রয়েছে ফ্রেস্কো, মোজাইক, গ্রাফিতি এবং ম্যারোফ্লেজ।

23. কোন দেশটি নর্ডিক অঞ্চলভুক্ত নয়?

Ⓐ ডেনমার্ক Ⓑ ফিনল্যান্ড Ⓒ নরওয়ে Ⓓ নেদারল্যান্ড

**D** Solve নর্ডিক অঞ্চল হচ্ছে স্ক্যান্ডিনেভিয়ান উপদ্বীপ এবং বাল্টিক সাগরের তীরে বসবাসকারী ককেশীয় জাতির একটি শাখা। ডেনমার্ক, নরওয়ে, সুইডেন, ফিনল্যান্ড এবং আইসল্যান্ড এবং সেইসাথে ফ্যারো দ্বীপপুঞ্জ, গ্রিনল্যান্ড এবং আইসল্যান্ড হচ্ছে নর্ডিক অঞ্চলভুক্ত। নেদারল্যান্ড উত্তর-পশ্চিম ইউরোপের একটি রাষ্ট্র।

24. নিচের কোনটি UNO-এর সঙ্গে সংশ্লিষ্ট নয়?

Ⓐ ILO Ⓑ WHO Ⓒ ASEAN Ⓓ সবগুলো

**C** Solve জাতিসংঘের বিশেষায়িত ও উন্নয়নমূলক সংস্থাগুলো হচ্ছে WHO, ILO, UNESCO, WTO, FAO, UNIDO, IAEA, IMO, IPCC ইত্যাদি। ASEAN হলো দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলো নিয়ে গঠিত অর্থনৈতিক জোট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**25. কলকাতা থেকে দিল্লিতে রাজধানী স্থানান্তর হয়–**

Ⓐ ১৯১১ সালে Ⓑ ১৯১১ সালে Ⓒ ১৯০৫ সালে Ⓓ ১৯০৯ সালে

Ⓑ Solve ১৯১১ সালে ১২ ডিসেম্বর ভারতের রাজধানী কলকাতা থেকে স্থানান্তরিত হয়ে করা হয় দিল্লিতে। ব্রিটেনের তৎকালীন রাজা পঞ্চম জর্জ নতুন রাজধানী দিল্লি ঘোষণা করেন।

**26. ইসরায়েল-প্যালেস্টাইন দ্বন্দ্বের মূল কারণ কী?**

Ⓐ ইতিহাস Ⓑ ধর্ম
Ⓒ প্যালেস্টাইনকে রাষ্ট্র হিসেবে ইসরায়েলের অস্বীকৃতি Ⓓ সবগুলো

Ⓓ Solve নানাবিধ ঘাত-প্রতিঘাতের প্রেক্ষিতে ইসরায়েল ও ফিলিস্তিনের মধ্যে চরম শত্রুভাবাপন্ন সম্পর্ক বিরাজ করছে বহু বছর ধরে। রাজনৈতিক, ঐতিহাসিক, ধর্মীয় এবং প্যালেস্টাইনকে রাষ্ট্র হিসেবে ইসরায়েলের অস্বীকৃতি এর মধ্যে অন্যতম প্রধান কারণ।

**27. 'ছিয়াত্তরের মন্বন্তর' নামক ভয়াবহ দুর্ভিক্ষ দেখা দিয়েছিল–**

Ⓐ ১০৭৬ বঙ্গাব্দে Ⓑ ১১৭৬ বঙ্গাব্দে Ⓒ ১৮৭৬ বঙ্গাব্দে Ⓓ ১০৭৬ বঙ্গাব্দে

Ⓑ Solve বাংলা ১১৭৬ (ইংরেজি ১৭৭০) সালে দেশব্যাপী অর্থনৈতিক বিপর্যয়ের ফলে যে দুর্ভিক্ষ দেখা দিয়েছিল তা ইতিহাসে "ছিয়াত্তরের মন্বন্তর" নামে পরিচিত। এ দুর্ভিক্ষের ফলে দেশের প্রায় এক-তৃতীয়াংশ লোক মারা যায়।

**28. 'তারিখ' কোন ভাষার শব্দ?**

Ⓐ আরবি Ⓑ ফারসি Ⓒ বাংলা Ⓓ সংস্কৃত

Ⓐ/Ⓑ Solve নবম-দশম শ্রেণির ব্যাকরণ বইয়ে 'তারিখ' শব্দটি ফারসি শব্দ হিসেবে নির্দেশ করা হয়েছে। তবে 'বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান' অনুযায়ী 'তারিখ' আরবি ভাষার শব্দ।

**29. 'হলোকাস্ট' বলে চিহ্নিত করা হয় কোনটিকে?**

Ⓐ কৃষ্ণাঙ্গ-শ্বেতাঙ্গ সংঘাত Ⓑ হুতো ও তুতসিদের লড়াই
Ⓒ গুয়ানতানামোয় বন্দিদের ওপর নির্যাতন
Ⓓ দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন ইহুদি নিধন

Ⓓ Solve 'হলোকাস্ট' হলো দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইহুদি ধর্মাবলম্বীদের ওপর চালানো গণহত্যা। হিটলারের নেতৃত্বে নাৎসি সামরিক বাহিনী ইউরোপে ইহুদি জনগোষ্ঠীকে নির্বিচারে হত্যা করে। প্রায় ৬০ লক্ষ ইহুদি হত্যা করা হয় যা ইতিহাসে হলোকাস্ট নামে পরিচিত।

**30. মানবাধিকার দিবস পালিত হয় কোন তারিখে?**

Ⓐ ২৫ শে জুন Ⓑ ১লা আগস্ট Ⓒ ১লা মে Ⓓ ১০ই ডিসেম্বর

Ⓓ Solve জাতিসংঘের সাধারণ পরিষদের উদ্যোগে সর্বজনীন মানবাধিকার ঘোষণা করা হয় ১০ ডিসেম্বর ১৯৪৮ সালে। এজন্য প্রতিবছর ১০ ডিসেম্বর 'বিশ্ব মানবাধিকার দিবস' পালিত হয়। অন্যদিকে ১ আগস্ট 'বিশ্ব মাতৃদুগ্ধ দিবস' এবং ১ মে 'আন্তর্জাতিক শ্রমিক দিবস' বা মে দিবস পালন করা হয়।

**31. বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্রের শিরোনাম কী ছিল?**

Ⓐ The Proclamation of Bangladesh
Ⓑ The Proclamation of Independence
Ⓒ The Declaration of Independence
Ⓓ The Independence of Bangladesh

Ⓑ Solve ১৯৭১ সালের ১০ এপ্রিল জাতীয় ও প্রাদেশিক পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে ত্রিপুরার আগরতলায় মুজিবনগর সরকার গঠিত হয়। ওই দিনই আনুষ্ঠানিকভাবে জারি/প্রকাশ করা হয় 'বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র'। এই ঘোষণাপত্রটি কার্যকর হয় ২৬ মার্চ ১৯৭১ থেকে। স্বাধীনতার ঘোষণাপত্র বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সংবিধান।

**32. বঙ্গবন্ধুর অনুরোধে ভারতীয় মিত্রবাহিনী কখন স্বাধীন বাংলাদেশ ত্যাগ করে?**

Ⓐ ১২ই মার্চ ১৯৭২ Ⓑ ১৭ই এপ্রিল ১৯৭২
Ⓒ ৭ই নভেম্বর ১৯৭২ Ⓓ ১৬ই ডিসেম্বর ১৯৭২

Ⓐ Solve বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনুরোধে ইন্দিরা গান্ধীর নির্দেশে ১২ মার্চ ১৯৭২ থেকে সেনা প্রত্যাহার শুরু হয় যা শেষ হয় ১৭ মার্চ ১৯৭২। শেখ মুজিবুর রহমানের জন্মদিনের প্রতি শ্রদ্ধা জানিয়ে ইন্দিরা গান্ধী এই বিশেষ দিন ধার্য করেন।

**33. বাংলাদেশের সবচেয়ে বড়ো স্থলবন্দর কোনটি?**

Ⓐ হিলি Ⓑ সোনা মসজিদ Ⓒ আখাউড়া Ⓓ বেনাপোল

Ⓓ Solve বাংলাদেশে বর্তমানে স্থলবন্দর রয়েছে ২৫টি। বেনাপোল দেশের সবচেয়ে বড়ো স্থলবন্দর। হিলি বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম স্থলবন্দর। কর্তৃপক্ষ গঠিত হয় ১৪ জুন ২০০১।

**34. ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বপ্রথম কারা ভারতে আসে?**

Ⓐ পর্তুগিজ Ⓑ ব্রিটিশ Ⓒ ফরাসি Ⓓ ওলন্দাজ

Ⓐ Solve ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম আসে পর্তুগিজরা। ১৫... সালে সর্বপ্রথম বাণিজ্যকুঠি স্থাপন করে পিপলিতে। আর বাংলায় সর্বপ্রথম আগমন করে ১৫১৬ সালে; চট্টগ্রামে বাণিজ্যকুঠি নির্মাণ করে ১৫৩৭ সালে। সর্বশেষ আসে ফরাসিরা।

**35. ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন কে?**

Ⓐ ইয়ুন ফসেহ Ⓑ অ্যানি আর্নো Ⓒ লুইস গ্লিক Ⓓ কাজুয়ো ইশিগুরো

Ⓐ Solve ২০২৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন নরওয়েজীয় লেখক এবং নাট্যকার ইয়োন ফসে।

**36. কোনটি জাপান সাগর ও পীত সাগরের মাঝে অবস্থিত?**

Ⓐ বাহরাইন দ্বীপ Ⓑ জাভা দ্বীপ Ⓒ কোরীয় উপদ্বীপ Ⓓ আরব উপদ্বীপ

Ⓒ Solve কোরীয় উপদ্বীপ পূর্ব এশিয়ায় অবস্থিত একটি উপদ্বীপ। এটি জাপান সাগর ও পীত সাগরের মাঝে অবস্থিত।

**37. কোন দেশ প্রথম ভার্চুয়াল ব্যাংক অনুমোদন দেয়?**

Ⓐ জাপান Ⓑ যুক্তরাষ্ট্র Ⓒ দক্ষিণ কোরিয়া Ⓓ তাইওয়ান

Ⓓ Solve যে ব্যাংকে সশরীরে উপস্থিত না হয়ে ইন্টারনেট বা অনলাইনের মাধ্যমে ব্যাংকিং কাজকর্ম ব্যবস্থা করা যায় তাকে ভার্চুয়াল ব্যাংক বলে। তাইওয়ান বিশ্বের প্রথম ভার্চুয়াল ব্যাংকের অনুমোদন প্রদান করে।

**38. 'উইঘুর' জাতিগোষ্ঠী কোন দেশের বংশোদ্ভূত মুসলিম সম্প্রদায়?**

Ⓐ তুরস্ক Ⓑ পাকিস্তান Ⓒ ইরান Ⓓ ইয়েমেন

Ⓐ Solve চীনের মুসলিম অধ্যুষিত জিনজিয়াং প্রদেশে বসবাসকারী মুসলিম সম্প্রদায় হচ্ছে 'উইঘুর' জাতিগোষ্ঠী। উইঘুর জাতি হচ্ছে তুরস্কের বংশোদ্ভূত মুসলিম সম্প্রদায়।

**39. ইংল্যান্ডের শিল্পবিপ্লবের ফলে ভারতীয় উপমহাদেশের কোন শিল্প ধ্বংস হয়?**

Ⓐ পাটশিল্প Ⓑ বস্ত্রশিল্প Ⓒ রংশিল্প Ⓓ চিত্রশিল্প

Ⓑ Solve আঠারো শতকের দ্বিতীয়ার্ধ থেকে উনিশ শতকের প্রথম দিকে ব্রিটেনে শিল্পবিপ্লব সংঘটিত হয়েছিল। এ বিপ্লবের অন্যতম কারণ ছিল প্রযুক্তিগত উৎকর্ষ ও কয়লা ইঞ্জিনের ব্যবহার। ইংল্যান্ডের শিল্পবিপ্লব শুরু হয়েছিল মূলত টেক্সটাইল শিল্পে, যার ফলে ভারতীয় উপমহাদেশের বস্ত্র শিল্পের ওপর ব্যাপক প্রভাব পড়ে।

**40. আন্তর্জাতিক অভিবাসী দিবস কত তারিখ?**

Ⓐ ১৭ই ডিসেম্বর Ⓑ ১৮ই ডিসেম্বর Ⓒ ১৯ই ডিসেম্বর Ⓓ ২০শে ডিসেম্বর

Ⓑ Solve ১৮ ডিসেম্বর আন্তর্জাতিক অভিবাসী দিবস। আন্তর্জাতিক অভিবাসী দিবসে এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "প্রবাসী কর্মীরা উন্নয়নের অংশীদার, সমুন্নত রাখবো তাদের অধিকার"। ২০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবিক সংহতি দিবস।

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

কলা ও মানববিদ্যা অনুষদ (বিভাগ/ইনস্টিটিউট : চারুকলা, নাট্যকলা, সংগীত)

**B1- উপ-ইউনিট; ভর্তি পরীক্ষা: ২০২৩-২৪**

## বাংলা

**01. 'আমার পথ' প্রবন্ধে কাজী নজরুল ইসলাম ভুল করতে রাজি আছেন, কিন্তু কী করতে প্রস্তুত নন?**

Ⓐ সন্দেহ Ⓑ ভণ্ডামি Ⓒ সন্ত্রাস Ⓓ সন্ধি

Ⓑ Solve "আমার পথ" প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের 'রুদ্র-মঙ্গল' নামক প্রবন্ধগ্রন্থের অন্তর্ভুক্ত। 'আমার পথ' প্রবন্ধে তিনি বলেছেন, তিনি ভুল করতে রাজি আছেন কিন্তু ভণ্ডামি করতে প্রস্তুত নন। ভুল জেনেও তাকে ঠিক বলে চালিয়ে দেওয়ার কপটতা কিংবা জেদ তাঁর দৃষ্টিতে ভণ্ডামি। এ প্রবন্ধের কয়েকটি উক্তি :

- আমার পথ দেখাবে আমার সত্য।
- আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।
- ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**02. কোনটি শব্দের আগে বসে?**

Ⓐ উপসর্গ Ⓑ অনুসর্গ Ⓒ প্রত্যয় Ⓓ বিভক্তি

Ⓐ Solve যেসব অর্থহীন শব্দাংশ অন্য শব্দের শুরুতে বসে নতুন শব্দ গঠন করে, সেগুলোকে উপসর্গ বলে। উপসর্গ শব্দের আগে বসে। অপরদিকে, অনুসর্গ শব্দের পরে বসে। প্রত্যয় ও বিভক্তি শব্দের পরে যুক্ত হয়।

**03. 'কমলের চোখ' আবু জাফর ওবায়দুল্লাহর একটি–**

Ⓐ নাটক Ⓑ উপন্যাস Ⓒ কাব্য Ⓓ গল্পগ্রন্থ

Ⓒ Solve আবু জাফর ওবায়দুল্লাহ (১৯৩৪-২০০১) বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলার অন্তর্গত বহেরচর-ক্ষুদ্রকাঠি গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮২ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সরকারের কৃষি ও পানিসম্পদ মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : 'সাত নরীর হার', 'কখনো রং কখনো সুর', 'কমলের চোখ', 'আমি কিংবদন্তির কথা বলছি', 'বৃষ্টি ও সাহসী পুরুষের জন্য প্রার্থনা', 'আমার সময়'।

**04. Manuscript-এর পারিভাষিক রূপ–**

Ⓐ মুলতুবি Ⓑ প্রচারপত্র Ⓒ পাণ্ডুলিপি Ⓓ অনুমান

Ⓒ Solve কয়েকটি পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Mass Education | গণশিক্ষা | Mint | টাকশাল |
| Mediator | মধ্যস্থতাকারী | Memorandum | স্মারকলিপি |

**05. বাংলা বাক্যে পদের স্বাভাবিক ক্রম–**

Ⓐ কর্তা, কর্ম, ক্রিয়া Ⓑ কর্ম, কর্তা, ক্রিয়া

Ⓒ ক্রিয়া, কর্তা, কর্ম Ⓓ কর্ম, ক্রিয়া, কর্তা

Ⓐ Solve সুশৃঙ্খল পদবিন্যাসকে বাক্য বলে। বাংলা বাক্যের স্বাভাবিক পদক্রম : কর্তা, কর্ম, ক্রিয়া। যেমন : আমি (কর্তা) ভাত (কর্ম) খাই (ক্রিয়া)।

**06. 'সৌখিন'- এর বিপরীত শব্দ–**

Ⓐ সচিত্র Ⓑ শখে Ⓒ পেশাদার Ⓓ শ্যামলা

Ⓒ Solve বিপরীতার্থক শব্দ :

| শব্দ | বিপরীত শব্দ | শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| কৃতজ্ঞ | কৃতঘ্ন | গাম্ভীর্য | চাপল্য |
| ক্ষিপ্র | মন্থর | তন্ময় | মন্ময় |

**07. 'প্রেমডোর' কোন সমাস?**

Ⓐ তৎপুরুষ Ⓑ দ্বন্দ্ব Ⓒ রূপক কর্মধারয় Ⓓ বহুব্রীহি

Ⓒ Solve উপমান ও উপমেয়কে অভিন্ন কল্পনা করে উপমান ও উপমেয় পদের যে সমাস হয়, তাকে রূপক কর্মধারয় সমাস বলে। রূপক কর্মধারয় সমাসের উদাহরণ : প্রেমডোর = প্রেম রূপ ডোর, বিষাদসিন্ধু = বিষাদ রূপ সিন্ধু, মনমাঝি = মন রূপ মাঝি, স্বপ্নজাল = স্বপ্ন রূপ জাল, ক্রোধানল = ক্রোধ রূপ অনল।

**08. ভিন্নার্থক শব্দযুগল নয় কোনটি?**

Ⓐ খর, খড় Ⓑ স্মর, স্বর Ⓒ ক্ষীণবল, হীনবল Ⓓ অবধ্য, অবোধ্য

Ⓒ Solve শব্দ ও অর্থ :

| শব্দ | অর্থ |
|---|---|
| খর | প্রখর, প্রচণ্ড, প্রবল। |
| খড় | ধান গম প্রভৃতি শস্য ছাড়িয়ে নেওয়ার পর পরিত্যক্ত শুকনো অংশ, বিচালি। |
| স্মর | স্মরণ, ধ্যান, কামদেব। |
| স্বর | গলার আওয়াজ, শব্দ। |
| ক্ষীণবল | দুর্বল। |
| হীনবল | শক্তিহীন, দুর্বল। |
| অবধ্য | বধ করা যায় না এমন। |
| অবোধ্য | বোঝা যায় না এমন। |

**09. আখতারুজ্জামান ইলিয়াসের পেশা ছিল–**

Ⓐ শিক্ষকতা Ⓑ সাংবাদিকতা Ⓒ চিকিৎসা Ⓓ অভিনয়

Ⓐ Solve আখতারুজ্জামান ইলিয়াস (১৯৪৩-১৯৯৭) গাইবান্ধার গোটিয়া গ্রামে মামাবাড়িতে জন্মগ্রহণ করেন। তাঁর পৈতৃক নিবাস বগুড়ার নারুলি গ্রামে। কর্মজীবনে তিনি ছিলেন সরকারি কলেজের বাংলা বিষয়ের অধ্যাপক। তাঁর গল্পগ্রন্থ : 'অন্য ঘরে অন্য স্বর', 'খোঁয়ারি', 'দুধভাতে উৎপাত', 'দোজখের ওম'; উপন্যাস : 'চিলেকোঠার সেপাই', 'খোয়াবনামা'।

**10. 'গাড়ি ঘোড়ার —— দিতে দিতে চলিল'– শূন্যস্থানে কোন শব্দগুলো বসবে?**

Ⓐ মুদঙ্গে তাল Ⓑ আঘাতে শিস Ⓒ তীক্ষ্ণ তাল Ⓓ বাঁশির সুর

Ⓐ Solve রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পটি প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকায়। 'অপরিচিতা' মনস্তাপে ভেঙে পড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তির গল্প, তার পাপস্খালনের অকপট কথামালা।

**11. শেখ মুজিবুর রহমান জেলখানায় গোপনে কয়টি চিঠি লিখেছিলেন?**

Ⓐ ৪টি Ⓑ ৫টি Ⓒ ৬টি Ⓓ ৭টি

Ⓐ Solve জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলন করা হয়েছে। 'বায়ান্নর দিনগুলো' রচনার মাধ্যমে জানা যায় বঙ্গবন্ধু যখন ফরিদপুর জেলখানায় বন্দি ছিলেন তখন তিনি গোপনে ৪টি চিঠি লিখেছিলেন। চিঠি চারটির ১টি বাবার কাছে, ১টি রেণুর কাছে, ১টি শহীদ সাহেবের কাছে এবং ১টি মওলানা ভাসানীর কাছে লিখেছিলেন।

**12. 'ধূর্জটি' কে?**

Ⓐ দুর্গা Ⓑ বিষ্ণু Ⓒ শিব Ⓓ রাম

Ⓒ Solve হিন্দু দেবতা মহাদেব বা শিবের আরেক নাম ধূর্জটি। দুর্গা হলেন হিন্দু দেবতা শিবের পত্নী। দুর্গাকে ভগবতী ও গৌরী নামেও ডাকা হয়। হিন্দু পুরাণমতে, বিষ্ণু হলেন জগতের পালনকর্তা নারায়ণ নামক দেবতা। রাম হলেন বিষ্ণুর অবতার ও রাজা দশরথের পুত্র।

**13. নিচের কোন কবি গান রচনা করেছিলেন?**

Ⓐ ঈশ্বরচন্দ্র গুপ্ত Ⓑ সুধীন্দ্রনাথ দত্ত Ⓒ বিষ্ণু দে Ⓓ দ্বিজেন্দ্রলাল রায়

Ⓓ Solve দ্বিজেন্দ্রলাল রায় সংক্ষেপে ডি. এল. রায় নামে সমধিক পরিচিত। তিনি একাধারে কবি, নাট্যকার ও গীতিকার। কাব্যগ্রন্থ ও নাটক রচনা ছাড়াও তিনি অসংখ্য গানের রচয়িতা ও সুরকার। তাঁর বিখ্যাত গান 'ধনধান্য পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা'। এই গানটি তারই রচিত 'সাজাহান' (১৯০৯) নাটকের অন্তর্ভুক্ত। উল্লেখ্য, বাংলা সাহিত্যের প্রথম সার্থক ঐতিহাসিক নাটক 'সাজাহান'।

**14. নিচের কোন ব্যক্তি রবীন্দ্রনাথ ঠাকুরের আত্মীয় যিনি চিত্রশিল্পী হিসেবে খ্যাতি অর্জন করেন?**

Ⓐ দীনেন্দ্রনাথ ঠাকুর Ⓑ সত্যেন্দ্রনাথ ঠাকুর Ⓒ বলেন্দ্রনাথ ঠাকুর Ⓓ সুভো ঠাকুর

Ⓓ Solve সুভো ঠাকুর (পুরো নাম সুভগেন্দ্রনাথ ঠাকুর) ১৯১২ খ্রিষ্টাব্দে কলকাতার জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের প্রপৌত্র এবং ঠাকুরবাড়ির একজন উত্তরাধিকারী। ঠাকুরবাড়ির নিয়ম-শৃঙ্খলা মেনে না চলার কারণে তিনি ঠাকুরবাড়ির 'কালাপাহাড়' ও 'বোহেমিয়ান' নামেও পরিচিত ছিলেন। তিনি ছিলেন একাধারে চিত্রশিল্পী, কবি, পত্রিকা-সম্পাদক ও শিল্প-সংগ্রাহক। তাঁর শ্রেষ্ঠ অবদান শিল্পকলা-সংক্রান্ত পত্রিকা 'সুন্দরম'। তিনি ১৯৮৫ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন।

**15. হলওয়েলের বর্ণনায় অন্ধকূপে কত জন ইংরেজ মারা যায়?**

Ⓐ ১২৩ Ⓑ ১২৬ Ⓒ ১২৯ Ⓓ ১৩১

Ⓐ Solve হলওয়েল (জন জেফেনিয়াহ হলওয়েল) বহুল আলোচিত অন্ধকূপ হত্যা কাহিনির রচয়িতা। তিনি লন্ডনের গাইস হাসপাতাল থেকে ডাক্তারি পাশ করে ইস্ট ইন্ডিয়া কোম্পানির চাকরি নিয়ে ভারতবর্ষে আসেন। তিনি ১৭৫৬ সালে নবাব সিরাজউদ্দৌলা ও তাঁর শাসনামলকে কলঙ্কিত করার জন্য অন্ধকূপ হত্যা কাহিনি বানিয়েছেন। তাঁর মিথ্যা কাহিনি অনুযায়ী ১৪৬ জন ইংরেজের মধ্যে ১২৩ জন ইংরেজ অন্ধকূপে মারা গিয়েছিলেন।

**16. বাংলা কবিতার কোন ছন্দকে 'ছড়ার ছন্দ' বলা হয়?**

Ⓐ অক্ষরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত Ⓒ স্বরবৃত্ত Ⓓ দ্বিপদী

Ⓒ Solve বাংলা ছন্দ তিন প্রকার। যথা : ১. অক্ষরবৃত্ত, ২. মাত্রাবৃত্ত, ৩. স্বরবৃত্ত। অক্ষরবৃত্ত ছন্দকে 'খাঁটি বাংলা ছন্দ' বা 'তত্তব ছন্দ' বলা হয়। মাত্রাবৃত্ত ছন্দকে ধ্বনিপ্রধান ছন্দ বা কলাবৃত্ত ছন্দ বলা হয়। স্বরবৃত্ত ছন্দকে ছড়ার ছন্দ বলা হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**17. 'হাত দেওয়া'-র বিশেষ অর্থ কী?**

Ⓐ খাওয়া Ⓑ আরম্ভ করা Ⓒ নষ্ট করা Ⓓ হস্তক্ষেপ করা

**D** Solve 'হাত' শব্দের গৌণ অর্থে প্রয়োগ :

| বাক্যাংশ | গৌণ অর্থ/বিশেষ অর্থ |
|---|---|
| হাত দেওয়া | হস্তক্ষেপ করা [ সূত্র: ১. বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান ২. বাংলা ভাষার ব্যাকরণ : মাহবুবুল আলম ] সূচনা করা [ সূত্র : বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান ] |
| হাত আসা | দক্ষতা অর্জন করা |
| হাত থাকা | প্রভাব |
| হাত করা | আয়ত্তে আনা |

**18. "ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়" বাক্যটি কোন রচনার অন্তর্ভুক্ত?**

Ⓐ 'আমার পথ' Ⓑ 'অপরিচিতা' Ⓒ 'বিলাসী' Ⓓ 'মানব-কল্যাণ'

**A** Solve "আমার পথ" প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের 'রুদ্র-মঙ্গল' প্রবন্ধগ্রন্থের অন্তর্ভুক্ত একটি প্রবন্ধ। এই প্রবন্ধে প্রাবন্ধিক কাজী নজরুল ইসলাম বলেছেন, "ভুলের মধ্য দিয়ে গিয়েই তবে সত্যকে পাওয়া যায়। কোনো ভুল করছি বুঝতে পারলেই আমি প্রাণ খুলে তা স্বীকার করে নেব।"

**19. 'ওগো, তুমি কোথা যাও কোন বিদেশে?'-এর পরের পঙ্‌ক্তি কী হবে?**

Ⓐ গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে Ⓑ শুধু তুমি নিয়ে যাও ক্ষণিক হেসে
Ⓒ বারেক ভিড়াও তরী কূলেতে এসে Ⓓ আমার সোনার ধান কূলেতে এসে

**C** Solve "সোনার তরী" রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের নাম-কবিতা। এ কবিতায় নিবিড়ভাবে মিশে আছে কবির জীবনদর্শন। 'সোনার তরী' কবিতার অংশবিশেষ : "ওগো, তুমি কোথা যাও কোন বিদেশে?/বারেক ভিড়াও তরী কূলেতে এসে।/যেও যেথা যেতে চাও,/যারে খুশি তারে দাও-/শুধু তুমি নিয়ে যাও/ক্ষণিক হেসে/আমার সোনার ধান কূলেতে এসে।" উল্লেখ্য, 'সোনার তরী' কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

**20. 'এ' বর্ণের বিবৃত উচ্চারণের উদাহরণ–**

Ⓐ একটি Ⓑ এবার Ⓒ দেশ Ⓓ খেলা

**D** Solve 'এ' বর্ণের উচ্চারণ দুই রকম : ১. সংবৃত [এ] ও ২. বিবৃত [অ্যা]। 'এ'-বর্ণের সংবৃত [এ] উচ্চারণের উদাহরণ : একটি [এক্‌টি], দেশ [দেশ্], এবার [এবার্]। 'এ'-বর্ণের বিবৃত [অ্যা] উচ্চারণের উদাহরণ : খেলা [খ্যালা], বেলা [ব্যালা], মেলা [ম্যালা]।

**21. কত বছর বয়সে মানিক বন্দ্যোপাধ্যায় মারা যান?**

Ⓐ ৪০ Ⓑ ৪৮ Ⓒ ৫০ Ⓓ ৫৬

**B** Solve মানিক বন্দ্যোপাধ্যায় ১৯০৮ খ্রিষ্টাব্দের ১৯ মে বিহারের সাঁওতাল পরগনার দুমকা গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর প্রকৃত নাম প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। মানিক বন্দ্যোপাধ্যায় ফ্রয়েডীয় মনঃসমীক্ষণ তত্ত্ব ও মার্কসীয় শ্রেণিসংগ্রাম তত্ত্ব দ্বারা গভীরভাবে প্রভাবিত হয়েছিলেন। তাঁর লেখনীতে মার্কসিজমের প্রভাব স্পষ্ট। মাত্র ৪৮ বছর বয়সে ১৯৫৬ খ্রিষ্টাব্দের ৩ ডিসেম্বর তিনি কলকাতায় মৃত্যুবরণ করেন।

**22. 'লাপাত্তা' শব্দের 'লা' উপসর্গটি কোন ভাষার?**

Ⓐ ফারসি Ⓑ উর্দু Ⓒ আরবি Ⓓ হিন্দি

**C** Solve বাংলা ভাষায় অনেকগুলো বিদেশি উপসর্গ রয়েছে। কয়েকটি বিদেশি উপসর্গ :

| উপসর্গ | ধরন | গঠিত শব্দ |
|---|---|---|
| লা | আরবি উপসর্গ | লাজওয়াব, লাওয়ারিশ, লাপাত্তা। |
| আম | আরবি উপসর্গ | আমদরবার, আমমোক্তার। |
| কম | ফারসি উপসর্গ | কমজোর, কমবখত। |
| হেড | ইংরেজি উপসর্গ | হেড-অফিস, হেড-পণ্ডিত, হেড-মাস্টার। |

**23. জসীমউদ্‌দীনকে ডি.লিট ডিগ্রি প্রদান করে–**

Ⓐ ঢাকা বিশ্ববিদ্যালয় Ⓑ রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়
Ⓒ যাদবপুর বিশ্ববিদ্যালয় Ⓓ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**B** Solve জসীমউদ্‌দীন ১৯০৩ খ্রিষ্টাব্দে ফরিদপুর জেলার তাম্বুলখানা গ্রামে জন্মগ্রহণ করেন। জসীমউদ্‌দীন বাংলা সাহিত্যে 'পল্লি-কবি' হিসেবে সমধিক পরিচিত। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে কিছুকাল শিক্ষকতা করেন। তাঁর বিখ্যাত কাব্যগ্রন্থ : 'নকসী কাঁথার মাঠ', 'সোজন বাদিয়ার ঘাট', 'বালুচর', 'ধানক্ষেত'। জসীমউদ্‌দীন ১৯৭৬ খ্রিষ্টাব্দে ঢাকায় মৃত্যুবরণ করেন।

**24. কোনটি মাইকেল মধুসূদন দত্ত রচিত নাটক নয়?**

Ⓐ শর্মিষ্ঠা Ⓑ পদ্মাবতী Ⓒ কৃষ্ণকুমারী Ⓓ চিত্রাঙ্গদা

**D** Solve গ্রন্থ ও রচয়িতা :

| গ্রন্থ | রচয়িতা |
|---|---|
| শর্মিষ্ঠা (নাটক) | মাইকেল মধুসূদন দত্ত |
| পদ্মাবতী (নাটক) | মাইকেল মধুসূদন দত্ত |
| কৃষ্ণকুমারী (নাটক) | মাইকেল মধুসূদন দত্ত |
| চিত্রাঙ্গদা (নাটক/কাব্যনাট্য) | রবীন্দ্রনাথ ঠাকুর |

**25. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত কাব্যনাট্য কোনটি?**

Ⓐ বিসর্জন Ⓑ হীরামন Ⓒ মহুয়া Ⓓ কাজলরেখা

**A** Solve কবি রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) কবিতা ছাড়াও ছোটগল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ, ভ্রমণকাহিনি ও সঙ্গীত রচনায় কালজয়ী প্রতিভার স্বাক্ষর রেখেছেন। রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা সাহিত্যের প্রথম সার্থক ছোটগল্প রচয়িতা ও বাংলা ছোটগল্পের জনক। তাঁর উল্লেখযোগ্য কাব্যনাট্য : চিত্রাঙ্গদা, বসন্ত, বিদায় অভিশাপ, বিসর্জন।

## ENGLISH

**Choose the alternative (A, B, C or D) that best fills in the blank/answers the following :**

**01. Choose the correct sentence :**

Ⓐ I am very better today.
Ⓑ The goods are of inferior qualities.
Ⓒ He gave me some advice.
Ⓓ He requested of my help.

**C** Explanation Noun এর পূর্বে Determiner হিসেবে some বসেছে। (A) অপশনে better ভুল, (B) অপশনে quality থাকলে সঠিক হতো, requested এরপর preposition হিসেবে for বসে।

**02. By this time next year, I — all my exams.**

Ⓐ will take Ⓑ have to take Ⓒ take Ⓓ will have taken

**D** Explanation By this time দ্বারা ভবিষ্যৎ সময় বুঝালে, বাক্যটি Future perfect tense হয়।

**03. If I had a car, I ——.**

Ⓐ will take you to a long drive
Ⓑ would take you to a long dirve
Ⓒ would have taken you to a long drive
Ⓓ took you to a long drive

**B** Explanation If যুক্ত অংশ past indefinite tense হলে অপর অংশে would/could/might + $v_1$ বসে।

**04. The word 'posthumous' means —.**

Ⓐ occurring before birth Ⓑ occurring after birth
Ⓒ occurring before death Ⓓ occurring after death

**D** Explanation Posthumous অর্থ মরণোত্তর, সেক্ষেত্রে (D) সঠিক।

**05. One who makes journey to a holy place is a/an —.**

Ⓐ refugee Ⓑ traveller Ⓒ immigrant Ⓓ pilgrim

**D** Explanation Holy place এ journey কে pilgrim বলে।

**06. 'Three scores' means — .**

Ⓐ thirty times Ⓑ three hundred times
Ⓒ three times twenty Ⓓ less than twenty

**C** Explanation প্রদত্ত শব্দের অর্থ-তিন কুঁড়ি, সঠিক উত্তর three times twenty.

**07. Ten thousand dollars — a lot of money.**

Ⓐ are Ⓑ is Ⓒ were Ⓓ aren't

**B** Explanation Subject-এ money উল্লেখ থাকলে verb সবসময় singular হবে।



CamScanner

**03. কোন রাজ্যের আগের নাম 'কামরূপ' ছিল?**

Ⓐ বাংলা Ⓑ বিহার Ⓒ উড়িষ্যা Ⓓ আসাম

**D Solve** কামরূপ আসাম রাজ্যের পূর্বনাম ছিলো। কামরূপ মূলত একটি রাজবংশ। খ্রিষ্টপূর্ব ৩৫০ সাল থেকে ষোড়শ শতাব্দী পর্যন্ত ব্রহ্মপুত্র নদের উপত্যকা জুড়ে বিস্তৃত ছিল কামরূপ রাজাদের রাজত্ব। পরবর্তীতে অহম রাজা কামরূপ দখল করে নেন।

**04. সূর্যের মধ্যে কোন গ্যাস বেশি থাকে?**

Ⓐ ওজোন Ⓑ হাইড্রোজেন Ⓒ হিলিয়াম Ⓓ নাইট্রোজেন

**B Solve** সূর্য একটি গরম গ্যাসপিণ্ড। সূর্যে প্রায় ৭০% হাইড্রোজেন এবং ২৪% হিলিয়াম রয়েছে। এছাড়া কার্বন, নাইট্রোজেন এবং অক্সিজেন রয়েছে প্রায় ১.৫%। এছাড়াও নিয়ন, লোহা, সিলিকন, ম্যাগনেশিয়াম ও সালফার অল্প পরিমাণে রয়েছে।

**05. বাংলাদেশে প্রথম সামরিক আইন জারি হয় কত সালে?**

Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৫ Ⓒ ১৯৭৪ Ⓓ ১৯৭৩

**B Solve** ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার পর খন্দকার মোশতাক আহমেদ ক্ষমতাসীন হয়ে দেশে প্রথম সামরিক আইন জারি করেন। ১৯৮৬ সালে সামরিক শাসন আইন প্রত্যাহার করা হয়।

**06. কোন সময়ে বাংলাদেশে বায়ুর আর্দ্রতা কম থাকে?**

Ⓐ শীতকালে Ⓑ বর্ষাকালে Ⓒ শরৎকালে Ⓓ হেমন্তকালে

**A Solve** শীতকালে বাতাসে আর্দ্রতা খুবই কম থাকে ফলে বাতাস শুষ্ক থাকে। এইজন্য শীতকালে কাপড় দ্রুত শুকায়। অন্যদিকে বর্ষাকালে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় ভেজা কাপড় শুকাতে দেরি লাগে।

**07. কে বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকারের শপথ বাক্য পাঠ করান?**

Ⓐ আবু সাঈদ চৌধুরী Ⓑ অধ্যাপক ইউসুফ আলী
Ⓒ মনোরঞ্জন ধর Ⓓ কোনোটিই নয়

**B Solve** ১০ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের প্রথম স্বাধীন সরকার গঠন করা হয়। মুজিবনগরে গঠিত অস্থায়ী সরকারের শপথ বাক্য পাঠ করান অধ্যাপক ইউসুফ আলী। শপথ অনুষ্ঠানটি পরিচালনা করেন জনাব আব্দুল মান্নান।

**08. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে চট্টগ্রামে এসেছিলেন?**

Ⓐ ১৭ই জুন ১৯০৭ Ⓑ ২০ই জুন ১৯০৮
Ⓒ ১০ই জুন ১৯০৬ Ⓓ ৯ই জুন ১৯০৫

**A Solve** রবীন্দ্রনাথ ঠাকুর ১৯০৭ সালের ১৭ জুন চট্টগ্রামের পুরাতন রেল স্টেশন বটতলী স্টেশনে এসে পৌছান। পরদিন ১৮ জুন ট্রেনে চট্টগ্রাম ছাড়েন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে এসেছিলেন ১৯২৬ সালে।

**09. ইইউ-র নিজস্ব মুদ্রার নাম কী?**

Ⓐ ডলার Ⓑ পাউন্ড Ⓒ ইউরো Ⓓ রুপি

**C Solve** ইউরোপের একক মুদ্রা হিসেবে ইউরো চালু হয় ১ জানুয়ারি ১৯৯৯ সালে। বর্তমানে ইউরো মুদ্রা চালু রয়েছে ২০টি দেশে। সর্বশেষ ইউরো মুদ্রা চালু করে ক্রোয়েশিয়া (১ জানুয়ারি ২০২৩ সালে)।

**10. জাতিসংঘ কত সালে প্রতিষ্ঠিত হয়?**

Ⓐ ১৯৪০ Ⓑ ১৯৪৫ Ⓒ ১৯৫০ Ⓓ ১৯৫৫

**B Solve** জাতিসংঘ স্বাধীন দেশসমূহের একটি সংস্থা। ২৪ অক্টোবর ১৯৪৫ সালে ৫১টি দেশ সনদে স্বাক্ষর করার মাধ্যমে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। বর্তমানে জাতিসংঘের সদস্য সংখ্যা ১৯৩টি দেশ (সর্বশেষ দক্ষিণ সুদান ২০১১)।

**11. ২০২২ সালে অনুষ্ঠিত সাফ গেমসে বাংলাদেশের নারী ফুটবল দলের শীর্ষ গোলদাতা কে?**

Ⓐ রূপনা চাকমা Ⓑ কৃষ্ণা রানী সরকার Ⓒ সাবিনা খাতুন Ⓓ ঋতুপর্ণা চাকমা

**C Solve** ১৯ সেপ্টেম্বর ২০২২ ইতিহাসে এক অবিস্মরণীয় জয় পায় বাংলাদেশ নারী ফুটবল টিম। সাফ চ্যাম্পিয়নশিপের ফাইনালে নেপালকে ৩-১ গোলে হারিয়ে শিরোপা জয় লাভ করে বাংলাদেশ। সর্বোচ্চ গোল করেন সাবিনা খাতুন (৮টি)।

**12. পদ্মা সেতুর দৈর্ঘ্য কত কি.মি.?**

Ⓐ ৬.১৫ Ⓑ ৪.১৫ Ⓒ ৫.১৫ Ⓓ ৭.১৫

**A Solve পদ্মাসেতু বিষয়ক তথ্য :**

- অবস্থান- মাওয়া (মুন্সিগঞ্জ) এবং জাজিরা (শরীয়তপুর)।
- দৈর্ঘ্য-৬.১৫ কিলোমিটার, প্রস্থ-১৮.১০ মিটার।
- যানবাহন চলাচলের জন্য উন্মুক্ত করা হয়-২৬ জুন ২০২২ সালে।
- সেতুর নির্মাণ কাজ উদ্বোধন-১২ ডিসেম্বর ২০১৫ সালে।

**13. বঙ্গবন্ধুর লেখা দ্বিতীয় বইয়ের নাম কী?**

Ⓐ আমার কিছু কথা Ⓑ রক্তাক্ত বাংলা
Ⓒ কারাগারের রোজনামচা Ⓓ অসমাপ্ত আত্মজীবনী

**C Solve** জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত প্রথম গ্রন্থ অসমাপ্ত আত্মজীবনী যেটি ১৮ জুন ২০১২ সালে প্রকাশিত হয়। কারাগারের রোজনামচা বঙ্গবন্ধু রচিত দ্বিতীয় গ্রন্থ যেটি ১৭ মার্চ ২০১৭ সালে প্রথম প্রকাশিত হয়। ২০২০ সালে প্রকাশিত 'আমার দেখা নয়াচীন' শেখ মুজিবুর রহমান রচিত তৃতীয় গ্রন্থ।

**14. 'ধনধান্য পুষ্প ভরা আমাদের এই বসুন্ধরা, তাহার মাঝে আছে দেশ এক - সকল দেশের সেরা' গানটির রচয়িতা কে?**

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ দ্বিজেন্দ্রলাল রায়
Ⓒ অতুলপ্রসাদ সেন Ⓓ কাজী নজরুল ইসলাম

**B Solve** বিখ্যাত গান ও রচয়িতা :

| রচয়িতা | বিখ্যাত গান |
|---|---|
| রবীন্দ্রনাথ ঠাকুর | ও আমার দেশের মাটি তোমার পরে ঠেকাই মাথা |
| দ্বিজেন্দ্রলাল রায় | ধনধান্য পুষ্প ভরা আমাদের এই বসুন্ধরা তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা |
| অতুল প্রসাদ সেন | মোদের গরব মোদের আশা আ মরি বাংলা ভাষা |
| কাজী নজরুল ইসলাম | একি অপরূপ রূপে তোমায় হেরিনু পল্লী জননী |

**15. 'মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি' গানটির শিল্পী কে?**

Ⓐ সৈয়দ আবদুল হাদী Ⓑ খান আতাউর রহমান
Ⓒ রুনা লায়লা Ⓓ আপেল মাহমুদ

**D Solve** মুক্তিযুদ্ধভিত্তিক বিখ্যাত কিছু গান ও রচয়িতা :

| গান | গীতিকার/রচয়িতা |
|---|---|
| মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি | গোবিন্দ হালদার |
| আমি বাংলার গান গাই | প্রতুল মুখোপাধ্যায় |
| জয় বাংলা, বাংলার জয় | গাজী মাজহারুল ইসলাম |
| পূর্ব দিগন্তে সূর্য উঠেছে | গোবিন্দ হালদার |

**16. 'ভাওয়াইয়া' কোন অঞ্চলের লোকসংগীত?**

Ⓐ রংপুর Ⓑ রাজশাহী Ⓒ কুষ্টিয়া Ⓓ ময়মনসিংহ

**A Solve** ভাওয়াইয়া রংপুর অঞ্চলের বিখ্যাত লোকসংগীত। এই ধারাটির বিকাশ ঘটেছে বরেন্দ্র অঞ্চলসহ উত্তরবঙ্গের বিশাল অঞ্চলজুড়ে। বিখ্যাত কয়েকটি ভাওয়াইয়া গান- ১. ওকি গাড়িয়াল ভাই ২. ওকি ও বন্ধু কাজল ভ্রমরারে ৩. ফান্দে পড়িয়া বগা কান্দেরে

**17. বাংলাদেশের কোন অঞ্চলকে বরেন্দ্রভূমি বলা হয়?**

Ⓐ চট্টগ্রাম বিভাগের দক্ষিণ-পূর্বাংশ Ⓑ সিলেট বিভাগের উত্তর-দক্ষিণাংশ
Ⓒ রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ Ⓓ বরিশাল বিভাগের দক্ষিণ-পশ্চিমাংশ

**C Solve** বরেন্দ্রভূমি রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ জুড়ে বিস্তৃত। আয়তন প্রায় ৯৩২০ বর্গ কিলোমিটার। প্লাবন সমভূমি থেকে এর উচ্চতা ৬ থেকে ১২ মিটার। এই স্থানের মাটি ধূসর ও লাল বর্ণের।

**18. দেশের প্রথম নারী আলোকচিত্রীর নাম কী?**

Ⓐ এলিজা শারমিন Ⓑ ফারজানা ইসলাম
Ⓒ সাঈদা খানম Ⓓ বেগম কবিতা খানম

**C Solve** সাঈদা খানম দেশের প্রথম নারী আলোকচিত্রী। ৫০ এর দশকে বেগম পত্রিকায় আলোকচিত্রী হিসেবে কাজ শুরু করেন সাইদা খানম।



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

35. বাংলাদেশের প্রথম জাদুঘর কোনটি?

Ⓐ ঢাকা জাদুঘর Ⓑ বরেন্দ্র জাদুঘর
Ⓒ আহসান মঞ্জিল জাদুঘর Ⓓ লালবাগ কেল্লা জাদুঘর

Ⓑ Solve বরেন্দ্র গবেষণা জাদুঘর বাংলাদেশের প্রথম জাদুঘর। ১৯১০ সালের তৎকালীন গভর্নর লর্ড কার মাইকেলের পৃষ্ঠপোষকতায় রাজশাহীতে প্রতিষ্ঠিত এই জাদুঘরটি বরেন্দ্র রিসার্চ সোসাইটির অন্যতম অর্জন। বর্তমানে জাদুঘরটি রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত হয়।

36. মুনির চৌধুরী রচিত কবর নাটক কোন ঐতিহাসিক ঘটনা ভিত্তিক?

Ⓐ ১৯৪৬-এর সাম্প্রদায়িক দাঙ্গা Ⓑ ১৯৫২-এর ভাষা আন্দোলন
Ⓒ ১৯৬৯-এর গণ অভ্যুত্থান Ⓓ ১৯৭১-এর মুক্তিযুদ্ধ

Ⓑ Solve ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষিতে মুনির চৌধুরী কবর নাটকটি রচনা করেন। তিনি জেলে বন্দি থাকা অবস্থায় কবর নাটকটি রচনা করেন। ১৯৫২ সালে ২১শে ফেব্রুয়ারিতে ভাষা আন্দোলনের মিছিলে পুলিশের গুলিতে নিহতদের মরদেহ পাকিস্তান সরকার গোপনে কবর দেওয়াকে কেন্দ্র করে নাটকের কাহিনি পটভূমি এগিয়েছে।

37. নূরলদীনের সারাজীবন কোন ধরনের গ্রন্থ?

Ⓐ উপন্যাস Ⓑ স্মৃতিকথা Ⓒ কাব্য-নাটক Ⓓ ভ্রমণকাহিনী

Ⓒ Solve সৈয়দ শামসুল হক রচিত 'নূরলদীনের সারাজীবন' একটি কাব্য-নাটক। লেখকের অন্যান্য বিখ্যাত গ্রন্থের মধ্যে রয়েছে– পায়ের আওয়াজ পাওয়া যায়, নিষিদ্ধ লোবান, খেলারাম খেলে যা, সীমানা ছাড়িয়ে, রাতি।

38. কোন সংগীতজ্ঞকে 'সুরসম্রাট' বলা হয়?

Ⓐ বাহাদুর হোসেন খাঁ Ⓑ ওস্তাদ আলাউদ্দিন খাঁ
Ⓒ আয়েত আলী খাঁ Ⓓ ফুলঝুরি খাঁ

Ⓑ Solve ওস্তাদ আলাউদ্দিন খাঁ বিখ্যাত বাঙালি সংগীতজ্ঞ। তিনি সেতার ও সানাই এবং রাগ সংগীতে বিখ্যাত ঘরানার গুরু হিসেবে পরিচিত। তিনি ইংল্যান্ডের রানি কর্তৃক সুর সম্রাট খেতাবপ্রাপ্ত হন। ওস্তাদ আলাউদ্দিন খাঁ ১৮৬২ সালে ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে জন্মগ্রহণ করেন এবং ১৯৭২ সালে ভারতের মাইহারে মৃত্যুবরণ করেন।

39. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি...।' গানের প্রথম সুরকার কে?

Ⓐ আলতাফ মাহমুদ Ⓑ আবদুল লতিফ
Ⓒ আবদুল গাফফার চৌধুরী Ⓓ খান আতাউর রহমান

Ⓑ Solve ভাষা আন্দোলনভিত্তিক বিখ্যাত গান:

| গান | গীতিকার | সুরকার |
|---|---|---|
| আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি | আব্দুল গাফফার চৌধুরী | প্রথম সুরকার আব্দুল লতিফ, বর্তমান সুরকার আলতাফ মাহমুদ |

40. 'গজল' কোন ধরনের সংগীত?

Ⓐ বিরহ সংগীত Ⓑ ভক্তিমূলক সংগীত
Ⓒ প্রণয় সংগীত Ⓓ আধ্যাত্মিক সংগীত

Ⓒ Solve গজল শব্দটি আরবি শব্দ হলেও ফার্সি ও উর্দুতে এর বিকাশ ঘটেছে। গজল হালকা ধরনের লঘু শাস্ত্রীয় সংগীত। গভীর রসের মিশ্রণে প্রেমিক প্রেমিকার কথোপকথন। তাই গজল গানকে প্রণয় সংগীতও বলা হয়। গানে নরনারীর বিচিত্র মনোভাব (যেমন পূর্বরাগ, অনুরাগ, মনস্তাপ, বিরাগ, বিচ্ছেদ, আকাঙ্ক্ষা, বিরহ, আসক্তি মিলন ইত্যাদি) প্রকাশ পেয়েছে। এর পাশাপাশি স্রষ্টার প্রতি প্রেম, ভক্তি ও ভালোবাসাও প্রকাশ পায়।

41. বাংলাদেশ ভূখণ্ডে প্রথম টেলিভিশন সম্প্রচার শুরু হয় কত খ্রিষ্টাব্দে?

Ⓐ ১৯৬৪ Ⓑ ১৯৬৩ Ⓒ ১৯৭০ Ⓓ ১৯৭২

Ⓐ Solve বাংলাদেশ টেলিভিশন সাধারণত বিটিভি নামে পরিচিত। বিটিভি প্রতিষ্ঠিত ১৯৬৪ সালের ২৫ ডিসেম্বর। বিটিভির ১৪টি রিলে কেন্দ্র রয়েছে।

42. জীবন থেকে নেয়া চলচ্চিত্রের পরিচালক কে?

Ⓐ সুভাষ দত্ত Ⓑ জহির রায়হান
Ⓒ আমজাদ হোসেন Ⓓ খান আতাউর রহমান

Ⓑ Solve বিখ্যাত চলচ্চিত্র ও পরিচালক:

| চলচ্চিত্রের নাম | পরিচালক |
|---|---|
| সুতরাং, অরুণোদয়ের অগ্নিসাক্ষী | সুভাষ দত্ত |
| জীবন থেকে নেয়া, স্টপ জেনোসাইড | জহির রায়হান |
| গোলাপী এখন ট্রেনে, ভাত দে | আমজাদ হোসেন |
| আবার তোরা মানুষ হ, এখনো অনেক রাত | খান আতাউর রহমান |

43. বাংলাদেশে চলচ্চিত্র শিল্পের জনক কে?

Ⓐ এহতেশাম Ⓑ মুস্তাফিজ
Ⓒ আবদুল জব্বার খান Ⓓ জহির রায়হান

Ⓒ Solve ১৯৫৩ সালের দিকে বাংলাদেশের চলচ্চিত্রকে শিল্প হিসেবে গড়ে তোলার স্বপ্ন দেখেন আব্দুর জব্বার খান। তাঁকে বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের জনক বলা হয়। আব্দুর জব্বার খান পরিচালিত বাংলাদেশের প্রথম সবাক চলচ্চিত্র মুখ ও মুখোশ (৩ আগস্ট ১৯৫৬ সালে)।

44. সত্যজিৎ রায় পরিচালিত পথের পাঁচালী কোন ঔপন্যাসিকের কাহিনি ভিত্তিক?

Ⓐ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
Ⓒ বিভূতিভূষণ মুখোপাধ্যায় Ⓓ তারাশংকর বন্দ্যোপাধ্যায়

Ⓑ Solve পথের পাঁচালী চলচ্চিত্রটি সত্যজিৎ রায় পরিচালিত ২৬ আগস্ট ১৯৫৫ সালে মুক্তিপ্রাপ্ত বাংলা চলচ্চিত্র। পথের পাঁচালী উপন্যাসের রচয়িতা বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।

45. 'বনফুল' বাংলা সাহিত্যের কোন লেখকের ছদ্মনাম?

Ⓐ আশাপূর্ণা দেবী Ⓑ প্রভাবতী দেবী
Ⓒ বলাইচাঁদ মুখোপাধ্যায় Ⓓ বুদ্ধদেব বসু Ans Ⓒ

46. পর্যটক ইবনে বতুতার জন্মস্থান কোথায়?

Ⓐ মরক্কো Ⓑ ইয়েমেন Ⓒ মিশর Ⓓ ইরান

Ⓐ Solve মুসলিম বিশ্বের বিখ্যাত পরিব্রাজক মুহাম্মদ ইবনে বতুতার জন্ম মরক্কোতে। তিনি প্রায় ৪৪টি দেশ ভ্রমণ করেছিলেন। তিনি ১৩৪৬ সালে বাংলায় পরিভ্রমণ করে 'ধনসম্পদে ভরা জাহান্নাম' হিসেবে অভিহিত করেন।

47. কোন বিখ্যাত রাজনৈতিক ব্যক্তিত্ব সাহিত্যে নোবেল পুরস্কার অর্জন করেন?

Ⓐ উইনস্টন চার্চিল Ⓑ এডলফ হিটলার
Ⓒ ভি.ই লেনিন Ⓓ বেনিতো মুসোলিনি

Ⓐ Solve রাজনীতিবিদ হয়েও সাহিত্যে নোবেল পুরস্কার পান সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল। ১৯৫৩ সালে তিনি 'The Second World War' গ্রন্থের জন্য এই নোবেল পুরস্কার লাভ করেন। অন্যদিকে দার্শনিক হয়েও সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন ব্রিটেনের দার্শনিক বার্ট্রান্ড রাসেল (১৯৫০ সালে)।

48. বাংলাদেশের প্রাচীনতম প্রত্নস্থান কোনটি?

Ⓐ ময়নামতি Ⓑ মহাস্থানগড় Ⓒ পাহাড়পুর Ⓓ উয়ারী-বটেশ্বর

Ⓑ Solve মহাস্থানগড় বাংলার সবচেয়ে প্রাচীনতম জনপদ। অবস্থান- বগুড়া, রাজশাহী, দিনাজপুর ও রংপুর অঞ্চল মিলে। মহাস্থানগড়ের পূর্বনাম পুণ্ড্রবর্ধন বা পুণ্ড্রনগর।

49. গ্রিক দেবী আফ্রোদিতি কীসের দেবী হিসেবে পরিচিত?

Ⓐ সংগীতের Ⓑ প্রেমের Ⓒ জ্ঞানের Ⓓ যুদ্ধের

Ⓑ Solve গ্রিক দেবী আফ্রোদিতি গ্রিক পুরাণে সৌন্দর্য ও প্রেমের দেবী হিসেবে পরিচিত। আফ্রোদিতি জিউস ও ডিয়নের কন্যা। স্বর্গ ও মর্ত্যে সকলে তার সৌন্দর্যে অভিভূত ছিলেন।

50. পুস্তকের সংখ্যার বিচারে বিশ্বের বৃহত্তম গ্রন্থাগার কোনটি?

Ⓐ লাইব্রেরি অব কংগ্রেস Ⓑ ব্রিটিশ মিউজিয়াম লাইব্রেরি
Ⓒ নিউইয়র্কে পাবলিক লাইব্রেরি Ⓓ একাডেমি অব সায়েন্স লাইব্রেরি, মস্কো

Ⓐ Solve পৃথিবীর সবচেয়ে বড় গ্রন্থাগার হচ্ছে লাইব্রেরি অব কংগ্রেস। এটি আমেরিকার ওয়াশিংটন ডিসিতে অবস্থিত। এটি ১৮০০ সালে প্রতিষ্ঠিত। এইখানে সর্বাধিক সংখ্যক বই, পাণ্ডুলিপি, মানচিত্রসমূহ সংগ্রহে রয়েছে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা: ২০২২-২৩; ইউনিট-B; শিফট-A ; সেট-১

### বাংলা : মান-৩০

**01.** 'আহ্বান' গল্পের কথক শেষবার গ্রামে এসেছিল–

Ⓐ বর্ষাকালে　　Ⓑ শীতকালে
Ⓒ শরৎকালে　　Ⓓ গ্রীষ্মকালে

**Ⓒ Solve** 'আহ্বান' গল্পটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচনাবলি থেকে সংকলিত। 'আহ্বান' গল্পটি একটি উদার মানবিক সম্পর্কের গল্প। মানুষের স্নেহ-মমতা-প্রীতির যে বাঁধন তা ধনসম্পদে নয়, হৃদয়ের নিবিড় আন্তরিকতার স্পর্শেই গড়ে ওঠে। গল্পের কথক শরৎকালে শেষবার গ্রামে এসেছিল।

**02.** "মেঘ গর্জন করে, তবে ময়ূর নৃত্য করে" – এটি একটি–

Ⓐ জটিল বাক্য　　Ⓑ যৌগিক বাক্য
Ⓒ সরল বাক্য　　Ⓓ আশ্রিত বাক্য

**Ⓑ Solve** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বাক্য বা জটিল বাক্য যদি কোনো অব্যয় পদ যোগে সংযুক্ত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করে তবে তাকে যৌগিক বাক্য বলে। যেমন : তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি।

**03.** উপসর্গের কাজ কী?

Ⓐ বাক্য সংকোচন　　Ⓑ শব্দ বিয়োজন
Ⓒ নতুন শব্দ গঠন　　Ⓓ ভাবের পার্থক্য নিরূপণ

**Ⓒ Solve** বাংলা ভাষায় এমন কতগুলো অব্যয়সূচক শব্দাংশ রয়েছে যেগুলো স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের আগে বসে শব্দের অর্থের পরিবর্তন, পরিবর্ধন, নতুন শব্দ গঠনে সাহায্য করে। ভাষায় ব্যবহৃত এসব অব্যয়সূচক শব্দাংশেরই নাম উপসর্গ।

**04.** কোনটি সঠিক?

Ⓐ তরঙ্গপুঞ্জ　　Ⓑ মেঘপুঞ্জ
Ⓒ বৃক্ষপুঞ্জ　　Ⓓ পর্বতপুঞ্জ

**Ⓑ Solve** অপ্রাণিবাচক শব্দের বহুবচনে ব্যবহৃত বহুবচনবোধক শব্দ– আবলি, গুচ্ছ, দাম, নিকর, পুঞ্জ, মালা, রাশি, মহল, যূথ, আদি, গ্রাম, মণ্ডল, নিচয়, শ্রেণি ইত্যাদি। যেমন : মেঘপুঞ্জ, বৃক্ষশ্রেণি, পর্বতমালা, তরঙ্গমালা।

**05.** "এ বয়সে তাই নেই কোন সংশয়"–'আঠারো বছর বয়স' কবিতায় এর পরের পঙ্‌ক্তি–

Ⓐ পথ চলতে এ বয়স যায় না থেমে
Ⓑ বিপদের মুখে এ বয়স অগ্রণী
Ⓒ এ দেশের বুকে আঠারো আসুক নেমে
Ⓓ এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়

**Ⓒ Solve** সুকান্ত ভট্টাচার্যের (১৯২৬-১৯৪৭) 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিষ্টাব্দে তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে। এ কবিতায় কবি নিজের অভিজ্ঞতার আলোকে বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্যকে তুলে ধরে অদম্য তারুণ্যশক্তির জয়গান গেয়েছেন।

**06.** সঠিক জোড় কোনটি?

Ⓐ রাখাল, ঢাকাই　　Ⓑ চলন্ত, জেলে
Ⓒ নিভন্ত, পাঠক　　Ⓓ নায়ক, পাবনাই

**Ans Ⓒ**

**07.** "তার সারা দেহের ক্ষুধার স্পর্শ বলে উঠিতেছে ওঠো!" – এই বাক্যটি কোন রচনার?

Ⓐ 'আহ্বান'　　Ⓑ 'বাঙালির বিশ্ববুদ্ধি'
Ⓒ 'রেইনকোট'　　Ⓓ 'অর্ধাঙ্গী'

**Ⓓ Solve** 'অর্ধাঙ্গী' প্রবন্ধ রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত। এটি প্রথম 'নবনূর' পত্রিকায় ১৩১১ বঙ্গাব্দে (১৯০৪) প্রকাশিত হয়। এটি প্রথম গ্রন্থভুক্ত হয় রোকেয়ার প্রকাশিত 'মতিচূর'-এ এবং পরে 'মতিচূর' তৃতীয় খণ্ডে (১৯২২)। উক্তিটি অর্ধাঙ্গী প্রবন্ধ থেকে সংগৃহীত।

**08.** মজিদ কোন সুরা পড়ার সময় অন্ধ মনে ভিন্ন সুর আনার কথা?

Ⓐ সুরা আর-রহমান　Ⓑ সুরা ফাতেহা　Ⓒ সুরা ইয়াসিন　Ⓓ সুরা মোজাম্মেল

**Ⓐ Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ তাঁর 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে ধর্মব্যবসায়ীদের মুখোশ উন্মোচন করেছেন মজিদ চরিত্রের মধ্য দিয়ে। উপন্যাসটিতে একদিকে যেমন বাংলার গ্রামজীবনের বাস্তব প্রতিফলন ঘটেছে তেমনি রূপায়িত হয়েছে অসহায় গ্রামীণ মানুষের জীবন।

**09.** বচনভেদ হয়–

Ⓐ বিশেষ্য ও বিশেষণ পদের　　Ⓑ বিশেষ্য ও সর্বনাম পদের
Ⓒ সর্বনাম ও অব্যয় পদের　　Ⓓ বিশেষ্য ও ক্রিয়া পদের

**Ⓑ Solve** 'বচন' ব্যাকরণের একটি পারিভাষিক শব্দ। এর অর্থ : সংখ্যার ধারণা। ব্যাকরণে বিশেষ্য ও সর্বনামের সংখ্যাগত ধারণা প্রকাশের উপায়কে বচন বলে। বচন দুই প্রকার ; যথা : ১. একবচন ও ২. বহুবচন।

**10.** Temperate-এর পারিভাষিক শব্দ–

Ⓐ নাতিশীতোষ্ণ　　Ⓑ প্রাঞ্জল
Ⓒ লেনদেন　　Ⓓ উপকূল

**Ⓐ Solve** কতিপয় পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Vivid | প্রাণবন্ত | Licence | অনুজ্ঞাপত্র |
| Millennium | সহস্রাব্দ | Glossary | টীকার্থ |

**11.** "আইজ কাইল ইংরাজি না পড়লে চলব কেমনে?" – প্রশ্নটি করা হয়েছে–

Ⓐ মজিদকে　　Ⓑ মোদাব্বের মিঞাকে
Ⓒ খালেক ব্যাপারীকে　　Ⓓ কাউকেই নয়

**Ⓐ Solve** 'লালসালু' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র মজিদ, গ্রামে আক্কাসের স্কুল প্রতিষ্ঠার কথা সত্য কিনা জানতে চাইলে মজিদের প্রশ্নের উত্তরে আক্কাস উপরিউক্ত প্রশ্নটি করে।

**12.** 'সন্নিধান' শব্দের বিপরীত শব্দ–

Ⓐ বর্ধমান　　Ⓑ ব্যবধান
Ⓒ প্রতিদান　　Ⓓ অন্তর্ধান

**Ⓓ Solve** বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| মনীষা | নির্বোধ | সংশয় | প্রত্যয় |
| সৌম্য | উদ্ধত | দান | প্রতিদান |

**13.** 'স্বাধীনতা'-র সন্ধি বিচ্ছেদ–

Ⓐ সু+অধীনতা　　Ⓑ স+অধীনতা
Ⓒ স্ব+অধীনতা　　Ⓓ শ+অধীনতা

**Ⓒ Solve** গুরুত্বপূর্ণ সন্ধি :

| | | |
|---|---|---|
| ষট্ + ধা = ষড়ধা | বৃহৎ + রথ = বৃহদ্রথ | সীমন্ + অন্ত = সীমন্ত |
| বি + ছেদ = বিচ্ছেদ | আদি + অন্ত = আদ্যন্ত | তদ্ + ছবি = তচ্ছবি |



CamScanner

**14. 'I never got to see him at close quarters' বাক্যটির অনুবাদ–**

Ⓐ আমি তাকে চোখে দেখিনি।
Ⓑ আমি তাকে কখনো নিকটস্থ বাসায় খুঁজে পাইনি।
Ⓒ আমি তাকে কখনো সামনের বাড়িটিতে দেখতে পাইনি।
Ⓓ আমি তাকে কখনো কাছে থেকে দেখার সুযোগ পাইনি।

Ⓓ Solve কতিপয় বাংলা অনুবাদ : Every man is for himself- চাচা আপন প্রাণ বাঁচা; Every shoe fits not every foot- অনভ্যাসের ফোঁটা কপাল চড়চড় করে; Example is better than precept- উপদেশ অপেক্ষা দৃষ্টান্ত ভালো।

**15. সিরাজউদ্দৌলা নাটকে লুৎফুন্নেসা কার কন্যা?**

Ⓐ মির্জা ইরাজ খান Ⓑ মির্জা জয়নুদ্দিন
Ⓒ মিরমর্দান Ⓓ হাজি আহমদ

Ⓐ Solve সিরাজউদ্দৌলা (১৯৬৫) নাটকটি চারটি অঙ্কে ও বারোটি দৃশ্যে বিন্যস্ত। এর মধ্যে আটটি দৃশ্যেই সিরাজ স্বয়ং উপস্থিত। সিরাজের স্ত্রীর নাম লুৎফুন্নেসা।

**16. ভাষার মূল উপাদান কোনটি?**

Ⓐ ধ্বনি Ⓑ শব্দ
Ⓒ বাক্য Ⓓ কোনোটিই নয়

Ⓐ Solve বাগযন্ত্রের দ্বারা উচ্চারিত অর্থবোধক ধ্বনির সংকেতের বা ধ্বনির সাহায্যে মানুষের ভাব প্রকাশের মাধ্যমকে ভাষা বলে। অর্থাৎ মানুষের কণ্ঠনিঃসৃত বাক্ সংকেতের সংগঠনকে ভাষা বলে। ধ্বনিই ভাষার মূল উপাদান। এই ধ্বনির সাহায্যে ভাষার সৃষ্টি হয়।

**17. ডাচরা ব্যবসা করার জন্য কোন শতকে প্রথম ভারতবর্ষে আসে?**

Ⓐ চতুর্দশ Ⓑ ষোড়শ
Ⓒ সপ্তদশ Ⓓ উনবিংশ

Ⓑ Solve বাণিজ্যের আকর্ষণেই বিভিন্ন সময় বিভিন্ন জাতি-গোষ্ঠীর মানুষ ভারতে আসে এবং ক্রমশ এদেশের রাজনীতিতে তারা তাদের আধিপত্য বিস্তারে সচেষ্ট হয়। ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বপ্রথম ভারতে আসে পর্তুগিজরা। হল্যান্ডের অধিবাসীগণ ওলন্দাজ বা ডাচ নামে পরিচিত।

**18. কোন শব্দটির দুটি স্ত্রীবাচক শব্দ আছে?**

Ⓐ লেখক Ⓑ শিক্ষক
Ⓒ বুদ্ধিমান Ⓓ রজক

Ⓑ Solve কিছু পুরুষবাচক শব্দের দুটো করে স্ত্রীবাচক শব্দ রয়েছে। যেমন : দেবর-ননদ (দেবরের বোন)/জা (দেবরের স্ত্রী), ভাই-বোন এবং ভাবি (ভাইয়ের স্ত্রী), শিক্ষক- শিক্ষয়িত্রী (পেশা অর্থে) এবং শিক্ষকপত্নী (শিক্ষকের স্ত্রী), বন্ধু-বান্ধবী (মেয়ে বন্ধু) এবং বন্ধুপত্নী (বন্ধুর স্ত্রী), দাদা-দিদি (বড় বোন) এবং বৌদি (দাদার স্ত্রী)।

**19. গোপালগঞ্জ জেলার কোটালিপাড়ায় জন্মগ্রহণ করেন–**

Ⓐ শামসুর রাহমান Ⓑ সুফিয়া কামাল
Ⓒ শেখ মুজিবুর রহমান Ⓓ সুকান্ত ভট্টাচার্য

Ⓓ Solve শামসুর রাহমান ২৩ অক্টোবর ১৯২৯ খ্রিষ্টাব্দ, মাহুতটুলী, ঢাকায় জন্মগ্রহণ করেন। সুফিয়া কামালের জন্ম ২০ জুন ১৯১১ খ্রিষ্টাব্দ; শায়েস্তাবাদ, বরিশাল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম ১৯২০ খ্রিষ্টাব্দের ১৭ই মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায়। সুকান্ত ভট্টাচার্য ১৫ আগস্ট ১৯২৬ খ্রিষ্টাব্দ কলকাতায় জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস : কোটালিপাড়া, গোপালগঞ্জ।

**20. কোন বানানটি সঠিক?**

Ⓐ [illegible] Ⓑ [illegible]
Ⓒ [illegible] Ⓓ [illegible]

Ⓐ Solve কতিপয় বানান সতর্কতা : [illegible]

**21. নিচের কোনটি সংলাপনির্ভর কবিতা?**

Ⓐ [illegible] Ⓑ [illegible]
Ⓒ 'সোনার তরী' Ⓓ 'তাহারেই পড়ে মনে'

Ⓓ Solve 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিস্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে। এ কবিতায় কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে।

**22. কবি শামসুর রাহমানের জন্মস্থান–**

Ⓐ ঢাকা Ⓑ বরিশাল
Ⓒ রংপুর Ⓓ কুষ্টিয়া

Ⓐ Solve শামসুর রাহমান ২৩ অক্টোবর ১৯২৯ খ্রিস্টাব্দ, মাহুতটুলী, ঢাকায় জন্মগ্রহণ করেন। পৈতৃক নিবাস : পাড়াতলী, রায়পুরা, নরসিংদী। ১৯৫৭ খ্রিস্টাব্দে তিনি 'দৈনিক মর্নিং নিউজ' এ সাংবাদিকতা দিয়ে কর্মজীবন শুরু করেন।

**23. 'প্রভাত' শব্দটির মধ্যে 'প্র'–**

Ⓐ বিভক্তি Ⓑ অনুসর্গ
Ⓒ উপসর্গ Ⓓ প্রত্যয়

Ⓒ Solve প্র উপসর্গের কয়েকটি ব্যবহার :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| প্র | প্রকৃষ্ট/সম্যক অর্থে | প্রভাব, প্রজ্ঞা, প্রজ্বলন, প্রস্ফুটিত। |
| | উৎকর্ষ অর্থে | প্রকৃষ্ট, প্রদর্শন, প্রবাদ, প্রমুগ্ধ, প্রভাত। |
| | খ্যাতি অর্থে | প্রসিদ্ধ, প্রতাপ, প্রভাব, প্রকীর্তি, প্রখ্যাত, প্রশস্ত। |
| | সম্মুখ অর্থে | প্রগতি, প্রণতি, প্রণাম, প্রাঙ্গণ। |
| | গতি/ক্রিয়া অর্থে | প্রবেশ, প্রস্থান, প্রকাশ, প্রচার, প্রচলন, প্রদান। |

**24. কোনটি বাগধারা?**

Ⓐ কিংকর্তব্যবিমূঢ় Ⓑ অহোরাত্র
Ⓒ ভবনদী Ⓓ ননীর পুতুল

Ⓓ Solve গুরুত্বপূর্ণ বাগধারা : কেঁচে গণ্ডূষ (পুনরায় আরম্ভ), কেউকেটা (সামান্য), কান পাতলা (সহজেই বিশ্বাসপ্রবণ), এসপার ওসপার (মীমাংসা), একাদশে বৃহস্পতি (সৌভাগ্যের বিষয়)।

**25. কোনটি কৃৎ প্রত্যয়?**

Ⓐ বলাবলাই Ⓑ মেঠো
Ⓒ পড়ুয়া Ⓓ জেলে

Ⓒ Solve ধাতু বা ক্রিয়ামূলের পরে যেসব প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয়, তাকে 'কৃৎ-প্রত্যয়' বলে। যেমন : √কৃ + তব্য = কর্তব্য। কৃৎ প্রত্যয় ২ প্রকার। যথা : ক. সংস্কৃত কৃৎ-প্রত্যয় খ. বাংলা কৃৎ-প্রত্যয়।

**26. কোনটি আধুনিক ছন্দ?**

Ⓐ অক্ষরবৃত্ত Ⓑ স্বরবৃত্ত
Ⓒ মাত্রাবৃত্ত Ⓓ অমিত্রাক্ষর

Ⓓ Solve পয়ার ছন্দভিত্তিক, অনুপ্রাসহীন এবং পূর্ণযতির মিত্রতাহীন প্রবহমান ছন্দকে অমিত্রাক্ষর ছন্দ বলে। মাইকেল মধুসূদন দত্ত বাংলা অমিত্রাক্ষর ছন্দের জনক। এ ছন্দ অক্ষরবৃত্তের পয়ার ছন্দকে অবলম্বন করেই তৈরি।



CamScanner

**27. কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?**

Ⓐ বৈশিষ্ট্যতা Ⓑ সৌন্দর্যতা
Ⓒ আধিক্যতা Ⓓ সুন্দরতা

Ans D

**28. "একখানা মেঘ ভেসেছিল আকাশে" —এখানে 'খানা' শব্দটি–**

Ⓐ পদাশ্রিত নির্দেশক Ⓑ বিভক্তি
Ⓒ অনুসর্গ Ⓓ উপসর্গ

A Solve কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। যেমন : টা, টি, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি।

**29. 'সপ্তাহ' শব্দটি কোন সমাসসাধিত?**

Ⓐ প্রাদি Ⓑ দ্বিগু
Ⓒ নিত্য Ⓓ অব্যয়ীভাব

B Solve সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে পূর্বপদে সংখ্যাবাচক শব্দ এবং উত্তরপদে বিশেষ্যপদ প্রযুক্ত হয় এবং এ সমাসের সমস্তপদটি বিশেষ্য হয়। যেমন : সপ্ত অহ্নের সমাহার = সপ্তাহ। এখানে 'সপ্ত' সংখ্যাবাচক শব্দ এবং 'অহ্ন' বিশেষ্য।

**30. সৈয়দ ওয়ালীউল্লাহ্র লালসালু উপন্যাসটির চরিত্র–**

Ⓐ জোবেদা Ⓑ সিকদার
Ⓒ ধলা মিয়া Ⓓ রমজান

C Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ তাঁর 'লালসালু' (১৯৪৮) উপন্যাসে ধর্ম ব্যবসায়ীদের মুখোশ উন্মোচন করেছেন মজিদ চরিত্রের মধ্য দিয়ে। উল্লেখযোগ্য চরিত্র : মজিদ, রহিমা, জমিলা, খালেক ব্যাপারী, তাহের, কাদের, হাসুনির মা, আক্কাস।

## English-Mark : 30

**Choose the alternative (A,B,C or D) that best fills in the blanks/ answers the following:**

**01. Curiosity killed the–.**

Ⓐ dog Ⓑ horse
Ⓒ monkey Ⓓ cat

D Explanation "Curiosity killed the cat" হলো একটি প্রবাদ যার অর্থ কোনো বিষয়ে মাত্রাতিরিক্ত আগ্রহ অনেক ক্ষেত্রে বিপদ ডেকে আনতে পারে।

**02. The single word for 'hundredth anniversary' is–.**

Ⓐ centenary Ⓑ jubilee
Ⓒ sesquicentennial Ⓓ century

A Explanation Centenary অর্থ কোনো কিছুর শততম বার্ষিকী/শতবার্ষিক উৎসব (hundredth anniversary)।

**03. The meaning of the prefix in the word 'quadruped' is '—'**

Ⓐ six Ⓑ four
Ⓒ two Ⓓ eight

**19. 'তার আনুগত্য ধ্রুবতারার মতো অনড়, তার বিশ্বাস পর্বতের মতো অটল' এখানে কার কথা বলা হয়েছে?**

Ⓐ রহিমা Ⓑ জামিলা
Ⓒ আমিনা Ⓓ হাসুনির মা

Ⓐ Solve মজিদের প্রথম স্ত্রী রহিমা 'লালসালু' উপন্যাসের অন্যতম প্রধান চরিত্র। এটি একটি সহায়ক চরিত্র। সে শুধু মজিদের স্ত্রী নয়, তার সকল কর্মকাণ্ডের একনিষ্ঠ সহায়ক ও সমর্থকও বটে। লম্বা-চওড়া শারীরিক শক্তিসম্পন্ন এই নারী পুরো উপন্যাস জুড়ে স্বামীর ব্যক্তিত্বের কাছে অসহায় হয়ে থাকলেও তার চরিত্রের একটি স্বতন্ত্র মাধুর্য আছে।

**20. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় বরকত বুক পাতে কোথায়?**

Ⓐ রমনার বটমূলে Ⓑ হৃদয়ের হরিৎ উপত্যকায়
Ⓒ রাজপথে Ⓓ ঘাতকের থাবার সম্মুখে

Ⓓ Solve 'ফেব্রুয়ারি ১৯৬৯' শীর্ষক কবিতাটি কবি শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে। 'ফেব্রুয়ারি ১৯৬৯' সংগ্রামী চেতনার কবিতা, দেশপ্রেমের কবিতা, গণজাগরণের কবিতা। কবিতাটিতে সালাম ও বরকত এই দুইজন ভাষাশহিদের নাম উল্লেখ আছে।

**21. কোন বাগ্‌ধারাটির অর্থ পক্ষপাতিত্ব?**

Ⓐ গোঁফখেজুরে Ⓑ হাতভারী
Ⓒ ঢাকের কাঠি Ⓓ একচোখা

Ⓓ Solve গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : আকাশ থেকে পড়া (না জানার ভান করা), আদার ব্যাপারী (সাধারণ লোক), আহ্লাদি পুতুল (আদুরে অকর্মণ্য), আকাশে তোলা (অতিরিক্ত প্রশংসা করা)।

**22. 'কিন্তু তাহার হৃদয় জয় করিয়া দখল করার আনন্দটাও তুচ্ছ নয়'– কার প্রসঙ্গে এ কথা বলা হয়েছে?**

Ⓐ কল্যাণী Ⓑ বিলাসী
Ⓒ মৃত্যুঞ্জয় Ⓓ গোপাল

Ⓑ Solve শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিলাসী' গল্পের অন্যতম প্রধান চরিত্র কর্মনিপুণ, বুদ্ধিমতী ও সেবাব্রতী বিলাসী যে প্রেমের জন্যে নির্দ্বিধায় বেছে নিয়েছে স্বেচ্ছামৃত্যুর পথ। তাঁর প্রেমের মহিমাময় আলোয় ধরা পড়েছে অনুদারতা ও রক্ষণশীলতা, সমাজজীবনের নিষ্ঠুর ও অশুভ চেহারা।

**23. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটির রচয়িতা কে?**

Ⓐ শামসুর রাহমান Ⓑ আল মাহমুদ
Ⓒ আবু জাফর ওবায়দুল্লাহ Ⓓ সৈয়দ শামসুল হক

Ⓒ Solve আবু জাফর ওবায়দুল্লাহ রচিত একটি বিখ্যাত কবিতা 'আমি কিংবদন্তির কথা বলছি'। কবিতাটি কবির বিখ্যাত কাব্যগ্রন্থ 'আমি কিংবদন্তির কথা বলছি' কাব্যগ্রন্থের নাম- কবিতা। কবিতাটিতে উচ্চারিত হয়েছে ঐতিহ্যসচেতন শিকড়সন্ধানী মানুষের সর্বাঙ্গীণ মুক্তির দৃপ্ত ঘোষণা।

**24. নূরুলদীনের ডাকে মানুষ জেগে উঠেছিল–**

Ⓐ ১৭৮২ খ্রিষ্টাব্দে Ⓑ ১৭৮০ খ্রিষ্টাব্দে
Ⓒ ১৮৬২ খ্রিষ্টাব্দে Ⓓ ১৭৮৩ খ্রিষ্টাব্দে

Ⓐ Solve 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতাটি সৈয়দ শামসুল হকের বিখ্যাত কাব্যনাটক 'নূরলদীনের সারাজীবন' শীর্ষক কাব্যনাটক থেকে সংকলিত। এটি এ নাটকের প্রস্তাবনা অংশ। রংপুরে নূরলদীনের ডাকে একদিন বাংলার মানুষ ১১৮৯ বঙ্গাব্দে (১৭৮২ খ্রি.) জেগে উঠেছিল মুক্তির প্রত্যাশায়।

**25. উপসর্গের কাজ নয় কোনটি?**

Ⓐ শব্দের অর্থ সম্প্রসারিত, Ⓑ নতুন অর্থবোধক শব্দ সৃষ্টি করা
Ⓒ শব্দের অর্থ পরিবর্তন করা Ⓓ শব্দের অর্থ পরিমার্জন করা

Ⓓ Solve বাংলা ভাষায় এমন কতগুলো অব্যয়সূচক শব্দাংশ রয়েছে যেগুলো স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের আগে বসে শব্দের অর্থের পরিবর্তন, পরিবর্ধন, নতুন শব্দ গঠনে সাহায্য করে। যেমন : প্র, পরা, আ, সু, বি, নি ইত্যাদি উপসর্গ।

**26. রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যু কোন মাসে হয়েছিল?**

Ⓐ বৈশাখ Ⓑ জ্যৈষ্ঠ
Ⓒ আষাঢ় Ⓓ শ্রাবণ

Ⓓ Solve বিশ্বকবি অভিধায় সম্ভাষিত রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ খ্রিষ্টাব্দের ৭ মে (১২৬৮ বঙ্গাব্দের ২৫ শে বৈশাখ) কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। ১২৮৪ বঙ্গাব্দে মাত্র ষোলো বছর বয়সে 'ভিখারিনী' গল্প রচনার মাধ্যমে ছোটগল্প লেখক হিসেবে তাঁর আত্মপ্রকাশ ঘটে। ১৯৪১ খ্রিষ্টাব্দের ৭ আগস্ট (১৩৪৮ বঙ্গাব্দের ২২ শ্রাবণ) জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে রবীন্দ্রনাথ ঠাকুর মারা যান।

**27. 'রেইনকোট' গল্পের নূরুল হুদা কোন বিষয়ের অধ্যাপক ছিলেন?**

Ⓐ বাংলা Ⓑ ইংরেজি Ⓒ রসায়ন Ⓓ উর্দু

Ⓒ Solve আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে। পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়। মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। গল্পের কেন্দ্রীয় চরিত্র নুরুল হুদার জবানিতে গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে।

**28. নিচের কোনটি কৃৎপ্রত্যয়?**

Ⓐ বাড়িওয়ালা Ⓑ রিকশাওয়ালা Ⓒ ঘরোয়া Ⓓ পড়ুয়া

Ⓓ Solve কতিপয় কৃৎপ্রত্যয় :

| মূল শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | মূল শব্দ | প্রকৃতি ও প্রত্যয় |
|---|---|---|---|
| ডুবুরি | √ডুব্ + উরি | ভাজি | √ভাজ্ + ই |
| মিশাল | √মিশ্ + আল | মরিয়া | √মর্ + ইয়া |
| বেড়ি | √বেড় + ই | ডাকু | √ডাক্ + উ |

**29. কোন বাক্যটি অশুদ্ধ?**

Ⓐ তার সৌজন্যে মুগ্ধ হয়েছি। Ⓑ কাব্যটির উৎকর্ষতা প্রশংসনীয়।
Ⓒ আবশ্যক ব্যয়ে কার্পণ্য উচিত নয়। Ⓓ তিনি মোকদ্দমায় সাক্ষ্য দেবেন।

Ⓑ Solve কতিপয় বাক্য শুদ্ধিকরণ :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| আপনি স্বপরিবারে আমন্ত্রিত | আপনি সপরিবারে আমন্ত্রিত |
| হীন চরিত্রবান লোক পশ্বাধম | চরিত্রহীন লোক পশ্বধম |
| সেদিন থেকে তিনি আর সেখানে যায় না | সেদিন থেকে তিনি আর সেখানে যান না |

**30. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন জেলে বসে আত্মজীবনী লেখা শুরু করেন?**

Ⓐ কাশিমপুর কারাগার Ⓑ ঢাকা সেন্ট্রাল জেল
Ⓒ করাচি জেল Ⓓ পাঞ্জাব জেল

Ⓑ Solve জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' তাঁর 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। বন্ধুবান্ধব, সহকর্মী ও সহধর্মিণীর অনুরোধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৭ সালের মাঝামাঝি সময়ে ঢাকা সেন্ট্রাল জেলে রাজবন্দি থাকা অবস্থায় এই আত্মজীবনী লেখা আরম্ভ করেন।



CamScanner

## English-Mark : 30

**In questions 01 and 02, each sentence has four underlined words or phrases (A, B, C and D). Identify the word or phrase that must be changed in order for the sentence to be correct:**

**01.** This class that (A) is a prerequisite (B) for chemistry is so difficult (C) that I would rather drop it. (D)

Ⓐ Explanation Relative clause sentence এর essential part হলে clause marker হিসেবে that বসে কিন্তু essential part না হলে which বসে। উপরোক্ত sentence এ that এর স্থলে which হবে।

**02.** Having finished (A) her term paper before (B) the deadline, it was delivered (C) to the professor before the class (D)

Ⓒ Explanation Sentence টি active হবে।

**Choose the alternative (A, B, C or D) that best fills in the blanks/answers the following :**

**03. When the teacher —— the room, the students —— talking.**
Ⓐ enter...were Ⓑ entered...were
Ⓒ entered...was Ⓓ entering...were

Ⓑ Explanation Room এ প্রবেশ অর্থে entered এবং the students plural হওয়ায় were হবে।

**04. Find out the odd couple.**
Ⓐ Hamlet-Ophelia Ⓑ Romeo-Juliet
Ⓒ Othello-Cordelia Ⓓ Antony-Cleopatra

Ⓒ Explanation Othello এর সাথে Desdemona হবে। Othello হচ্ছে Shakespeare এর একটি নাটক।

**05. The author of the novel '*Pride and Prejudice*' is ——.**
Ⓐ George Eliot Ⓑ Sylvia Plath
Ⓒ Emily Dickinson Ⓓ Jane Austen

Ⓓ Explanation Pride and Prejudice উপন্যাসের লেখক Jane Austen, তার অন্য উপন্যাসের মধ্যে Sense and Sensibility, Emma, Mansfield Park অন্যতম।

**06. The verb form of 'prison' is ——.**
Ⓐ imprison Ⓑ enprison Ⓒ prisonize Ⓓ prisonify

Ⓐ Explanation Prison (কারাগার) শব্দের verb imprison কারারুদ্ধ করা/ আটক করা।

**07. Identify the correctly spelled word.**
Ⓐ Courtius Ⓑ Suspisious
Ⓒ Persuede Ⓓ Descendant Ans Ⓓ

**08. Find the correct sentence.**
Ⓐ Let's spend sometime together.
Ⓑ Don't touch any one of those fish.
Ⓒ Do you think he totally has lost his mind?
Ⓓ Can you teach me how to play on the violin?

Ⓓ Explanation কোন বাদ্যযন্ত্র বাজানো অর্থে play on হয়।

**09. The word similar in meaning to 'hyperbole' is ——.**
Ⓐ understatement Ⓑ critique
Ⓒ exaggeration Ⓓ distortion

Ⓒ Explanation Hyperbole (অতিশয়োক্তি) যা exaggeration (অত্যুক্তি) শব্দের similar meaning.

**10. The phrase 'with flying colours' means ——.**
Ⓐ smartly Ⓑ victoriously
Ⓒ promptly Ⓓ colourfully

Ⓑ Explanation "With flying colurs" একটি phrase যার অর্থ জয়লাভ করা যা victoriously বুঝায়।

**11. My research report is much bigger —— my friend**
Ⓐ than Ⓑ then
Ⓒ than that Ⓓ than that of

Ⓓ Explanation এখানে তুলনা করা হয়েছে বন্ধুর research report এর সাথে তাই than that of হবে।

**12. Did you see her ——?**
Ⓐ coming Ⓑ come
Ⓒ to come Ⓓ came

Ⓑ Explanation Interrogative sentence এর শুরুতে did থাকলে মূল verb present form-এ হয়।

**13. Of the four dresses, I like the red one ——.**
Ⓐ better Ⓑ the better
Ⓒ best Ⓓ the best

Ⓓ Explanation চারটি ড্রেসের মধ্যে তুলনা করতে superlative sense এ the best হবে।

**14. Elizabeth Barrett Browning was an English ——.**
Ⓐ poet Ⓑ playwright
Ⓒ novelist Ⓓ short story writer

Ⓐ Explanation Elizabeth Barrett Browning ছিলেন English Poet তিনি Victorian যুগের অন্যতম কবি।

**15. A person who is unaffacted by emotions is called ——.**
Ⓐ stoic Ⓑ pessimist
Ⓒ optimist Ⓓ henpecked

Ⓐ Explanation আবেগ দ্বারা তাড়িত নন এমন ব্যক্তিকে stoic বলে।

**16. Job failure means being fired from a job, being asked to resign or leaving —— to protect yourself because you had very strong evidence that one of the first two was ——.**
Ⓐ voluntarily...impending Ⓑ abruptly... significant
Ⓒ knowingly... operative Ⓓ eventually...intentional

Ⓐ Explanation স্বেচ্ছায় পদত্যাগ করতে বলা অর্থে voluntarily এবং was এর পরে impending (v + ing) হয়।

**17. The author of the story 'The Luncheon' is ——.**
Ⓐ William Somerset Maugham
Ⓑ William Somersset Maugham
Ⓒ William Somerset Maogham
Ⓓ William Somerset Maughum

Ⓐ Explanation The Luncheon গল্পের লেখক William Somerset Maugham. বাকি অপশন গুলোতে spelling mistake।



CS CamScanner

**18. The passive voice of 'She made me do the arduous job' is ——.**

Ⓐ I was made do the arduous job by her
Ⓑ I was made do the arduous job
Ⓒ I was made to do the arduous job by her
Ⓓ I had been made to do the arduous job by her

Ⓒ Explanation Causative verb এর voice এর ক্ষেত্রে active voice এর to উহ্য তাকে কিন্তু passive voice এর ক্ষেত্রে to ব্যবহার করতে হয়।

**19. The antonym of 'scanty' is ——.**

Ⓐ ample Ⓑ limited
Ⓒ small Ⓓ diminutive

Ⓐ Explanation Scanty (অপ্রতুল, অভাব) এর antonym হচ্ছে ample (প্রচুর যথেষ্ট)।

**20. You didn't cooperate —— me ——.**

Ⓐ with .... and you should do it
Ⓑ with ....but you should do it
Ⓒ at ..... but you ought to
Ⓓ with .... but you should've done it

Ⓓ Explanation Conjunction হিবেবে but ব্যবহৃত হলে এর উভয় পাশে বিপরীত অর্থ প্রদান করে এমন word অথবা sentence ব্যবহার করতে হয়।

**21. His handwriting is ——.**

Ⓐ neat Ⓑ trim
Ⓒ snug Ⓓ spick-and-span

Ⓓ Explanation Spick and span অর্থ neat, clean and well looked তাই শুধু neat হবে না।

**22. California relies heavily on income from fruit crops, and ——.**

Ⓐ Florida is as well Ⓑ Florida too
Ⓒ Florida also Ⓓ so does Florida

Ⓓ Explanation Affirmative aggrement অনুযায়ী, ১ম clause এর verb এর tense অনুসারে and এর পরে so + do/does/did + sub বসে।

**23. This chair is —— the other.**

Ⓐ comfortable than Ⓑ more comfortable than
Ⓒ more comfortable then Ⓓ much comfortable than

Ⓑ Explanation Comparative degree এর ক্ষেত্রে more... than বসে।

**24. You can lead a horse to water, —— make it drink.**

Ⓐ you can't Ⓑ and you can't
Ⓒ but you can't Ⓓ then you can't

Ⓒ Explanation But এর উভয় পাশে বিপরীত জাতীয় parts of speech বসে।

**25. If he had —— his lunch here, he would have invited us.**

Ⓐ had Ⓑ ate
Ⓒ eat Ⓓ took

Ⓐ Explanation 3rd conditional-এর নিয়ম sub + had + $v_3$ + sub + would have/ could have + $v_3$ .

**26. Wordsworth, Byron, Shelley and Keats are called ——.**

Ⓐ Romantic Poets Ⓑ Cavalier Poets
Ⓒ University Wits Ⓓ Lake Poets

Ⓐ Explanation Wordsworth, Byron, Shelley এবং Keats হচ্ছে ইংরেজি সাহিত্যের Romantic poets.

**Read the passage below and choose the best alternative (A, B, C, or D) to answer the questions (27-30)**

Throughout human history there have been many stringent taboos concerning watching other people eat or eating in the presence of others. There have been attempts to explain these taboos in terms of inappropriate social relationships either between those who are involved and those who are not simultaneously involved in the satisfaction of a bodily need or between those already satiated and those who appear to be shamelessly gorging. Undoubtedy such elements exist in the taboos, but there is an additional element with a much more fundamental importance. In prehistoric times, when food was so precious and the on-lookers so hungry, not to offer half of the little food one had was unthinkable since every glance was a plea for life. Further, during those times, people existed in nuclear or extended family groups, and the sharing of food was quit literally supporting one's family or, by extension, preserving one's self.

**27. In developing the main idea of the passage, the author does which of the following?**

Ⓐ Downplays earlier attempts to explain the origins of a social prohibition.
Ⓑ Adapts a scientific theory and applies it to a spiritual relationship.
Ⓒ Simplifies a complex biological phenomenon by explaining it in terms of social needs.
Ⓓ Reoganizes a system designed to guide personal behavior.

Ⓐ Explanation প্রশ্নে জানতে চাওয়া হয়েছে লেখক main idea develop করতে কি করেছে. লেখক মূলত সামাজিক taboos গুলোর উৎপত্তি ব্যাখ্যা করেছে।

**28. According to the passage, the author believes that past attempts to explain some taboos concerning eating are ——.**

Ⓐ unimaginative Ⓑ implausible
Ⓒ inelegant Ⓓ incomplete

Ⓓ Explanation Passage অনুসারে লেখক বিশ্বাস করে খাবার সম্পর্কিত taboos গুলো ব্যাখ্যা করা অসম্পূর্ণ (incomplete)

**29. The author's hypothesis concerning the origin of taboos against watching other people eat emphasizes the ——.**

Ⓐ general palatability of food
Ⓑ religious significance of food
Ⓒ limited availability of food
Ⓓ various sources of food

Ⓒ Explanation এখানে খাবারের যোগান স্বল্পতার উপর জোর দেওয়া হয়েছে।

**30. If the argument in the passage is valid, taboos against eating in the presence of others who are not also eating would be LEAST likely in a society that ——.**

Ⓐ had always had a plentiful supply of food
Ⓑ emphasized the need to share worldly goods
Ⓒ had a nomadic rather than an agricultural way of life
Ⓓ emphasized the value of privacy

Ⓐ Explanation খাবার সম্পর্কিত taboos গুলো সেই সমাজে কম হবে যেখানে খাবারের যথেষ্ট যোগান রয়েছে।



CamScanner

## সাধারণ জ্ঞান-মান : ৪০

01. জিব্রাল্টার প্রণালি সংযুক্ত করেছে..
Ⓐ আটলান্টিক ও ভূ-মধ্যসাগর Ⓑ প্রশান্ত ও ভূ-মধ্যসাগর
Ⓒ আটলান্টিক ও প্রশান্ত মহাসাগর Ⓓ ভূ-মধ্যসাগর ও আরব সাগর

Ⓐ Solve জিব্রাল্টার প্রণালি আটলান্টিক মহাসাগর ও ভূ-মধ্যসাগরকে সংযুক্ত করেছে। প্রণালিটি ইউরোপের জিব্রাল্টার ও স্পেন থেকে আফ্রিকার মরক্কোকে পৃথক করেছে।

02. প্রীতিলতা ওয়াদ্দেদার জড়িত ছিলেন..
Ⓐ ব্রিটিশ বিরোধী আন্দোলন Ⓑ তেভাগা আন্দোলনে
Ⓒ খেলাফত আন্দোলনে Ⓓ ভারত ছাড় আন্দোলনে

Ⓐ Solve ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনের নেতা ছিলেন মাস্টার দা' সূর্যসেন। সূর্যসেনের শিষ্য এবং ব্রিটিশবিরোধী আন্দোলনের অন্যতম নেত্রী ছিলেন প্রীতিলতা ওয়াদ্দেদার সূর্যসেনের নির্দেশে চট্টগ্রামের পাহাড়তলী রেলওয়ে ক্লাব আক্রমণ করেন ১৯৩২ সালে। খেলাফত আন্দোলনের প্রধান নেতা ছিলেন মাওলানা মুহাম্মদ আলি ও মাওলানা শওকত আলি। তেভাগা আন্দোলনের নেতৃত্ব দেন ইলা মিত্র ও হাজী মোহাম্মদ দানেশ। ভারত ছাড় আন্দোলনের নেতৃত্বে ছিলেন মহাত্মা গান্ধী।

03. কোণার্ক সূর্য মন্দির কোথায় অবস্থিত?
Ⓐ উড়িষ্যা Ⓑ সিকিম
Ⓒ আসাম Ⓓ রাজস্থান

Ⓐ Solve দক্ষিণ এশিয়ার সূর্য মন্দিরগুলোর মধ্যে সবচেয়ে প্রাচীন, ঐতিহ্যবাহী ও দর্শনার্থীদের জন্য আকর্ষণীয় মন্দিরটি অবস্থিত ভারতের উড়িষ্যার কোণার্ক শহরে। কোণার্ক সুরিয়া নামে পরিচিত মন্দিরটির নির্মাণ কাজ শেষ হয় আনুমানিক ১২৫০ খ্রিষ্টাব্দে। ১৯৮৪ সালে ইউনেস্কো মন্দিরটিকে 'বিশ্ব ঐতিহ্যে'র অংশ হিসেবে ঘোষণা করে।

04. 'সিডর' নামকরণ করে কোণ দেশ?
Ⓐ শ্রীলঙ্কা Ⓑ পাকিস্তান
Ⓒ মিয়ানমার Ⓓ বাংলাদেশ

Ⓐ Solve 'সিডর' বাংলাদেশে আঘাত হানে ১৫ নভেম্বর ২০০৭ সালে। SIDR সিংহলি ভাষার শব্দ; যার অর্থ চোখ (Eye)। SIDR নামকরণ করে শ্রীলঙ্কা।

05. জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে কত সালে ব্রিটিশ সরকার রাজদ্রোহিতার অপরাধে কারাবন্দী করে?
Ⓐ ১৯৭৬ Ⓑ ১৯৪৫
Ⓒ ১৯২৬ Ⓓ ১৯২২

Ⓓ Solve কাজী নজরুল ইসলামের 'আনন্দময়ীর আগমনে' কবিতাটি 'ধূমকেতু' পত্রিকায় প্রকাশিত হওয়ার পর রাজদ্রোহিতার অভিযোগে ২৩ নভেম্বর ১৯২২ সালে ঔপনিবেশিক পুলিশ কর্তৃক গ্রেফতার হন।

06. হযরত মুহম্মদ (স.) কত খ্রিষ্টাব্দে মদিনায় হিজরত করেন?
Ⓐ ৬২২ Ⓑ ৫৭০
Ⓒ ৬১০ Ⓓ ৬৩৯

Ⓐ Solve হযরত মুহম্মদ (স.) ৬২২ খ্রিষ্টাব্দের ১২ সেপ্টেম্বর মক্কার মুকাররামা থেকে মদিনার উদ্দেশ্যে হিজরত করেন। তিনি ২৩ সেপ্টেম্বর (৮ রবিউল আওয়াল) মদিনার পার্শ্ববর্তী এলাকা কোবায় পৌছান এবং ২৭ সেপ্টেম্বর (১২ রবিউল আওয়াল) মদিনা মুনাওয়ারায় পৌছান।

07. বাংলাদেশ International Cricket Council -এর সদস্যপদ লাভ করে কত সালে?
Ⓐ ১৯৯৭ Ⓑ ১৯৮৭
Ⓒ ১৯৭৭ Ⓓ ২০০৭

Ⓒ Solve বাংলাদেশ আইসিসি'র সহযোগী সদস্যপদ লাভ করে ২৬ জুলাই ১৯৭৭ সালে। বাংলাদেশ আন্তর্জাতিক ক্রিকেটে প্রথম অংশগ্রহণ করে ১৯৭৭ সালে। বাংলাদেশ টেস্ট খেলার মর্যাদা লাভ করে ২৬ জুন ২০০০ সালে (দশম দেশ)। বাংলাদেশ ওয়ানডে স্ট্যাটাস লাভ করে ১৫ জুন ১৯৯৭ সালে।

08. কিলিমাঞ্জারো আগ্নেয়গিরি কোথায়?
Ⓐ ডালাস (আমেরিকা) Ⓑ হনশু দ্বীপ (জাপান)
Ⓒ তাঞ্জানিয়া (আফ্রিকা) Ⓓ সিয়েনা (ইতালি)

Ⓒ Solve আফ্রিকা মহাদেশের তাঞ্জানিয়ার উত্তরে কেনিয়ার সীমান্ত ঘেঁষে অবস্থিত মাউন্ট কিলিমাঞ্জারো একটি আগ্নেয় পর্বত। শিরা, মাওয়েনজি ও কিবো এই তিন আগ্নেয়গিরির ভৌগলিক অবশেষ হিসেবে বছরের পর বছর ধরে গঠিত হয়েছে এই পর্বত।

09. ১২, ১৩, ২৫, ৩৮, ...., ১০১, ১৬৪ -এই সিরিজটির শূন্যস্থানে কোন সংখ্যা বসবে?
Ⓐ ৬৩ Ⓑ ৬০
Ⓒ ৫০ Ⓓ ৭৩ Ans Ⓐ

10. "Virtue is Knowledge" উক্তিটি কার?
Ⓐ প্লেটো Ⓑ রাসেল
Ⓒ অ্যারিস্টটল Ⓓ সক্রেটিস Ans Ⓓ

11. রাখাইন সম্প্রদায় প্রধানত কোন জেলায় বাস করে?
Ⓐ কক্সবাজার Ⓑ রাঙ্গামাটি
Ⓒ সিলেট Ⓓ ময়মনসিংহ

Ⓐ Solve

| উপজাতিদের অঞ্চলভিত্তিক অবস্থান | |
|---|---|
| চাকমা | রাঙামাটি, খাগড়াছড়ি, বান্দরবান ও কক্সবাজার |
| খাসিয়া, মণিপুরী | সিলেট |
| রাখাইন | পটুয়াখালী |
| গারো, হাজং | ময়মনসিংহ, নেত্রকোণা |

12. ভারতের কোন গর্ভনর জেনারেল দাসপ্রথার অবসান ঘটান?
Ⓐ ওয়ারেন হেস্টিংস Ⓑ লর্ড বেন্টিঙ্ক
Ⓒ লর্ড ওয়েলেসলি Ⓓ লর্ড মাউন্ট ব্যাটেন Ans Ⓐ

13. ভাষা আন্দোলনের নেতা ছিলেন..
Ⓐ হাবিবুর রহমান শেলী Ⓑ নুরুল আমিন
Ⓒ খাজা নাজিম উদ্দিন Ⓓ মোহাম্মদ আকরম খাঁ

Ⓐ Solve ৫২'র ভাষা আন্দোলনের অন্যতম নেতা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র হাবিবুর রহমান শেলী। ভাষা আন্দোলনকালীন পূর্ব বাংলার প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রী ছিলেন যথাক্রমে খাজা নাজিমউদ্দীন ও নুরুল আমীন।

14. রক্তের কত শতাংশ তরল?
Ⓐ ৫৫% Ⓑ ১০০%
Ⓒ ৭০% Ⓓ ৮০% Ans Ⓐ



CamScanner

15. পদ্মা সেতু উদ্বোধন হয় কবে?
Ⓐ ২৫ শে মে ২০২২ Ⓑ ২৫ শে জুন ২০২২
Ⓒ ২৫ শে আগস্ট ২০২২ Ⓓ ২৫ শে জুলাই ২০২২

Ans Ⓑ Solve

| পদ্মা বহুমুখী সেতু | |
|---|---|
| অবস্থান | মাওয়া (মুন্সিগঞ্জ) এবং জাজিরা (শরীয়তপুর) |
| উদ্বোধন | ২৫ জুন ২০২২ |
| দৈর্ঘ্য ও প্রস্থ | ৬.১৫ কি.মি. ও ১৮.১০ মিটার |
| নির্মাতা কোম্পানি | চায়না মেজর ব্রিজ ইঞ্জিনিয়ারিং কোম্পানি লি. |

16. জাতিসংঘের সদর দপ্তর কোথায়?
Ⓐ জেনেভা Ⓑ মিউনিখ
Ⓒ জুরিখ Ⓓ নিউইয়র্ক

Ans Ⓓ Solve জাতিসংঘের সদর দপ্তর অবস্থিত যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে। জাতিসংঘের ইউরোপীয়, আঞ্চলিক ও আফ্রিকান সদর দপ্তর অবস্থিত যথাক্রমে জেনেভা (সুইজারল্যান্ড), ভিয়েনা (অস্ট্রিয়া) ও নাইরোবি (কেনিয়া)।

17. উইনস্টন চার্চিল কোন বিষয়ে নোবেল পুরস্কার লাভ করেন?
Ⓐ শান্তি Ⓑ সাহিত্য
Ⓒ পদার্থ Ⓓ রসায়ন

Ans Ⓑ Solve নোবেল পুরস্কারের ইতিহাসে রাজনীতিবিদ হয়েও সাহিত্যে নোবেল পুরস্কার প্রাপ্ত একমাত্র ব্যক্তি সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল। তিনি ১৯৫৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন।

18. 'বগুড়া' প্রাচীন কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
Ⓐ বরেন্দ্র Ⓑ গৌড়
Ⓒ হরিকেল Ⓓ পুণ্ড্র

Ans Ⓓ Solve

| জনপদ | বর্তমান অবস্থান |
|---|---|
| পুণ্ড্র | মহাস্থানগড় (বগুড়া) |
| গৌড় | চাঁপাইনবাবগঞ্জ |
| বরেন্দ্র | রাজশাহী বিভাগের উত্তর-পশ্চিমাংশ |
| হরিকেল | সিলেট, চট্টগ্রাম |

19. ফোর্ট উইলিয়াম কলেজ প্রতিষ্ঠিত হয় কত সালে?
Ⓐ ১৭৫০ Ⓑ ১৮০০
Ⓒ ১৮৫০ Ⓓ ১৯০০

Ans Ⓑ Solve ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মাণ করা হয় ১৭০০ সালে কলকাতায়। ফোর্ট উইলিয়াম কলেজ ফোর্ট উইলিয়াম দুর্গের অভ্যন্তরভাগে গভর্নর জেনারেল লর্ড ওয়েলেসলী কর্তৃক ১৮০০ সালে প্রতিষ্ঠিত প্রাচ্যবিষয়ক একটি প্রশিক্ষণ কেন্দ্র।

20. নগর সভ্যতার সূচনা হয়..
Ⓐ মক্কায় Ⓑ ভারতে
Ⓒ মিশরে Ⓓ চীনে

Ans Ⓒ Solve আনুমানিক খ্রিষ্টপূর্ব ৫০০০ অব্দে মিশরে নগর সভ্যতার সূচনা হয়। দক্ষিণ এশিয়ায় প্রথম নগর জীবনের উন্মেষ ঘটে সিন্ধু অববাহিকায়; সিন্ধু নদের অববাহিকায় গড়ে ওঠায় এ সভ্যতার নামকরণ করা হয় সিন্ধু সভ্যতা। চৈনিক সভ্যতা হলো বিশ্বের অন্যতম প্রাচীন নদীকেন্দ্রিক সভ্যতা।

21. নিচের কোনটি করোনা ভাইরাস সম্পর্কিত?
Ⓐ MERS Ⓑ MELAS
Ⓒ MERRF Ⓓ কোনোটিই নয়
Ans Ⓐ

22. ২০১৯ সাল পর্যন্ত আন্তর্জাতিক ক্রিকেটে সর্বকনিষ্ঠ অধিনায়ক কে?
Ⓐ সাকিব আল হাসান Ⓑ মুশফিকুর রহিম
Ⓒ রশিদ খান Ⓓ ব্রায়ান লারা

Ans Ⓒ Solve ২০১৯ সাল পর্যন্ত আন্তর্জাতিক ক্রিকেটে সর্বকনিষ্ঠ অধিনায়ক ছিলেন আফগান ক্রিকেটার রশিদ খান। অন্যদিকে সাকিব আল হাসান ও মুশফিকুর রহিম বাংলাদেশি ক্রিকেটার এবং ব্রায়ান লারা উইন্ডিজের (পূর্বনাম ওয়েস্ট ইন্ডিজ) সাবেক ক্রিকেটার।

23. ভারতে সিপাহী বিদ্রোহ সংঘটিত হয় কত সালে?
Ⓐ ১৬৫৭ Ⓑ ১৭৫৭
Ⓒ ১৮৫৭ Ⓓ ১৯৫৭

Ans Ⓒ Solve

| | |
|---|---|
| উপমহাদেশের প্রথম স্বাধীনতা সংগ্রাম | সিপাহি বিদ্রোহ |
| সিপাহি বিদ্রোহ শুরু হয় | ২৯ মার্চ ১৮৫৭ |
| মঙ্গল পান্ডেকে ফাঁসি দেয়া হয় | ৮ এপ্রিল ১৮৫৭ |
| প্রথম বিদ্রোহ শুরু করে | ব্যারাকপুরের সিপাহীরা |
| প্রথম বিদ্রোহ ঘোষণাকারী | মঙ্গল পাণ্ডে |

24. বদরের যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
Ⓐ ৬২৪ Ⓑ ৬২৫
Ⓒ ৬২৬ Ⓓ ৬২৭

Ans Ⓐ Solve

| যুদ্ধের নাম | সংঘটনকাল | পক্ষ |
|---|---|---|
| বদর | ৬২৪ খ্রি. | মুসলিম বাহিনী ও মক্কার পৌত্তলিকগণ |
| উহুদ | ৬২৫ খ্রি. | মুসলিম বাহিনী ও মক্কার পৌত্তলিকগণ |
| খন্দক | ৬২৭ খ্রি. | মুসলিম বাহিনী ও মক্কার পৌত্তলিকগণ |

25. শতকরা হিসেবে দুধের উপাদান কোনটি?
Ⓐ চর্বি Ⓑ আমিষ
Ⓒ শর্করা Ⓓ পানি
Ans Ⓓ

26. "কোনো বস্তুর ভরবেগের পরিবর্তনের হার প্রযুক্ত বলের সমানুপাতিক এবং বল যে দিকে ক্রিয়া করে বস্তুর ভরবেগের পরিবর্তন সেদিকেই ঘটে" -এটি নিউটনে..
Ⓐ ১ম সূত্র Ⓑ ২য় সূত্র
Ⓒ ৩য় সূত্র Ⓓ মহাকর্ষ সূত্র
Ans Ⓑ

27. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন–
Ⓐ ফ্র্যাঙ্কলিন ডি. রুজভেল্ট Ⓑ হেনরি কিসিঞ্জার
Ⓒ রিচার্ড নিক্সন Ⓓ জর্জ ডব্লিউ বুশ

Ans Ⓒ Solve

| বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন যুক্তরাষ্ট্রের ব্যক্তিত্ব | |
|---|---|
| প্রেসিডেন্ট | রিচার্ড নিক্সন |
| পররাষ্ট্রমন্ত্রী | উইলিয়াম পি রর্জাস |
| নিরাপত্তাবিষয়ক উপদেষ্টা | হেনরি কিসিঞ্জার |



CamScanner

28. ফারসি ভাষার বিখ্যাত কবি ছিলেন..
Ⓐ জালালুদ্দিন রুমী Ⓑ ইমরুল কায়েস
Ⓒ যুহাইর বিন আবি সুলমা Ⓓ হাস্সান বিন সাবিত Ans Ⓐ

29. 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর উদ্যোক্তা কে?
Ⓐ জর্জ হ্যারিসন ও জর্জ উইলিয়ামসন
Ⓑ জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশংকর
Ⓒ গুন্টার গ্রাস ও জর্জ হ্যারিসন
Ⓓ পণ্ডিত রবিশংকর ও জর্জ উইলিয়ামসন

Ⓑ Solve

| | |
|---|---|
| 'কনসার্ট ফর বাংলাদেশ' আয়োজিত হয় | নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ার গার্ডেন প্রাঙ্গণে ১ আগস্ট ১৯৭১ সালে |
| 'কনসার্ট ফর বাংলাদেশের' আয়োজক | ভারতীয় সেতারবাদক পণ্ডিত রবি শংকর ও ব্রিটিশ গায়ক জর্জ হ্যারিসন |
| জর্জ হ্যারিসনের ব্যান্ডের নাম | দি বিটলস |

30. ২০২০ সালে 'গান্ধী পিস প্রাইজ' (মরণোত্তর) লাভ করেন–
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ এ.পি.জে. আব্দুল কালাম
Ⓒ ইন্দিরা গান্ধী Ⓓ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Ans Ⓓ

31. কোন সালে বিশ্বকাপ ফুটবল খেলায় 'গোল্ডেন বুট' ও 'গোল্ডেন বল' চালু হয়?
Ⓐ ১৯৮২ Ⓑ ১৯৮৬
Ⓒ ১৯৯০ Ⓓ ১৯৯৪

Ⓐ Solve গোল্ডেন বল ও গোল্ডেন বুট পুরস্কার প্রথম প্রদান করা হয় ১৯৮২ সালে স্পেনে অনুষ্ঠিত ১২তম বিশ্বকাপ ফুটবল আসরে। টুর্নামেন্টের সেরা খেলোয়াড়কে গোল্ডেন বল ও টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতাকে গোল্ডেন বুট পুরস্কার প্রদান করা হয়।

32. বাংলাদেশ শিশু একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়?
Ⓐ ১৯৫৬ Ⓑ ১৯৭৬
Ⓒ ১৯৭২ Ⓓ ১৯৭৪

Ⓑ Solve মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান 'বাংলাদেশ শিশু একাডেমি'। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৭৬ সালে।

33. ICC-এর পূর্ণাঙ্গ রূপ কী?
Ⓐ International Criminal Council
Ⓑ International Court of Criminal
Ⓒ International Criminal Court
Ⓓ International Covid Council

Ⓒ Solve International Criminal Court (ICC) প্রতিষ্ঠিত হয় ১৭ জুলাই ১৯৯৮ সালে রোম চুক্তির মাধ্যমে। এটি যাত্রা শুরু করে ১ জুলাই ২০০২ সালে। নেদারল্যান্ডসের হেগে অপরাধ আদালতটির সদর দপ্তর অবস্থিত। প্রতিষ্ঠানটির সদস্য সংখ্যা ১২৩টি এবং বিচারকের সংখ্যা ১৮ জন।

34. স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের কয়টি পর্যায় ছিল?
Ⓐ ২টি Ⓑ ৩টি
Ⓒ ৪টি Ⓓ ৫টি

Ⓐ Solve স্বাধীন বাংলা বেতার কেন্দ্র প্রতিষ্ঠিত হয় (প্রথম পর্যায়) ২৬ মার্চ ১৯৭১ সালে চট্টগ্রামের কালুরঘাটে। ৩০ মার্চ ১৯৭১ সালে পাকিস্তানি বাহিনীর বোমা বর্ষণের ফলে কেন্দ্রটি বন্ধ হয়ে যায়। ২৫ মে ১৯৭১ সালে ২য় পর্যায়ে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র চালু হয় কলকাতার বালিগঞ্জে।

35. কোন সালে বাংলা রাষ্ট্রভাষা হিসেবে পাকিস্তানের সাংবিধানিক স্বীকৃতি লাভ করে?
Ⓐ ১৯৫৭ Ⓑ ১৯৫২
Ⓒ ১৯৫৬ Ⓓ ১৯৬৬

Ⓒ Solve বাংলা ভাষাকে পাকিস্তান গণপরিষদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয় ৯ মে ১৯৫৪ সালে। পাকিস্তানের জাতীয় পরিষদে বাংলাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেওয়া হয় ১৬ ফেব্রুয়ারি ১৯৫৬ সালে। বাংলা পাকিস্তানের দ্বিতীয় রাষ্ট্রভাষা হিসেবে সাংবিধানিকভাবে স্বীকৃতি পায় ২৯ ফেব্রুয়ারি ১৯৫৬ সালে।

36. OIC-র সদর দপ্তর কোথায়?
Ⓐ ত্রিপোলি Ⓑ কায়রো
Ⓒ দামেস্ক Ⓓ জেদ্দা

Ⓓ Solve বিশ্বের মুসলিম প্রধান রাষ্ট্রসমূহের একটি সংগঠন হলো Organization of Islamic Coopertaion (OIC)। সংগঠনটি প্রতিষ্ঠিত হয় ১৯৬৯ সালে মরক্কোর রাজধানী রাবাতে। OIC- এর সদর দপ্তর অবস্থিত সৌদি আরবের জেদ্দায়। আরব লীগের সদর দপ্তর অবস্থিত মিশরের রাজধানী কায়রোতে।

37. ১৯৭৪ সালে বাংলাদেশ সংবিধানের কততম সংশোধনী হয়?
Ⓐ দ্বিতীয় Ⓑ তৃতীয়
Ⓒ চতুর্থ Ⓓ পঞ্চম

Ⓑ Solve ২১ নভেম্বর ১৯৭৪ সালে বাংলাদেশের সংবিধানের তৃতীয় সংশোধনী উত্থাপন করা হয়। উত্থাপন করেন তৎকালীন আইনমন্ত্রী মনোরঞ্জন ধর। সংশোধনীটি জাতীয় সংসদে পাশ হয় ২৩ নভেম্বর ১৯৭৪ সালে। তৃতীয় সংশোধনীর বিষয়বস্তু ছিল "বাংলাদেশ-ভারত সীমান্ত চুক্তি অনুযায়ী বেরুবাড়ীকে ভারতের নিকট হস্তান্তর করা।"

38. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লিখিত গ্রন্থ কোনটি?
Ⓐ আমি মুজিব বলছি Ⓑ ওজারতির দুই বছর
Ⓒ বঙ্গবন্ধু অভিধান Ⓓ কারাগারের রোজনামচা

Ⓓ Solve বঙ্গবন্ধু কর্তৃক রচিত দ্বিতীয় গ্রন্থ 'কারাগারের রোজনামচা', যার ইংরেজি সংস্করণ - Prison Diaries. গ্রন্থটির ইংরেজি অনুবাদক ড. ফকরুল আলম। গ্রন্থটিতে স্থান পেয়েছে ১৯৬৬-১৯৬৮ সালের বঙ্গবন্ধুর কারাস্মৃতি। বঙ্গবন্ধু গ্রন্থটির নাম দিয়েছিলেন 'থালা বাটি কম্বল জেলখানার সম্বল'। বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহেনা গ্রন্থটির নামকরণ করেন 'কারাগারের রোজনামচা'।

39. এশিয়া ও অস্ট্রেলিয়াকে পৃথক করেছে–
Ⓐ পার্পল লাইন Ⓑ ডুরান্ড লাইন
Ⓒ ম্যাজিনো লাইন Ⓓ ওয়ালেস লাইন

Ⓓ Solve

| সীমারেখার নাম | যে দুটি দেশ/মহাদেশের মধ্যে অবস্থিত |
|---|---|
| পার্পল লাইন | ইসরায়েল ও সিরিয়া |
| ডুরান্ড লাইন | পাকিস্তান ও আফগানিস্তান |
| ম্যাজিনো লাইন | জার্মানি ও ফ্রান্স |
| ওয়ালেস লাইন | এশিয়া ও অস্ট্রেলিয়া |

40. ব্রাহ্ম ধর্মাবলম্বী নন কে?
Ⓐ ভবানীচরণ বন্দ্যোপাধ্যায় Ⓑ যতীন্দ্রমোহন সেনগুপ্ত
Ⓒ শিবনাথ শাস্ত্রী Ⓓ প্রিন্স দ্বারকানাথ ঠাকুর Ans Ⓑ



CS CamScanner

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**ভর্তি পরীক্ষা: ২০২২-২৩: ইউনিট-B1; সেট-১**

## বাংলা : মান-২৫

**01. Hightide- এর পরিভাষা :**

Ⓐ জোয়ার Ⓑ জলোচ্ছ্বাস
Ⓒ ভাটা Ⓓ উঁচু ঢেউ

Ⓐ Solve পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Hydrology | জলবিজ্ঞান | Hinterland | পশ্চাদ্‌ভূমি |
| Haven | পোতাশ্রয় | Incidental | আনুষঙ্গিক |

**02. ব্যান্ড, বাঁশি, কর্নাট, মৃদঙ্গ ইত্যাদির উল্লেখ আছে যে রচনায় ...**

Ⓐ 'মাসি-পিসি' Ⓑ 'রেইনকোট'
Ⓒ 'অপরিচিতা' Ⓓ 'আহ্বান'

Ⓒ Solve রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পের অংশবিশেষ : 'ব্যান্ড, বাঁশি, শখের কন্সার্ট প্রভৃতি যেখানে যতপ্রকার উচ্চ শব্দ আছে সমস্ত একসঙ্গে মিশাইয়া বর্বর কোলাহলের মত্ত হস্তী দ্বারা সংগীত সরস্বতীর পদ্মবন দলিত বিদলিত করিয়া আমি বিবাহ-বাড়িতে গিয়া উঠিলাম।'

**03. 'দাবানল'-এর সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?**

Ⓐ দাব+আনল Ⓑ দাবা+নল
Ⓒ দাবা+অনল Ⓓ দাব+অনল

Ⓓ Solve সন্ধিসূত্র :

| | |
|---|---|
| অ + অ = আ | দাব + অনল = দাবানল |

**04. কোন পুরুষে অনুজ্ঞা হতে পারে না?**

Ⓐ উত্তম পুরুষে Ⓑ মধ্যম পুরুষে
Ⓒ নাম পুরুষে Ⓓ তুচ্ছার্থক মধ্যম পুরুষে

Ⓐ Solve উত্তম পুরুষের অনুজ্ঞা পদ হতে পারে না। কারণ, কেউ নিজেকে আদেশ করতে পারে না।

**05. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কী তছনছ হচ্ছে?**

Ⓐ কৃষ্ণচূড়া Ⓑ তমালবন
Ⓒ কমলবন Ⓓ ঘরবাড়ি

Ⓒ Solve 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যভুক্ত। এ কবিতার অংশবিশেষ : '... চতুর্দিকে মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ।'

**06. মজিদের কণ্ঠে গানের মতো গুনগুনিয়ে ওঠে যে ছুরা তা হলো-**

Ⓐ ছুরা আল ফালাক Ⓑ ছুরা কাওছার
Ⓒ ছুরা আন নাছ Ⓓ ছুরা দোখান

Ans Ⓐ

**07. 'সোনার তরী' কবিতায় শ্রাবণ গগন ঘিরে কোন মেঘ ঘুরে ফেরে?**

Ⓐ কালো মেঘ Ⓑ তুলট মেঘ
Ⓒ সাদা মেঘ Ⓓ ঘন মেঘ

Ⓓ Solve রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কবিতার অংশবিশেষ : শ্রাবণগগন ঘিরে/ঘন মেঘ ঘুরে ফিরে, শূন্য নদীর তীরে/রহিনু পড়ি-/যাহা ছিল নিয়ে গেল সোনার তরী।

**08. আহ্বান গল্পে বুড়ির স্বামী কী কাজ করত?**

Ⓐ কৃষিকাজ Ⓑ করাতের কাজ
Ⓒ মাছ ধরার কাজ Ⓓ রাজমিস্ত্রীর কাজ

Ⓑ Solve বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'আহবান' গল্পে বুড়ির স্বামীর বর্ণনাটি এরকম : 'পরের দিন সকালে ঘুম থেকে উঠেছি, এমন সময় সেই বুড়ি লাঠি ঠকঠক করতে করতে হাজির উঠোনে। থাকি এক জাতি খুড়োর বাড়ি, তিনি বললেন, ও হলো জমির করাতির স্ত্রী। অনেকদিন আগে মরে গিয়েছে জমির।'

**09. 'মানুষ' শব্দটি কোন লিঙ্গ?**

Ⓐ পুংলিঙ্গ Ⓑ স্ত্রীলিঙ্গ
Ⓒ ক্লীবলিঙ্গ Ⓓ উভয় লিঙ্গ

Ⓓ Solve যা দ্বারা স্ত্রী-পুরুষ উভয়ই বোঝায়, তাকে উভয়লিঙ্গ বলে। যেমন : পাখি, মানুষ, শিশু।

**10. বাণী শব্দের অর্থ বাক্য হলে 'বানি' শব্দের অর্থ ..**

Ⓐ বন্যা Ⓑ তীর
Ⓒ পারিশ্রমিক Ⓓ কথা

Ⓒ Solve সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ :

| শব্দ | অর্থ | শব্দ | অর্থ |
|---|---|---|---|
| বাণী | বাক্য | ভাষা | কথা |
| বানি | পারিশ্রমিক | ভাসা | যা ভেসে যাচ্ছে |

**11. 'নৈসর্গিক'-এর বিপরীত শব্দ কী?**

Ⓐ কৃত্রিম Ⓑ পর্বত
Ⓒ অলীক Ⓓ প্রাত্যহিক

Ⓐ Solve বিপরীতার্থক শব্দ : অলীক-সত্য, উৎকর্ষ-অপকর্ষ, অন্তরঙ্গ-বহিরঙ্গ, ঘাত-প্রতিঘাত।

**12. 'দ্রাক্ষা' বলতে কোন ফল বোঝায়?**

Ⓐ কমলা Ⓑ আঙুর
Ⓒ আপেল Ⓓ বেদানা

Ans Ⓑ

**13. কোন ধ্বনি উচ্চারণে নাসিক্যতা থাকে না?**

Ⓐ ঋ Ⓑ ঙ
Ⓒ ঞ Ⓓ ম

Ⓐ Solve ঙ ঞ ণ ন ম- এ পাঁচটি বর্ণে দ্যোতিত ধ্বনির উচ্চারণে নাক ও মুখ দিয়ে কিংবা কেবল নাক দিয়ে ফুসফুস-তাড়িত বাতাস বের হয় বলে এদের বলা হয় নাসিক্য ধ্বনি এবং প্রতীকী বর্ণগুলোকে বলা হয় নাসিক্য বর্ণ।

**14. 'দাঁড়াও,বৃষ্টি শেষ না হতেই আমি চলে আসছি।' বাক্যটি কোন কালের উদাহরণ?**

Ⓐ ভবিষ্যৎ Ⓑ বর্তমান
Ⓒ নিত্যবৃত্ত অতীত Ⓓ ঘটমান বর্তমান

Ⓓ Solve যে ক্রিয়া বর্তমানে চলছে বোঝায়, তাকে ঘটমান বর্তমান কাল বলে। যেমন : 'দাঁড়াও, বৃষ্টি শেষ না হতেই আমি চলে আসছি।'

**15. কোন ছন্দটি বিদেশি ছন্দের অনুসৃতি?**

Ⓐ অক্ষরবৃত্ত Ⓑ স্বরবৃত্ত
Ⓒ মাত্রাবৃত্ত Ⓓ অমিত্রাক্ষর

Ⓓ Solve ইংরেজি Blank verse ছন্দের অনুসরণে বাংলা কবিতায় অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তন করেন মাইকেল মধুসূদন দত্ত।



CamScanner

16. কোনটি দ্বিরুক্ত শব্দ?
Ⓐ ঝকমক Ⓑ কড়কড়ে
Ⓒ কড়ি-কোমল Ⓓ ক্রমে-ক্রমে

**Solve** কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। যেমন : কড়কড়ে, ঝকমক।

17. "চিরকাল গলার স্বর আমার কাছে বড়ো সত্য।" কথাটি কে বলছে?
Ⓐ হরিশ Ⓑ বিনুদাদা
Ⓒ অনুপম Ⓓ শম্ভুনাথ সেন

**C Solve** রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পে কল্যাণীর কণ্ঠস্বর সম্পর্কে অনুপমের মন্তব্য : 'চিরকাল গলার স্বর আমার কাছে বড়ো সত্য। রূপ জিনিসটি বড়ো কম নয়, কিন্তু মানুষের মধ্যে যাহা অন্তরতম এবং অনির্বচনীয়, আমার মনে হয় কণ্ঠস্বর যেন তারই চেহারা।'

18. আমাদের পূর্বপুরুষের করতলে কোন মাটির সৌরভ ছিল?
Ⓐ বেলে Ⓑ দো-আঁশ মাটি
Ⓒ পলিমাটি Ⓓ এঁটেল মাটি

**C Solve** আবু জাফর ওবায়দুল্লাহর 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার অংশবিশেষ : 'আমি আমার পূর্বপুরুষের কথা বলছি।/ তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল'

19. 'সেই ফুল আমাদেরই প্রাণ'– এখানে ফুল বলতে কী বোঝানো হয়েছে?
Ⓐ বাংলাদেশ Ⓑ বাংলা ভাষা
Ⓒ বাংলা সাহিত্য Ⓓ লোক-সংস্কৃতি

**B Solve** শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যভুক্ত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার 'সেই ফুল আমাদেরই প্রাণ' অংশবিশেষে 'ফুল' বলতে বাংলা ভাষাকে বোঝানো হয়েছে।

20. প্রথম সার্থক বাংলা নাটক কোনটি?
Ⓐ অভিজ্ঞান শকুন্তলম Ⓑ শর্মিষ্ঠা
Ⓒ রত্নাবলী Ⓓ কুলীনকুলসর্বস্ব

**B Solve** মাইকেল মধুসূদন দত্ত রচিত 'শর্মিষ্ঠা' নাটকটি প্রকাশিত হয় ১৮৫৯ সালে। এ নাটককে বাংলা সাহিত্যের প্রথম সার্থক নাটক হিসেবে অভিহিত করা হয়।

21. Aesthetics শব্দের পরিভাষা কোনটি?
Ⓐ নান্দনিকতা Ⓑ অভিনন্দন
Ⓒ নন্দনতত্ত্ব Ⓓ সৌন্দর্য

**C Solve** পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Abstract | বিমূর্ত | Architecture | স্থাপত্য |
| Adviser | উপদেষ্টা | Amplitude | বিস্তার |

22. জসীমউদ্দীনের কোন রচনা বিভিন্ন বিদেশি ভাষায় অনূদিত হয়েছে?
Ⓐ সোজন বাদিয়ার ঘাট Ⓑ বালুচর
Ⓒ নকশী কাঁথার মাঠ Ⓓ রঙিলা নায়ের মাঝি

**C Solve** পল্লিকবি জসীমউদ্দীনের 'নকশী কাঁথার মাঠ' ইংরেজিতে Field of the Embroidered Quilt নামে অনুবাদ করেন E.M.Milford। উল্লেখ্য, জসীমউদ্দীনের 'সোজন বাদিয়ার ঘাট' ইউনেস্কো কর্তৃক Gypsy wharf নামে অনূদিত হয়।

23. নিচের কোন কবি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন?
Ⓐ জসীমউদ্দীন Ⓑ সৈয়দ আলী আহসান
Ⓒ সৈয়দ শামসুল হক Ⓓ শামসুর রহমান **Ans B**

24. নিচের কোন লেখক চিত্রশিল্পী হিসেবেও খ্যাতিলাভ করেছিলেন?
Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ জসীমউদ্দীন Ⓓ সৈয়দ শামসুল হক **Ans A**

25. নিচের কোন কবি গীতিকার হিসেবেও সফল ছিলেন?
Ⓐ আবু হেনা মোস্তফা কামাল Ⓑ আবু জাফর ওবায়দুল্লাহ
Ⓒ ফররুখ আহমদ Ⓓ জীবনানন্দ দাশ **Ans A**

## English-Mark : 25

**Choose the alternative (A, B, C or D) that best fills in the blanks/Answers the following :**

01. The word "culinary" is related to —
Ⓐ printing Ⓑ cooking
Ⓒ dress Ⓓ musical instruments

**B Explanation** Culinary অর্থ রান্না বা রান্নাঘর সম্বন্ধীয়।

02. The art of beautiful handwriting is called—
Ⓐ calligraphy Ⓑ calliography
Ⓒ paleography Ⓓ orthography

**A Explanation** Calligraphy অর্থ লিপিবিদ্যা/অনন্য পাণ্ডুলিপি দক্ষতা (The art of beautiful handwriting)। অন্যদিকে, paleography- the study of historic writing systems and handwriting; orthography- the conventional spelling system of a language।

03. 'Trigger' is to 'pistol' as Button is to —
Ⓐ Cylinder Ⓑ Elevator
Ⓒ Revolver Ⓓ Musket

**B Explanation** Pistol চালাতে যেমন Trigger চাপতে হয়, Elevator ব্যবহার করতে তেমনি Button চাপতে হয়।

04. Parliamentary democracy demands discipline and — to the rules.
Ⓐ respect Ⓑ awareness
Ⓒ adherence Ⓓ knowledge

**C Explanation** Adherence to sth-কোনো কিছুর প্রতি আনুগত্য।

05. The word "florid" indicates —
Ⓐ flour Ⓑ foliage
Ⓒ floor Ⓓ flower

**D Explanation** Florid অর্থ পুষ্পময়।

06. Two words having same spelling and pronunciation, but different in meaning are —
Ⓐ homonyms Ⓑ homophones
Ⓒ acronyms Ⓓ allomorphs

**A Explanation** একই উচ্চারণ ও বানান বিশিষ্ট ভিন্নার্থক শব্দকে Homonyms বলে। যেমন : Bear এর একটি অর্থ ভালুক এবং অন্য একটি অর্থ সহ্য করা।

07. Plebiscite is a term related to —
Ⓐ painting Ⓑ printing
Ⓒ politics Ⓓ law

**C Explanation** Plebiscite (গনভোট) শব্দটি রাজনীতির সাথে সম্পর্কিত।


CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**০৮. 'I' — a letter.**

Ⓐ am　Ⓑ is
Ⓒ are　Ⓓ to be

Ⓑ Explanation 'I' হলো ইংরেজি বর্ণমালার একটি letter এবং এটি এখানে third person singular number হিসেবে ব্যবহৃত হয়েছে এবং সে কারণে verb-টিও singular (is) হয়েছে।

**০৯. Shakespeare was not a/an —**

Ⓐ playwright　Ⓑ novelist
Ⓒ sonneteer　Ⓓ actor

Ⓑ Explanation Shakespeare ছিলেন একজন playwright, sonneteer এবং actor কিন্তু তিনি novelist ছিলেন না।

**10. 'Man is a political animal' is a famous quotation from —**

Ⓐ Dante　Ⓑ plato
Ⓒ Socrates　Ⓓ Aristotle

Ⓓ Explanation Aristotle এর কিছু বিখ্যাত উক্তি নিম্নরূপ:
(i) Man is by nature a political animal.
(ii) Quality is hot an act, it is a habit.
(iii) Courage is the first virtue that makes all other virtues possible.

**11. To introduce a list of objects we use —**

Ⓐ comma　Ⓑ hyphen
Ⓒ semicolon　Ⓓ colon

Ⓓ Explanation কোনো বিষয়ের তালিকা পেশ করতে ঐ তালিকার পূর্বে colon (:) ব্যবহৃত হয়।

**12. It was — day that we decided to stay indoors.**

Ⓐ such hot a　Ⓑ so hot a
Ⓒ so hot　Ⓓ such hot

Ⓐ Explanation Such hot a day- এটাই উষ্ণ একটি দিন।

**13. The synonym of the word indigenous is —**

Ⓐ foreign　Ⓑ extrinsic
Ⓒ extraneous　Ⓓ native

Ⓓ Explanation Indigenous (স্বদেশী/দেশীয়) শব্দটির কিছু synonymous words হলো- Native, local, domestic, original, aboriginal ইত্যাদি।

**14. — was Shakespeare's contemporary.**

Ⓐ Samuel Johnson　Ⓑ Christopher Marlowe
Ⓒ John Milton　Ⓓ Aphra Behn

Ⓑ Explanation William Shakespeare ছিলেন Elizabethan period এর একজন নাট্যকার। তাঁর সমসাময়িক কয়েকজন লেখক হলেন- Christopher Marlowe (1564-1593), Thomas Kyd (1558-1594), Ben Jonson (1572-1637), Robert Greene (1558-1592), John Webster (1580-1623) প্রমুখ।

**15. The antonym of mandatory is —**

Ⓐ optional　Ⓑ required
Ⓒ obligatory　Ⓓ necessary

Ⓐ Explanation Mandatory (আবশ্যিক) শব্দটির কিছু antonyms হলো- optional, voluntary, noncompulsory ইত্যাদি। অন্যদিকে, required, obligatory, necessary, compulsory ইত্যাদি হলো mandatory শব্দটির synonymous words।

**16. Plague is to insects as constellation is to —**

Ⓐ galaxies　Ⓑ planets
Ⓒ milky ways　Ⓓ stars

Ⓓ Explanation Plague বলতে বোঝায় a large number of insects, অন্যদিকে, constellation (নক্ষত্রপুঞ্জ) হলো the configuration of stars।

**17. A — is a person who flees from justice .**

Ⓐ fugitive　Ⓑ criminal
Ⓒ killer　Ⓓ psychopath

Ⓐ Explanation Fugitive অর্থ পলাতক আসামী; criminal অর্থ অপরাধী; killer অর্থ ঘাতক/হত্যাকারী; phychopath অর্থ মানসিক ব্যাধিগ্রস্ত ব্যক্তি।

**18. The word closest in meaning to 'napkin' is —**

Ⓐ towel　Ⓑ serviette　Ⓒ nappy　Ⓓ none

Ⓒ Explanation Napkin অর্থ কাপড়ের টুকরাবিশেষ যার synonymous word হলো nappy।

**19. The invading army had — many innocent people.**

Ⓐ slain　Ⓑ to slay
Ⓒ slew　Ⓓ been slew

Ⓐ Explanation Slay (হত্যা করা) এর past form 'slew' এবং past participle form হলো slain। Sentence টি past perfect হওয়ায় subject + had + $v_3$ হবে।

**20. He drinks like a —**

Ⓐ fish　Ⓑ thirsty men
Ⓒ cat　Ⓓ lion

Ⓐ Explanation Drink like a fish হলো একটি idiom যার অর্থ অত্যধিক মাত্রায় মদ্যপান করা।

**21. The word ' yearning' is synonymous with —**

Ⓐ longing　Ⓑ tactful
Ⓒ tardy　Ⓓ refrain

Ⓐ Explanation Yearning (তীব্র আকাঙ্ক্ষা/স্পৃহা) শব্দটির synonymous words হলো- longing, desire, craving, passion, wish ইত্যাদি। অন্যদিকে, tactful অর্থ কৌশলী; tardy অর্থ ধীর/শ্লথ; refrain অর্থ বিরত থাকা।

**Read the passage and choose the best alternative (A, B, C or D) to answer the questions ( 22-25) :**

Isadora Duncan's masterly writings on the dance reveal the depth of her determination to create a lyric form of the art which was free of characterization, storytelling, and the theatrical exhibition of skills. She wished to discard the traditional methods and established vocabularies of such dance forms as ballet and to explore the internal sources of human expressiveness . She shunned bodily ornamentation and strove to use only the natural movements of her body, undistorted by acrobatic exaggeration and stimulated only by internal compulsion .In her recitals Duncan danced to the music of Beethoven, wagner and Gluck, among others but, contrary to popular belief, she made no attempt to visualize or to interpret the music rather, she simply relied on it to provide the inspiration for expressing inner feelings through movement. She did not regard this use of music as ideal, however, believing that she would someday dispense with music entirely. That day never came.

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**22. The author is primarily concerned with Duncan's ...**

Ⓐ masterful lyricism as expressed in her writings on the dance
Ⓑ concerted efforts to subdue the natural movements of the dance
Ⓒ belated recognition that she could not actually fulfill all of her ideals
Ⓓ basic standards for the dance form that she wished to create and perform

Ⓓ Explanation Duncan যে ধরণের নৃত্যপরিকল্পনা দিয়েছিলেন সেটির মানদন্ড নিয়ে লেখক চিন্তাগ্রস্ত ছিলেন।

**23. The author implies that Duncan relied on music in her recitals in order to ---**

Ⓐ interpret musical works solely by means of natural body movements
Ⓑ foster the illusion that music serves as an inspiration for the dance
Ⓒ inspire the expression of inner feeling when she danced
Ⓓ validate the public belief that music inspires the expression of feeling through movement

Ⓒ Explanation ভিতরকার অনুভূতিগুলোকে নৃত্য প্রদর্শনের মাধ্যমে প্রকাশ করতে Duncan সঙ্গীতের উপর বেশি গুরুত্ব দিতেন।

**24. According to the passage, Duncan intended to develop an art form that—.**

Ⓐ avoid the use of standard ballet techniques
Ⓑ revitalize an earlier established vocabulary
Ⓒ draw on internal sources of human expressiveness
Ⓓ create intended effects without the use of acrobatic exaggeration

Ⓑ Explanation Revitalize অর্থ পুনরুজ্জীবিত করা/নবশক্তি সঞ্চার করা।

**25. Which of the following endeavors is LEAST compatible with Duncan,s ideals for the dance?**

Ⓐ Using music to stimulate the inspiration to dance
Ⓑ Attempting to free an art form of both characterization and storytelling
Ⓒ Minimizing the theatrical exhibition of skills
Ⓓ Being inspired to express inner feeling through movement

Ⓐ Explanation নৃত্যের প্রতি উৎসাহ/আগ্রহ তৈরিতে সঙ্গীতের গতানুগতিক সংযোজন Duncan এর পরিকল্পনার সাথে সংগতিপূর্ণ নয়।

## সাধারণ জ্ঞান : মান-৫০

**01. বাংলাদেশের প্রাচীনতম প্রত্নস্থান কোনটি?**

Ⓐ মহাস্থানগড় Ⓑ পাহাড়পুর
Ⓒ ময়নামতি Ⓓ উয়ারি-বটেশ্বর

Ⓓ Solve উয়ারি-বটেশ্বর বাংলাদেশের নরসিংদী জেলার বেলাব উপজেলায় অবস্থিত সর্বপ্রাচীন ও সর্বশেষ আবিষ্কৃত প্রত্নতাত্ত্বিক স্থান। এখানে প্রাপ্ত নিদর্শন প্রস্তর যুগের। আবিষ্কৃত হয় ২০১০ সালে।

**02. মহাস্থানগড়ে কোন ঐতিহাসিক যুগের প্রত্ন-নিদর্শন আবিষ্কৃত হয়েছে**

Ⓐ পাল Ⓑ সেন
Ⓒ গুপ্ত Ⓓ মৌর্য

Ⓓ Solve মহাস্থানগড় বা পুণ্ড্রনগর বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় অবস্থিত। মহাস্থানগড়ের প্রত্নতাত্ত্বিক খননে বেরিয়ে এসেছে আড়াই হাজার বছর আগের মৌর্য যুগের প্রত্নতাত্ত্বিক নিদর্শন।

**03. 'কান্তজীউ মন্দির' কোথায় অবস্থিত?**

Ⓐ দিনাজপুর Ⓑ চট্টগ্রাম
Ⓒ বগুড়া Ⓓ সিলেট

Ⓓ Solve কতিপয় মন্দির ও তাদের অবস্থান :

| মন্দিরের নাম | অবস্থান | মন্দিরের নাম | অবস্থান |
|---|---|---|---|
| কান্তজিউ মন্দির | কাহারোল (দিনাজপুর) | রামসাগর মন্দির | দিনাজপুর |
| ঢাকেশ্বরী মন্দির | ঢাকা | জগন্নাথ মন্দির | পাবনা |

**04. কুমিল্লার ময়নামতিতে নির্মিত প্রাচীন বৌদ্ধ বিহার কোন রাজবংশের পরিচায়ক?**

Ⓐ দেব Ⓑ সেন
Ⓒ পাল Ⓓ গুপ্ত

Ans Ⓐ

**05. বাংলাদেশের জাতীয় পতাকার রূপকার কে?**

Ⓐ জয়নুল আবেদিন Ⓑ কামরুল হাসান
Ⓒ হাশেম খান Ⓓ এস. এম. সুলতান

Ⓑ Solve বাংলাদেশের জাতীয় পতাকার বর্তমান ডিজাইনার পটুয়া কামরুল হাসান। ১৭ জানুয়ারি ১৯৭২ জাতীয় পতাকার বর্তমান রূপটি সরকারিভাবে গৃহীত হয়। দেশের প্রথম মানচিত্রখচিত পতাকার ডিজাইনার ছিলেন শিব নারায়ণ দাস।

**06. বাংলাদেশের রণসংগীতের রচয়িতা কে?**

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ জসীম উদ্‌দীন Ⓓ শামসুর রাহমান

Ⓑ Solve বাংলাদেশের রণসংগীতের রচয়িতা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম। এই গানটি 'সন্ধ্যা' কাব্যগ্রন্থ হতে সংকলিত যা 'নতুনের গান' শিরোনামে 'শিখা' পত্রিকায় প্রকাশিত হয়। সাধারণত কোনো অনুষ্ঠানে এর প্রথম ২১ চরণ বাজানো হয়।

**07. বাংলাদেশের জাতীয় সংগীতের ইংরেজি অনুবাদ কে করেন?**

Ⓐ সৈয়দ আলী আহসান Ⓑ কবির চৌধুরী
Ⓒ শামসুর রাহমান Ⓓ সৈয়দ শামসুল হক

Ⓐ Solve বাংলাদেশের জাতীয় সংগীতের রচয়িতা ও সুরকার রবীন্দ্রনাথ ঠাকুর। বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষাপটে ১৯০৫ সালে তিনি এই গানটি রচনা করেন। ১৬ ডিসেম্বর, ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধানে জাতীয় সংগীতের মর্যাদা প্রদান করা হয়।

**08. বাংলা একাডেমির প্রথম সভাপতি কে ছিলেন ?**

Ⓐ মোহাম্মদ শহীদুল্লাহ Ⓑ মাওলানা মোহাম্মদ আকরম খাঁ
Ⓒ মুহাম্মদ কুদরত-ই- খুদা Ⓓ সৈয়দ আলী আহসান

Ⓑ Solve বাংলা একাডেমি প্রতিষ্ঠা হয় ১৯৫৫ সালে। প্রথম সভাপতি মাওলানা মোহাম্মদ আকরম খাঁ। বর্তমান সভাপতি সেলিনা হোসেন। বাংলা একাডেমির মূল ভবনের পূর্ব নাম বর্ধমান হাউজ।

**09. জাতিসংঘের পতাকার রং কী ?**

Ⓐ নীল ও সাদা Ⓑ লাল ও সাদা
Ⓒ সবুজ ও সাদা Ⓓ লাল, নীল ও হলুদ

Ⓐ Solve জাতিসংঘের পতাকায় রয়েছে হালকা নীলের উপর সাদা রঙের জাতিসংঘের প্রতীক। প্রতীকের মাঝখানে রয়েছে পৃথিবীর মানচিত্র ও দুই পাশে দুটি জলপাই গাছের শাখা। জলপাই গাছ শান্তির প্রতীক।



CamScanner

10. বাংলাদেশের সংবিধানের প্রথম সংশোধনী কত সালে হয়?
Ⓐ ১৯৭৪ Ⓑ ১৯৭৩ Ⓒ ১৯৭৫ Ⓓ ১৯৭২

Ⓑ Solve বাংলাদেশের সংবিধানের এখন পর্যন্ত ১৭টি সংশোধনী হয়েছে। ১৯৭৩ সালের প্রথম সংশোধনীর বিষয়বস্তু ছিল যুদ্ধাপরাধীসহ অন্যান্য গণবিরোধীদের বিচার নিশ্চিত করা।

11. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে?
Ⓐ অধ্যাপক আবুল ফজল Ⓑ ড. এ.আর. মল্লিক
Ⓒ ড. আবদুল করিম Ⓓ ড. আবদুল আজিজ খান

Ⓑ Solve চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য ছিলেন ড. এ.আর. মল্লিক এবং বর্তমান উপাচার্য অধ্যাপক ড. শিরীন আখতার।

12. বাংলাদেশের কোথায় কমনওয়েলথ যুদ্ধ সমাধি আছে?
Ⓐ চট্টগ্রাম-কুমিল্লা Ⓑ ঢাকা-সিলেট
Ⓒ খুলনা-বরিশাল Ⓓ রাজশাহী-ময়মনসিংহ

Ⓐ Solve কমনওয়েলথ সমাধিক্ষেত্র মূলত দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত ভারতীয় ও ব্রিটিশ সৈন্যদের কবরস্থান। চট্টগ্রাম ও কুমিল্লায় অবস্থিত কমনওয়েলথ ওয়ার সিমেট্রি দ্বিতীয় বিশ্বযুদ্ধের স্মৃতি বহন করে চলেছে।

13. বাংলাদেশের কোন পণ্ডিত ব্যক্তিকে ভারত সরকার "পদ্মভূষণ" খেতাবে ভূষিত করেছে?
Ⓐ ড. মুহাম্মদ শহীদুল্লাহ Ⓑ অধ্যাপক আবদুর রাজ্জাক
Ⓒ অধ্যাপক আনিসুজ্জামান Ⓓ হাসান আজিজুল হক

Ⓒ Solve ভারতের তৃতীয় বেসামরিক সর্বোচ্চ সম্মাননা পুরস্কার 'পদ্মভূষণ' পেয়েছেন বাংলাদেশের বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক আনিসুজ্জামান।

14. নিম্নলিখিত শিল্পীদের মধ্যে কে ভাস্কর নন?
Ⓐ শ্যামল চৌধুরী Ⓑ লালা রুখ সেলিম
Ⓒ ফরিদা জামান Ⓓ অলক রায়

Ⓒ Solve ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের অধ্যাপক ফরিদা জামান একজন প্রখ্যাত চিত্রশিল্পী। চারুকলায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য বাংলাদেশ সরকার ২০২০ সালে তাকে একুশে পদক প্রদান করে।

15. ২০২৩ সালের ১০ই আগস্ট বাংলাদেশের কোন মহান শিল্পীর জন্মশতবর্ষ?
Ⓐ জয়নুল আবেদিন Ⓑ কামরুল হাসান
Ⓒ সফিউদ্দিন আহমেদ Ⓓ এস. এম. সুলতান

Ⓓ Solve বাংলাদেশের প্রখ্যাত শিল্পী এস. এম. সুলতান ১০ আগস্ট ১৯২৩ সালে নড়াইল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি 'শিশুস্বর্গ' ও 'চারুপীঠ' নামে দুটি চিত্রাঙ্কন প্রতিষ্ঠান গড়ে তোলেন। ১০ অক্টোবর ১৯৯৪ সালে Man of Asia খ্যাত প্রতিভাবান এ শিল্পী মৃত্যুবরণ করেন।

16. 'কান চলচ্চিত্র' উৎসবে বাংলাদেশের কোন ছবিটি পুরস্কৃত হয়?
Ⓐ লালসালু Ⓑ চিত্রা নদীর পারে
Ⓒ পদ্মা নদীর মাঝি Ⓓ মাটির ময়না

Ⓓ Solve কান চলচ্চিত্র উৎসবে পুরস্কারপ্রাপ্ত তারেক মাসুদ পরিচালিত প্রথম বাংলা ছবি 'মাটির ময়না'। 'মুক্তির গান' ও 'আদম সুরত' তার অনন্য সৃষ্টি।

17. বাংলাদেশের প্রথম 'সবাক চলচ্চিত্র' পরিচালকের নাম কী?
Ⓐ জহির রায়হান Ⓑ আব্দুল জব্বার খান
Ⓒ চাষী নজরুল ইসলাম Ⓓ তানভীর মোকাম্মেল

Ⓑ Solve ১৯৫৬ সালে নির্মিত বাংলাদেশের প্রথম সবাক চলচ্চিত্র 'মুখ ও মুখোশ'। সিনেমাটির পরিচালক ছিলেন আবদুল জব্বার খান এবং এর সংগীত পরিচালক ছিলেন সমর দাস।

18. ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত অপরাজেয় বাংলা-র ভাস্কর কে?
Ⓐ সৈয়দ আবদুল্লাহ খালিদ Ⓑ হামিদুর রহমান
Ⓒ নভেরা আহমেদ Ⓓ শামীম সিকদার

Ⓐ Solve অপরাজেয় বাংলা নিয়ে তথ্য :

| অপরাজেয় বাংলা | |
|---|---|
| অবস্থান | ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবন চত্বর |
| স্থপতি | সৈয়দ আবদুল্লাহ খালিদ |
| উদ্বোধন | ১৬ ডিসেম্বর ১৯৭৯ |

19. বাংলাদেশের মুক্তিযুদ্ধের গণহত্যার উপর নির্মিত স্টপ জেনোসাইড প্রামাণ্যচিত্রের পরিচালক কে?
Ⓐ আলমগীর কবির Ⓑ জহির রায়হান
Ⓒ মোরশেদুল ইসলাম Ⓓ চাষী নজরুল ইসলাম

Ⓑ Solve জহির রায়হানের চলচ্চিত্র বিষয়ক তথ্য :

| চলচ্চিত্রের নাম | বিশেষ তথ্য |
|---|---|
| কখনো আসেনি | প্রথম চলচ্চিত্র |
| সঙ্গম | বাংলাদেশের প্রথম রঙিন চলচ্চিত্র |
| জীবন থেকে নেয়া | ভাষা আন্দোলনভিত্তিক ছবি। বাংলাদেশের ইতিহাসে প্রথম 'জাতীয় সংগীত' বাজানো হয় এই চলচ্চিত্রে। |
| Stop Genocide | পাকিস্তানি হানাদার বাহিনীর গণহত্যার প্রামাণ্যচিত্র |
| Let there be Light | প্রথম ইংরেজি চলচ্চিত্র। এটি মুক্তিযুদ্ধভিত্তিক স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র। |

20. হীরার উপাদান কী?
Ⓐ তামা Ⓑ কার্বন
Ⓒ গন্ধক Ⓓ ফসফরাস
Ans Ⓑ

21. রবীন্দ্রনাথের 'কাব্যনাটক' কোনটি?
Ⓐ রাজা ও রাণী Ⓑ ছুটি
Ⓒ বিসর্জন Ⓓ মালিনী
Ans Ⓒ

22. ২০২২ সালে নৃত্যের জন্য একুশে পদক পান কোন নৃত্যশিল্পী?
Ⓐ সামীম আরা নীপা Ⓑ মুনমুন আহমেদ
Ⓒ সোমা মুমতাজ Ⓓ জিনাত বরকতুল্লাহ

Ⓓ Solve ২০২৩ সালে শিল্পকলা বিভাগে প্রাপ্ত একুশে পদক

| | | |
|---|---|---|
| শিল্পকলা | আবৃত্তি | জয়ন্ত চট্টোপাধ্যায় |
| | সংগীত | মনোরঞ্জন ঘোষাল, গাজী আব্দুল হাকিম, ফজল-এ-খোদা |
| | অভিনয় | মাসুদ আলী খান, শিমুল ইউসুফ |
| | চিত্রকলা | কনকচাঁপা চাকমা |
| | শিল্পকলা | নওয়াজীশ আলী খান |

23. 'ওয়ানগালা' কাদের কৃষি সংস্কৃতির উৎসব?
Ⓐ গারো Ⓑ মারমা
Ⓒ রাখাইন Ⓓ চাকমা

Ⓐ Solve বিভিন্ন উপজাতিদের উৎসব

| | |
|---|---|
| গারো | ওয়ানগালা |
| মারমা | সাংগ্রাই |
| চাকমা | বিঝু, ফাল্গুনী পূর্ণিমা |
| রাখাইন | জলকেলি |



CamScanner

24. ২০২৩ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর সাহিত্যকর্মের জন্য বিশেষ সাহিত্য পুরস্কার প্রদান করে কোন সংস্থা?
Ⓐ Southern writers Conference
Ⓑ Biographers International Organization
Ⓒ Foundation of SAARC writers and Literature
Ⓓ Association of Literary Scholars, Critics, and Writers

Ⓒ Solve ২৬ মার্চ ২০২৩ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তাঁর ট্রিলজি- অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা ও আমার দেখা নয়াচীন রচনার স্বীকৃতি হিসেবে 'বিশেষ সাহিত্য পুরস্কার' প্রদান করে ফাউন্ডেশন অব সার্ক রাইটার্স অ্যান্ড লিটারেচার (ফসওয়াল)।

25. সফোক্লিসের নাটক নয় কোনটি?
Ⓐ আগামেমনন Ⓑ রাজা ঈদিপাস
Ⓒ ইলেকট্রা Ⓓ অ্যান্টিগোনি
Ans Ⓐ

26. 'চটকা' কোন অঞ্চলের গান
Ⓐ রাজশাহী অঞ্চলের Ⓑ রংপুর অঞ্চলের
Ⓒ খুলনা অঞ্চলের Ⓓ চট্টগ্রাম

Ⓑ Solve 'চটকা' ও 'ভাওয়াইয়া' রংপুর অঞ্চলের গান। 'গম্ভীরা' বৃহত্তর রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ অঞ্চলের লোকসংগীত। আর 'ভাটিয়ালি' সিলেট ও ময়মনসিংহ অঞ্চলের গান।

27. সেন্টমার্টিন দ্বীপে কোন ধরনের খনিজ সম্পদ পাওয়া গেছে?
Ⓐ সিলিকা বালু Ⓑ চীনা মাটি
Ⓒ চুনা পাথর Ⓓ খনিজ বালি

Ⓒ Solve বাংলাদেশের খনিজ সম্পদ:

| | |
|---|---|
| চুনাপাথর | টাকেরহাট, লালঘাট, জাফলং, ভাঙারহাট, জকিগঞ্জ, জয়পুরহাট, জামালগঞ্জ, সেন্টমার্টিন দ্বীপ ও সীতাকুণ্ডে চুনাপাথর পাওয়া যায়। |
| সিলিকা বালি | হবিগঞ্জের নয়াপাড়া, ছাতিয়ান, সুনামগঞ্জের টাকেরহাট, চট্টগ্রামের দোহাজারী, মৌলভীবাজারের কুলাউড়া, শেরপুরের বালিঝুড়ি ও গারো পাহাড়ে, কুমিল্লার চৌদ্দগ্রামে এবং দিনাজপুরের পার্বতীপুরে সিলিকা বালি পাওয়া যায়। |
| চীনামাটি | নেত্রকোণার বিজয়পুরে, নওগাঁর পত্নীতলা এবং দিনাজপুরের পার্বতীপুরে চীনামাটি পাওয়া যায়। |

28. অজন্তায় প্রাপ্ত ভাস্কর্যগুলো কোন সময়ের নিদর্শন?
Ⓐ মৌর্য Ⓑ গুপ্ত
Ⓒ পাল Ⓓ সেন
Ans Ⓑ

29. তেভাগা আন্দোলনের নেত্রী ...
Ⓐ সুমিত্রা দেবী Ⓑ তারামন বিবি
Ⓒ ইলা মিত্র Ⓓ মহাশ্বেতা দেবী

Ⓒ Solve তেভাগা আন্দোলনের নেতৃত্ব দেন ইলা মিত্র ও হাজী মুহম্মদ দানেশ। আন্দোলনের মূল বিষয়বস্তু মোট উৎপন্ন ফসলের তিনভাগের দুইভাগ পাবে চাষি একভাগ পাবে জমির মালিক। ১৯৪৬ সালের ডিসেম্বর মাস হতে ১৯৪৭ সাল পর্যন্ত ১৯ জেলায় এই আন্দোলন পরিচালিত হয়।

30. রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম কী?
Ⓐ গৌড়ীয় ব্যাকরণ Ⓑ ভাষা ও ব্যাকরণ
Ⓒ বর্ণ পরিচয় Ⓓ সরল বাংলা ব্যাকরণ
Ans Ⓐ

31. বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটারলু' কোথায় অবস্থিত?
Ⓐ সুইডেন Ⓑ বেলজিয়াম
Ⓒ ইংল্যান্ড Ⓓ ইটালি

Ⓑ Solve ওয়াটারলু যুদ্ধ বিষয়ক তথ্য:

| নেপোলিয়ন | |
|---|---|
| নেপোলিয়ন পরাজিত হন | ওয়াটার লু যুদ্ধে (১৮১৫)। |
| তাকে পরাজিত করেন | সেনাপতি লর্ড ডিউক ওয়েলিংটন। |
| নির্বাসন দেওয়া হয় | সেন্ট হেলেনা দ্বীপে। |
| মারা যান | ১৮২১ সালে। |

32. ইউরোপের 'লৌহ মানবী' নামে কে পরিচিত?
Ⓐ রাণী এলিজাবেথ Ⓑ প্রিন্সেস ডায়ানা
Ⓒ পিন্সেস অ্যান Ⓓ মার্গারেট থ্যাচার

Ⓓ Solve

| মার্গারেট থ্যাচার | |
|---|---|
| মার্গারেট থ্যাচার | ব্রিটেনের সবচেয়ে দীর্ঘমেয়াদি প্রধানমন্ত্রী। |
| দল | কনজারভেটিভ পার্টি। |
| ক্ষমতায় ছিলেন | ১৯৭৯ সাল থেকে ১৯৯০ সাল পর্যন্ত। |
| মারা যান | ৮ এপ্রিল ২০১৩। |

33. মাইন ক্যাফ আত্মজীবনী গ্রন্থটি কোন রাজনৈতিক ব্যক্তিত্বের রচনা?
Ⓐ এডলফ হিটলার Ⓑ জোসেফ স্ট্যালিন
Ⓒ ফ্রাঙ্কলিন ডি.রুজভেল্ট Ⓓ উইনস্টন চার্চিল

Ⓐ Solve মাইন ক্যাম্প (Mein Kampf) অ্যাডলফ হিটলারের আত্মজীবনীমূলক গ্রন্থ। বইটির দুইটি খণ্ড ১৯২৫ ও ১৯২৬ সালে প্রকাশিত হয়। তিনি ১৯৩৩-১৯৪৫ সাল পর্যন্ত জার্মানির চ্যান্সেলর ছিলেন। তার দলের নাম ছিল নাৎসি পার্টি।

34. ফোর্ট উইলিয়াম কলেজে শিক্ষকতা করেননি কে?
Ⓐ উইলিয়াম কেরি Ⓑ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
Ⓒ রামমোহন রায় Ⓓ রামরাম বসু

Ⓒ Solve ফোর্ট উইলিয়াম কলেজে শিক্ষকতা করেছেন উইলিয়াম কেরি, মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার, রামরাম বসু, গোলকনাথ শর্মা, তারিণীচরণ মিত্র, রাজীবলোচন মুখোপাধ্যায়, চণ্ডীচরণ মুনসি ও হরপ্রসাদ রায়।

35. বাংলাদেশের প্রাচীনতম শহর কোনটি?
Ⓐ সোনারগাঁও Ⓑ রামপাল
Ⓒ বিক্রমপুর Ⓓ পুণ্ড্র

Ⓓ Solve বাংলার সর্বপ্রাচীন জনপদ 'পুণ্ড্র'। এ জনপদের রাজধানী ছিল পুণ্ড্রনগর বা পুণ্ড্রবর্ধন। পুণ্ড্র নগরের বর্তমান নাম মহাস্থানগড়। ১৮৭৯ সালে প্রত্নতত্ত্ববিদ স্যার আলেকজান্ডার কানিংহাম এই নগর সভ্যতার ধ্বংসাবশেষ আবিষ্কার করেন। বর্তমানে বগুড়া শহর থেকে ১০ কি.মি. উত্তরে করতোয়া নদীর তীরে এর অবস্থান।

36. কোন চলচ্চিত্রে কাজী নজরুল ইসলাম অভিনয় করেন?
Ⓐ আলালের ঘরের দুলাল Ⓑ নীল পদ্ম
Ⓒ ধ্রুব Ⓓ দেবদাস

Ⓒ Solve ১৯৩৩ সালে পায়োনিয়ার ফিল্মস কোম্পানি থেকে 'ধ্রুব নামে চলচ্চিত্র নির্মাণ করা হয়। পুরাণের কাহিনি নিয়ে গিরিশচন্দ্র ঘোষের লেখা 'ধ্রুব চরিত' অবলম্বনে চলচ্চিত্রটি নির্মিত হয়। কাজী নজরুল ইসলাম দেবর্ষি নারদের চরিত্রে অভিনয় করেন এবং একটি গানে কণ্ঠ দেন।


CamScanner

37. ২০২৩ সালে সংগীতে একুশে পদক পেয়েছেন

Ⓐ মাসুদ আলী খান Ⓑ মনোরঞ্জন ঘোষাল
Ⓒ মো.আবদুল মজিদ Ⓓ কনকচাঁপা চাকমা

Ⓑ Solve ২০২৩ সালে সংগীতে একুশে পদক পেয়েছেন তিনজন গুণী শিল্পী- মনোরঞ্জন ঘোষাল, গাজী আব্দুল হাকিম ও ফজল-এ-খোদা।

38. মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে?

Ⓐ কামরুল হাসান Ⓑ তানবীর কবির
Ⓒ শামীম শিকদার Ⓓ নিতুন কুণ্ডু

Ⓑ Solve ১৭ এপ্রিল ১৯৭১ প্রবাসী সরকারের শপথগ্রহণের স্মৃতি রক্ষার্থে মুজিবনগরে (মেহেরপুর) নির্মিত হয়েছে মুজিবনগর স্মৃতিসৌধ। এর স্থপতি তানভীর কবির।

39. লিওনার্দো দা ভিঞ্চির আঁকা চিত্রকর্ম নয় কোনটি?

Ⓐ মোনালিসা Ⓑ দ্যা লাস্ট সাপার
**B Explanation** Neither, so, nor প্রভৃতি কোনো clause এর শুরুতে বসলে এর পর প্রথমে verb হয় এবং verb এর পর subject বসে। উল্লেখ্য, প্রথম clsuseটি যে tense এ থাকে neither যুক্ত clause টি ও একই tense এ হবে।

**05. Eight people were in the book shop. Four were buying magazines and journals. —- was at the coffee corner. And —— were walking around looking for new arrivals.**

Ⓐ another, other Ⓑ other, another
Ⓒ another, another Ⓓ another, the others

**D Explanation** কয়েকজন লোককে আলাদা করে বোঝানোর জন্য one + another + the other- এই structure টি ব্যবহৃত হয়। one এর স্থলে যেকোনো সংখ্যা বসতে পারে। বাক্যে, যেমন four বসেছে। আবার, শেষ clause এ verb plural (were) থাকায় শূন্যস্থানে the others হবে।

**06. Manufacturers often sacrifice quality ——.**

Ⓐ and instead earn a bigger amounts of profit
Ⓑ in place to earn more money
Ⓒ because of profit make
Ⓓ for a large profit margin

**D Explanation** For a large profit margin- বৃহৎ লাভের জন্য। Profit margin বা লাভের সূচক হলো ব্যবসায়িক কার্যক্রমের লাভের পরিমাপক। অর্থাৎ, ব্যবসায়ীরা মাঝে মাঝে পণ্যের গুনগত মান কমিয়ে ব্যবসায় অনেক লাভ করতে চায়।

**07. If you happen to greet your friend at 11 pm, you should say—.**

Ⓐ Good night! Ⓑ Good evening!
Ⓒ Good late evening! Ⓓ A good late evening!

**B Explanation** Greeting time and what to say : ভোর 5 টা থেকে 11 : 59 টা পর্যন্ত : Good morning; দুপুর 12 টা থেকে 4 : 59 টা পর্যন্ত : Good afternoon;বিকাল 5 টা থেকে ভোর 4 : 59 টা পর্যন্ত: Good evening.



CamScanner

**08. The facilities of the older school**
Ⓐ is as good or better than the new school
Ⓑ are as good or better than the new school
Ⓒ are as good as or better than those of the new school
Ⓓ are as good as or better than the new school
Ⓒ Explanation পুরাতন স্কুলের সুযোগ-সুবিধা সাথে নতুন স্কুলের সুযোগ-সুবিধার সাথে তুলনা করা হয়েছে। সুতরাং logical comparison অনুযায়ী those of হবে।

**09. Which of the follwing is correctly spelled?**
Ⓐ Parlament Ⓑ Parlamant
Ⓒ Parliament Ⓓ Parliamant
Ⓒ Explanation সঠিক বানান parliament যার অর্থ সংসদ।

**10. Numbing terror filled their brains as they witnessed the explosions. Here the underlined word is closest in meaning to —.**
Ⓐ torpid Ⓑ tantalizing Ⓒ sentient Ⓓ paralyzing
Ⓓ Explanation Numbing অর্থ হচ্ছে অনুভূতিশূন্যতা, অসাড়তা। Paralyzing শব্দের সাথে numbing শব্দের অর্থের মিল আছে।

**11. The antonym of 'Ruthless' is —.**
Ⓐ merciful Ⓑ loyal
Ⓒ alluring Ⓓ meek
Ⓐ Explanation Ruthless অর্থ নির্দয়, নিষ্ঠুর। এর বিপরীত শব্দ merciful (দয়ালু)। Loyal- বাধ্যগত; alluring- লোভনীয়; meek- নম্র।

**12. One who loves and serves mankind is called —.**
Ⓐ an optimist Ⓑ a misanthropist
Ⓒ a pantheist Ⓓ a philanthropist
Ⓓ Explanation Philanthropist- যিনি মানুষকে ভালোবাসেন এবং মানুষের উপকারে নিজেকে উৎসর্গ করে দেন। Optimist- আশাবাদী ব্যক্তি; Misanthropist- মানববিদ্বেষী; Pantheist- সর্বেশ্বরবাদ বিশ্বাসী ব্যক্তি।

**13. The word 'Altruistic' is closest in meaning to —.**
Ⓐ Benevolent Ⓑ Selfish
Ⓒ Mirage Ⓓ Austere
Ⓐ Explanation Altruistic- শব্দের অর্থ পরোপকারী। এর সমার্থক শব্দ benevolent। Selfish- স্বার্থপর; Mirage- মরীচিকা; Austere- কঠোর।

**14. Something that becomes outdated is—**
Ⓐ old Ⓑ ancient
Ⓒ obsolete Ⓓ useless
Ⓒ Explanation Outdated অর্থ সেকেলে, পুরাতন। Obsolete- সেকেলে; ancient- প্রাচীন; old- প্রবীণ; useless- অকেজো।

**15. Neera — in Chittagong for twelve years before she — to Dhaka.**
Ⓐ has lived, move Ⓑ had been living, moved
Ⓒ had live, moved Ⓓ had lived, moves
Ⓑ Explanation Before এর পূর্বে past perfect বা past perfect continuous হয় এবং এর পরে past indefinite হয়।

**16. While Rehana — on vacation, she — her friend everyday.**
Ⓐ is, visited Ⓑ was, visits
Ⓒ was, visit Ⓓ was, visited
Ⓓ Explanation রেহানা যখন অবকাশে যেত, সে প্রতিদিনই তার বন্ধুর সাথে দেখা করত। দুটি clause এ অতীতের ঘটনার কথা বলা হয়েছে।

**17. Last year, Iqbal earned — his brother who has a better position.**
Ⓐ twice as much as Ⓑ twice more than
Ⓒ twice as many as Ⓓ twice as more as
Ⓐ Explanation টাকা হলো uncountable noun তাই as much as হবে। অর্থাৎ, গতবছর ইকবাল তার ভাইয়ের চেয়ে দ্বিগুণ টাকা উপার্জন করেছে। দ্বিগুণ টাকা উপার্জন করা বোঝাতে twice as much as হবে।

**18. Mary won't be going to the conference, and —.**
Ⓐ neither will her colleagues Ⓑ will neither her colleagues
Ⓒ would her colleagues either Ⓓ won't her colleagues either
Ⓐ Explanation Neither, so, never etc দিয়ে বাক্য শুরু হলে inversion of adverb অনুযায়ী auxiliary verb + subject + main verb + বাকি অংশ বসে।

**19. The inhabitants of Dhaka are called —.**
Ⓐ Dhakenes Ⓑ Dhakaiyans Ⓒ Dhakaites Ⓓ None
Ⓒ Explanation ঢাকার অধিবাসীদের Dhakaites বা Dhakaiyas বলে।

**20. You had better — the work today.**
Ⓐ finish Ⓑ finished Ⓒ to finish Ⓓ finishing
Ⓐ Explanation Had better, would rather এর পর verb এর base form বসে।

**21. Can you tell me how far — from the library? I have no idea how long — take to get there on foot.**
Ⓐ the museum is, it will Ⓑ is the museum, will it
Ⓒ is the museum, it will Ⓓ the museum is, will it.
Ⓐ Explanation Embedded question অনুযায়ী, subject + verb হবে।

**22. Nasima hasn't begun working on her PhD — working on her master's.**
Ⓐ still because she is yet Ⓑ yet because she is still
Ⓒ still while she is already Ⓓ yet as a result she is still
Ⓑ Explanation সে তার PhD এখনও শুরু করেনি কারণ এখন পর্যন্ত সে তার মাস্টার্স করছে। এখন পর্যন্ত- still, এখনও শুরু করেনি- hasn't begun yet।

**23. The teacher suggested that her student — experience with ESP.**
Ⓐ write a composition on his
Ⓑ to write composition about the
Ⓒ wrote some compositions of his
Ⓓ had written any composition for his
Ⓐ Explanation Suggested, demand, insist প্রভৃতি verb এর পর that থাকলে এর পর subject + base verb হয়।

**24. How many eggs have your hen — this month?**
Ⓐ lain Ⓑ laid Ⓒ lay Ⓓ lied
Ⓑ Explanation Lay- ডিম পাড়া। এর past এবং past participle form হবে laid। Lie- শয়ন করা। এর past form lay এবং past participle হলো lain। আবার lie অর্থ মিথ্যা বলা। এর past এবং past participle form হলো- lied।

**25. The silent letter in the word 'Romantically' is —.**
Ⓐ r Ⓑ m Ⓒ a Ⓓ n
Ⓒ Explanation Silent letters হলো এমন কিছু letter যেগুলো কোনো শব্দে উচ্চারণের সময় সেই letter টিকে শোনা যায় না, কিন্তু লেখার সময় সেটা লিখতে হয়। Romantically শব্দে silent letter হলো a।



CamScanner

**Read the following passage and choose the alternative (A, B, C or D) to answer the questions (26-30):**

One of the seven wonders of the ancient world, the Great Pyramid of Giza was a monument of wisdom and prophecy built as a tomb for Pharaoh Cheops in 2720 B.C. Despite its antiquity, certain aspects of its construction make it one of the truly great wonders of the world. The thirteen-acre structure near the Nile River is a solid mass of stone blocks covered with limestone. Inside are a number of hidden passageways and the burial chamber for the pharaoh. It is the largest single structure in the world. The four sides of the pyramid are aligned almost exactly on true north, south, east, and west - an incredible engineering feat. The ancient Egyptians were sun worshipers and great astronomers, so computations for the Great Pyramid were based on astronomical observations. Explorations and detailed examinations of the base of the structure reveal many intersecting lines. Further scientific study indicates that these represent a type of timeline of events - past, present, and future. Many of the events have been interpreted and found to coincide with known facts of the past. Others are prophesied for future generations and are currently under investigation. Many believe that pyramids have supernatural powers, and this one is no exception. Some researchers even associate it with extraterrestrial beings of the ancient past. Was this superstructure made by ordinary beings, or one built by a race far superior to any known today?

**26. What was the most probable reason for providing so many hidden passages?**

Ⓐ To allow the weight of the pyramid to settle evenly
Ⓑ To permit the high priests to pray at night
Ⓒ To enable the pharaoh's family to bring food for his journey to the afterlife
Ⓓ To keep grave robbers from finding the tomb and the treasure buried with the pharaoh

**Ⓓ Explanation** পিরামিডের ভিতরে অনেকগুলো hidden passageway রাখা হয় ডাকাতদের কবল থেকে পিরামিডে ফারাও এর সাথে রাখা সম্পদ রক্ষা করার জন্য। গোপন passageways এর কারণে দস্যুরা এগুলো খুঁজে পায় না।

**27. What do the intersecting lines in the base symbolize?**

Ⓐ Architects' plans for the hidden passages
Ⓑ Pathways of the great solar bodies
Ⓒ Astrological computations
Ⓓ Dates of important events taking place throughout time

**Ⓓ Explanation** Intersecting line গুলোতে ঐতিহাসিক বিভিন্ন ঘটনার বর্ণনা থাকে। দিন, তারিখও উল্লেখ থাকে।

**28. What has research of the base revealed?**

Ⓐ There are cracks in the foundation.
Ⓑ Tomb robbers have stolen the pharaoh's body.
Ⓒ The lines represent important events.
Ⓓ A superior race of people built it.

**Ⓒ Explanation** পিরামিডের base নিয়ে গবেষণা করার পর যে তথ্য প্রকাশ পেয়েছে তা হলো যেখানে কিছু গুরুত্বপূর্ণ ঘটনাবহনকারী লাইন পাওয়া গেছে।

**29. What is the best title of the passage?**

Ⓐ Symbolism of the Great Pyramid
Ⓑ Problems with the Construction of the Great ramid
Ⓒ Wonders of the Great Pyramid of Giza
Ⓓ Exploration of the Burial Chamber of Cheops

**Ⓒ Explanation** সমগ্র passage পড়ার পর বলা যায় যে প্রচ্ছদটির সবখানেই Pyramid of Giza এর বর্ণনা দেয়া হয়েছে, তাই title এটাই হওয়া যুক্তিযুক্ত।

**30. Extraterrestrial beings are —**

Ⓐ very strong workers
Ⓒ researchers in Egyptology
Ⓑ astronomers in the ancient times
Ⓓ living beings from other planets

**Ⓓ Explanation** Extraterrestrial- পৃথিবীবহির্ভূত; পৃথিবী ও এর বায়ুমণ্ডলের বাইরের জীবন সম্পর্কিত।

## সাধারণ জ্ঞান

**01. ইউজিসির বর্তমান চেয়ারম্যান কে?**

Ⓐ অধ্যাপক কাজী শহীদুল্লাহ
Ⓑ অধ্যাপক নজরুল ইসলাম
Ⓒ অধ্যাপক আবদুল মান্নান
Ⓓ অধ্যাপক এ কে আজাদ চৌধুরী

**Ⓐ Solve** বাংলাদেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নিয়ন্ত্রণ সংস্থা বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ১৬ ডিসেম্বর ১৯৭২ প্রতিষ্ঠিত হয়। UGC ১ জন চেয়ারম্যান, ৫ জন পূর্ণকালীন সদস্য ও ৯ জন খণ্ডকালীন সদস্য নিয়ে গঠিত হয়। UGC এর প্রথম চেয়ারম্যান ড. মুজাফ্ফর আহমদ চৌধুরী এবং বর্তমান চেয়ারম্যান অধ্যাপক কাজী শহীদুল্লাহ।

**02. ক্রম অনুসারে ৩, ৪, ৭, ১১, ১৮-এর পরবর্তী সংখ্যা কোনটি?**

Ⓐ ২৫ Ⓑ ২৭
Ⓒ ২৯ Ⓓ ৩২

**Ans Ⓒ**

**03. Bluetooth কোন প্রযুক্তি ব্যবহার করে?**

Ⓐ ম্যাগনেটিক Ⓑ রেডিও তরঙ্গ
Ⓒ অপটিক্যাল Ⓓ লেজার

**Ⓑ Solve** Bluetooth হলো তার বিহীন পার্সোনাল এরিয়া নেটওয়ার্ক প্রটোকল যা রেডিও ওয়েভ ব্যবহার করে কম দূরত্বে ডেটা আদান প্রদান করে। সাধারণত এর দূরত্ব ১-১০ মিটার হয়ে থাকে। ১৯৮৫ সালে এরিকসন এই প্রযুক্তি আবিষ্কার করেন। এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802.15.

**04. সাপ্তাহিক জয়বাংলা পত্রিকা কে সম্পাদনা করেছিলেন?**

Ⓐ প্রমথ চৌধুরী Ⓑ সিকান্দার আবু জাফর
Ⓒ মতিন আহমেদ চৌধুরী Ⓓ তফাজ্জল হোসেন মানিক মিয়া

**Ⓒ Solve** সাপ্তাহিক জয়বাংলা ছিল বাংলাদেশ আওয়ামীলীগের মুখপত্র। এটি মুজিব নগর সরকারের মুখপত্র হিসাবে আত্মপ্রকাশ করে ১৯৭১ সালের ১১ মে। আহমেদ রফিক ছদ্মনামে আবদুল মান্নান এবং মতিন আহমেদ চৌধুরী ছদ্মনামে মাহবুব উল্লাহ চৌধুরী এর সম্পাদনা করতেন। ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর এর শিরোনাম ছিল 'ভেঙেছে দুয়ার এসেছে জ্যোতির্ময়'। উল্লেখ্য, দৈনিক জয়বাংলার সম্পাদক ছিলেন রহমত উল্লাহ।



CamScanner

**29. নিচের কোন বিষয়গুলোতে নোবেল পুরস্কার দেয়া হয়?**

Ⓐ পদার্থ বিদ্যা ও রসায়ন Ⓑ চিকিৎসা শাস্ত্র ও অর্থনীতি
Ⓒ সাহিত্য ও শান্তি Ⓓ সবগুলোতে

**Ⓓ Solve** ১৯০১ সাল থেকে নোবেল পুরস্কার ৫টি বিষয়ে দেয়া হত। ১৯৬৯ সালে সর্বশেষ অর্থনীতিতে নোবেল চালু হয়। বর্তমানে পদার্থ, রসায়ন, অর্থনীতি, চিকিৎসা, সাহিত্য এবং শান্তিতে নোবেল পুরস্কার প্রদান করা হয়। উল্লেখ্য, নোবেল পুরস্কার প্রদানকারী সংস্থা ৪টি।

**30. The spirit of Islam বইটির লেখক কে?**

Ⓐ সৈয়দ আমীর আলী
Ⓑ সৈয়দ নিসার আলী
Ⓒ নবাব আবদুল লতিফ
Ⓓ মওলানা আবুল কালাম আজাদ

**Ⓐ Solve** উনিশ শতকের শেষার্ধে মুসলিম নবজাগরনের জন্য অবদান রেখেছিলেন সৈয়দ আমির আলি। তিনি কলকাতা হাইকোর্টের প্রথম মুসলিম বিচারপতি এবং ভারতের প্রথম ব্যক্তি হিসাবে প্রিভি কাউন্সিলের সদস্য হন। তার বিখ্যাত ২টি গ্রন্থ 'The Sprit of Islam এবং A Short History of the Saracens' এ ইসলাম ধর্মের বিজ্ঞানসম্মত ব্যাখা তুলে ধরেছেন।

**31. ১৫-২১ জুন ২০২২ কততম জনশুমারি ও গৃহগণনা অনুষ্ঠিত হয়েছে?**

Ⓐ ৪থ Ⓑ ৫ম
Ⓒ ৬ষ্ঠ Ⓓ ৭ম

**Ⓒ Solve** ১৫-২১ জুন ২০২২ অনুষ্ঠিত ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা হচ্ছে বাংলাদেশের প্রথম ডিজিটাল আদমশুমারি। এ আদমশুমারি অনুসারে বাংলাদেশে বর্তমান জনসংখ্যা ১৬ কোটি ৫১ লাখ ৫৮ হাজার ৬১৬ জন এবং জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটার ১১১৯ জন । এই আদমশুমারি অনুযায়ী বাংলাদেশে সাক্ষরতার হার ৭৪.৬৫%। উল্লেখ্য, আদমশুমারি প্রতি ১০ বছর পর পর হয় এবং প্রথম আদমশুমারি হয় ১৯৭৪ সালে।

**32. বাংলাদেশের সংবিধানের রক্ষক কে?**

Ⓐ সংসদ Ⓑ মন্ত্রীসভা
Ⓒ হাইকোর্ট Ⓓ সুপ্রিম কোর্ট

**Ⓓ Solve** সংবিধানের অনুচ্ছেদ ৭ অনুসারে সংবিধান রাষ্ট্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন এর সাথে অসমঞ্জস্য হলে বাতিল হবে। মৌলিক অধিকারের সাথে সাংঘর্ষিক হলে যেকোন আইন বা কার্যক্রম বাতিল হবে। সুপ্রিম কোর্টকে বিচারকি পর্যালোচনার ক্ষমতা দেওয়া হয়েছে। সেই দিক থেকে সংবিধানের রক্ষক বা ব্যাখাকারক হলো সুপ্রিমকোর্ট।

**33. বাংলদেশের মুক্তিযুদ্ধে কোন জেলা প্রথম পাকিস্তানি শত্রু মুক্ত হয়?**

Ⓐ যশোর Ⓑ টাঙ্গাইল
Ⓒ গোপালগঞ্জ Ⓓ হবিগঞ্জ

**Ⓐ Solve** স্বাধীনতাকালীন সময়ে বাংলাদেশের ১৯টি জেলা ছিল। ৬ ডিসেম্বর ১৯৭১ প্রথম শত্রুমুক্ত হয় যশোর। বাংলাদেশ ১৬ ডিসেম্বর ১৯৭১ পাক হানাদার মুক্ত হয়।

**34. কোন দেশ বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে?**

Ⓐ ঘানা Ⓑ নাইজেরিয়া
Ⓒ সুদান Ⓓ সিয়েরা লিওন

**Ⓓ Solve** ২০০২ সালে পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরা লিওন অফিসিয়াল ভাষা হিসাবে বাংলাকে স্বীকৃতি প্রদান করে। উল্লেখ্য, ১৯৯৯ সালে ইউনেস্কো ২১ শে ফেব্রুয়ারীকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসাবে স্বীকৃতি দেয়।

**35. 'সতীদাহ প্রথা' রহিত হয় কোন সালে?**

Ⓐ ১৮২০ Ⓑ ১৮২১
Ⓒ ১৮২৯ Ⓓ ১৮৩০

**Ⓒ Solve** ভারতের তৎকালীন গভর্নর জেনারেল লর্ড বেন্টিঙ্ক ১৮২৯ সালের ৪ ডিসেম্বর আইন করে সতীদাহ প্রথা রহিত করেন। এই ব্যাপারে বেন্টিঙ্ক রাজা রামমোহন রায়ের সক্রিয় সহযোগিতা লাভ করেন। উল্লেখ্য, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের সহযোগিতায় ১৮৫৬ সালে হিন্দু বিধবা আইন পাস হয়।

**36. বাংলার প্রথম গভর্নর-জেনারেল কে ছিলেন?**

Ⓐ ওয়ারেন হেস্টিং Ⓑ লর্ড কর্নওয়ালিস
Ⓒ ক্যাম্পেন লুইন Ⓓ রবার্ট ক্লাইভ

**Ⓐ Solve** বাংলার প্রথম গভর্নর লর্ড ক্লাইভ। বাংলার শেষ গভর্নর এবং প্রথম গভর্নর জেনারেল লর্ড ওয়ারেন হেস্টিং। ব্রিটিশ ভারতের শেষ গভর্নর জেনারেল এবং প্রথম ভাইসরয় লর্ড ক্যানিং। উল্লেখ্য, ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় লর্ড মাইন্ট ব্যাটেন।

**37. বাংলাদেশের দীর্ঘতম নদী কোনটি?**

Ⓐ পদ্মা Ⓑ মেঘনা
Ⓒ যমুনা Ⓓ শীতলক্ষ্যা

**Ⓑ Solve** আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণ লুসাই পাহাড় থেকে উৎপত্তি হওয়া মেঘনা বাংলাদেশের দীর্ঘতম, বৃহত্তম, প্রশস্তম এবং গভীরতম নদী। উল্লেখ্য, বাংলাদেশের সবচেয়ে খরস্রোতা নদী কর্ণফুলী।

**38. সুয়েজ খাল কোন দুটি সাগরকে যুক্ত করেছে?**

Ⓐ ভূমধ্যসাগর ও আরব সাগর
Ⓑ ভূমধ্যসাগর ও লোহিত সাগর
Ⓒ লোহিত সাগর ও আরব সাগর
Ⓓ পারস্য সাগর ও ওমান সাগর

**Ⓑ Solve** সুয়েজ খাল মিশরের সিনাই উপদ্বীপের পশ্চিমে অবস্থিত একটি কৃত্রিম সামুদ্রিক খাল। এটি ভূমধ্যসাগরকে লোহিত সাগরের সাথে যুক্ত করেছে। ১৮৫৯ খ্রিস্টাব্দে খনন কাজ শুরু হয় এবং ১৮৬৯ সালে সমাপ্ত হয়। সুয়েজ খালকে 'Highway of India' বলা হয়। ফরাসি কূটনীতিকে ফার্দিনান্দ দে লেসেপ্স ছিলেন এই খাল খননের উদ্যোক্তা।

**39. কোন দেশ আমেরিকাকে 'স্ট্যাচু অব লিবার্টি' উপহার দিয়েছিল?**

Ⓐ কানাডা Ⓑ ফ্রান্স
Ⓒ ব্রাজিল Ⓓ ইংল্যান্ড

**Ⓑ Solve** স্ট্যাচু অব লিবার্টি নিউইয়র্কে অবস্থিত। স্বাধীনতার ১০০ বছর পূর্তি উপলক্ষ্যে ফ্রান্স ১৮৮৫ সালে মার্কিন যুক্তরাষ্ট্রকে উপহার দেয়। স্থাপত্যটির স্থপতি ফ্রেডেরিক অগাস্ট বার্থোল্ডি এবং উচ্চতা ৩০৫ ফুট।

**40. নোবেল পুরস্কার চালু হয় কত সালে?**

Ⓐ ১৯০১ Ⓑ ১৯০২
Ⓒ ১৯০৩ Ⓓ ১৯০৪

**Ⓐ Solve** নোবেল পুরস্কার প্রবর্তক আলফ্রেড নোবেল, যিনি ডিনামাইট আবিষ্কার করেন। ১৯০১ সালে থেকে নোবেল পুরস্কার ৫টি বিষয়ের উপর দেওয়া হত। ১৯৬৯ সাল থেকে অর্থনীতিতে নোবেল দেওয়া শুরু হয়। বর্তমানে মোট ৬ টি বিষয়ে নোবেল পুরস্কার প্রদান করা হয়।



CamScanner

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**কলা ও মানববিদ্যা অনুষদ (চারুকলা, নাট্যকলা ও সংগীত)**
**ভর্তি পরীক্ষা : ২০২১-২২; ইউনিট-B1; সেট-২ (ময়না)**

## বাংলা

**01. Eye witness- এর বাংলা পরিভাষা-**

Ⓐ চক্ষুদর্শী Ⓑ চোখের ভাষা
Ⓒ প্রত্যক্ষদর্শী Ⓓ চক্ষুসাক্ষী

Ⓒ Solve গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Deputation | প্রেষণ | Fiction | কথাসাহিত্য |
| Notification | প্রজ্ঞাপন | Registration | নিবন্ধন |

**02. 'দাঁড়াও, বৃষ্টি শেষ হতে না হতেই আমি চলে আসছি' বাক্যটি কোন কালের উদাহরণ?**

Ⓐ ভবিষ্যৎ Ⓑ বর্তমান
Ⓒ নিত্যবৃত্ত অতীত Ⓓ ঘটমান বর্তমান

Ⓓ Solve যে কাজ শেষ হয়নি, এখনও চলছে, সে কাজ বোঝাবার জন্য ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন : চিন্তা করো না, কালই আসছি। দাঁড়াও, আসছি ইত্যাদি।

**03. 'প্রচুর'-এর বিশেষ্য রূপ-**

Ⓐ প্রচুর্য Ⓑ প্রাচুর্য
Ⓒ প্রাচুর্যতা Ⓓ প্রাচুর্য্যতা

Ⓑ Solve পদ পরিবর্তন :

| বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ | বিশেষ্য | বিশেষণ |
|---|---|---|---|---|---|
| অর্থ | আর্থিক | আকাশ | আকাশি | অঙ্গ | আঙ্গিক |
| অগ্নি | আগ্নেয় | আনন্দ | আনন্দিত | বিষাদ | বিষণ্ন |
| উপকার | উপকৃত | ইচ্ছা | ঐচ্ছিক | ভয় | ভীত |

**04. 'আমি বাংলাদেশের নাগরিক', এই বাক্যের জটিল রূপ-**

Ⓐ আমার জন্মভূমির নাম বাংলাদেশ
Ⓑ আমি যে দেশের নাগরিক তার নাম বাংলাদেশ
Ⓒ আমি একটি দেশের নাগরিক এবং তার নাম বাংলাদেশ
Ⓓ কোনোটিই শুদ্ধ নয়

Ⓑ Solve পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বাক্য বা জটিল বাক্য যদি কোনো অব্যয় পদ যোগে সংযুক্ত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করে তবে তাকে যৌগিক বাক্য বলে। যেমন : তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি।

**05. 'রেইনকোট' গল্পের অধিকাংশে ঘটনা কার জবানিতে ব্যক্ত?**

Ⓐ নুরুল হুদার Ⓑ মিন্টুর
Ⓒ ইসহাকের Ⓓ ডক্টর আফাজ আহমেদের

Ⓐ Solve আখতারুজ্জামান ইলিয়াসের 'রেইনকোট' গল্পটি প্রকাশিত হয় ১৯৯৫ সালে। পরে এটি লেখকের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়। মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। গল্পের অন্যতম প্রধান চরিত্র নুরুল হুদা। গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে নুরুল হুদার জবানিতে।

**06. কোনটি সংগীতের ক্ষেত্রে ব্যবহৃত হয় না?**

Ⓐ বাঁশি Ⓑ প্রম্পটার
Ⓒ পিয়ানো Ⓓ এ্যাকর্ডিয়ন

Ⓑ Solve প্রম্পটার হচ্ছে নাটকের অভিনেতাকে সহায়তা করার জন্য নির্ধারিত ব্যক্তি, যিনি প্রয়োজনের সময় বলা অংশগুলো আলতোভাবে বলবেন।

**07. 'সে ঝংকার মানুষের কানে লাগে, প্রাণে লাগে'- লালসালু উপন্যাসে সে ঝংকার বলতে বোঝানো হয়েছে-**

Ⓐ কেরাতের সুর Ⓑ নদীর কল্লোল
Ⓒ রহিমার হাতের চুড়ির শব্দ Ⓓ কোকিলের কুহু তান

Ⓔ Solve প্রশ্নটিতে ভুল আছে, সঠিক উত্তর হবে জমিলার হাতের চুড়ির শব্দ। কেননা রহিমা যখন মজিদের পা টিপে দিচ্ছিল তখন পাশের রুম থেকে জমিলার চুড়ির শব্দই মজিদের কানে ঝংকার তুলেছিল।

**08. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে 'জুলিও কুরি' পুরস্কার পেয়েছিলেন?**

Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৩
Ⓒ ১৯৭৪ Ⓓ ১৯৭৫

Ⓐ Solve বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১০ অক্টোবর ১৯৭২ সালে বিশ্বশান্তি পরিষদ কর্তৃক প্রদত্ত 'জুলিও কুরি' পুরস্কারে ভূষিত হন (১৯৭৩ সালের ২৩ মে বিশ্বশান্তি পরিষদের সেক্রেটারি জেনারেল রমেশচন্দ্রের হাত থেকে ঢাকায় আনুষ্ঠানিকভাবে বঙ্গবন্ধু 'জুলিও কুরি' পুরস্কার গ্রহণ করেন।)

**09. কোনটি বাগ্‌ধারা?**

Ⓐ ব্যয়সাপেক্ষ Ⓑ রজ্জুসর্প
Ⓒ মনমাঝি Ⓓ চাঁদের হাট

Ⓓ Solve গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : কেঁচে গণ্ডূষ (পুনরায় আরম্ভ), কেউকেটা (সামান্য), কান পাতলা (সহজেই বিশ্বাসপ্রবণ), এসপার ওসপার (মীমাংসা), একাদশে বৃহস্পতি (সৌভাগ্যের বিষয়)।

**10. 'শিশিরের বয়স যে যথাসময়ে ষোল হইল, সেটা স্বভাবের ষোল' - এটা কী ধরনের বাক্য?**

Ⓐ যৌগিক Ⓑ সরল
Ⓒ জটিল Ⓓ মিশ্র

Ⓐ Solve পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বাক্য বা জটিল বাক্য যদি কোনো অব্যয় পদ যোগে সংযুক্ত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করে তবে তাকে যৌগিক বাক্য বলে। যেমন : তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি হয়নি। তুমি অন্যায় করেছ সুতরাং তোমাকে শাস্তি পেতে হবে।

**11. সেমিকোলন চিহ্ন কোনটি?**

Ⓐ : Ⓑ ;
Ⓒ – Ⓓ " "

Ⓑ Solve কতিপয় যতিচিহ্নের নাম ও আকৃতি :

| যতি-চিহ্নের নাম | আকৃতি | যতি-চিহ্নের নাম | আকৃতি |
|---|---|---|---|
| কমা | , | কোলন | : |
| সেমিকোলন | ; | কোলন ড্যাশ | :- |
| দাঁড়ি | । | ড্যাশ | — |
| জিজ্ঞাসাচিহ্ন | ? | হাইফেন | - |
| বিস্ময়চিহ্ন | ! | লোপ চিহ্ন | ’ |



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**10. Which of the following is closest in meaning to the word 'met' in the passage?**

Ⓐ found Ⓑ handled
Ⓒ introduced Ⓓ helped

Ⓑ Explanation 'Met'-হলো meet-এর $v_3$ form এবং passage-টিতে এটি সামাল দেয়া বা মোকাবেলা করা অর্থে ব্যবহৃত হয়েছে। সুতরাং এখানে 'met' এবং 'handled' সমার্থক।

**11. Which of the following is closest in meaning to the word 'central' in the passage?**

Ⓐ major Ⓑ silly
Ⓒ minor Ⓓ insignificant

Ⓐ Explanation Passage-এর আলোকে 'central' শব্দটি 'major' (যার অর্থ হলো মুখ্য/প্রধান) শব্দটির সমার্থক।

**12. According to the passage, why has modern man turned out as enemy of nonhuman?**

Ⓐ He hates everything that is nonhuman
Ⓑ Nonhumans have refused to cooperate with human beings
Ⓒ He has been dominated by drives of acquisitiveness and power
Ⓓ Modern man loves everything nonhuman

Ⓒ Explanation Modern man-আধুনিক মানুষ enemy of nonhuman হিসেবে পরিচিত হয়েছে কারণ সে ক্ষমতা এবং অর্জনলিপ্সার প্রবৃত্তি দ্বারা চালিত হয়।

**13. Which of the following is needed to bring out the best in man?**

Ⓐ power Ⓑ money
Ⓒ consciousness Ⓓ success

Ⓒ Explanation মানুষের ভিতর থেকে সর্বোত্তম কিছু পেতে হলে consciousness (সচেতনতা) অত্যন্ত জরুরি।

**14. Which of the following best describes the behavior of the modern man?**

Ⓐ imaginative and sympathetic
Ⓑ perceptive and creative
Ⓒ cruel and greedy
Ⓓ seeker of truth and non-violence

Ⓒ Explanation 'Cruel and greedy' (নিষ্ঠুর এবং লোভী) phrase-টি দ্বারা modern man-কে সবচেয়ে যথার্থভাবে বর্ণনা করা সম্ভব।

**Choose the alternative (A, B, C, or D) that best fills in the blanks/answers of the following:**

**15. By this time next year, Kanta —— her final examination.**

Ⓐ will take Ⓑ shall take
Ⓒ will have taken Ⓓ should have taken

Ⓒ Explanation ভবিষ্যতে নির্দিষ্ট সময়ের মধ্যে কোনো কাজ সম্পন্ন হওয়া বুঝালে এবং by this time উল্লেখ থাকলে future perfect tense হয়।

**16. Only the —— people are —— after death.**

Ⓐ good, forgotten Ⓑ virtuous, remembered
Ⓒ strong, condemned Ⓓ vicious, glorified

Ⓑ Explanation Virtuous (গুণী বা ধার্মিক) ব্যক্তিদেরকে তাদের মৃত্যুর পরেও remember (স্মরণ) করা হয়।

**17. A person who looks on the bright side of things is called —.**

Ⓐ pessimist Ⓑ optimist
Ⓒ cynic Ⓓ anarchist

Ⓑ Explanation যে ব্যক্তি সবকিছুর মধ্যেই ইতিবাচকতা খুঁজে পায় তিনি 'optimist' (আশাবাদী) লোক।

**18. The word closest to the opposite in meaning of ECSTASY is.**

Ⓐ joy Ⓑ excitement
Ⓒ funny Ⓓ misery

Ⓓ Explanation Ecstasy- শব্দের অর্থ হলো পরম আনন্দ; এর opposite word হলো misery- যার অর্থ হলো দুর্দশা।

**19. An animal story with a moral is called ——.**

Ⓐ fable Ⓑ tale
Ⓒ parable Ⓓ allegory

Ⓐ Explanation যে animal story- তে কোনো 'moral' (নীতি কথা) থাকে তাকে fable বলে।

**20. As the news of the natural —— spread, offers of relief poured in.**

Ⓐ misery Ⓑ misfortune
Ⓒ collapse Ⓓ calamity

Ⓓ Explanation দুর্যোগ অর্থে calamity- ব্যবহৃত হয়েছে।

**21. I shall talk to him when ——.**

Ⓐ he comes Ⓑ he will come
Ⓒ he has come Ⓓ he would

Ⓐ Explanation Future indefinite + if/when + present indefinite- এর ব্যবহার হয়েছে।

**22. She has been given a topic to write ——.**

Ⓐ about Ⓑ over
Ⓒ on Ⓓ upon

Ⓐ Explanation A topic to write about-এর অর্থ নির্দিষ্ট বিষয়ের উপর লেখা তৈরি করা।

**23. He granted the request because he was — to — his friend.**

Ⓐ bound, hurt Ⓑ reluctant, disappoint
Ⓒ unwilling, please Ⓓ sure, displease

Ⓑ Explanation Reluctant-এর অর্থ অনিচ্ছুক; disappoint-এর অর্থ হতাশ করা। বন্ধুকে disappoint করতে reluctant ছিলো বলে সে request-টি grant করেছিলো।

**24. Behaving in a — and serious way even in a —— situation makes people respect you.**

Ⓐ calm, difficult Ⓑ steady, angry
Ⓒ cool, tricky Ⓓ bad, good

Ⓐ Explanation 'Difficult situation'-এ 'calm and serious' থাকলে মানুষের সম্মান অর্জন করা সম্ভব।

**25. I took the person —— a thief.**

Ⓐ after Ⓑ to
Ⓒ for Ⓓ as

Ⓒ Explanation Take sb for some one/sth- কাউকে কোনো কিছু ভেবে নেয়া। Sentence-টিতে বুঝিয়েছে আমি লোকটিকে চোর মনে করে ছিলাম।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**২৬. The boy made good —— in his studies.**

Ⓐ development Ⓑ progress
Ⓒ advancement Ⓓ growth

Explanation: Make good progress. এর অর্থ লেখাপড়ায় উন্নতি করা।

**২৭. If he —— hard, he would have succeeded.**

Ⓐ worked Ⓑ had worked
Ⓒ has worked Ⓓ works

Explanation: Third conditional এর নিয়মানুযায়ী পরের অংশে would have + v₃ থাকলে ১ম অংশে past perfect tense হবে।

**২৮. The original inhabitants of a country are called —.**

Ⓐ citizens Ⓑ natives
Ⓒ aborigines Ⓓ countrymen

Explanation: কোনো দেশের original inhabitant- দেরকে aborigines বা আদিবাসী বলে।

**২৯. English is the most —— spoken language in the world today.**

Ⓐ greatly Ⓑ widely
Ⓒ broadly Ⓓ fluently

Explanation: Widely spoken language- বলতে ব্যাপকভাবে ব্যবহৃত ভাষাকে বুঝানো হয়েছে।

**৩০. Life history of a person written by another is called —.**

Ⓐ autobiography Ⓑ memoir
Ⓒ biography Ⓓ elegy

Explanation: একজন ব্যক্তির 'life history' অন্য কারো দ্বারা লেখা হলে তাকে 'biography' বলে।

## সাধারণ জ্ঞান

**01. বঙ্গভঙ্গ রদ করা হয় কোন সালে?**

Ⓐ ১৯০৫ Ⓑ ১৯০৯
Ⓒ ১৯১০ Ⓓ ১৯১১

Ⓓ Solve: কংগ্রেস ও উচ্চবিত্ত হিন্দু সম্প্রদায়ের জোরালো আন্দোলনের ফলে লর্ড হার্ডিঞ্জ বঙ্গভঙ্গ রদের সুপারিশ করেন। ১৯১১ সালের ১২ ডিসেম্বর রাজা পঞ্চম জর্জ দিল্লিতে তার অভিষেক অনুষ্ঠানে বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন। বঙ্গভঙ্গ হয়েছিল ১৯০৫ সালের ১৬ অক্টোবর।

**02. অপরাজেয় বাংলা-র ভাস্কর কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন?**

Ⓐ ঢাকা বিশ্ববিদ্যালয় Ⓑ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
Ⓒ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় Ⓓ রাজশাহী বিশ্ববিদ্যালয়

Ⓒ Solve: 'অপরাজেয় বাংলা' ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত একটি ভাস্কর্য। এই ভাস্কর্যটির ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালিদ। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগ থেকে পড়ালেখা সম্পন্ন করেন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'ফাইন আর্টস' বিভাগের অধ্যাপক ছিলেন।

**03. কোনটি পাবলো পিকাসোর চিত্রকর্ম নয়?**

Ⓐ টু নুডস Ⓑ সানফ্লাওয়ার্স
Ⓒ গুয়ের্নিকা Ⓓ দ্য ব্লু রুম

Ⓑ Solve: সানফ্লাওয়ার্স এর চিত্রকর ভিনসেন্ট ভ্যান গগ। পাবলো পিকাসো এর শিল্পকর্মের মধ্যে উল্লেখযোগ্য গোয়ের্নিকা, দ্যা ব্লু রুম, টু নুডস, গুড পিটিরিস্টি, থ্রি ডান্সার্স, গিটার, পালোমা বা শান্তিকপোত ইত্যাদি।

**04. 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে/রক্ত লাল, রক্ত লাল, রক্ত লাল' গানটির গীতিকার কে?**

Ⓐ গোবিন্দ হালদার Ⓑ আপেল মাহমুদ
Ⓒ আব্দুল লতিফ Ⓓ সমর দাস

Ⓐ Solve: পূর্ব দিগন্তে সূর্য উঠেছে – গানটির গীতিকার গোবিন্দ হালদার এবং সুরকার সমর দাস। গোবিন্দ হালদারের আরো দুইটি বিখ্যাত গান 'এক সাগর রক্তের বিনিময়ে বাংলার স্বাধীনতা আনলে যারা' এবং 'মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি'।

**05. 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' কোন তারিখে অনুষ্ঠিত হয়?**

Ⓐ ১ জুলাই ১৯৭১ Ⓑ ২ আগস্ট ১৯৭১
Ⓒ ১ আগস্ট ১৯৭১ Ⓓ ২ জুলাই ১৯৭১

Ⓒ Solve: 'দ্য কনসার্ট ফর বাংলাদেশ' – এর সংক্ষিপ্ত পরিচিতি।

| | |
|---|---|
| স্থান | ম্যাডিসন স্কয়ার, নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| সময় | ১ আগস্ট ১৯৭১ |
| প্রধান আয়োজক | সেতারবাদক পণ্ডিত রবি শঙ্কর (ভারত) ও গায়ক জর্জ হ্যারিসন (ইংল্যান্ড) |
| অন্যান্য শিল্পী | বব ডিলান, এরিক ক্ল্যাপটন, লিয়ন রাসেল, বিলি প্রিস্টন, ওস্তাদ আলী আকবর খান |

**06. পাকিস্তানে মৌলিক গণতন্ত্র প্রবর্তন করেন কে?**

Ⓐ লিয়াকত আলী খান Ⓑ টিক্কা খান
Ⓒ ইয়াহিয়া খান Ⓓ আইয়ুব খান

Ⓓ Solve: আইয়ুব খান ১৯৫৯ সালের ২৬ অক্টোবর এক আদেশ জারির মাধ্যমে 'মৌলিক গণতন্ত্র' চালু করেন। এই মৌলিক গণতন্ত্রী সদস্য সংখ্যা ছিল ৮০,০০০ জন, এরাই কেন্দ্রীয় ও প্রাদেশিক পরিষদের সদস্য নির্বাচিত করতেন এবং প্রেসিডেন্ট নির্বাচনে মুখ্য ভূমিকা পালন করত। মৌলিক গণতন্ত্রকে মোট ৫টি স্তরে ভাগ করা হয়েছিল। যথা :

১. ইউনিয়ন কাউন্সিল। ২. থানা কাউন্সিল।
৩. জেলা কাউন্সিল। ৪. বিভাগীয় কাউন্সিল।
৫. প্রাদেশিক কাউন্সিল।

**07. ইসলামের ইতিহাসে পঞ্চম খলিফা বলা হয় কাকে?**

Ⓐ আল মনসুর Ⓑ আল মামুন
Ⓒ ওমর বিন আবদুল আজিজ Ⓓ ওমর বিন হাফসুন

Ⓒ Solve: খলিফা হযরত ওমর (রা) এর মতো ন্যায়নীতিবোধ ধর্মপরায়ণতা, সততা সরলতার জন্য সুন্নী মুসলমানগণ ওমর বিন আবদুল আজিজকে পঞ্চম খলিফা হিসেবে আখ্যায়িত করে। তাঁর শাসনকাল– ৭১৭-৭২০ খ্রিস্টাব্দ।

**08. অপরাজিতা সম্মাননা- ২০২২ কতজন নারী লাভ করেছেন?**

Ⓐ ৬ জন Ⓑ ৯ জন
Ⓒ ৮ জন Ⓓ ১০ জন

Ⓒ Solve: অপরাজিতা সম্মাননা ২০২২ পেয়েছেন যারা–

| | |
|---|---|
| মুক্তিযুদ্ধে | রোকেয়া কবীর |
| ভাষা-সাহিত্য | নাসরীন জাহান |
| শিল্প–সংস্কৃতিতে | কনকচাপা চাকমা |
| উদ্যোক্তায় | রুবানা হক |
| বিনোদনে | অপি করিম |
| তথ্য–প্রযুক্তিতে | ডা. তানজিবা রহমান |
| তৃণমূলের আলোকিত নারী হিসেবে | মিলন চিসিম |
| খেলাধুলায় | ক্রিকেটার সালমা খাতুন |



CamScanner

**31. মুক্তিযুদ্ধকালে প্রকাশিত পত্রিকা কোনটি?**

Ⓐ জয় বাংলা Ⓑ যুগান্তর
Ⓒ আমোদ Ⓓ মিল্লাত

**Ⓐ Solve** স্বাধীন বাংলাদেশের সরকার কর্তৃক অনুমোদিত প্রথম পত্রিকা 'জয় বাংলা'। এটি সাপ্তাহিক পত্রিকা ছিল। ১৯৭১ সালের ১১ মে থেকে ২৪ ডিসেম্বর পর্যন্ত মোট ৩৪টি সংখ্যা প্রকাশিত হয় জয় বাংলা পত্রিকাটির। পত্রিকাটির কার্যালয় ছিল কলকাতার পার্ক সার্কাসে। পত্রিকাটির সম্পাদক ছিলেন আব্দুল মান্নান, তবে তিনি আহমদ রফিক ছদ্মনামে পত্রিকা প্রকাশ করতেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক ছিলেন মাহবুব উল্লাহ চৌধুরী, তবে তিনি মতিন আহমদ চৌধুরী ছদ্মনামটি পত্রিকায় ব্যবহার করতেন।

**32. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস?**

Ⓐ একাত্তরের দিনগুলি Ⓑ চিলেকোঠার সেপাই
Ⓒ সংশপ্তক Ⓓ আগুনের পরশমণি

**Ⓓ Solve** প্রশ্নে উল্লিখিত রচনাগুলোর বিশেষ তথ্য।

| নাম | রচয়িতা | বিশেষ তথ্য |
|---|---|---|
| একাত্তরের দিনগুলি | জাহানারা ইমাম | মুক্তিযুদ্ধের স্মৃতিকথা |
| চিলেকোঠার সেপাই | আখতারুজ্জামান ইলিয়াস | '৬৯ এর গণআন্দোলনের প্রেক্ষাপট |
| সংশপ্তক | শহীদুল্লা কায়সার | দ্বিতীয় বিশ্বযুদ্ধ থেকে ভাষা আন্দোলনের পূর্ব পর্যন্ত ঘটনাবলি |
| আগুনের পরশমণি | হুমায়ূন আহমেদ | বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের প্রেক্ষাপট |

**33. ভলিবলে প্রতি দলে কতজন খেলোয়াড় থাকে?**

Ⓐ ৬ Ⓑ ৫
Ⓒ ৮ Ⓓ ১১

**Ⓐ Solve** ভলিবল খেলার উৎপত্তি মার্কিন যুক্তরাষ্ট্রে। ভলিবল কোর্টের মাপ – ৬০ ফুট × ৩০ ফুট এবং মাটি থেকে ভলিবলের নেটের উচ্চতা – ৮ ফুট। এই খেলায় প্রতিটি দল থেকে ৬ জন করে মোট ১২ জন খেলোয়াড় মাঠে উপস্থিত থাকে। অলিম্পিকে ভলিবল অন্তর্ভুক্ত হয় – ১৯৬৪ সালে।

**34. একুশে ফেব্রুয়ারির ওপর প্রথম কবিতা কে লিখেছেন?**

Ⓐ আলাউদ্দিন আল আজাদ
Ⓑ আবদুল লতিফ
Ⓒ শামসুর রাহমান
Ⓓ মাহবুব উল আলম চৌধুরী

**Ⓓ Solve** একুশে ফেব্রুয়ারির ওপর প্রথম রচনাগুলো–

| বিষয় | শিরোনাম | রচয়িতা |
|---|---|---|
| সংকলন | একুশে ফেব্রুয়ারি | হাসান হাফিজুর রহমান |
| কবিতা | কাঁদতে আসিনি, ফাঁসির দাবি নিয়ে এসেছি | মাহবুব উল আলম চৌধুরী |
| গান | ভুলব না, ভুলব না... | আ ন ম গাজীউল হক |
| নাটক | কবর | মুনীর চৌধুরী |
| উপন্যাস | আরেক ফাল্গুন | জহির রায়হান |
| চলচ্চিত্র | জীবন থেকে নেয়া | জহির রায়হান |
| শহিদ মিনার ধ্বংসের প্রতিবাদে কবিতা | স্মৃতিস্তম্ভ | আলাউদ্দিন আল আজাদ |

**35. জহির রায়হানের আরেক ফাল্গুন উপন্যাসটির পটভূমি কী?**

Ⓐ ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ Ⓑ ব্রিটিশবিরোধী আন্দোলন
Ⓒ ১৯৫২ সালের ভাষা আন্দোলন Ⓓ কোনোটিই নয়

**Ⓒ Solve** ১৯৫৫ সালের ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস পালনের প্রেক্ষাপটে জহির রায়হানের আরেক ফাল্গুন উপন্যাসটি রচিত। এটি ভাষা আন্দোলনভিত্তিক প্রথম উপন্যাস হিসেবে স্বীকৃত।

**36. রেড ক্রসের প্রতিষ্ঠাতা কে?**

Ⓐ নেলসন ম্যান্ডেলা Ⓑ রোনাল্ড
Ⓒ বিসমার্ক Ⓓ জঁ-হেনরী ডুনান্ট

**Ⓓ Solve** ১৮৫৯ সালের ২৪ জুন ইতালির সলফেরিনো নামক স্থানে ফ্রান্স ও অস্ট্রিয়ার মধ্যে একটি ভয়াবহ যুদ্ধ ঘটে। এই যুদ্ধের প্রেক্ষাপটে ১৮৬৩ সালের ৯ ফেব্রুয়ারি 'কমিটি অব ফাইভ' গঠন করা হয়, ১৮৭৬ সালে কমিটি অব ফাইভ নাম পরিবর্তন করে রাখা হয় আন্তর্জাতিক রেডক্রস কমিটি। দুস্থ মানবতার সেবার লক্ষ্যে রেডক্রস প্রতিষ্ঠা করেন সুইজারল্যান্ডের হেনরি ডুনান্ট। রেডক্রস এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায়।

**37. বাংলার প্রথম স্বাধীন সুলতান কে?**

Ⓐ ইলিয়াস শাহ Ⓑ নাদির শাহ
Ⓒ নাসির শাহ Ⓓ ফখরুদ্দিন মোবারক শাহ

**Ⓓ Solve** বাংলায় স্বাধীন সুলতানি যুগের সময়কাল ১৩৩৮-১৫৩৮ সাল। ১৩৩৮ সালে ফখরুদ্দিন মোবারক শাহ সোনারগাঁও অঞ্চলকে কেন্দ্র করে বাংলার স্বাধীনতা ঘোষণা করেন। বাংলার জনপদগুলোকে একত্র করে সমগ্র বাংলার প্রথম স্বাধীন সুলতান হন শামসুদ্দিন ইলিয়াস শাহ। বাংলার শেষ স্বাধীন সুলতান গিয়াসউদ্দিন মাহমুদ শাহ।

**38. জাতীয় সংসদের ১নং আসনটি বাংলাদেশের কোন জেলায়?**

Ⓐ কক্সবাজার Ⓑ চাঁপাইনবাবগঞ্জ
Ⓒ পঞ্চগড় Ⓓ বরগুনা

**Ⓒ Solve** বাংলাদেশের জাতীয় সংসদের ১নং আসনটি পঞ্চগড় জেলার 'তেঁতুলিয়া পঞ্চগড় সদর আটোয়ারি' নামক আসন এবং ৩০০নং আসনটি বান্দরবান জেলার সমগ্র অঞ্চল, অর্থাৎ বান্দরবান জেলা। জাতীয় সংসদের সবচেয়ে বেশি আসন রয়েছে ঢাকা জেলায় ২০টি, এর মধ্যে ঢাকা মহানগরে ১৫টি।

**39. সম্রাট অশোক কোন বংশের শাসক ছিলেন?**

Ⓐ মৌর্য Ⓑ গুপ্ত
Ⓒ কুষাণ Ⓓ পাল

**Ⓐ Solve** প্রাচীন ভারতের প্রথম রাজবংশ হিসেবে পরিচিত মৌর্য বংশ। মৌর্য বংশের প্রথম শাসক ছিলেন চন্দ্রগুপ্ত মৌর্য এবং সর্বশেষ শাসক ছিলেন বৃহদ্রথ। এই বংশের শ্রেষ্ঠ শাসক ছিলেন সম্রাট অশোক; তার রাজত্বকালে হিন্দু ও বৌদ্ধদের মধ্যে সংঘটিত কলিঙ্গ যুদ্ধের ভয়াবহতা দেখে তিনি নিজেই বৌদ্ধ ধর্ম গ্রহণ করেন এবং পরবর্তীতে বৌদ্ধ ধর্মকে রাষ্ট্র ধর্মে পরিণত করেন তিনি।

**40. সুর সম্রাট কাকে বলা হয়?**

Ⓐ ওস্তাদ আয়াত আলী খাঁ Ⓑ ওস্তাদ আকবর আলী খাঁ
Ⓒ ওস্তাদ আলাউদ্দিন খাঁ Ⓓ ওস্তাদ বড়ে গোলাম আলী খাঁ

**Ⓒ Solve** ওস্তাদ আলাউদ্দিন খাঁ বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া জেলায় জন্মগ্রহণ করেন। তিনি জারি, সারি, বাউল, ভাটিয়ালি, কীর্তন, পাঁচালি প্রভৃতি গানের পারদর্শী ছিলেন। ইংল্যান্ডের রানি কর্তৃক সুর সম্রাট উপাধি লাভ করেন তিনি।



CS CamScanner

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**ভর্তি পরীক্ষা : ২০২০-২১; ইউনিট-B; সেট-১ (শাখা-১)**

**শিফট তৃতীয় : কলা ও মানববিদ্যা অনুষদ**

বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, ইসলামিক স্টাডিজ, IML (Language & Linguistics), ফারসি ভাষা ও সাহিত্য, পালি, সংস্কৃত, IER (বি.এড.), বাংলাদেশ স্টাডিজ

**বিশেষ নির্দেশনা** : A, B, C ও D থেকে ঠিক উত্তর বেছে নাও। সকল প্রশ্নের মান সমান। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর বিয়োগ হবে।

## বাংলা

01. 'অপরিচিতা' গল্পে কল্যাণীর বাবার পেশা কী ছিল?
Ⓐ ওকালতি Ⓑ কবিরাজি
Ⓒ ডাক্তারি Ⓓ ঠিকাদারি

**Ⓒ Solve** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। 'অপরিচিতা' উত্তম পুরুষের জবানিতে লেখা গল্প।

02. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী'তে কত সাল পর্যন্ত ঘটনাবলি স্থান পেয়েছে?
Ⓐ ১৯৫৭ Ⓑ ১৯৫২
Ⓒ ১৯৫৪ Ⓓ ১৯৫৫

**Ⓓ Solve** শেখ মুজিবুর রহমান ১৯৬৭ সাল থেকে আত্মজীবনী লেখা শুরু করেন। 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থে ১৯২০ থেকে ১৯৫৫ সাল পর্যন্ত (পারিবারিক পর্ব থেকে রাজনৈতিক ঘটনাপ্রবাহ) ঘটনাবলির বিবরণ রয়েছে।

03. কোন কবির কবিতায় নগরজীবনের চেতনা অধিক স্থান পেয়েছে?
Ⓐ শামসুর রাহমান Ⓑ আনিসুজ্জামান
Ⓒ শওকত আলী Ⓓ আখতারুজ্জামান ইলিয়াস

**Ⓐ Solve** শামসুর রাহমান (১৯২৯-২০০৬) রাষ্ট্রভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতাযুদ্ধ ও পরবর্তী সকল গণতান্ত্রিক আন্দোলনের প্রতি অকুণ্ঠ সমর্থন তাঁর কবিতাকে করেছে অনন্য বৈশিষ্ট্যমণ্ডিত। নগর জীবনের যন্ত্রণা, ক্লেদবিন্দু, পারিবারিক ও সামাজিক বন্ধন ইত্যাদি তাঁর কবিতার লক্ষণীয় বৈশিষ্ট্য। তিনি রোমান্টিকতার সঙ্গে সমাজসচেতনতার সংমিশ্রণ ঘটিয়ে নতুন কাব্যধারার জন্ম দিয়েছেন।

04. 'সিরাজউদ্দৌলা' নাটকের আমেনার স্বামীর নাম কী?
Ⓐ জয়েনউদ্দিন Ⓑ জসারুদ্দিন খান
Ⓒ মোবারকী বেগ Ⓓ মীরজাফর আলী

**Ⓐ Solve** আমিনা বেগম নবাব আলিবর্দির কনিষ্ঠ কন্যা। আলিবর্দির বড় ভাই হাজি আহমদের পুত্র জয়েন উদ্দিনের সঙ্গে তার বিয়ে হয়। তার তিন সন্তান। তার স্বামী প্রথমে উড়িষ্যার ও পরে বিহারের সুবেদার ছিলেন।

05. সৈয়দ শামসুল হক রচিত কাব্যনাটক নয়–
Ⓐ ঈর্ষা Ⓑ গণনায়ক
Ⓒ নূরলদীনের সারা জীবন Ⓓ দূরত্ব

**Ⓓ Solve** 'দূরত্ব' সৈয়দ শামসুল হক রচিত একটি সমকালীন উপন্যাস।

06. গ্রন্থসাহেব কোন সম্প্রদায়ের পবিত্র গ্রন্থ?
Ⓐ পার্সি Ⓑ জৈন
Ⓒ শিখ Ⓓ বৌদ্ধ

**Ⓒ Solve** গ্রন্থসাহেব শিখদের পবিত্র ধর্মগ্রন্থ। এর অপর নাম আদিগ্রন্থ (First Book)। গুরু নানকের শিক্ষা, উপদেশ ও নীতি উপদেশ নিয়ে গ্রন্থসাহেব রচিত। গুরু অর্জুন প্রথম এটি সংকলন ও লিপিবদ্ধ করেন। শিখদের দশম গুরু গোবিন্দ সিং এটিকে চূড়ান্ত রূপ দেন। এটির ভাষা 'গুরুমুখী' লিপি। গ্রন্থসাহেবের প্রথম ইংরেজি অনুবাদ করেন একটি ট্রাম্প (১৮৭৭)।

07. শুদ্ধ বানান কোনটি?
Ⓐ সরঞ্জাম Ⓑ হাকিম
Ⓒ মিহির Ⓓ শহীদ

**Ⓐ Solve** প্রদত্ত অশুদ্ধ শব্দের শুদ্ধ রূপ : সরঞ্জাম, হাকিম, শহিদ। এরূপ কয়েকটি শুদ্ধ শব্দ : অঙ্গন, প্রাণিবিদ্যা, পল্লি, শহিদ, উজ্জ্বল, পুঙ্খ, অলংকার, পুরস্কার, ভাস্কর্য, আবিষ্কার, পিপীলিকা, ক্যাটাগরি, আনুষঙ্গিক।

08. 'দোজখের ওম' গল্পগ্রন্থের রচয়িতা কে?
Ⓐ শওকত ওসমান Ⓑ আনিসুজ্জামান
Ⓒ শওকত আলী Ⓓ আখতারুজ্জামান ইলিয়াস

**Ⓓ Solve** আখতারুজ্জামান ইলিয়াসের কতিপয় সাহিত্য :

| | |
|---|---|
| উপন্যাস | চিলেকোঠার সেপাই (১৯৮৭), খোয়াবনামা। |
| গল্পগ্রন্থ | খোঁয়ারি, দুধভাতে উৎপাত, জাল স্বপ্ন স্বপ্নের জাল। |
| প্রবন্ধ | সংস্কৃতির ভাঙা সেতু (১৯৯৮)। |

09. কোন লেখককে ভারত সরকার 'পদ্মভূষণ' উপাধিতে ভূষিত করেন?
Ⓐ শামসুর রাহমান Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ জসীমউদ্দীন Ⓓ জীবনানন্দ দাশ

**Ⓑ Solve** কাজী নজরুল ইসলাম যেসব পুরস্কার ও সম্মাননা পান : কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক 'জগত্তারিণী স্বর্ণপদক', ভারত সরকার প্রদত্ত 'পদ্মভূষণ' উপাধি লাভ। রবীন্দ্রভারতী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কবিকে ডি-লিট ডিগ্রি প্রদান করে। ১৯৭৪ সালে জাতীয় কবির মর্যাদায় অধিষ্ঠিত করেন এবং ১৯৭৬ খ্রিষ্টাব্দে বাংলাদেশ সরকার কবিকে 'একুশে পদক' প্রদান করে।

10. 'লালসালু' উপন্যাসটি কত খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়?
Ⓐ ১৯৪৮ Ⓑ ১৯৪৯
Ⓒ ১৯৫০ Ⓓ ১৯৫১

**Ⓐ Solve** গ্রাম বাংলার সামাজিক প্রেক্ষাপটে গ্রামবাসীর কুসংস্কার-অন্ধতা এবং ধর্মীয় মৌলবাদ ও ভণ্ডামির চিত্র ফুটিয়ে তোলা হয়েছে সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত লালসালু (১৯৪৮) উপন্যাসটিতে। উপন্যাসটির ইংরেজি অনুবাদ 'Tree Without Roots' নামে প্রকাশিত হয় ১৯৬৭ সালে।

11. 'তরঙ্গভঙ্গ' সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত একটি?
Ⓐ আত্মজীবনীমূলক গ্রন্থ Ⓑ কাব্য
Ⓒ উপন্যাস Ⓓ নাটক

**Ⓓ Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্‌র কতিপয় সাহিত্যকর্ম :

| | |
|---|---|
| উপন্যাস | লালসালু (১৯৪৮), চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো। |
| গল্পগ্রন্থ | দুইতীর ও অন্যান্য গল্প, নয়নচারা (১৯৫১)। |
| নাটক | বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু। |

**12. 'Epidemic' এর পারিভাষিক শব্দ কোনটি?**

Ⓐ শিষ্টাচার Ⓑ মহাকাব্য
Ⓒ মহামারি Ⓓ অবিকল্প

**Ⓒ Solve** কতিপয় পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Ethics | নীতিবিদ্যা | Exchange | পরিবর্তন |
| Excuse | কৈফিয়ৎ/ক্ষমা | Executive | নির্বাহী |

**13. 'চর্যাপদ' আবিষ্কার করেন কে?**

Ⓐ হরপ্রসাদ শাস্ত্রী Ⓑ ড. মুহম্মদ শহীদুল্লাহ
Ⓒ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায় Ⓓ অসিতকুমার বন্দ্যোপাধ্যায়

**Ⓐ Solve** হরপ্রসাদ শাস্ত্রী (১৮৫৩-১৯৩১) নেপালের রাজগ্রন্থাগার থেকে ১৯০৭ খ্রিষ্টাব্দে বাংলা ভাষার প্রথম গ্রন্থ 'চর্যাপদ' উদ্ধার করে সম্পাদনা করার পর 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা' নামে ১৯১৬ খ্রিষ্টাব্দে *বঙ্গীয় সাহিত্য পরিষৎ* থেকে প্রকাশ করেন। তিনি ১৮৯৮ খ্রিষ্টাব্দে 'মহামহোপাধ্যায়' এবং ১৯১১ খ্রিষ্টাব্দে সি.আই.ই. উপাধি লাভ করেন।

**14. জীবনানন্দ দাশকে 'নির্জনতম কবি' আখ্যা দেন কে?**

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ সুধীন্দ্রনাথ দত্ত Ⓓ বুদ্ধদেব বসু

**Ⓓ Solve** কবি জীবনানন্দ দাশ কবিতায় সূক্ষ্ম ও গভীর অনুভবের এক জগৎ তৈরি করেন। গ্রামবাংলার নিসর্গের ছবির সঙ্গে অনুভব ও বোধের বহুতর মাত্রা যুক্ত হয়ে তাঁর হাতে যে কবিতাশিল্প রচিত হয়েছে তাতে নিমগ্ন হয়ে রবীন্দ্রনাথ ঠাকুর কবিকে 'চিত্ররূপময়' এবং বুদ্ধদেব বসু 'নির্জনতম কবি' বলে আখ্যায়িত করেছেন।

**15. কোনটি আল মাহমুদের কাব্য নয়?**

Ⓐ পানকৌড়ির রক্ত Ⓑ কালের কলস
Ⓒ লোক-লোকান্তর Ⓓ মায়বি পর্দা দুলে ওঠো

**Ⓐ Solve** আল মাহমুদ রচিত কতিপয় সাহিত্যকর্ম :

| | |
|---|---|
| কাব্যগ্রন্থ | লোক-লোকান্তর, কালের কলস, সোনালী কাবিন। |
| উপন্যাস | ডাহুকী, আগুনের মেয়ে, পুরুষ সুন্দর। |
| গল্পগ্রন্থ | পানকৌড়ির রক্ত, সৌরভের কাছে পরাজিত। |
| শিশুতোষ | পাখির কাছে ফুলের কাছে (কাব্যগ্রন্থ)। |

**16. কোনটি কৃদন্ত শব্দ?**

Ⓐ লিখিত Ⓑ মুখর Ⓒ ফুলেল Ⓓ হাতল

**Ⓐ Solve** কতিপয় কৃৎপ্রত্যয় : √গ্রন্থ + ইত = গ্রন্থিত, √বপ্ + ত = উপ্ত, √চল্ + ইত = চলিত, √দা + তব্য = দাতব্য, √মন্ + তব্য = মন্তব্য, √কৃ + তব্য = কর্তব্য, √রনজ্ + ত = রক্ত, √মুহ্ + ত = মুগ্ধ, √ভূ + উক = ভাবুক, সম্ + √ধা + ই = সন্ধি।

**17. 'আউট সাইডার' উপন্যাসের লেখক কে?**

Ⓐ বার্ট্রান্ড রাসেল Ⓑ দস্তয়ভস্কি
Ⓒ আলবেয়ার ক্যামু Ⓓ ফ্রান্‌স কাফকা

**Ⓒ Solve** ১৯৪২ সালের ফেব্রুয়ারিতে প্রকাশিত হয় আলবেয়ার ক্যামুর বিখ্যাত উপন্যাস L'Etranger। যার ইংরেজি করা হয়েছে The Outsider এবং বাংলায় *অচেনা*, *আগন্তুক* বা *অপরিচিত* ইত্যাদি নামে অনুবাদ করা হয়। উপন্যাসটি ২০০৬ সালে নালন্দা প্রকাশনী থেকে প্রকাশিত হয়। উত্তম পুরুষে লেখা উপন্যাসটি দশটি পরিচ্ছেদে নব্বই পৃষ্ঠার মধ্যে বিস্তৃত।

**18. মানিক বন্দ্যোপাধ্যায় কোন কলেজের ছাত্র ছিলেন?**

Ⓐ সংস্কৃত কলেজ Ⓑ প্রেসিডেন্সি কলেজ
Ⓒ রিপন কলেজ Ⓓ বঙ্গবাসী কলেজ

**Ⓓ Solve** মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্ম ১৯০৮ খ্রিষ্টাব্দে বিহারের সাঁওতাল পরগনার দুমকা শহরে। তাঁর পৈতৃক বাড়ি ঢাকার বিক্রমপুর। পিতৃপ্রদত্ত নাম প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়। ডাকনাম মানিক। তিনি কলকাতায় ১৯৫৬ খ্রিষ্টাব্দের ৩ ডিসেম্বর মারা যান।

**19. 'মৃগেন্দ্র' শব্দের অর্থ কী?**

Ⓐ সিংহ Ⓑ হরিণ
Ⓒ বানর Ⓓ বাঘ

**Ⓐ Solve** প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ :

| | |
|---|---|
| সিংহ | হর্যক্ষ, মৃগেন্দ্র, মৃগরাজ, কেশরী, মৃগপতি। |
| হরিণ | সারঙ্গ, শরভ, সুনয়ন, ঋষ্য, মৃগ, কুরঙ্গ। |
| বানর | বাঁদর, মর্কট, কপি, শাখামৃগ। |
| বাঘ | ব্যাঘ্র, শার্দূল। |

**20. "নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে"? 'তাত' শব্দের অর্থ কী?**

Ⓐ মামা Ⓑ চাচা
Ⓒ ফুফা Ⓓ দাদা

**Ⓑ Solve** 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কতিপয় শব্দার্থ :

| | |
|---|---|
| জীমূতেন্দ্র– মেঘের ডাক। | জলাঞ্জলি– সম্পূর্ণ পরিত্যাগ। |
| দুর্মতি– অসৎ বা মন্দ বুদ্ধি। | নীচ– হীন। নিকৃষ্ট। ইতর। |

**21. ব্যঙ্গাত্মক ভাব প্রকাশ পেয়েছে কোন রচনায়?**

Ⓐ নেকলেস Ⓑ কমলাকান্তের দপ্তর
Ⓒ রেইনকোট Ⓓ মাসি-পিসি

**Ⓑ Solve** 'কমলাকান্তের দপ্তর' (১৮৭৫) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত বিভিন্ন মেজাজের লঘু ঢঙে লেখা ব্যক্তিগত প্রবন্ধ। কমলাকান্ত নামক এক চরিত্রের জবানিতে প্রবন্ধগুলি লিখিত। মনে করা হয়, কমলাকান্ত বঙ্কিমচন্দ্র নিজেই। প্রসন্ন গোয়ালিনী কমলাকান্তের অনুষঙ্গী চরিত্র।

**22. 'একটু' শব্দের 'টু' কী?**

Ⓐ পদাশ্রিত নির্দেশক Ⓑ প্রত্যয়
Ⓒ অব্যয় Ⓓ অনুসর্গ

**Ⓐ Solve** কয়েকটি অব্যয় বা প্রত্যয় কোনো না কোনো পদের আশ্রয়ে বা পরে সংযুক্ত হয়ে নির্দিষ্টতা জ্ঞাপন করে, এগুলোকে পদাশ্রিত অব্যয় বা পদাশ্রিত নির্দেশক বলে। যেমন : টা, টি, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি। বাংলায় নির্দিষ্টতাজ্ঞাপক প্রত্যয় ইংরেজি Definite Article 'The'-এর স্থানীয়।

**23. উচ্চারণের প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনিকে কয়টি ভাগে ভাগ করা যায়?**

Ⓐ ৬টি Ⓑ ৫টি
Ⓒ ৪টি Ⓓ ৩টি

**Ⓑ Solve** উচ্চারণস্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির বিভাগ :

| ব্যঞ্জনবর্ণসমূহ | উচ্চারণস্থান অনুযায়ী নাম |
|---|---|
| ক, খ, গ, ঘ, ঙ | কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ |
| চ, ছ, জ, ঝ, ঞ, শ, য, য় | তালব্য বর্ণ |
| ট, ঠ, ড, ঢ, ণ, ষ, র, ড়, ঢ় | মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |
| ত, থ, দ, ধ, ন, ল, স | দন্ত্য বর্ণ |
| প, ফ, ব, ভ, ম | ওষ্ঠ্য বর্ণ |



CamScanner

**24. প্রত্যয়ের উদ্দেশ্য হলো–**

Ⓐ অর্থহীন শব্দ তৈরি Ⓑ নতুন শব্দ গঠন
Ⓒ অর্থযুক্ত Ⓓ শব্দের অর্থ পরিবর্তন

**Ⓑ Solve** প্রত্যয় সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যাবলি :
- প্রত্যয় শব্দের শেষে ব্যবহৃত হয়।
- প্রত্যয়ের সহায়তায় যেসব শব্দ গঠিত হয় তার উৎস দু'ধরনের যার একটি ধাতু অপরটি শব্দ।
- ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য নতুন শব্দ গঠন করা।
- শব্দের পরে প্রত্যয় বসে।

**25. চর্যাপদে কোন কবির পদ সংখ্যা বেশি?**

Ⓐ আর্যদেব Ⓑ কাহ্নপা Ⓒ চাটিল পা Ⓓ ডোম্বী পা

**Ⓑ Solve** কাহ্নপা (আনু. ১০ম শতক) বৌদ্ধ সিদ্ধাচার্য ও চর্যাপদকর্তা। প্রকৃত নাম কৃষ্ণাচার্যপাদ। পালরাজ বংশের তৃতীয় রাজা দেবপালের রাজত্বকালে (আনু. ৯০০-৯৫০) তিনি বর্তমান ছিলেন। তিনি সম্প্রদায়গতভাবে ছিলেন ব্রাহ্মণ, পরে সহজিয়া মতে দীক্ষা নিয়ে *সিদ্ধাচার্য*, *মণ্ডলাচার্য* ইত্যাদি উপাধিতে ভূষিত হন।

**26. মুসলিম নারী জাগরণের অগ্রদূত কে?**

Ⓐ সুফিয়া কামাল Ⓑ জাহানারা ইমাম
Ⓒ রিজিয়া রহমান Ⓓ রোকেয়া সাখাওয়াত হোসেন

**Ⓓ Solve** বাঙালি মুসলিম সমাজে নারী-জাগরণের পথিকৃৎ রোকেয়া সাখাওয়াত হোসেন (১৮৮০-১৯৩২)। তিনি মুসলিম নারীদের সংস্কার ও মুক্তির জন্য তাদেরকে শিক্ষার আলোকে উদ্ভাসিত করার মানসে আজীবন ক্ষুরধার সাহিত্য সৃষ্টি করে গেছেন।

**27. কোনটি শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের চরিত্র নয়?**

Ⓐ পদ্মাবতী Ⓑ রাধা Ⓒ বড়াই Ⓓ কৃষ্ণ

**Ⓐ Solve** কতিপয় গ্রন্থ, চরিত্র ও রচয়িতা :

| গ্রন্থ | ধরন | প্রধান চরিত্র | রচয়িতা |
|---|---|---|---|
| শ্রীকৃষ্ণকীর্তন | কাব্য | বড়াই, রাধা, কৃষ্ণ | বড়ু চণ্ডীদাস |
| পদ্মাবতী | কাব্য | পদ্মাবতী, রত্নসেন | আলাওল |
| নীল-দর্পণ | নাটক | তোরাপ, নবীনমাধব | দীনবন্ধু মিত্র |

**28. 'মহানির্বাণ' শব্দটির অর্থ কী?**

Ⓐ শৃঙ্খলিত হওয়া Ⓑ সব বন্ধন থেকে মুক্তি
Ⓒ অতিশয় মূল্যবান Ⓓ মহাজ্ঞানী

**Ⓑ Solve** কতিপয় শব্দার্থ :

| | |
|---|---|
| তিলার্ধ– তিল পরিমাণ সময়ের অর্ধ। | বারওয়ারি– সর্বজনীন। |
| ফলাহার– জলযোগ, ফলার। | যমরাজ– মৃত্যু। |
| রম্ভার কাঁদি– কলার ছড়া। | আচ্ছন্ন– অভিভূত। |

**29. অনুস্বার ও বিসর্গকে বলে–**

Ⓐ পরাশ্রয়ী বর্ণ Ⓑ স্বরবর্ণ
Ⓒ নাসিক্যবর্ণ Ⓓ উষ্মবর্ণ

**Ⓐ Solve** বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণ তিনটি। যথা : ং, ঃ, ँ।

**30. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'কিংবদন্তি' শব্দটি কীসের প্রতীক?**

Ⓐ ভালোবাসার Ⓑ মুক্তির
Ⓒ বীরত্বের Ⓓ ঐতিহ্যের

**Ⓓ Solve** 'কিংবদন্তি' শব্দের অর্থ : জনশ্রুতি। লোকপরম্পরায় শ্রুত ও কথিত বিষয়, যা একটি জাতির ঐতিহ্যের পরিচয়বাহী।

**31. কোনটি 'ট' বর্গীয় বর্ণ নয়?**

Ⓐ ন Ⓑ ঠ
Ⓒ ঢ Ⓓ ণ

**Ⓐ Solve** ব্যঞ্জনধ্বনির প্রকারভেদ :

| উচ্চারণ স্থান | অঘোষ | | ঘোষ | | |
|---|---|---|---|---|---|
| | অল্পপ্রাণ | মহাপ্রাণ | অল্পপ্রাণ | মহাপ্রাণ | নাসিক্য |
| কণ্ঠ | ক | খ | গ | ঘ | ঙ |
| তালু | চ | ছ | জ | ঝ | ঞ |
| মূর্ধা | ট | ঠ | ড | ঢ | ণ |
| দন্ত | ত | থ | দ | ধ | ন |
| ওষ্ঠ | প | ফ | ব | ভ | ম |

**32. কবীর চৌধুরীকে উৎসর্গ করা হয়েছে কোন কবিতাটি?**

Ⓐ রক্তে আমার অনাদি অস্থি Ⓑ লোক-লোকান্তর
Ⓒ সেই অস্ত্র Ⓓ ফেব্রুয়ারি ১৯৬৯

**Ⓐ Solve** 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাটি দিলওয়ারের একই নামের কাব্যগ্রন্থের নাম-কবিতা। কবিতাটি ১৯৮১ খ্রিষ্টাব্দে সিলেট থেকে প্রথম প্রকাশিত হয়। এটি কবীর চৌধুরীর উদ্দেশ্যে উৎসর্গিত হয়। এ কবিতায় দিলওয়ার সাগরদুহিতা ও নদীমাতৃক বাংলাদেশের বন্দনা করেছেন এবং গণমানবের শিল্পী হিসেবে নিজের প্রত্যয় ও প্রতিশ্রুতি ঘোষণা করেছেন।

**33. ভাষা আন্দোলন বিষয়ক উপন্যাস কোনটি?**

Ⓐ সারেং বৌ Ⓑ আগুনের পরশমণি
Ⓒ আরেক ফাল্গুন Ⓓ চিলেকোঠার সেপাই

**Ⓒ Solve** 'আরেক ফাল্গুন' জহির রায়হান রচিত ভাষা আন্দোলনভিত্তিক উপন্যাস। বাঙালি জাতীয়তাবাদী আন্দোলন ও ১৯৫৫ সালে ২১ ফেব্রুয়ারি পালনের অভিজ্ঞতায় তিনি 'আরেক ফাল্গুন' (১৯৬৮) উপন্যাস রচনা করেন। এ উপন্যাসের নায়ক মুনিম, আসাদ, রসুল, সালমা চরিত্রের মতো অন্যান্য চরিত্র ইতিহাস অনুমোদিত।

**34. কবি জীবনানন্দ দাশের মায়ের নাম কী?**

Ⓐ কুসুমলতা দাশ Ⓑ কুসুমকুমারী দাশ
Ⓒ স্বর্ণকুমারী দাশ Ⓓ স্বর্ণলতা দাশ

**Ⓑ Solve** জীবনানন্দ দাশের সংক্ষিপ্ত পরিচয় :

| | |
|---|---|
| জন্ম পরিচয় | জন্ম : ১৭ ফেব্রুয়ারি ১৮৯৯ খ্রিষ্টাব্দ, বরিশাল। পিতা : সত্যানন্দ দাশ। মাতা : কুসুমকুমারী দাশ। |
| সম্পাদনা | দৈনিক স্বরাজ। |
| মৃত্যু | ১৯৫৪ খ্রিষ্টাব্দের ২২ অক্টোবর। |

**35. কোনটি কাব্য নয়?**

Ⓐ আরব্য রজনীর রাজহাঁস Ⓑ বিদীর্ণ দর্পণে মুখ
Ⓒ বীরাঙ্গনা কাব্য Ⓓ দিবারাত্রির কাব্য

**Ⓓ Solve** প্রদত্ত গ্রন্থ পরিচিতি :

| গ্রন্থ | ধরন | লেখক |
|---|---|---|
| আরব্য রজনীর রাজহাঁস | কাব্য | আল মাহমুদ |
| বিদীর্ণ দর্পণে মুখ | কাব্য | আহসান হাবীব |
| বীরাঙ্গনা কাব্য | কাব্য | মাইকেল মধুসূদন দত্ত |
| দিবারাত্রির কাব্য | উপন্যাস | মানিক বন্দ্যোপাধ্যায় |



CamScanner

## English

**Read the following passage and choose the alternative (A, B, C or D) to answer the question (01-07) :**

Humanism is system of education and mode of inquiry that originated in northern Italy during the 13th and 14th centuries and later spread through continental Europe and England. The term is alternatively applied to a variety of Western beliefs, methods and philosophic that place central emphasis on the human realm. Although, also known as Renaissance humanism.

Humanism sought its own philosophical bases in far earlier times and moreover, continued to *exert* some of its power long after the end of the Renaissance.

The history of the term *humanism* is complex but *enlightening*. It was first employed (as humanism) by 19th century German scholars to designate the Renaissance emphasis on Classical studies in education. These studies were pursued and endorsed by educators known as *humanitas* and derives from the study of humanities, a course of Classical studies that, in the early 15th century, consisted of grammar, poetry, rhetoric, history and moral philosophy,

*humanitas* meant the development of human virtue, in all its forms, to its fullest extent. The term thus implied not only such qualities as are associated with the modern word humanity– understanding, benevolence, *compassion*, mercy — but also such more assertive characteristics, as fortitude, judgment, prudence, eloquence and even love of honour. Consequently, the possessor of *humanitas* could not be merely a sedentary and *isolated* philosopher or *man of letters* but was of necessity, a participant in active life. Just as action without insight was held to be aimless and barbaric, insight without action was rejected as barren and imperfect. *Humanitas* called for a fine balance of action and contemplation, a balance born not of compromise but of complementarity.

**01. The word '*exert*' in line 6 is closest in meaning to–**
Ⓐ describe Ⓑ adopt
Ⓒ exercise Ⓓ hide
C Explanation Exert – প্রয়োগ করা/ প্রদর্শন করা।

**02. The word opposite in meaning to '*compassion*' in line 14 is–**
Ⓐ impatient Ⓑ intolerance
Ⓒ empathy Ⓓ meanness
D Explanation 'Compassion' অর্থ- সহানুভূতি, দয়া, মায়া-মমতা ইত্যাদি। এর বিপরীত হচ্ছে-নিষ্ঠুরতা, দয়াহীনতা (nastiness, cruelty, meanness etc.)।

**03. According to the passage, 'Humanism' refers to all of the following EXCEPT–**
Ⓐ Renaissance humanism
Ⓑ a dearth of balance of action and contemplation
Ⓒ a course of Classical studies
Ⓓ qualities like altruism, generosity, judgment etc.
B Explanation Humanism- মানবতাবাদ/ মানবধর্ম। আমাদের চিন্তা-চেতনা এবং কর্মের মধ্যকার ভারসাম্যহীনতা humanism অর্থাৎ মানবতাবাদ প্রতিষ্ঠার ক্ষেত্রে বড় অন্তরায়।

**04. The word '*enlightening*' in line 7 can be replaced by–**
Ⓐ instructive Ⓑ lightning
Ⓒ difficult Ⓓ problematic
A Explanation Elightening (Adj) – শিক্ষাদায়ক; জ্ঞানগর্ভ। এর কয়েকটি synonyms হলো– instructive, awakening, educative ইত্যাদি।

**05. The concept of 'humanism' came into being based on the ideals of–**
Ⓐ the Renaissance period Ⓑ the 19th century
Ⓒ post Renaissance period Ⓓ none of the above
A Explanation Passage- এর It was first employed (as humanism) by 19th century German scholars to designate the Renaissance emphasis on Classical studies in education... অংশে উত্তরটি রয়েছে।

**06. The clause "*man of letters*" in line 16 means–.**
Ⓐ a person who likes philosophical ideas
Ⓑ a person well-versed in many subjects
Ⓒ a man who issues letters
Ⓓ a man appointed by a letter
B Explanation Man of letters – বিশেষজ্ঞ বা পণ্ডিত ব্যক্তি।

**07. The word opposite in meaning to '*isolated*' in line 16 is–**
Ⓐ attached Ⓑ knowledgeable
Ⓒ removed Ⓓ passionate
A Explanation Isolated (Adj) – বিচ্ছিন্ন/ আলাদা। এর কয়েকটি synonyms হলো– attached, connected, joined ইত্যাদি।

**Choose the alternative (A, B, C or D) that best fills in the blanks/completes meaning of following (08-31):**

**08. His little brother drew — picture of a chicken, a cow and — horse.**
Ⓐ the/the Ⓑ the/a
Ⓒ no article/the Ⓓ a/a
D Explanation তার ছোট ভাই একটি মুরগীর বাচ্চা, একটি গরু এবং একটি ঘোড়ার ছবি এঁকেছিল। সুতরাং বোঝা যায় যে সঠিক উত্তর a picture a horse হবে।

**09. While driving, one has to —**
Ⓐ watch out the little children playing in the street
Ⓑ watch out for the little children playing in the street
Ⓒ watch out for the little children to play in the street
Ⓓ watch out for the little children for playing in the street
B Explanation Watch out for - সতর্ক হওয়া। কাজটি চলমান বোঝাচ্ছে বলে reduced clause এর নিয়মানুযায়ী playing বসবে।

**10. I don't believe the election results will reflect the true reaction of the public to the government in power, —."**
Ⓐ do I Ⓑ will it
Ⓒ won't they Ⓓ will they
D Explanation Tag question এর ক্ষেত্রে, প্রদত্ত বাক্যটি affirmative হলে tag question-এ not বসে। আবার বাক্যে not থাকলে tag question -এ not বসে না। সুতরাং সঠিক উত্তর will they? হবে।



CamScanner

**11. Many aid organizations — the world are gearing up to help the people affected — the earthquake**

Ⓐ across/on Ⓑ around/by
Ⓒ off/from Ⓓ of/with

**(B) Explanation** 'Around' অর্থ চতুর্দিকে/এখানে-সেখানে। আবার 'affected by' অর্থ কোন কিছুর দ্বারা প্রভাবিত করা, অভিভূত করা (affected by + something)।

**12. You really think, that these over there are kids of our new neighbours —?**

Ⓐ isn't it Ⓑ aren't they Ⓒ don't you Ⓓ do you

**(C) Explanation** সাধারণত tag question এর ক্ষেত্রে, প্রদত্ত বাক্যটি হ্যাঁ বোধক হলে, tag question-এ auxiliary verb + not + subject + ? হয়।

**13. Monica didn't forget to thank her friends for —.**

Ⓐ putting up with her all those years
Ⓑ putting up her all those years
Ⓒ put up with her all those years
Ⓓ putting on with her all those years

**(A) Explanation** Put up with – সহ্য করা। Preposition (for)-এর পর verb + ing হবে।

**14. Although every student in my class — the schedule, one of my students always — late to the class.**

Ⓐ know/come Ⓑ knows/comes
Ⓒ know/comes Ⓓ knows/coming

**(B) Explanation** Each, every, one ইত্যাদি বাক্যের subject হলে এর পরবর্তী verb singular হয়।

**15. I am sorry, but I don't know where he lives, I wish I —.**

Ⓐ did Ⓑ were
Ⓒ do Ⓓ will know

**(A) Explanation** সাধারণত বাক্যে wish, fancy থাকলে পরবর্তীতে past indefinite tense হয়। তবে auxiliary verb ব্যবহারের ক্ষেত্রে সবসময় were ব্যবহার করতে হয়।

**16. —, he went to collect his payment.**

Ⓐ Although he had completed his work successfully
Ⓑ Having finished his work, successfully
Ⓒ As long as the work is completed with success
Ⓓ The work have been completed

**(B) Explanation** কাজটি সফলতার সাথে শেষ করে - having finished his work successfully.

**17. Do you agree that left-wing politics — among the working classes?**

Ⓐ are losing ground Ⓑ are lost ground
Ⓒ has been lost ground Ⓓ have been lost ground

**(A) Explanation** কাজটি চলমান ধারণা প্রকাশ করছে তাই verb টি continuous tense এ হবে।

**18. My grandfather was a — bachelor then.**

Ⓐ handsome young eligible Ⓑ young eligible handsome
Ⓒ young handsome eligible Ⓓ eligible handsome young

**(A) Explanation** Order of Adjective অনুযায়ী, প্রথমে opinion (handsome), এরপর age (young) এবং শেষে qualifier (eligible) ব্যবহৃত হবে।

**19. Last week's supplementary budget package — to prevent US economy from falling even lower**

Ⓐ is being designed Ⓑ has designed
Ⓒ was designed Ⓓ had designed

**(C) Explanation** বাক্যে last, last night, ago, yesterday ইত্যাদি থাকলে verb-এর past form হয়। উক্ত বাক্যটি passive form-এ আছে তাই was designed হয়েছে।

**20. I was under the impression that you, too, — along with us. I am sorry that you aren't.**

Ⓐ were supposed to come Ⓑ supposed to have come
Ⓒ supposed to come Ⓓ were supposed to have come

**(A) Explanation** কোনোকিছু হওয়ার কথা কিন্তু হয়নি এরকম অর্থ প্রদানে - be supposed to ব্যবহৃত হয়।

**21. Neither of the pictures in the exhibition — to me. So I left the gallery.**

Ⓐ was appealing Ⓑ were appealing
Ⓒ will be appealing Ⓓ are appealing

**(A) Explanation** বাক্যে neither of, either of, each of, every of, one of ইত্যাদির পর noun/pronoun এর plural form হয় এবং verb singular হয়।

**22. I could barely — the traffic signs through the torrential rainfall.**

Ⓐ make up Ⓑ make for Ⓒ make at Ⓓ make out

**(D) Explanation** উক্ত বাক্যে 'make out' একটি phrasal verb; যার অর্থ বুঝতে পারা, অনুধাবণ করা।

**23. Did Jamal study a lot last night? No, he — last night.**

Ⓐ hasn't study Ⓑ studied not much
Ⓒ hardly studied Ⓓ didn't much study

**(C) Explanation** বাক্যে last, last night, ago, yesterday ইত্যাদি থাকলে verb এর past form বসে।

**24. My peer felt — and spoke —**

Ⓐ nervously — nervous Ⓑ nervous — nervous
Ⓒ nervous — nervously Ⓓ nervously — nervously

**(C) Explanation** Feel হলো linking verb; এর পর adjective form (nervous) বসবে এবং speak এর পর adverb (nervously) হবে।

**25. If the players — in that new ground for several months they — to show better performance.**

Ⓐ could be practicing/ will be able
Ⓑ could practice/would be able
Ⓒ could have practiced/had been able
Ⓓ can practice/would have been able

**(B) Explanation** উক্ত বাক্যটি 2nd conditional এবং এর গঠন: subordinate clause টি past হলে, principal clause টি past conditional (would/could /might + verb এর base form হয়।

**26. She — attend all the programs.**

Ⓐ rather not to Ⓑ 'd rather not
Ⓒ 'd not rather Ⓓ would rather not to

**(B) Explanation** Would rather হলো modal auxiliary verb। তাই এর পর not + $v_1$ বসবে।



CamScanner

**27. The doctor suggested that his mother — taking the medicine immediately.**
Ⓐ stopped Ⓑ stops Ⓒ stop Ⓓ had stopped

Ⓒ Explanation বাক্যে suggest, propose, insist, demand, advise, allow, forbid, want, prefer ইত্যাদি subjunctive word এর পর subject তারপর verb এর base form বসে।

**28. I haven't seen the newly built sports museum yet, my friends —.**
Ⓐ neither Ⓑ haven't neither
Ⓒ also have not Ⓓ haven't either

Ⓓ Explanation আমি একটি কাজ করিনি, সেও করেনি এরকম agreement প্রকাশে negative এর ক্ষেত্রে বাক্যের শেষে either বসে।

**29. He has been pounding the pavement ever since he was fired. Here, "pounding the pavement' means-**
Ⓐ to walk the streets for employment
Ⓑ to work in a street restaurant
Ⓒ to be a street vendor
Ⓓ to wait on the pavement for good luck

Ⓐ Explanation Pound the pavement – to walk along the sidewalk or streets to look for employment (কর্মসংস্থানের জন্য রাস্তায় হাঁটা বা ঘুরে বেড়ানো)।

**30. Bob: Everything is in such a mess. I can't seem to get things done right jane: *Hang in there*, Bob Here, "hang in there" means-**
Ⓐ to get rid of the unwanted things
Ⓑ to seek help from a friend
Ⓒ to wait and be patient
Ⓓ to wait for a friend to come and help

Ⓒ Explanation 'Hang in there' অর্থ-অপেক্ষা করা/ ত্যাগ না করা এবং ধৈর্য্য ধরণ করা।

**31. বিজ্ঞানীরা কোভিড-১৯ ভাইরাস শীঘ্রই নির্মূল হবে না বলে ধারণা করছেন। The correct translation is-**
Ⓐ Scientists don't think that Covid-19 virus may not eliminate soon.
Ⓑ According to scientists Covid-19 virus will not be destroy soon.
Ⓒ Scientists predict that Covid-19 virus won't be eliminated soon.
Ⓓ Scientists think Covid-19 virus may not eliminate soon.

Ⓒ Explanation ধারণা করা অর্থে predict ব্যবহৃত হবে। Eliminate – নির্মূল করা।

**Identify the alternative (A, B, C or D) that must be changed in order for the sentences (32-35) to be correct.**

**32. The (Ⓐ) athlete was disqualified from (Ⓑ) the tournament for (Ⓒ) taking part at (Ⓓ) an illegal demonstration.**

Ⓓ Explanation 'Take part in' অর্থ অংশগ্রহণ করা।

**33. As soon as (Ⓐ) they were scared (Ⓑ), the man (Ⓒ) began to whisper among themselves (Ⓓ).**

Ⓒ Explanation উক্ত বাক্যে they were scared, এর পর the men হবে।

**34. Silver one of the first metal (Ⓐ) used by humans (Ⓑ) is an excellent (Ⓒ) conductor of heat and electricity (Ⓓ).**

Ⓐ Explanation One of the এর পরে noun/pronoun এর plural form হয়।

**35. Visitors (Ⓐ) were not permitted entering (Ⓑ) the park after dark because of the lack (Ⓒ) of (Ⓓ) security.**

Ⓑ Explanation Permit এর পর to + v বসে।

## সাধারণ জ্ঞান

**01. বাংলাদেশের কোন নদী প্রাকৃতিক মৎস প্রজনন ক্ষেত্র হিসেবে পরিচিত?**
Ⓐ মেঘনা Ⓑ কর্ণফুলী Ⓒ হালদা Ⓓ বুড়িগঙ্গা

Ⓒ Solve বাংলাদেশ তথা এশিয়ার একমাত্র প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র হালদা নদী। এটি বাংলাদেশের পূর্ব পাহাড়ি অঞ্চলের খাগড়াছড়ি ও চট্টগ্রাম জেলার একটি নদী। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ২০২০ সালের ডিসেম্বরে হালদা নদীকে 'বঙ্গবন্ধু মৎস্য হেরিটেজ' ঘোষণা করে।

**02. স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?**
Ⓐ মাহাত্মা গান্ধী Ⓑ লর্ড কার্জন
Ⓒ লর্ড মাউন্টব্যাটেন Ⓓ জওহরলাল নেহেরু

Ⓒ Solve লর্ড মাউন্টব্যাটেন ১৯৪৭ সালের মার্চ থেকে আগস্ট পর্যন্ত ব্রিটিশ ভারতের শেষ ভাইসরয় ও গভর্নর জেনারেল হিসেবে নিযুক্ত ছিলেন। ১৫ আগস্ট ১৯৪৭ ভারত স্বাধীন হলে, তিনি স্বাধীন ভারতের প্রথম গভর্নর জেনারেল নিযুক্ত হন।

**03. ১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় পূর্ববাংলার মুখ্যমন্ত্রী কে ছিলেন?**
Ⓐ খাজা নাজিম উদ্দিন Ⓑ এ কে ফজলুল হক
Ⓒ হোসেন শহীদ সোহরাওয়ার্দী Ⓓ নূরুল আমিন

Ⓓ Solve ভাষা আন্দোলনের সময় পাকিস্তানি শাসকবর্গ:

| | |
|---|---|
| পাকিস্তানের গভর্নর | গোলাম মুহাম্মদ |
| পাকিস্তানের প্রধানমন্ত্রী | খাজা নাজিম উদ্দিন |
| পূর্ববঙ্গের গভর্নর | ফিরোজ খান নূন |
| পূর্ববঙ্গের মুখ্যমন্ত্রী | নুরুল আমীন |

**04. বাংলাদেশের মুদ্রা হিসেবে 'টাকা' কোন তারিখে চালু হয়?**
Ⓐ ২৬ মার্চ ১৯৭২ Ⓑ ৪ মার্চ ১৯৭২
Ⓒ ৫ মার্চ ১৯৭২ Ⓓ ৭ মার্চ ১৯৭২

Ⓑ Solve বাংলাদেশে মুদ্রা হিসেবে টাকা, সর্বপ্রথম চালু হয় ৪ মার্চ ১৯৭২ সালে। বাংলাদেশের মুদ্রা 'টাকা' এর নামকরণ করেন মুশফেকুর সালেহীন। বাংলাদেশে বর্তমানে ১০টি নোট চালু আছে। এর মধ্যে ১, ২ ও ৫ সরকারি নোট এবং ১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০, ১০০০ টাকার নোট ব্যাংক নোট হিসেবে পরিচিত।

**05. জ্বালানি তেল উৎপাদনে কোন দেশ শীর্ষে?**
Ⓐ ইরাক Ⓑ ইরান
Ⓒ যুক্তরাজ্য Ⓓ যুক্তরাষ্ট্র

Ⓓ Solve বর্তমানে শীর্ষ তেল উৎপাদনকারী দেশ যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্র প্রতিদিন গড়ে ১৮৬০ মিলিয়ন ব্যারল তেল উৎপাদন করে যা বিশ্বের তেল উৎপাদনের ১৯ শতাংশ। যুক্তরাষ্ট্র গত চার বছর ধরে তেল উৎপাদনে শীর্ষস্থান ধরে রেখেছে।



CamScanner

06. আওয়ামী লীগের 'ছয়দফা' কোন সালে পেশ করা হয়?

Ⓐ ১৯৬৫ Ⓑ ১৯৬৬
Ⓒ ১৯৯৭ Ⓓ ১৯৫৫

**B Solve** ১৯৬৬ সালের ৫-৬ ফেব্রুয়ারি লাহোরে অনুষ্ঠিত বিরোধী দলসমূহের এক সম্মেলনে আওয়ামী লীগ সভাপতি শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানে রাজনৈতিক, অর্থনৈতিক ও প্রতিরক্ষার দাবি সংবলিত ৬ দফা দাবি তুলে ধরেন। ৬ দফাকে বলা হয় বাঙালির মুক্তির সনদ।

07. ফরাসি বিপ্লবের মূলমন্ত্র কী ছিলো?

Ⓐ স্বাধীনতা, সমতা ও ভ্রাতৃত্ববোধ Ⓑ জাতীয়তা, স্বাধীনতা ও শান্তি
Ⓒ শিক্ষা, ঐক্য ও প্রগতি Ⓓ গণতন্ত্র, সমতা ও স্বাধীনতা

**A Solve** ফরাসি বিপ্লব (১৭৮৯) পুরো বিশ্বের রাষ্ট্রব্যবস্থার অভূতপূর্ব প্রভাব ফেলেছিল। রাজতন্ত্রের বিরুদ্ধে সোচ্চার কৃষক ও শ্রমজীবীদের আন্দোলনের পথিকৃৎ এই বিপ্লব। এই আন্দোলন সংঘটিত হওয়ার পেছনে ফরাসি দার্শনিক ও সাহিত্যিকদের অসামান্য অবদান রয়েছে।

08. বাংলাদেশের সবচেয়ে ছোট ইউনিয়ন কোনটি?

Ⓐ সেন্টমার্টিন Ⓑ লালপুর
Ⓒ হিলি Ⓓ লালমোহন

**A Solve** প্রশ্নে উল্লেখিত অপশানগুলোর মধ্যে সবচেয়ে ছোট ইউনিয়ন 'সেন্টমার্টিন ইউনিয়ন'। ইউনিয়নটির আয়তন ১৩ বর্গ কি.মি.। ২০১১ সালের আদমশুমারি অনুযায়ী বর্তমানে আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট ইউনিয়ন হাজীপুর, ভোলা। হাজীপুর ইউনিয়নের আয়তন ১১ বর্গ কি.মি.।

09. 'আসাদ গেট' কোন আন্দোলনের স্মৃতি রক্ষার্থে নির্মিত হয়?

Ⓐ একুশের ভাষা-আন্দোলন Ⓑ ছয়দফা আন্দোলন
Ⓒ ১৯৬৯ এর গণঅভ্যুত্থান Ⓓ ১৯৯০ এর স্বৈরাচারবিরোধী আন্দোলন

**C Solve** ২০ জানুয়ারি ১৯৬৯ গণঅভ্যুত্থানের সময় পুলিশের গুলিতে নিহত হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের ছাত্র আসাদ। শহীদ আসাদের স্মৃতি রক্ষার্থে মোহাম্মদপুরের এলাকার একটি তোরণের নামকরণ করা হয় আসাদ গেট। যার পূর্ববর্তী নাম ছিল আইয়ুব গেট।

10. নারী-বিষয়ক পত্রিকা 'বেগম' এর প্রথম সম্পাদক কে?

Ⓐ সুফিয়া কামাল Ⓑ নূরজাহান বেগম
Ⓒ মুশতারী শফী Ⓓ সেলিনা হোসেন

**A Solve** 'বেগম' বাংলার প্রথম সচিত্র নারী সাপ্তাহিক। সাহিত্যক্ষেত্রে মেয়েদের এগিয়ে আনার লক্ষ্যে ২০ জুলাই ১৯৪৭ কলকাতা থেকে পত্রিকাটি প্রকাশিত হয়। পরবর্তীতে ১৯৫০ সালে ঢাকায় স্থানান্তরিত হয়। পত্রিকাটির প্রতিষ্ঠাতা সম্পাদক ছিলেন বেগম সুফিয়া কামাল। পরে পত্রিকাটির সম্পাদনা শুরু করেন নূরজাহান বেগম।

11. সাদৃশ্য বিবেচনা করে ঠিক উত্তরটি বাছাই কর।

পেরু : লিমা :: নিউজিল্যান্ড : ——

Ⓐ হ্যামিলটন Ⓑ ওয়েলিংটন
Ⓒ অকল্যান্ড Ⓓ ক্রাইস্টচার্চ

**B Solve** বিভিন্ন দেশের রাজধানী:

| দেশ | রাজধানী | দেশ | রাজধানী |
|---|---|---|---|
| পেরু | লিমা | কাজাখস্তান | নুর সুলতান |
| নিউজিল্যান্ড | ওয়েলিংটন | নাইজেরিয়া | আবুজা |
| তুরস্ক | আঙ্কারা | উজবেকিস্তান | তাসখন্দ |

12. বাংলাদেশে প্রথম ইপিজেড কোথায় স্থাপিত হয়?

Ⓐ সাভার Ⓑ চট্টগ্রাম
Ⓒ মংলা Ⓓ ঈশ্বরদী

**B Solve** বাংলাদেশের প্রথম ইপিজেড প্রতিষ্ঠিত হয় ১৯৮৩ সালে চট্টগ্রামের হালিশহরে। বাংলাদেশে মোট ইপিজেড ১০টি। এর মধ্যে সরকারি ৮টি এবং বেসরকারি ২টি। বাংলাদেশের সর্বশেষ ইপিজেড কর্ণফুলী ইপিজেড।

13. বাংলায় 'চিরস্থায়ী বন্দোবস্ত' বিলুপ্ত করা হয় কোন সালে?

Ⓐ ১৯০৫ Ⓑ ১৯৩৭
Ⓒ ১৯৪৭ Ⓓ ১৯৫০

**D Solve** ১৭৯৩ সালে লর্ড কর্নওয়ালিস চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা প্রবর্তন করেন। পরবর্তীতে ১৯৫০ সালে শেরে বাংলা এ কে ফজলুল হকের নেতৃত্বে পূর্ববঙ্গ জমিদারি অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন প্রণিত হলে চিরস্থায়ী বন্দোবস্ত ব্যবস্থার বিলুপ্ত হয়।

14. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন?

Ⓐ তাজউদ্দিন আহমদ Ⓑ ক্যাপ্টেন এম মনসুর আলী
Ⓒ এ এইচ এম কামারুজ্জামান Ⓓ এইচ টি ইমাম

**B Solve** মুজিবনগর সরকারের মন্ত্রীসভা :

| মন্ত্রি | মন্ত্রণালয় |
|---|---|
| তাজউদ্দিন আহমদ | প্রধানমন্ত্রী, প্রতিরক্ষামন্ত্রী |
| এম. মনসুর আলী | অর্থ, বাণিজ্য ও শিল্পমন্ত্রী, |
| এ.এইচ এম কামারুজ্জামান | স্বরাষ্ট্র, কৃষি, ত্রাণ ও পুর্নবাসন মন্ত্রী |
| খন্দকার মোশতাক আহমেদ | পররাষ্ট্র ও আইনমন্ত্রী |

15. বাংলাদেশের কোন জেলা আসামের অংশ ছিল?

Ⓐ সিলেট Ⓑ চট্টগ্রাম
Ⓒ কুমিল্লা Ⓓ দিনাজপুর

**A Solve** সিলেট বিভাগ বর্তমানে বাংলাদেশের পূর্ব প্রান্তে অবস্থিত একটি প্রশাসনিক অঞ্চল, যা হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ এবং সিলেট জেলা নিয়ে গঠিত। ১৮৭৪ খ্রিস্টাব্দে এই অঞ্চল আসাম প্রদেশে যুক্ত হয়। ১৯৪৭ খ্রিস্টাব্দে গণভোটের মাধ্যমে এই অঞ্চল পাকিস্তান রাষ্ট্রের অধীন হয়ে বর্তমান বাংলাদেশের অন্তর্ভুক্ত হয়।

16. কোন তারিখে 'বিশ্ব মানবাধিকার দিবস' পালিত হয়?

Ⓐ ১০ সেপ্টেম্বর Ⓑ ১০ অক্টোবর
Ⓒ ১০ নভেম্বর Ⓓ ১০ ডিসেম্বর

**D Solve** কতিপয় আন্তর্জাতিক দিবস:

| তারিখ | দিবস |
|---|---|
| ১০ সেপ্টেম্বর | বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস |
| ১০ অক্টোবর | বিশ্ব মৃত্যুদন্ড বিরোধী দিবস |
| ১০ নভেম্বর | শান্তি ও উন্নয়নের জন্য বিশ্ব বিজ্ঞান দিবস |

17. এশিয়া মহাদেশের কোন দেশ জি-৭ এর সদস্য?

Ⓐ চীন Ⓑ জাপান
Ⓒ দক্ষিণ কোরিয়া Ⓓ ইন্দোনেশিয়া

**B Solve** জি-৭ (Group of Seven) বিশ্বের শিল্পোন্নত সাত জাতির সমন্বয়ে গঠিত অর্থনৈতিক ও বাণিজ্যিক জোট। সদস্য দেশগুলো হলো যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানী, ইতালি, কানাডা ও জাপান। G-7 ভুক্ত একমাত্র এশীয় দেশ জাপান।



CamScanner

**18. সাদৃশ্য বিবেচনা করে ঠিক উত্তরটি বাছাই কর।**

**রবীন্দ্রনাথ: সঞ্চয়িতা:: নজরুল: ---**

Ⓐ মৃত্যুক্ষুধা Ⓑ সঞ্চিতা Ⓒ বিদ্রোহী Ⓓ কুহেলিকা

**B Solve** সঞ্চয়িতা রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কাব্যগ্রন্থ। পক্ষান্তরে, সঞ্চিতা কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ। কুহেলিকা ও মৃত্যুক্ষুধা কাজী নজরুল ইসলামের উপন্যাস এবং বিদ্রোহী তার একটি বিখ্যাত কবিতা।

**19. গৌতম বুদ্ধের জন্মস্থান কোথায়?**

Ⓐ ভারত Ⓑ চীন

Ⓒ নেপাল Ⓓ ভুটান

**C Solve** বৌদ্ধ ধর্মের প্রবর্তক গৌতম বুদ্ধ খ্রিস্টপূর্ব ৫৬৩ অব্দে নেপালের কপিলাবস্তু রাজ্যের লুম্বিনী নামক স্থানে জন্মগ্রহণ করেন। তার প্রকৃত নাম সিদ্ধার্থ এবং তার উপাধি 'শাক্যসিংহ'। গৌতম বুদ্ধ ৪৮৩ খ্রিস্টপূর্বাব্দে ভারতের কুশীনগরে দেহত্যাগ করেন।

**20. তেল উৎপাদনকারী দেশগুলোর জোট 'ওপেক' এর সদর দপ্তর কোথায়?**

Ⓐ ভিয়েনা Ⓑ লন্ডন

Ⓒ তেহরান Ⓓ বাগদাদ

**A Solve** Organization of the Petroleum Exporting Countries (OPEC) প্রতিষ্ঠিত হয় ১৪ সেপ্টেম্বর ১৯৬০। OPEC এর সদর দফতর অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অবস্থিত এবং বর্তমানে সদস্য দেশ ১৩ টি।

**21. কোন দেশে ২০২২ সালে ফিফা বিশ্বকাপ অনুষ্ঠিত হবে?**

Ⓐ জাপান Ⓑ চীন

Ⓒ কাতার Ⓓ মিশর

**C Solve** প্রতি চার বছর পরপর বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়। ১৯৩০ সালে প্রথম বিশ্বকাপ ফুটবলের আয়োজক দেশ ছিল উরুগুয়ে। ২০২২ সালে ২২তম ফিফা বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় কাতারে এবং ২০২৬ সালে ২৩তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে।

**22. ঐতিহাসিক আগরতলা মামলায় কতজন আসামি ছিলেন?**

Ⓐ ৩২ জন Ⓑ ৩৩ জন

Ⓒ ৩৪ জন Ⓓ ৩৫ জন

**D Solve** তৎকালীন পাকিস্তান সরকার আওয়ামী লীগ নেতা শেখ মুজিবুর রহমানসহ ৩৫ জন বিশিষ্ট ব্যক্তির বিরুদ্ধে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করেছিল। ১৯৬৮ সালে দায়ের করা এই মামলার শিরোনাম ছিল 'রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য'।

**23. কোভিড-১৯ এর ভ্যাকসিন আবিষ্কারক সারা গিলবার্ট কোন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক?**

Ⓐ হার্ভার্ড Ⓑ অক্সফোর্ড

Ⓒ ক্যামব্রিজ Ⓓ ক্যালিফোর্নিয়া

**B Solve** সারাহ ক্যাথরিন গিলবার্ট একজন ব্রিটিশ ভ্যাকসিনোলজিস্ট। যিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ভ্যাকসিনোলজির অধ্যাপক এবং ভ্যাক্সিটেকের সহ-প্রতিষ্ঠাতা। গিলবার্ট ইনফ্লুয়েঞ্জা এবং উদীয়মান ভাইরাল প্যাথোজেনগুলির বিরুদ্ধে ভ্যাকসিনগুলির বিকাশে বিখ্যাত।

**24. কালিদাস কোন ভাষার কবি ছিলেন?**

Ⓐ সংস্কৃত Ⓑ হিন্দি

Ⓒ পালি Ⓓ বাংলা

**A Solve** কালিদাস বাল্মিকী ব্যাসের পরে সর্বাধিক খ্যাতিসম্পন্ন সংস্কৃত কবি ও নাট্যকার। কালিদাসের সবচেয়ে সমাদৃত দুটি রচনা- 'অভিজ্ঞান শকুন্তলম' এবং 'মেঘদূতম'।

**25. ২০২৮ সালের অলিম্পিক গেমস কোথায় অনুষ্ঠিত হবে?**

Ⓐ ফ্রান্সের প্যারিস Ⓑ ইতালির মিলান

Ⓒ যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেস Ⓓ পেরুর লিমা

**C Solve** বিশ্বের সর্ববৃহৎ ক্রিড়া অনুষ্ঠান অলিম্পিক গেমসকে ক দ্য গ্রেটেস্ট শো অন আর্থ। অলিম্পিক গেমস প্রতি চার বছর পরপর অনুষ্ঠি পরবর্তী ২০২৪, ২০২৮ ও ২০৩২ সালে অলিম্পিক গেমস অনুষ্ঠিত হবে যথা প্যারিস (ফ্রান্স), লস অ্যাঞ্জেলস (যুক্তরাষ্ট্র) ও ব্রিসবেন (অস্ট্রেলিয়া)।

**26. 'সিটিবিটি' কোন ধরনের চুক্তি?**

Ⓐ শরণার্থী-বিষয়ক Ⓑ জলবায়ু-বিষয়ক

Ⓒ পরমাণু অস্ত্র-বিষয়ক Ⓓ কার্বন নিঃসরণ-বিষয়ক

**C Solve** পারমাণবিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি Comprehen Nuclear Test Ban Treaty (CTBT)। ১০ সেপ্টেম্বর ১৯৯৬ অ জাতিসংঘের ৫১ তম সাধারণ পরিষদের অধিবেশনে চুক্তিটি উত্থাপন ক চুক্তির উদ্দেশ্য ছিল পারমাণবিক অস্ত্র তৈরি না করা এবং পূর্বেরগুলো প্র সীমিত করা।

**27. বাংলাদেশ মহিলা ক্রিকেট দল কোন সালে টেস্ট স্ট্যাটাস লাভ করে?**

Ⓐ ২০১৮ Ⓑ ২০১৯

Ⓒ ২০২০ Ⓓ ২০২১

**D Solve** ১ এপ্রিল ২০২১ আইসিসির বোর্ড এবং কমিটি স বাংলাদেশ, আফগানিস্তান ও জিম্বাবুয়ের নারী ক্রিকেট দলকে টেস্ট স্ট্যা প্রদান করে। বর্তমানে টেস্ট ক্রিকেট স্ট্যাটাস পাওয়া নারী ক্রিকেট দল ১০টি

**28. জাতিসংঘের বর্তমান মহাসচিব আন্তোনিও গুতেরেস কোন দেশের নাগরিক?**

Ⓐ ফ্রান্স Ⓑ বেলজিয়াম

Ⓒ মরক্কো Ⓓ পর্তুগাল

**D Solve** জাতিসংঘের বর্তমান ও নবম মহাসচিব অ্যান্তেনিও গুতে একজন প্রখ্যাত পর্তুগীজ রাজনীতিবিদ। তিনি পর্তুগালের সাবেক প্রধানম কূটনীতিবিদ ছিলেন। এছাড়া তিনি ২০০৫-২০১৫ সাল পর্যন্ত জাতি শরণার্থীবিষয়ক হাইকমিশনার ছিলেন।

**29. উইনস্টন চার্চিল কোন সালে সাহিত্যে নোবেল পুরস্কার পান?**

Ⓐ ১৯৪৩ Ⓑ ১৯৪৫

Ⓒ ১৯৪৮ Ⓓ ১৯৫৩

**D Solve** দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন উইন চার্চিল। তিনি রাজনীতিবিদ হয়েও ১৯৫৩ সালে 'The History of Seco World War' গ্রন্থের জন্য সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন এবং ১৯ সালে যুক্তরাষ্ট্রের সম্মানসূচক নাগরিকত্ব লাভ করেন।

**30. 'জাস্টিস ডিলেইড ইজ জাস্টিস ডিনাইড' উক্তিটি কার?**

Ⓐ শেক্সপিয়ার Ⓑ এমারসন

Ⓒ গ্ল্যাডস্টোন Ⓓ ইলিয়ট

**C Solve** উইলিয়াম ইওয়ার্ট গ্লাডস্টোন ছিলেন একজন ব্রিটিশ রাষ্ট্রনায়ক উদার রাজনীতিবিদ। তিনি ১২ বছর যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পা করেন। তাঁর বিখ্যাত দুটি উক্তি হলো- 'Justice delayed is justice denie এবং 'Nothing that is morally wrong can be politically right'।



CS CamScanner

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**ভর্তি পরীক্ষা: ২০২০-২১; ইউনিট-B; সেট-২; (বাংলা-২)**

**শিফট দ্বিতীয় : কলা ও মানববিদ্যা অনুষদ**

বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, ইসলামিক স্টাডিজ, IML (Language & Linguistics), ফারসি ভাষা ও সাহিত্য, পালি, সংস্কৃত, IER (বি.এড.), বাংলাদেশ স্টাডিজ

বিষয় নির্দেশনা : A, B, C ও D থেকে ঠিক উত্তর বেছে নাও। সকল প্রশ্নের মান সমান। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর বিয়োগ হবে।

## বাংলা

01. কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

Ⓐ অতি Ⓑ অনা
Ⓒ প্রতি Ⓓ অধি

Ⓑ Solve খাঁটি বাংলা উপসর্গ মোট একুশটি। যথা : অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

02. 'রেইনকোট' গল্পে মিলিটারির ভয়ে নুরুল হুদা কতবার বাড়ি বদল করেছিলেন?

Ⓐ চারবার Ⓑ তিনবার
Ⓒ দুইবার Ⓓ পাঁচবার

Ⓐ Solve ১৯৯৫ সালে প্রকাশিত আখতারুজ্জামান ইলিয়াস (১৯৪৩-৯৭) মুক্তিযুদ্ধের সমকালে ঢাকার পরিস্থিতি নিয়ে রচনা করেন 'রেইনকোট' গল্পটি। নুরুল হুদার জবানিতে অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে। গল্পটি 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' গল্পগ্রন্থ থেকে সংকলিত হয়েছে।

03. খালেক ব্যাপারীর প্রথম পক্ষের স্ত্রীর নাম কী?

Ⓐ তানু বিবি Ⓑ আমেনা Ⓒ জমিলা Ⓓ হাসুনির মা

Ⓑ Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসে খালেক ব্যাপারী অন্যতম প্রতিনিধিত্বশীল চরিত্র। সেও সমাজের টাইপ চরিত্র। খালেক ব্যাপারীর প্রথম স্ত্রী আমেনা বিবি (তেরো বছর বয়সে বিয়ে হয়েছিল) এবং তানু বিবি তার দ্বিতীয় স্ত্রী। জমিলা হলো মজিদের দ্বিতীয় স্ত্রী। হাসুনির মা চরিত্রটি তাহের ও কাদেরের বোন।

04. ১৯৫২ সালে ফেব্রুয়ারি মাসের কত তারিখে কারাবন্দি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মুক্তির আদেশ আসে?

Ⓐ ২৫ ফেব্রুয়ারি Ⓑ ২৬ ফেব্রুয়ারি
Ⓒ ২৮ ফেব্রুয়ারি Ⓓ ২৭ ফেব্রুয়ারি

Ⓓ Solve জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত 'বায়ান্নর দিনগুলো' রচনায় ১৯৫২ সালে বঙ্গবন্ধুর জেলজীবন ও জেল থেকে মুক্তিলাভের স্মৃতি বিবৃত হয়েছে।

05. কোনটি বাংলা উপসর্গ?

Ⓐ বদ Ⓑ অ Ⓒ না Ⓓ সাব

Ⓑ Solve 'অ' বাংলা উপসর্গের কয়েকটি প্রায়োগিক রূপ :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত হয় | উদাহরণ |
|---|---|---|
| অ | নিন্দিত | অকেজো, অপয়া |
| | অভাব | অচিন, অজানা |
| | ক্রমাগত | অঝোর, অঝোরে |

06. 'সিরাজউদ্দৌলা' নাটকে বিশ্বাসঘাতক চরিত্র কোনটি?

Ⓐ সিরাজ Ⓑ মীরমদন
Ⓒ মোহনলাল Ⓓ মোহাম্মদী বেগ

Ⓓ Solve মোহাম্মদি বেগ একজন নীচাশয় কুচক্রী ব্যক্তি ও খুনি। মোহাম্মদি বেগ অর্থের লোভে অত্যন্ত নিষ্ঠুরভাবে পিস্তল ও ছুরিকাঘাতে ২ জুলাই ১৭৫৭ সালে মিরনের আদেশে নবাব সিরাজউদ্দৌলাকে হত্যা করে। অথচ সিরাজের পিতা মির্জা জয়নুদ্দিন অনাথ বালক মোহাম্মদি বেগকে আদর-যত্নে মানুষ করেছিলেন।

07. 'জনাব নুরুল আমিন বুঝতে পারেন না — তাঁকে কোথায় নিয়ে গেল।' শূন্যস্থানে কী ছিল?

Ⓐ আমলাতন্ত্র Ⓑ সমাজতন্ত্র
Ⓒ গণতন্ত্র Ⓓ সামন্ততন্ত্র

Ⓐ Solve 'বায়ান্নর দিনগুলো' রচনা অনুসারে নুরুল আমিন ১৯৫২ সালের ভাষা আন্দোলনে ছাত্রদের ওপর গুলিবর্ষণের জন্য দায়ী তদানীন্তন মুখ্যমন্ত্রী। বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার বিরোধিতাকারী। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর নুরুল আমিন পাকিস্তানের নাগরিকত্ব গ্রহণ করেন।

08. 'বেওয়ারিশ' কোন সমাসের উদাহরণ?

Ⓐ কর্মধারয় Ⓑ বহুব্রীহি
Ⓒ দ্বিগু Ⓓ তৎপুরুষ

Ⓑ Solve পূর্বপদে নঞর্থক (না-অর্থবোধক) অব্যয় ও পরপদে বিশেষ্য মিলে যে তৃতীয় বিষয়ের ধারণা প্রকাশ পায় তাকেই নঞর্থক বহুব্রীহি সমাস বলে। যেমন : বে (নেই) ওয়ারিশ যার = বেওয়ারিশ, নেই অক্ষর যার = অনক্ষর।

09. কোন বানানটি শুদ্ধ?

Ⓐ অগ্নি সংকেত Ⓑ আইনজীবি
Ⓒ মুনিষী Ⓓ মহিমা

Ⓓ Solve প্রদত্ত অশুদ্ধ শব্দের শুদ্ধ রূপ : অগ্নিসংকেত, আইনজীবী, মনীষী। এরূপ কয়েকটি শুদ্ধ শব্দ : মরীচিকা, সংকলন, ব্রাহ্মণ, চাণক্য, চিহ্ন, নির্দেশ, সৌন্দর্য, বাহ্য, রবীন্দ্র, শিক্ষা, সুজন, আষাঢ়, অনুজ।

10. কোনটি উপমিত কর্মধারয় সমাসের উদাহরণ?

Ⓐ করপল্লব Ⓑ দেশোদ্ধার
Ⓒ কুসুমকোমল Ⓓ ঘনশ্যাম

Ⓐ Solve সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদের সাথে উপমানের যে সমাস হয়, তাকে উপমিত কর্মধারয় সমাস বলে (এক্ষেত্রে সাধারণ গুণটিকে অনুমান করে নেওয়া হয়)। এ সমাসে উপমেয় পদটি পূর্বে বসে। যেমন : কর পল্লবের ন্যায় = করপল্লব, কুমারী ফুলের ন্যায় = ফুলকুমারী।

11. কোনটি সাধু রীতির বৈশিষ্ট্য?

Ⓐ পরিবর্তনশীল Ⓑ তদ্ভব শব্দবহুল
Ⓒ তৎসম শব্দবহুল Ⓓ সহজবোধ্য

Ⓒ Solve সাধু রীতির কিছু বৈশিষ্ট্য :

- সাধু রীতি সুনির্ধারিত ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে।
- সাধু রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল।
- সাধু রীতি নাটকের সংলাপ ও বক্তৃতার অনুপযোগী।
- সাধু রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদের পূর্ণাঙ্গ রূপ ব্যবহৃত হয়।
- সাধু রীতি কৃত্রিম ও অপরিবর্তনীয়।



CS CamScanner

12. কোন লেখক জীবনানন্দের কবিতাকে 'চিত্ররূপময়' বলে আখ্যায়িত করেছেন?

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ বুদ্ধদেব বসু
Ⓒ আবু সয়ীদ আইয়ুব Ⓓ সুধীন্দ্রনাথ দত্ত

A Solve কবি জীবনানন্দ দাশ সম্পর্কিত কয়েকটি তথ্য :

| |
|---|
| বুদ্ধদেব বসু তাঁকে আখ্যায়িত করেছেন- 'নির্জনতম কবি' বলে। |
| বাংলা সাহিত্যে 'রূপসী বাংলার কবি' হিসেবে খ্যাত- জীবনানন্দ দাশ। |
| তাঁর মা কুসুমকুমারী দাশ ছিলেন- সেকালের বিখ্যাত কবি। |

13. কোনটি শামসুর রাহমানের আত্মজীবনীমূলক গ্রন্থ?

Ⓐ কালের ধুলোয় লেখা Ⓑ দুঃসময়ের মুখোমুখি
Ⓒ অক্টোপাস Ⓓ অদ্ভুত আঁধার এক

A Solve শামসুর রাহমানের 'কালের ধুলোয় লেখা' আত্মজীবনীতে রাজনীতি, অর্থনীতি, সাহিত্য-সংস্কৃতি শুধু নয়, বৈশ্বিক পটভূমিতে কাছ থেকে দেখা বাঙালির গণ-সংস্কৃতির ইতিহাস যেমন প্রকাশিত হয়েছে তেমনি প্রতিভাত হয়েছে তাঁর কাব্যসত্তার ভেতর-বাহির। জীবনে ঘটেছে এমন কোনো ঘটনাকে লুকোতে চাননি তিনি।

14. 'সিরাজউদ্দৌলা' নাটকের 'ইনি কি নবাব না ফকির?' কে, কাকে উদ্দেশ্য করে বলেছে?

Ⓐ ক্লাইভ, মীরজাফরকে Ⓑ ওয়াটস, মীরজাফরকে
Ⓒ ওয়াটস, মীরনকে Ⓓ ক্লাইভ, মীরনকে

A Solve উক্তিটি সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের চতুর্থ অঙ্কের প্রথম দৃশ্যের। পলাশীর যুদ্ধে নবাব সিরাজ পরাজিত হলে পূর্ব চক্রান্ত অনুসারে মিরজাফর সুবে বাংলার নবাব হন। মিরজাফর আসন গ্রহণ না করায়। ক্লাইভ বলে ওঠে- 'নবাব মসনদের পাশে দাঁড়িয়ে আছে ইনি কি নবাব না ফকির?'

15. 'যে কবিতা শুনতে জানে না/সে আজন্ম ক্রীতদাস থেকে যাবে।' কোন কবিতার চরণ?

Ⓐ লোক লোকান্তর Ⓑ রক্তে আমার অনাদি অস্থি
Ⓒ ফেব্রুয়ারি ১৯৬৯ Ⓓ আমি কিংবদন্তির কথা বলছি

D Solve 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্য 'আমি কিংবদন্তির কথা বলছি' এর নাম-কবিতা। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবি পৌনঃপুনিকভাবে মানবমুক্তির আকাঙ্ক্ষায় সোচ্চার হয়েছেন। কবির একান্ত প্রত্যাশিত মুক্তির প্রতীক হয়ে উপস্থাপিত হয় একটি বিশেষ শব্দবন্ধ 'কবিতা'।

16. কোন শব্দযুগল ভিন্নার্থক নয়?

Ⓐ নবনী, ননি Ⓑ স্বাক্ষর, সাক্ষর
Ⓒ পানি, পাণি Ⓓ শিকড়, শিকর

A Solve প্রদত্ত শব্দগুলোর অর্থ :

| | | | |
|---|---|---|---|
| ক. | নবনী, ননী- মাখন। | খ. | স্বাক্ষর- সই, দস্তখত।<br>সাক্ষর- অক্ষরজ্ঞান সম্পন্ন। |
| গ. | পানি- জল, বারি।<br>পাণি- হস্ত, হাত। | ঘ. | শিকড়- মূল, গাছের মূল।<br>শীকর- বাতাসে ভাসমান জলকণা। |

17. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কবি তাঁর স্বপ্নকে কোথায় রেখেছেন?

Ⓐ ভয়াল ঘূর্ণিতে Ⓑ বঙ্গোপসাগরে
Ⓒ নরদানবের বুকে Ⓓ গণমানুষের বুকে

B Solve 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাটি কবি দিলওয়ারের 'রক্তে আমার অনাদি অস্থি' নামক কাব্যগ্রন্থের নাম-কবিতা। এ কবিতায় কবি স্বপ্ন সম্পর্কে বলেছেন- রেখেছি আমার প্রাণ স্বপ্নকে/বঙ্গোপসাগরেই।

18. 'বাগাড়ম্বর' শব্দের সন্ধি বিচ্ছেদ-

Ⓐ বাগ + অম্বর Ⓑ বাগ + আড়ম্বর
Ⓒ বাক্ + আড়ম্বর Ⓓ বাক্ + অম্বর

C Solve ক, চ, ট, ত, প এর পরে স্বরধ্বনি থাকলে, ব্যঞ্জনধ্বনিটি ঐ বর্গের তৃতীয় ধ্বনি গ, জ, ড (ড়), দ, ব তে পরিণত হয়। যেমন :

| | |
|---|---|
| দিক্ + অন্ত = দিগন্ত | প্রাক্ + উক্ত = প্রাগুক্ত |
| অপ্ + ইন্ধন = অবিন্ধন | বাক্ + আড়ম্বর = বাগাড়ম্বর |
| ণিচ্ + অন্ত = ণিজন্ত | অচ্ + অন্ত = অজন্ত |

19. 'বীরসিংহ গ্রামে আমার জন্ম হয়' কার জন্ম হয়?

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
Ⓒ শওকত ওসমান Ⓓ জীবনানন্দ দাশ

B Solve ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের আত্মজীবনীমূলক বর্ণনাধর্মী অসমাপ্ত রচনার নাম 'আত্মচরিত' সংকলিত অংশে তাঁর শৈশব জীবনের কথা বিবৃত হয়েছে। এখানে তিনি প্রথমে বলেন- 'বীরসিংহ গ্রামে আমার জন্ম হয়। আমি জনক জননীর প্রথম সন্তান।'

20. 'জাদুঘরে কেন যাব' রচনায় লেখক কুয়েতের জাদুঘরে কী দেখে চমৎকৃত হয়েছেন?

Ⓐ ব্রিটিশ ভারতীয় মুদ্রা Ⓑ পোড়ামাটির কাজ
Ⓒ জামদানি শাড়ি Ⓓ ভাস্কর্য

A Solve আনিসুজ্জামানের রচনা 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘরের রজতজয়ন্তী উপলক্ষ্যে শামসুল হোসাইনের সম্পাদনায় প্রকাশিত স্মারক পুস্তিকা 'ঐতিহ্যায়ন' (২০০৩) থেকে সংকলিত হয়েছে।

21. সাদৃশ্য বিবেচনায় কোনটি ঠিক নয়?

Ⓐ সত্যেন্দ্রনাথ দত্ত- কুহু ও কেকা Ⓑ প্রমথ চৌধুরী- চার ইয়ারি কথা
Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর- চিত্রা Ⓓ মানিক বন্দ্যোপাধ্যায়- মা

D Solve 'মা' বাংলাদেশের কথাসাহিত্যিক ও সাংবাদিক আনিসুল হক রচিত একটি উপন্যাস। বইটি ২০০৩ সালের ফেব্রুয়ারিতে প্রকাশিত হয়। উপন্যাসটি আনিসুল হকের সবচেয়ে জনপ্রিয় কর্ম। ২০২০ সালে বইটির ১০০তম মুদ্রণ প্রকাশিত হয়। এটি একটি বাস্তব ঘটনাভিত্তিক উপন্যাস।

22. আলেকজান্দ্রিয়ার বাতিঘর কোথায় অবস্থিত?

Ⓐ গ্রিস Ⓑ সাইপ্রাস
Ⓒ মিশর Ⓓ তুরস্ক

C Solve আলেকজান্দ্রিয়া উত্তর মিসরের প্রধান সমুদ্রবন্দর ও সুপ্রাচীন নগর। খ্রিষ্টপূর্ব ৩৩২ অব্দে আলেকজান্ডার দি গ্রেট এই নগর পত্তন করেন। এটি ছিল আলেকজান্ডার যুগের গ্রিক সভ্যতার কেন্দ্র। এখানে বিশ্বের প্রাচীন গ্রন্থাগার (পরে ধ্বংসপ্রাপ্ত) ছিল।

23. বাংলা ভাষার নিকট আত্মীয় কোনটি?

Ⓐ ওড়িয়া Ⓑ পালি
Ⓒ সংস্কৃত Ⓓ ইংরেজি

A Solve বাংলা ভাষা ইন্দো-ইউরোপীয় ভাষা-পরিবারের সদস্য। বাংলা ভাষার নিকটতম আত্মীয় অহমিয়া ও ওড়িয়া। ধ্রুপদি ভাষা সংস্কৃত এবং পালির সঙ্গে বাংলা ভাষার রয়েছে ঘনিষ্ঠ সম্পর্ক। ইন্দো-ইউরোপীয় ভাষা পরিবারের একটি গোষ্ঠী অহমিয়া। ভারতবর্ষের পূর্বাঞ্চলে এ ভাষা বিকশিত হয়েছিল, ভারতীয়-আর্য ভাষার পূর্বাঞ্চলীয় আর্য ভাষা উপ-শাখা থেকে।



CamScanner

24. 'বিড়াল' প্রবন্ধে 'নিমীলিতলোচনে' শব্দটির অর্থ কী?

Ⓐ নীরব অশ্রুতে Ⓑ খোলা চোখে
Ⓒ অট্টহাসিতে Ⓓ চোখ বন্ধ করে

Ⓓ Solve বিড়াল প্রবন্ধের কতিপয় শব্দার্থ :

| | |
|---|---|
| দিব্যকর্ণ- ঐশ্বরিকভাবে শ্রবণ করা। | যষ্টি- লাঠি। |
| ঠেঙ্গালাঠি- প্রহার করার লাঠি। | ভার্যা- স্ত্রী, বউ। |

25. কোনটি প্রাচীন বাংলা ব্যাকরণ?

Ⓐ ব্যাকরণ মঞ্জুষা Ⓑ আধুনিক বাংলা ব্যাকরণ
Ⓒ গৌড়ীয় ব্যাকরণ Ⓓ ব্যাকরণ মঞ্জুরী

Ⓒ Solve রাজা রামমোহন রায়ের 'গৌড়ীয় ব্যাকরণ' বাঙালি রচিত প্রথম বাংলা ব্যাকরণ। ১৮৩৩ খ্রিষ্টাব্দে প্রকাশিত এটি তাঁর সর্বশেষ গ্রন্থ। এর আগে তিনি ইংরেজিতে 'Bengali Grammar in the English Language' নামের একটি ব্যাকরণ গ্রন্থ রচনা করেন। 'গৌড়ীয় ব্যাকরণ' রচিত হয় তৎকালীন স্কুল বুক সোসাইটির অভিপ্রায়ে এবং ছাত্রদের পাঠোপযোগী করে। সর্বমোট বারোটি অধ্যায়ে এটি বিন্যস্ত।

26. 'আমার একাত্তর' কার রচনা?

Ⓐ সুফিয়া কামাল Ⓑ আনিসুজ্জামান
Ⓒ সৈয়দ শামসুল হক Ⓓ শামসুজ্জামান খান

Ⓑ Solve আনিসুজ্জামানের কতিপয় গবেষণা ও প্রবন্ধগ্রন্থ : 'মুসলিম মানস ও বাংলা সাহিত্য', 'স্বরূপের সন্ধানে', 'পুরনো বাংলা গদ্য', 'বাঙালি নারী : সাহিত্যে ও সমাজে', 'বাঙালি সংস্কৃতি ও অন্যান্য', 'চেনা মানুষের মুখ' 'আমার একাত্তর', 'কাল নিরবধি', 'বিপুলা পৃথিবী'।

27. ফ্যাসিবাদবিরোধী কাব্যগ্রন্থ 'আকাল' সম্পাদনা করেন কে?

Ⓐ সুকান্ত ভট্টাচার্য Ⓑ সমর সেন
Ⓒ সুভাষ মুখোপাধ্যায় Ⓓ কাজী নজরুল ইসলাম

Ⓐ Solve পঞ্চাশের মন্বন্তর উপলক্ষ্য করে সুকান্ত ভট্টাচার্য 'আকাল' নামক সাহিত্য সংকলন সম্পাদনা করেন। বিভিন্ন পত্রিকা থেকে সংকলন ও সম্পাদনা করে এ কবিতাগুচ্ছের একটি মূল্যবান ভূমিকা লিখেছিলেন তিনি। এটি ছিল তাঁর জীবিতাবস্থায় প্রকাশিত একমাত্র গ্রন্থ।

28. 'তালা' শব্দটি কোন ভাষা থেকে আগত?

Ⓐ ফরাসি Ⓑ পর্তুগিজ
Ⓒ তুর্কি Ⓓ হিন্দি

Solve আকস্মিক উচ্চ নাদ বা বায়ুর লঘুচাপজনিত সাময়িক বধিরতা (যেমন : কানে তালা লাগা) অর্থে 'তালা' দেশি শব্দ। বাক্স, কপাট প্রভৃতি আটকানোর জন্য ব্যবহৃত চাবি দিয়ে খোলা যায় এমন সরঞ্জামবিশেষ অর্থে 'তালা' সংস্কৃত শব্দ। সর্বশ্রেষ্ঠ, প্রধানতম বোঝাতে 'তালা' আরবি শব্দ।

29. মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে উল্লেখকৃত 'Ripeness is all' বা 'পরিপক্বতাই সব' উদ্ধৃতিটি কোন কবির?

Ⓐ William Wordsworth Ⓑ John Keats
Ⓒ William Shakespeare Ⓓ John Milton

Ⓒ Solve মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধটি তাঁর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। পরার্থে আত্মনিবেদিত সুকৃতিময় সার্থক বিবেকবোধসম্পন্ন মানবজীবনের মহত্তম প্রত্যাশা থেকে লেখক মানুষের জীবনকাঠামোকে তুলনা করেছেন বৃক্ষের সঙ্গে এবং মনুষ্যত্বের প্রতীক হিসেবে।

30. 'সকল সুন্দরের অনিবার্য অভ্যুত্থান ---' এ পঙ্‌ক্তির শূন্যস্থানে কোন শব্দটি হবে?

Ⓐ স্বাধীনতা Ⓑ সংগীত
Ⓒ মুক্তি Ⓓ কবিতা

Ⓓ Solve উক্ত চরণটি আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্যগ্রন্থ 'আমি কিংবদন্তির কথা বলছি' কাব্যগ্রন্থের নাম-কবিতা থেকে নেওয়া হয়েছে। রচনাটির বিষয় ও আঙ্গিকগত অভিনবত্ব রয়েছে। কবিতাটি গদ্যছন্দে রচিত।

31. কোনটি বিদ্যাসাগরের রচনা?

Ⓐ কমলাকান্তের দপ্তর Ⓑ জননী
Ⓒ নৌকাডুবি Ⓓ আখ্যানমঞ্জরী

Ⓓ Solve প্রদত্ত রচনাগুলোর নাম, ধরন ও লেখক :

| গ্রন্থ | ধরন | লেখক |
|---|---|---|
| কমলাকান্তের দপ্তর (১৮৭৫) | প্রবন্ধ | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |
| জননী (১৯৩৫) | উপন্যাস | মানিক বন্দ্যোপাধ্যায় |
| নৌকাডুবি (১৯০৬) | উপন্যাস | রবীন্দ্রনাথ ঠাকুর |

32. 'নিজ গৃহপথ তাত দেখাও তস্করে? চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?' কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?

Ⓐ রাম Ⓑ রাবণ
Ⓒ বিভীষণ Ⓓ মেঘনাদ

Ⓒ Solve মহাকবি মাইকেল মধুসূদন দত্ত রচিত 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় রুদ্ধদ্বার নিকুম্ভিলা যজ্ঞাগারে লক্ষ্মণের অনুপ্রবেশের অন্যতম কারণ যে পথপ্রদর্শক বিভীষণ, তা অনুধাবন করে বিস্মিত ও বিপন্ন মেঘনাদের প্রতিক্রিয়া ব্যক্ত হয়েছে আলোচ্য উক্তিটির মাধ্যমে।

33. বন্ধুদের সাথে বাজি ধরে খ্যাতি লাভ করেছিলেন কোন লেখক?

Ⓐ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
Ⓒ মানিক বন্দ্যোপাধ্যায় Ⓓ আখতারুজ্জামান ইলিয়াস

Ⓒ Solve মানিক বন্দ্যোপাধ্যায় (১৯০৮-১৯৫৬) বাংলা, বিহার, উড়িষ্যার বিভিন্ন স্কুল ও কলেজে পড়াশোনা করেন। কলকাতার প্রেসিডেন্সি কলেজে বিএসসি পড়ার সময়ে মাত্র বিশ বছর বয়সে বন্ধুদের সঙ্গে বাজি ধরে প্রথম গল্প 'অতসীমামী' লিখে খ্যাতি অর্জন করেন। তারপর জীবনের বাকি আটাশ (২৮) বছর নিরবচ্ছিন্নভাবে লিখে গেছেন।

34. 'ছাত্রী' কোন প্রত্যয়ের উদাহরণ?

Ⓐ কৃৎ Ⓑ তদ্ধিত
Ⓒ সংস্কৃত Ⓓ বাংলা কৃৎ

Ⓑ Solve কতিপয় তদ্ধিত প্রত্যয়ের উদাহরণ :

| মূল শব্দ | প্রকৃতি ও প্রত্যয় | মূল শব্দ | প্রকৃতি ও প্রত্যয় |
|---|---|---|---|
| নৈতিক | নীতি + ইক | দৈব | দেব + অ |
| সাহিত্য | সহিত + য | নাবিক | নৌ + ইক |
| গ্রামীণ | গ্রাম + ঈন | মানবীয় | মানব + ঈয় |

35. 'এদের কেউ শ্রমিক, কেউ সৈনিক, কেউ বুদ্ধিজীবী।' বাক্যটি যে রচনা থেকে উদ্ধৃত-

Ⓐ জীবন ও বৃক্ষ Ⓑ আমার পথ
Ⓒ মহাজাগতিক কিউরেটর Ⓓ চাষার দুক্ষু

Ⓒ Solve 'জলজ' গ্রন্থের অন্তর্গত 'মহাজাগতিক কিউরেটর' গল্পটি মুহম্মদ জাফর ইকবালের 'সায়েন্স ফিকশন সমগ্র' তৃতীয় খণ্ড (২০০২) থেকে গৃহীত হয়েছে। দুজন কিউরেটরের সংলাপ বিনিময়ে গল্পটি নাট্যগুণ লাভ করেছে। এছাড়া তীব্র শ্লেষ ও পরিহাসের মিশ্রণ গল্পটিকে বিশিষ্ট করে তুলেছে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## English

**Read the following passage and choose the alternative (A, B, C or D) to answer the questions (01-02) :**

The culture is the cultivation of a plant or garden is not the eradication of its roots. It is an understanding of the roots and seeds, their patient care and instructed nourishment. Culture is not knowledge, nor is it art, still less is the ***acquaintance*** with literature and art. By culture, one means first of all what the anthropologists mean, the way of life of a particular people living together in one place. That culture is made visible in their arts, in their social system, in their habits and customs, in their religion. It is an aggregate of customs, institutions, manners, standards, tastes, morals and beliefs. Now, these are transmitted rather by the family than by the school, hence when family life fails to play its part, we must expect our culture to deteriorate.

It is a ***delusion*** to think that the maladies of the modern world can be put right by a system of instruction. On the contrary, universal education, by lowering standards, morals and tastes to a common denominator and by sharpening the wits rather than disciplining character, tends to break down existing checks and balances. Education should be the drawing forth of potential values; it should not be the destruction of the safeguards that tradition places around young egos naturally inclined to willful and precarious flights.

**01. According to the passage, education is-**
Ⓐ tapping and encouraging the inherent values in human
Ⓑ the sharpening of wits
Ⓒ the substitution of old traditions with new ones
Ⓓ the development of moral standards

Ⓐ Explanation Inherent values – সহজাত বা অন্তর্নিহিত মূল্যবোধ।

**02. The culture of a community is said to deteriorate when-**
Ⓐ there is a fall in its educational standards
Ⓑ it adopts the modern system of instruction
Ⓒ there is universal education
Ⓓ the family life fails to play its part

Ⓓ Explanation Deteriorate (V) – অবস্থার অবনতি ঘটা। Play one's part – ভূমিকা পালন করা/ দায়িত্ব সম্পাদন করা।

**03. The word *'delusion'* in line 10 is closest in meaning to-**
Ⓐ depression Ⓑ fact
Ⓒ illusion Ⓓ misbelief

Ⓓ Explanation 'Delusion' অর্থ- কোন কিছু সম্পর্কে ভুল বিশ্বাস (misbelief, misrepresentation, false impression etc.)।

**04. The writer uses the term *'culture'* to refer to-**
Ⓐ the way of life of a particular people
Ⓑ one's acquaintance with literature and art
Ⓒ one's acquisition of knowledge
Ⓓ the cultivation of a plant or garden by a community

Ⓐ Explanation Culture (N) – সংস্কৃতি অর্থাৎ কোনো একটি নির্দিষ্ট জনগোষ্ঠীর সামগ্রিক জীবনধারা।

**05. The word not opposite in meaning to *'acquaintance'* in line 3 is-**
Ⓐ distance Ⓑ separation Ⓒ familiarity Ⓓ split

Ⓒ Explanation 'Acquaintance' অর্থ- পরিচিতি, জানাশোনা (familiarity, understanding etc.)।

**06. The passage suggests that universal education-**
Ⓐ is aggravating the existing problems of the modern world
Ⓑ would prevent us from transmitting culture to the future generation
Ⓒ is the solution to the problems in the modern world
Ⓓ would help retain the cultural values

Ⓐ Explanation Universal education অর্থাৎ সার্বজনীন শিক্ষা বর্তমান বিশ্বের বিদ্যমান সমস্যাগুলোকে আরো বেশি aggravate অর্থাৎ প্রকট করে তুলছে।

**07. The culture of a community is transmitted-**
Ⓐ more by school than by family.
Ⓑ equally by both school and family.
Ⓒ more by the family than school.
Ⓓ by the peer group

Ⓒ Explanation কোনো একটি community বা সম্প্রদায়ের সংস্কৃতি, স্কুল বা শিক্ষাপ্রতিষ্ঠানের চেয়ে পরিবার থেকে বেশি উৎসারিত হয়।

**Choose the alternative (A, B, C or D) that best fills in the blanks/completes the meaning of the following (08 -30);**

**08. "She never <u>lost heart</u>, even in the face of adversity," Here, <u>'lost heart'</u> means—**
Ⓐ to feel encouraged Ⓑ to have a heart attack
Ⓒ to feel discouraged Ⓓ to lose one's beloved

Ⓒ Explanation 'Lose heart' অর্থ- হতাশ হওয়া (to feel discouraged, to stop believing that you can succeed)।

**09. A good number of students are always — about — discipline.**
Ⓐ harping on—lack of Ⓑ harping on— lack in
Ⓒ harping about— lack of Ⓓ harping at—lack of

Ⓐ Explanation 'Harping on' অর্থ কোন কিছু সম্পর্কে বার বার বলা এবং appropriate preposition অনুযায়ী 'lack of' অর্থ কোন কিছুর অভাব, ঘাটতি (lack of + something)।

**10. Do you ever see the photos of these animals? No we—.**
Ⓐ not always do Ⓑ do never
Ⓒ seldom do Ⓓ don't never

Ⓑ Explanation Don't নিজেই negative তাই এর পর never হবে না। সুতরাং সঠিক উত্তর do never।

**11. My friend is — globe trotter. Last summer, my friend and I travelled to — Spain.**
Ⓐ no article/the Ⓑ the/the Ⓒ a/no article Ⓓ a/the

Ⓒ Explanation আমার বন্ধু একজন ভূপর্যটক, পৃথিবী পর্যটক। এই অর্থে globe trotter এর পূর্বে article 'a' বসবে। অন্যদিকে, সাধারণভাবে কোন দেশের পূর্বে article বসে না।

**12. The club had no option—dispense—his services.**
Ⓐ but to—with Ⓑ But—for
Ⓒ but to—at Ⓓ but—with

Ⓐ Explanation শূন্যস্থানের পর verb থাকায় but এর পর infinitive to আসবে। Dispense with–পরিহার করা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**13. The place is —— away than we expected it to be.**

Ⓐ many more  Ⓑ far more
Ⓒ a little  Ⓓ a lot

Ⓑ Explanation 'Far away' অর্থ দূরে, আবার বাক্যটি comparative (than যুক্ত) হওয়ায় far more away হয়েছে।

**14. A number of interesting points —— at the last meeting. Unfortunately, we didn't have time to discuss them all.**

Ⓐ came up  Ⓑ came in
Ⓒ came down  Ⓓ came off

Ⓐ Explanation 'Come up' একটি phrasal verb, যার অর্থ উপস্থিত হওয়া, হাজির হওয়া।

**15. My grandmother was wearing a ——saree in her wedding.**

Ⓐ pink lovely chiffon  Ⓑ pink chiffon lovely
Ⓒ chiffon lovely pink  Ⓓ lovely pink chiffon

Ⓓ Explanation Order of adjective অনুসারে, adjective of opinion (lovely) + adjective of color (pink) + adjective of meterial (chiffon) হয়েছে।

**16. The lady guests —— the movie in the theatre.**

Ⓐ were interest seeing  Ⓑ were interested in seeing
Ⓒ were interest seeing to  Ⓓ were interested seeing to

Ⓑ Explanation Appropriate preposition অনুযায়ী, কোন কিছুর প্রতি আগ্রহ বোঝাতে 'interest in' হয়।

**17. Russia — earlier this week that it — all its troops out of Georgia.**

Ⓐ announced/had pulled.  Ⓑ announces/would pulled
Ⓒ had announced/pulled  Ⓓ has announced/was pulling

Ⓐ Explanation বাক্যটিতে earlier this week উল্লেখ থাকা সত্ত্বেও অর্থগতভাবে that এর পূর্বে past indefinite এবং পরবর্তীতে past perfect tense ব্যবহৃত হবে।

**18. Depression could be one of the fastest growing ailments of the 21 century,— aged and married people most — risk.**

Ⓐ about/in  Ⓑ with/at
Ⓒ of/on  Ⓓ for/from

Ⓑ Explanation সাথে বোঝাতে preposition with বসবে। At risk– ঝুঁকিপূর্ণ বা ঝুঁকিতে আছে এমন।

**19. ——that you were prepared for test, they——you.**

Ⓐ Would the authorities know, would contacted
Ⓑ Had the authorities known, would have contacted
Ⓒ Did the authorities know, will have contact
Ⓓ Were the authorities know, could contact

Ⓑ Explanation Conditional sentence এর ক্ষেত্রে subordinate clause টি past perfect tense হলে, principal clause টিতে perfect conditional (would/could/might + have + $v_3$) হয়।

**20. John——some interesting points at the meeting. I was particularly interested in his thoughts on HR.**

Ⓐ brought off  Ⓑ brought up
Ⓒ brought out  Ⓓ brought on

Ans Ⓑ

**21. কোভিড-১৯ ভাইরাস থেকে নিরাপদ থাকার সহায়তে কার্যকর উপায় হচ্ছে মাস্ক পরিধান করা। The correct translation is-**

Ⓐ Wearing masks will be most effective for staying save from Covid-19 virus
Ⓑ The most effective for stay safe from Covid-19 virus infection is wearing masks
Ⓒ Mask wearing has been the most effective means of stay from Covid-19 virus
Ⓓ Wearing masks is the most effective means of staying safe from Covid-19 virus

Ⓓ Explanation 'Derived from' অর্থ কোন কিছু থেকে উৎপন্ন/ পাওয়া হয়েছে। আবার 'produced by' অর্থ উৎপাদিত/তৈরি/ সৃষ্ট হওয়া।

**22. This is the last time I'm telling you to arrive on time shape up or ship out. Here, 'shape up' or 'ship out' means**

Ⓐ either come in time or be punished
Ⓑ either build your body or leave this tough job
Ⓒ either perform better or quit
Ⓓ None of the above

Ⓒ Explanation Shape up / ship out অর্থ কোনো কাজ ভালোভাবে কর অথবা সেটাকে পরিত্যাগ কর।

**23. Although it can be derived — oil, coal, and tar, kerosene is usually produced — refining it from petroleum.**

Ⓐ at/for  Ⓑ by/from
Ⓒ in/from  Ⓓ from/by

Ⓓ Explanation Derive from–পাওয়া/উদ্ভূত হওয়া।

**24. We recommend that–**

Ⓐ the miscreant should punish
Ⓑ the miscreant be punished
Ⓒ the miscreant should've punished
Ⓓ the miscreant must punish

Ⓑ Explanation Recommend, insist, urge, suggest প্রভৃতি verb এর পর যদি that থাকে (subjunctive), তাহলে এর পর subject + base verb বসে।

**25. — a better tenant, she — out the house by now.**

Ⓐ Could the owner find/could rent
Ⓑ Has the owner found/would have rent
Ⓒ Had the owner found/would have rented
Ⓓ Did the owner find/could rented

Ⓒ Explanation সাধারণত third conditional এর ক্ষেত্রে subordinate clause টি past perfect tense এবং principal clause টি perfect conditional (could/would/ might + have + $v_3$) হয়।

**26. She wanted to have — of the two pieces of cake.**

Ⓐ smaller than bigger  Ⓑ smallest
Ⓒ the small  Ⓓ the smaller

Ⓓ Explanation দুই এর মধ্যে তুলনা বুঝাতে comparative degree হয়।

**27. Keats is an — poet.**

Ⓐ imaginative  Ⓑ imagine
Ⓒ imaginary  Ⓓ imagined

Ⓐ Explanation John Keats (1995-1821) একাধারে imaginative, nature, sensuous এবং romantic poet।



CS CamScanner

28. Don't — just get your bags and let's go!
Ⓐ dilly-dilly Ⓑ dally-dally
Ⓒ dally-dilly Ⓓ dilly-dally
Ⓓ Explanation 'Dilly dally' একটি intransitive verb; যার অর্থ দেরি করা, ইতস্তত বা গড়িমসি করা (delay, waste time through aimless, wandering or indecision)।

29. The news he reported — us all, we are all in an odd mood.
Ⓐ has astonished Ⓑ were astonishing
Ⓒ astonish Ⓓ was astonishing
Ⓐ Explanation সংবাদটি সবাইকে হতভম্ব করেছে- অর্থাৎ, বাক্যটি present perfect tense এ হবে।

30. An intriguing item on the news pages caused me —.
Ⓐ raise an eyebrow over my morning coffee
Ⓑ to an eyebrow over my morning coffee
Ⓒ raise an eyebrow on my morning coffee
Ⓓ to raise an eyebrow over my morning coffee
Ⓓ Explanation Cause sb to – ঘটার কারণ।

**Identify the alternative (A, b, C or D) that must be changed in order for the sentences (31-35) to be correct.**

31. This is — far the best book — Mr. Ahmed has ever written.
Ⓐ so far – which Ⓑ by – so
Ⓒ by – that Ⓓ as far – that
Ⓒ Explanation 'By far' অর্থ সর্বাংশে (in all respect) এবং দ্বিতীয় শূন্যস্থানে antecedent অনুযায়ী relative pronoun 'that' হয়েছে।

32. The area where Ⓐ a microchip Ⓑ is manufactured must be the most Ⓒ cleanest Ⓓ.
Ⓒ Explanation Clean এর superlative form হলো cleanest। এর পূর্বে most বসানো ভুল।

33. Each of the students Ⓐ in the Ⓑ English class have Ⓒ to type their own Ⓓ research paper.
Ⓒ Explanation Each of, every of, one of, either of, neither of এর পর noun/pronoun এর plural হয় কিন্তু verb singular হয়। অর্থাৎ বাক্যে have এর পরিবর্তে has হবে।

34. The younger Ⓐ you are, the more Ⓑ easier Ⓒ it Ⓓ is to learn.
Ⓑ Explanation Easy এর comparative form হলো easier এবং superlative form হলো easiest। এর পূর্বে more বা most বসানোর দরকার হয় না।

35. Even though Ⓐ the boys have all ready Ⓑ visited St. Augustine, they Ⓒ want to return to Ⓓ the Castillo de San Marcos.
Ⓑ Explanation All ready এর পরিবর্তে Already (ইতোমধ্যে) ব্যবহার করতে হবে।

## সাধারণ জ্ঞান

01. 'সুরক্ষা' অ্যাপটি কী বিষয়ক?
Ⓐ নিরাপত্তা বিষয়ক Ⓑ আয়কর বিষয়ক
Ⓒ বিনোদন বিষয়ক Ⓓ টিকা বিষয়ক
Ⓓ Solve করোনার টিকা সারা দেশে সুষমভাবে বণ্টনের লক্ষ্যে সরকার 'সুরক্ষা' অ্যাপের উদ্বোধন করে ১৮ ফেব্রুয়ারি ২০২১। বিশ্বে ৫৪তম দেশ হিসেবে ২৭ জানুয়ারি ২০২১ করোনা টিকাদান কর্মসূচীর উদ্বোধন করা হয় এবং সারা দেশে করোনা টিকাদান কর্মসূচীর উদ্বোধন করা হয় ৭ ফেব্রুয়ারি ২০২১।

02. সাহিত্যে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেছিলেন কে?
Ⓐ বার্ট্রান্ড রাসেল Ⓑ জাঁ পল সার্ত্রে
Ⓒ আর্নেস্ট হেমিংওয়ে Ⓓ উইনস্টন চার্চিল
Ⓑ Solve এ পর্যন্ত স্বেচ্ছায় নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেন দুইজন ব্যক্তি। ফ্রান্সের জাঁ পল সার্ত্রে ১৯৬৪ সালে প্রথম ব্যক্তি হিসেবে সাহিত্যে এবং দ্বিতীয় ব্যক্তি হিসেবে ১৯৭৩ সালে ভিয়েতনামের লি ডাক থো শান্তিতে নোবেল পুরস্কার প্রত্যাখ্যান করেন।

03. আটলান্টিক ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে কোনটি?
Ⓐ পানামা খাল Ⓑ মিসিসিপি নদী
Ⓒ অ্যাপা নদী Ⓓ সুয়েজ খাল
Ⓐ Solve পানামা খালকে বলা হয় প্রশান্ত মহাসাগরের প্রবেশদ্বার। এটি পৃথিবীর সবচেয়ে গভীরতম কৃত্রিম খাল। ১৯১৩ সালে যুক্তরাষ্ট্র খালটি খনন করে। পরবর্তীতে ১৫ ডিসেম্বর ১৯৯৯ যুক্তরাষ্ট্র পানামার কাছে খালটি হস্তান্তর করে।

04. কম্পিউটার ভাইরাস কী?
Ⓐ ক্ষতিকারক চৌম্বক ফ্লাক্স Ⓑ ক্ষতিকারক প্রোগ্রাম
Ⓒ ক্ষতিকারক সার্কিট Ⓓ ক্ষতিকারক জীবাণু
Ⓑ Solve কম্পিউটার ভাইরাস এক ধরণের ক্ষতিকর প্রোগ্রাম যা স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ, সংক্রমণ ও নিজের সংখ্যা বৃদ্ধি করে। গবেষক ফ্রেডারিক কোহেন প্রথম এটিকে 'ভাইরাস' নামকরণ করেন। বিশ্বব্যাপী বিপর্যয় সৃষ্টিকারী চেরনোবিল ভাইরাস (CIH) ২৬ এপ্রিল ১৯৯৯ কম্পিউটারে আক্রমণ করে।

05. মুক্তিযুদ্ধভিত্তিক রচনা কোনটি?
Ⓐ ব্যথার দান Ⓑ কালান্তর
Ⓒ পায়ের আওয়াজ পাওয়া যায় Ⓓ লালসালু
Ⓒ Solve 'পায়ের আওয়াজ পাওয়া' যায় সৈয়দ শামসুল হক রচিত একটি বিখ্যাত মুক্তিযুদ্ধভিত্তিক কাব্যনাট্য। নাটকটি প্রকাশিত হয় ১৯৭৬ সালে। তাঁর আরও দুইটি কাব্যনাট্য হলো 'নুরুলদীনের সারা জীবন' ও 'এখানে এখন'।

06. মাদার তেরেসা কোন দেশের নাগরিক ছিলেন?
Ⓐ আলবেনিয়া Ⓑ তুরস্ক
Ⓒ ইতালি Ⓓ স্পেন
Ⓐ Solve আলবেনীয় বংশোদ্ভুত মাদার তেরেসার জন্ম ২৬ আগস্ট ১৯১০ মেসিডোনিয়ার স্কোপিতে। তাঁর বাল্যনাম ছিল অ্যাগনেস গোনজা বোয়াঝিউ। ১৯৭৯ সালে তিনি শান্তিতে নোবেল পুরস্কার এবং ১৯৮০ সালে ভারতের সর্বোচ্চ বেসামরিক সম্মান 'ভারতরত্ন' লাভ করেন।



CamScanner

07. কোন পানিতে অক্সিজেনের পরিমাণ বেশি?

Ⓐ জলাশয়ের Ⓑ নদীর
Ⓒ পুকুরের Ⓓ সাগরের

B Solve নদীর পানিতে দ্রবীভূত পদার্থের পরিমাণ পুকুরের পানির থেকে বেশি এবং সমুদ্রের পানির মধ্যে দ্রবীভূত পদার্থের থেকে কম। এই কারণে নদীর পানিতে অক্সিজেনের পরিমাণ তুলনামূলকভাবে বেশি থাকে।

08. 'মাশরুম' কী?

Ⓐ পরজীবী উদ্ভিদ Ⓑ অপুষ্পক উদ্ভিদ
Ⓒ ঔষধি Ⓓ ছত্রাক

D Solve মাশরুম এক ধরনের ছত্রাক জাতীয় (ফাঙ্গাস) উদ্ভিদ। খাদ্য গুণাগুণের কারণে চীন, কোরিয়াসহ অনেক দেশে মাশরুম ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে। বাংলাদেশেও বাণিজ্যিকভাবে মাশরুম চাষ জনপ্রিয় হচ্ছে। পৃথিবীতে বৃহত্তম মাশরুম উৎপাদনকারী দেশ চীন।

09. 'এশিয়াটিক সোসাইটি অব বেঙ্গল' এর প্রতিষ্ঠাতা কে?

Ⓐ উইলিয়াম জোন্স Ⓑ জন শোর
Ⓒ ফোর্ট উইলিয়াম Ⓓ চার্লস গ্রান্ট

A Solve ১৫ জানুয়ারি ১৭৮৪ সালে উইলিয়াম জোন্স এশিয়ার মানুষ ও প্রকৃতি নিয়ে গবেষণার জন্য 'দি এশিয়াটিক সোসাইটি' নামে একটি সংস্থা প্রতিষ্ঠা করেন। বাংলাদেশের স্বাধীনতার পর সংস্থাটির নতুন নামকরণ করা হয় 'বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি'।

10. বাংলাদেশ জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসন সংখ্যা কত?

Ⓐ ৫০ Ⓑ ৪০
Ⓒ ৪৫ Ⓓ ৩০

A Solve ৩০ জুন ২০১১ সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে নারীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ৪৫টি থেকে বাড়িয়ে ৫০টিতে উন্নীত করা হয়। সর্বশেষ ২০১৮ সালে সংবিধানের সপ্তদশ সংশোধনীর মাধ্যমে আরও ২৫ বছর সংরক্ষিত নারী আসন সংরক্ষণ করা হয়।

11. বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীর মুক্তিযোদ্ধাদের প্রদত্ত দ্বিতীয় সর্বোচ্চ খেতাব কোনটি?

Ⓐ বীর বিক্রম Ⓑ বীরশ্রেষ্ঠ
Ⓒ বীর উত্তম Ⓓ বীর প্রতীক

C Solve মহান মুক্তিযুদ্ধে বীরত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার ১৫ ডিসেম্বর ১৯৭৩ চার ধরনের রাষ্ট্রীয় খেতাব প্রদান করে। উক্ত মুক্তিযোদ্ধাদের প্রদত্ত 'বীর উত্তম' খেতাবটি মর্যাদার দিক দিয়ে দ্বিতীয় সর্বোচ্চ। ৬ জুন ২০২১ মেজর ডালিমের 'বীরউত্তম' খেতাব বাতিল করায় বর্তমান 'বীরউত্তম' খেতাবধারীদের সংখ্যা ৬৭ জন।

12. বঙ্গভঙ্গ কার্যকর হয় কোন সালে?

Ⓐ ১৯০৪ Ⓑ ১৯০৬
Ⓒ ১৯০৫ Ⓓ ১৯০৭

C Solve লর্ড কার্জন ভাইসরয় থাকাকালীন ১৬ অক্টোবর ১৯০৫ বঙ্গভঙ্গ কার্যকর হয়। বঙ্গভঙ্গের ফলে 'পূর্ববঙ্গ ও আসাম' নামে নতুন প্রদেশের সৃষ্টি হয় যার রাজধানী করা হয় ঢাকাকে। পরবর্তীতে বঙ্গভঙ্গের বিরুদ্ধে প্রবল আন্দোলনের মুখে লর্ড হার্ডিঞ্জের সুপারিশক্রমে ১২ ডিসেম্বর ১৯১১ দিল্লির দরবারে সম্রাট পঞ্চম জর্জ বঙ্গভঙ্গ রদ ঘোষণা করেন।

13. 'মদিনা সনদ' কী?

Ⓐ দাস বিক্রয় চুক্তি Ⓑ সম্পত্তি বণ্টন চুক্তি
Ⓒ পৌত্তলিকদের চুক্তি Ⓓ সংবিধান

D Solve হযরত মুহাম্মদ (সা.) মদিনা ও পার্শ্ববর্তী অঞ্চলের মুসলমান, ইহুদি ও পৌত্তলিকদের নিয়ে একটি সনদপত্র প্রণয়ন করেন। মদিনা সনদকে পৃথিবীর প্রথম লিখিত সংবিধান হিসেবে বিবেচনা করা হয়। ৬২২ খ্রিস্টাব্দে প্রণীত এই সনদের ধারা ছিল ৪৭টি।

14. 'সাইবারনেটিক্স' এর জনক কে?

Ⓐ নেপোলিয়ন Ⓑ ম্যাকার্থি
Ⓒ উইনার Ⓓ নিউটন

C Solve মার্কিন গণিতবিদ নরবার্ট উইনার সাইবারনেটিক্সের জনক। তিন বছর বয়সে তিনি পড়তে শেখেন এবং মাত্র ১১ বছর বয়সে হাইস্কুল পাস করেন। মস্তিষ্কের জনক হিসেবে, বিজ্ঞানের প্রতি তাঁর ১ ডিগ্রির ১৯১৩ সালে হার্ভার্ড থেকে ডক্টরেট অর্জন করে, যার বয়স ছিল মাত্র ১৮।

15. 'ইন্ডিয়া উইনস ফ্রিডম' কোন রাজনৈতিক ব্যক্তির আত্মজীবনী?

Ⓐ হোসেন শহীদ সোহরাওয়ার্দী Ⓑ আবুল হাশিম
Ⓒ মাওলানা আবুল কালাম আজাদ Ⓓ মতিলাল নেহেরু

C Solve 'ইন্ডিয়া উইনস ফ্রিডম' বইটি মাওলানা আবুল কালাম আজাদের আত্মজীবনীমূলক গ্রন্থ এবং ভারতীয় ইতিহাসের পাতায় একটি গুরুত্বপূর্ণ দলিল হিসেবে কাজ করে যাচ্ছে। এই গ্রন্থে তিনি ভারত ভাগের পটভূমিকায় ১৯৩৫-৪৭ সাল পর্যন্ত ঘটে যাওয়া বিভিন্ন ঘটনাবলীর সত্যনিষ্ঠ ও বস্তুনিষ্ঠ বর্ণনা দিয়েছেন।

16. কোন বিজ্ঞানীর জন্ম ভারতে?

Ⓐ জামাল নজরুল ইসলাম Ⓑ মাকসুদুল আলম
Ⓒ আবদুস সালাম Ⓓ এ.পি.জে. আবুল কালাম

D Solve মিসাইল ম্যান হিসেবে পরিচিত ভারতের সাবেক ১১তম রাষ্ট্রপতি এ পি জে আবুল কালাম একজন বিশিষ্ট পরমাণুবিজ্ঞানী ও ভারতের পারমাণবিক বোমার জনক। তাঁর নেতৃত্বে ভারত প্রথম ১৯৭৪ সালে পারমাণবিক বোমার বিস্ফোরণ ঘটায়।

17. ইসলামের ইতিহাসে কোনটি 'আত্মরক্ষামূলক যুদ্ধ' হিসেবে পরিচিত?

Ⓐ খন্দক Ⓑ উহুদ
Ⓒ মুতা Ⓓ বদর

D Solve মদিনার মুসলিম ও মক্কার কুরাইশদের মধ্যে সংঘটিত যুদ্ধটি ইতিহাসে বদরের যুদ্ধ হিসেবে পরিচিত। ২ হিজরির ১৭ রমজান হযরত মুহাম্মদ (সা:) এর নেতৃত্বে বদর যুদ্ধ সংঘটিত হয়।

18. ডাকওয়ার্থ লুইস-স্টার্ন পদ্ধতি কী?

Ⓐ ফুটবলের একটি নিয়ম Ⓑ ক্রিকেটের একটি নিয়ম
Ⓒ লন টেনিসের পয়েন্ট গণনা Ⓓ ভলিবলের একটি পদ্ধতি

B Solve ইংরেজ পরিসংখ্যানবিদ ফ্রাঙ্ক ডাকওয়ার্থ ও টনি লুইস এ পদ্ধতির আবিষ্কার করেন। এটি ডি/এল মেথড নামেও পরিচিত। এই পদ্ধতির প্রথম প্রয়োগ ঘটে ১৯৯৬-৯৭ মৌসুমে জিম্বাবুয়ে ও ইংল্যান্ডের মধ্যকার ওয়ানডে সিরিজে। আইসিসি এটিকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয় ২০০১ সালে।

PUBLICATIONS • PUBLICATIONS • PUBLICATIONS • PUBLICATIONS • PUBLICATIONS • PUBLICATIONS • PUBLICATIONS

CamScanner

**19. জো বাইডেন মার্কিন যুক্তরাষ্ট্রের কততম প্রেসিডেন্ট?**

Ⓐ ৪৫তম Ⓑ ৪৪তম
Ⓒ ৪৭তম Ⓓ ৪৬তম

**D Solve** যুক্তরাষ্ট্রের বর্তমান ক্ষমতাসীন ডেমোক্রেটিক দল থেকে নির্বাচিত প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি ২০২০ সালে ৩ নভেম্বর অনুষ্ঠিত ৫৯তম নির্বাচনে ডোনাল্ড ট্রাম্পকে পরাজিত করে ৪৬তম প্রেসিডেন্ট নির্বাচিত হন।

**20. কোন প্রতিষ্ঠানের জরিপে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি নির্বাচিত হন?**

Ⓐ বিবিসি Ⓑ ইউনেস্কো
Ⓒ টাইমস অফ ইন্ডিয়া Ⓓ ভয়েস অব আমেরিকা

**A Solve** ২০০৪ সালে বিবিসির বাংলা পরিসেবার মাধ্যমে 'সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি' শিরোনামে একটি জরিপ পরিচালনা করে। বিশ্বব্যাপী বাঙালিদের ভোটদানের ভিত্তিতে বিবিসি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'সর্বশ্রেষ্ঠ বাঙালি' হিসেবে ঘোষণা করে।

**21. সাদৃশ্য বিবেচনা করে সঠিক উত্তরটি বাছাই কর।**
**স্বোপার্জিত স্বাধীনতা : — :: সাবাশ বাংলাদেশ : নিতুন কুণ্ডু**

Ⓐ শামীম সিকদার Ⓑ সৈয়দ আব্দুল্লাহ খালিদ
Ⓒ নভেরা আহমেদ Ⓓ অলক রায়

**A Solve** রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত 'সাবাশ বাংলাদেশ' ভাস্কর্যের স্থপতি নিতুন কুণ্ডু। অন্যদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি সংলগ্ন সড়ক দ্বীপে অবস্থিত স্বোপার্জিত স্বাধীনতা ভাস্কর্যের স্থপতি শামীম সিকদার।

**22. বাংলাদেশ সংবিধানের কোন তফসিলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ মার্চের ভাষণ অন্তর্ভুক্ত করা হয়েছে?**

Ⓐ চতুর্থ Ⓑ ষষ্ঠ Ⓒ পঞ্চম Ⓓ সপ্তম

**C Solve** কতিপয় তফসিল ও অন্তর্ভুক্ত বিষয়

| তফসিল | অন্তর্ভুক্ত বিষয় |
|---|---|
| চতুর্থ | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী |
| পঞ্চম | ৭ মার্চের জাতির পিতার ঐতিহাসিক ভাষণ |
| ষষ্ঠ | ২৬ মার্চ প্রথম প্রহরে জাতির পিতার প্রদত্ত স্বাধীনতার ঘোষণা |
| সপ্তম | ১০ এপ্রিল মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র |

**23. বাংলাদেশের কৃষি ক্ষেত্রে 'দোয়েল' কিসের নাম?**

Ⓐ কৃষি যন্ত্রের Ⓑ কৃষি ভবনের
Ⓒ উন্নত জাতের গমের Ⓓ কৃষি সংস্থার

**C Solve** বিভিন্ন ফসলের উচ্চ ফলনশীল জাত

| ফসল | জাত |
|---|---|
| গম | দোয়েল, বলাকা, আকবর, সোনালী |
| ধান | ইরাটম, ব্রিশাইল, সুফলা, উফশী, সুফলা, প্রগতি, ময়না |
| তুলা | রূপালি ও ডেলফোজ |
| ভুট্টা | বর্ণালি, শুভ্র, সুপার সুইট কর্ন, টাইটান, সাভার, মোহর উত্তরণ |

**24. অস্থায়ী মুজিবনগর সরকার কোন তারিখে শপথ করেছিল?**

Ⓐ ৮ এপ্রিল, ১৯৭১ Ⓑ ১৭ এপ্রিল, ১৯৭১
Ⓒ ১২ এপ্রিল, ১৯৭১ Ⓓ ২১ এপ্রিল, ১৯৭১

**B Solve** স্বাধীন বাংলাদেশে প্রথম সরকার বা অস্থায়ী মুজিবনগর সরকার গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১। নব গঠিত এই সরকার শপথ গ্রহণ করে ১৭ এপ্রিল ১৯৭১। শপথবাক্য পাঠ করান অধ্যাপক এম ইউসুফ আলী এবং শপথগ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন অব্দুল মান্নান।

**25. সাদৃশ্য বিবেচনা করে ঠিক উত্তরটি বাছাই কর।**
**মাইকেল মধুসূদন দত্ত: কৃষ্ণকুমারী :: মুনীর চৌধুরী : —**

Ⓐ পথের পাঁচালী Ⓑ রক্তাক্ত প্রান্তর
Ⓒ নেমেসিস Ⓓ সিরাজউদ্দৌলা

**B Solve** বাংলা সাহিত্যের প্রথম সার্থক ট্রাজেডি নাটক কৃষ্ণকুমারীর রচয়িতা মাইকেল মধুসূদন দত্ত। তিনি এ নাটকের কাহিনি সংগ্রহ করেন উইলিয়াম টডের 'রাজস্থান' নামক গ্রন্থ থেকে। অন্যদিকে মুনীর চৌধুরী 'রক্তাক্ত প্রান্তর' নাটকটির কাহিনি গ্রহণ করেন কায়কোবাদের 'মহাশ্মশান' গ্রন্থ থেকে। এটি ইতিহাস আশ্রিত একটি ট্রাজেডি নাটক।

**26. ঢাকায় অবস্থিত 'লালবাগ কেল্লা' নির্মাণ শুরু করেছিলেন কে?**

Ⓐ শাহ সুজা Ⓑ আযম শাহ
Ⓒ টিপু সুলতান Ⓓ ইসলাম খান

**B Solve** মুঘল সম্রাট আওরঙ্গজেবের পুত্র মুঘল সুবাদার আযম শাহ ১৬৭৮ সালে লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন। পরবর্তীতে সুবাদার শায়েস্তা খাঁ নির্মাণ কাজ শেষ করেন। তিনতলা বিশিষ্ট কেল্লাটিতে শায়েস্তা খাঁর কন্যা ইরান দুখত ওরফে পরী বিবির মাজার রয়েছে।

**27. 'দেশবন্ধু' কার উপাধি?**

Ⓐ সূর্য সেন Ⓑ এ কে ফজলুল হক
Ⓒ চিত্তরঞ্জন দাশ Ⓓ সুভাষ চন্দ্র বসু

**C Solve** সাধারণ জনগণ অবিভক্ত বাংলার জনপ্রিয় ও অসাম্প্রদায়িক নেতা চিত্তরঞ্জন দাসকে 'দেশবন্ধু' উপাধি প্রদান করে। অন্যদিকে আজাদ হিন্দ সেনাবাহিনীর সৈনিকরা সুভাষ চন্দ্র বসুকে 'নেতাজী' উপাধিতে ভূষিত করেন।

**28. সম্প্রতি গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডসে স্থান পাওয়া 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' শিল্পকর্মটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতির আয়তন কত?**

Ⓐ ৮ লাখ ৮০ হাজার বর্গফুট Ⓑ ১০ লাখ ৯৩ হাজার বর্গফুট
Ⓒ ১২ লাখ ৯২ হাজার বর্গফুট Ⓓ ৭ লাখ ৭০ হাজার বর্গফুট

**C Solve** বগুড়া জেলার শেরপুর উপজেলার বালেন্দা গ্রামে ১০০ বিঘা জমিতে ধানের চারা রোপনের মাধ্যমে বঙ্গবন্ধুর প্রতিকৃতি তৈরি করা হয়। সর্ববৃহৎ শস্যচিত্র (Largest Crop Field Mosaic) ক্যাটাগরিতে ১৬ মার্চ ২০২১ গিনেজ বুক অব ওয়ার্ল্ড এই প্রতিকৃতির স্বীকৃতি প্রদান করে।

**29. 'বেদ' এর কয়টি ভাগ রয়েছে?**

Ⓐ ৫টি Ⓑ ৪টি
Ⓒ ৩টি Ⓓ ২টি

**B Solve** হিন্দুদের আদি ও প্রধান ধর্মগ্রন্থ বেদ। এর অর্থ প্রজ্ঞা বা জ্ঞান। বেদের রচয়িতা বৈদিক ঋষিগণ। বেদ প্রধানত ৪ ভাগে বিভক্ত। যথা- ঋগবেদ, সামবেদ, যজুর্বেদ ও অথর্ববেদ।

**30. আন্তর্জাতিক সংস্থা 'জাতিসংঘ' এর নামকরণ কে করেছিলেন?**

Ⓐ রুজভেল্ট Ⓑ নেহেরু
Ⓒ চার্চিল Ⓓ মাওসেতুং

**A Solve** বিশ্বের স্বাধীন দেশগুলোর সর্ববৃহৎ আন্তর্জাতিক সংগঠনের নাম জাতিসংঘ। বিশ্ব শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৪৫ সালের ২৪ অক্টোবর ৫১ টি দেশ নিয়ে জাতিসংঘ প্রতিষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্রের ৩২তম প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট ১৯৪২ সালের ওয়াশিংটন সম্মেলনে আন্তর্জাতিক সংস্থা 'জাতিসংঘ' নামকরণ করেন।



CamScanner

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**ভর্তি পরীক্ষা: ২০২০-২১; ইউনিট-B; সেট-৩; (কর্ণফুলী-৩)**

**শিফট প্রথম : কলা ও মানববিদ্যা অনুষদ**

বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, ইসলামিক স্টাডিজ, IML (Language & Linguistics), ফারসি ভাষা ও সাহিত্য, পালি, সংস্কৃত, IER (বি.এড.), বাংলাদেশ স্টাডিজ

**বিষয় নির্দেশনা :** A, B, C ও D থেকে সঠিক উত্তর বেছে নাও। সকল প্রশ্নের মান সমান। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর বিয়োগ হবে।

## বাংলা

**01. 'সেই অস্ত্র' কবিতাটি কোন ছন্দে রচিত?**

Ⓐ অন্ত্যমিলহীন মাত্রাবৃত্ত Ⓑ অন্ত্যমিল গদ্য
Ⓒ অন্ত্যমিলহীন অক্ষরবৃত্ত Ⓓ অন্ত্যমিল অমিত্রাক্ষর

C Solve 'সেই অস্ত্র' কবিতাটি আহসান হাবীবের 'বিদীর্ণ দর্পণে মুখ' কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে। এ কবিতায় কবির একমাত্র প্রত্যাশা- ভালোবাসা নামের মহান অস্ত্রকে পুনরায় এ মানবসমাজে ফিরে পাওয়া। সেই অস্ত্র' কবিতাটি সংলাপধর্মী। কবিতাটির পর্বগুলোর বিন্যাসও অসম।

**02. প্রমিত বাংলা বানানের নিয়মে কোনটি অশুদ্ধ?**

Ⓐ ষ্টোর Ⓑ স্টেশন
Ⓒ খ্রিস্ট Ⓓ কৃষ্টি

Blank Solve অশুদ্ধ 'ষ্টোর'-এর শুদ্ধ রূপ হবে : স্টোর এবং 'খ্রিস্ট'-এর শুদ্ধ রূপ : খ্রিষ্ট।

**03. বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাসের রচয়িতা কে?**

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ বুদ্ধদেব বসু Ⓓ রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ

B Solve 'বাঁধনহারা' : কাজী নজরুল ইসলাম রচিত প্রথম উপন্যাস ও বাংলা সাহিত্যের প্রথম পত্রোপন্যাস 'বাঁধনহারা' (১৯২৭)। উপন্যাসটি ১৩৩৪ বঙ্গাব্দে (১৯২৭) গ্রন্থাকারে প্রকাশিত হলেও ১৩২৭ বঙ্গাব্দে (১৯২১) 'মোসলেম ভারত' পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

**04. 'খুব বাঁচা বেঁচেছি' বাক্যটিতে 'বাঁচা' কোন ধরনের পদ?**

Ⓐ ক্রিয়া Ⓑ মুখ্য কর্ম
Ⓒ পদান্বয়ী অব্যয় Ⓓ সমধাতুজ কর্ম

D Solve বাক্যের ক্রিয়া ও কর্মপদ একই ধাতু থেকে গঠিত হলে ঐ কর্মপদকে সমধাতুজ কর্ম বা ধাত্বর্থক কর্মপদ বলে। যেমন : আর কত খেলা খেলবে। মূল 'খেল' ধাতু থেকে ক্রিয়াপদ 'খেলবে' এবং কর্মপদ 'খেলা' উভয়ই গঠিত হয়েছে তাই, 'খেলা' পদটি সমধাতুজ বা ধাত্বর্থক কর্ম।

**05. 'অপরিচিতা' গল্পের নায়কের নাম কী?**

Ⓐ অনুপম Ⓑ অমিত
Ⓒ অপূর্ব Ⓓ প্রাণময়

A Solve রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'অপরিচিতা' প্রথম প্রকাশিত হয় প্রমথ চৌধুরী সম্পাদিত মাসিক 'সবুজপত্র' পত্রিকার ১৩২১ বঙ্গাব্দের (১৯১৪) কার্তিক সংখ্যায়। 'অপরিচিতা' উত্তম পুরুষের জবানিতে লেখা গল্প। 'অপরিচিতা' মনস্তাপে ভেঙে পড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তির গল্প, তার পাপস্খলনের অকপট কথামালা।

**06. ফরাসি লেখক মোপাসাঁর সাহিত্যগুরু কে ছিলেন?**

Ⓐ গুস্তাভ ফ্লবেয়ার Ⓑ এমিল জোলা
Ⓒ লিও তলস্তয় Ⓓ ইভান তুর্গেনিভ

A Solve ১৮৬৭ খ্রিষ্টাব্দে মোপাসাঁ একটি নিম্ন মাধ্যমিক স্কুলে ভর্তি হন। সেখানে বিখ্যাত ঔপন্যাসিক গুস্তাভ ফ্লবেয়ারের সঙ্গে তাঁর পরিচয় ঘটে। পারিবারিক বন্ধু গুস্তাভ ফ্লবেয়ার মোপাসাঁর সাহিত্য জীবনে অভিভাবকের ভূমিকায় অবতীর্ণ হন। এ মহান লেখকের নির্দেশনা ও সহযোগিতায় তিনি সাংবাদিকতা ও সাহিত্য জগতে প্রবেশ করেন।

**07. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।' 'লালসালু' উপন্যাসে গ্রামবাসী সম্পর্কে লেখকের এ মন্তব্যের তাৎপর্য কী?**

Ⓐ যুক্তিনিষ্ঠ আনুগত্য Ⓑ আত্মবিধ্বংসী ধর্মান্ধতা
Ⓒ বিশ্বাস ও যুক্তির দ্বান্দ্বিকতা Ⓓ অপরিসীম বিনয়

B Solve 'লালসালু' (১৯৪৮) একটি সামাজিক সমস্যামূলক উপন্যাস। যুগ-যুগ ধরে শেকড়গাড়া কুসংস্কার, অন্ধবিশ্বাস ও গ্রামবাসীর সরলতা ও ধর্মবিশ্বাসের সুযোগ নিয়ে ভণ্ড ধর্মব্যবসায়ী মজিদ প্রতারণার জাল বিস্তারের মাধ্যমে কীভাবে নিজের শাসন ও শোষণের অধিকার প্রতিষ্ঠা করেছে তারই বিবরণে সমৃদ্ধ 'লালসালু' উপন্যাস।

**08. 'ভীরু প্রতারকের দল চিরকালই পালায়' এটি কার সংলাপ?**

Ⓐ মোহনলালের Ⓑ মিরমর্দনের
Ⓒ রবার্ট ক্লাইভের Ⓓ সিরাজউদ্দৌলার

D Solve সিকান্দার আবু জাফর কর্তৃক রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের তৃতীয় অঙ্কের চতুর্থ দৃশ্যে সিরাজউদ্দৌলার শিবির যখন শত্রু বাহিনী দ্বারা বিধ্বস্ত তখন যুদ্ধের জন্য অনেক লোকের প্রয়োজন হলে সিরাজ সৈন্যসামন্ত সংগ্রহ করার জন্য সৈনিকের কাছে টাকা দেয়। কিন্তু তারা টাকা নিয়ে যুদ্ধ না করে পালিয়ে চলে যায়। সিরাজউদ্দৌলা এ খবর বার্তাবাহকের কাছে জানতে পেরে বলেন- 'ভীরু প্রতারকের দল চিরকালই পালায়। কিন্তু তাতে বীরের মনোবল ক্ষুণ্ণ হয় না।'

**09. কোন প্রকাশনা সংস্থা 'লালসালু' উপন্যাসটি প্রথম গ্রন্থাকারে প্রকাশ করে?**

Ⓐ কমরেড পাবলিশার্স Ⓑ দে'জ পাবলিশার্স
Ⓒ আনন্দ পাবলিশার্স Ⓓ পাঠক সমাবেশ

A Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাস প্রথম প্রকাশিত হয় ১৯৪৮ খ্রিষ্টাব্দে ঢাকার কমরেড পাবলিশার্স থেকে। প্রকাশক মুহাম্মদ আতাউল্লাহ। ১৯৬০ খ্রিষ্টাব্দে ঢাকার কথাবিতান প্রকাশনা থেকে এর দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হয়। ১৯৮১ খ্রিষ্টাব্দের মধ্যেই উপন্যাসটির দশম সংস্করণ প্রকাশিত হয়। নওরোজ কিতাবিস্তান 'লালসালু' উপন্যাসের দশম মুদ্রণ প্রকাশ করে।

**10. 'আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে' কোন লেখকের উক্তি?**

Ⓐ মোতাহের হোসেন চৌধুরী Ⓑ কাজী নজরুল ইসলাম
Ⓒ প্রমথ চৌধুরী Ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর

B Solve 'আমার পথ' প্রবন্ধে নজরুলের মতে, পরাবলম্বনই আমাদের নিষ্ক্রিয় করেছে। অন্তরে যাদের গোলামির ভাব তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে? আত্মাকে চিনলে আত্মনির্ভরতা আসে।'

**11. কোনটি কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ নয়?**

Ⓐ অগ্নি-বীণা Ⓑ প্রলয় শিখা
Ⓒ চক্রবাক Ⓓ মহাশ্মশান

D Solve কায়কোবাদ (১৮৫৭-১৯৫১) রচিত 'মহাশ্মশান' (১৯০৪) মহাকাব্যটির আখ্যান হলো পানিপথের তৃতীয় যুদ্ধ (১৭৬১ খ্রি.) ও মারাঠা শক্তির পতন।



CamScanner

**12. 'সিরাজউদ্দৌলা' নাটকে 'We have come to earn money and not to get into politics' সংলাপটি কার?**

Ⓐ ওয়াটস  Ⓑ হলওয়েল
Ⓒ ক্লেটন  Ⓓ জর্জ

**Ⓐ Solve** আলোচ্য উক্তিটি সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের অন্যতম চরিত্র ওয়াটসের। উক্তি প্রথম অঙ্কের প্রথম দৃশ্যের। সিরাজ, হলওয়েল ও ওয়াটসের মধ্যে বাণিজ্য বিষয়ে আলাপের এক পর্যায়ে সিরাজ পত্রালাপের কথা বললে ওয়াটস উক্তিটি করেন।

**13. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।' বাক্যটি কোন রচনার অংশ?**

Ⓐ চাষার দুক্ষু  Ⓑ আমার পথ
Ⓒ বায়ান্নর দিনগুলো  Ⓓ জাদুঘরে কেন যাব

**Ⓒ Solve** উক্তিটি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী' (২০১২) গ্রন্থ থেকে সংকলিত চলিতরীতিতে লেখা 'বায়ান্নর দিনগুলো' রচনার অন্যতম চরিত্র বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের।

**14. 'নেকলেস' গল্পে মাদাম লোইসেলের ধার-দেনা পরিশোধ করতে কত বছর লেগেছিল?**

Ⓐ বারো বছর  Ⓑ এগারো বছর
Ⓒ দশ বছর  Ⓓ তেরো বছর

**Ⓒ Solve** গী দ্য মোপাসাঁর 'নেকলেস' গল্পে মাদাম লোইসেলের উচ্চাকাঙ্ক্ষা ও উচ্চাভিলাষের কারণে মাদাম ফোরসটিয়ারের কাছ থেকে ধার করা হীরার নেকলেসটি হারিয়ে ফেলে। অনুতপ্ত দরিদ্র মাতিলদা আসল হীরার নেকলেস মনে করে অবিকল একটি হীরার হার কিনে তার বান্ধবীকে ফেরত দিয়ে দীর্ঘ দশ বছর প্রায়শ্চিত্ত করে। অবশেষে সে জানতে পারে ধারকৃত হারটি ছিল নকল এবং তার মূল্য মাত্র পাঁচশত ফ্রাঁ।

**15. 'খাসমহল' শব্দের 'খাস' উপসর্গটি কোন ভাষা হতে আগত?**

Ⓐ আরবি  Ⓑ ফরাসি
Ⓒ উর্দু  Ⓓ হিন্দি

**Ⓐ Solve** কতিপয় আরবি উপসর্গ ও প্রায়োগিক ব্যবহার :

| উপসর্গ | ব্যবহৃত অর্থ | উদাহরণ |
|---|---|---|
| আম্ | সাধারণ অর্থে | আমদরবার, আমমোক্তার। |
| খাস্ | বিশেষ অর্থে | খাসমহল, খাসকামরা, খাসদরবার। |
| লা | না অর্থে | লাজওয়াব, লাওয়ারিশ, লাপাত্তা। |
| গর্ | অভাব অর্থে | গরমিল, গরহাজির, গররাজি। |

**16. 'প্রাগৈতিহাসিক' গল্পটির রচয়িতা কে?**

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর  Ⓑ মানিক বন্দ্যোপাধ্যায়
Ⓒ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়  Ⓓ সৈয়দ ওয়ালীউল্লাহ্

**Ⓑ Solve** মানিক বন্দ্যোপাধ্যায় রচিত কয়েকটি ছোটগল্প : অতসী মামী ও অন্যান্য গল্প (১৯৩৫), প্রাগৈতিহাসিক (১৯৩৭), মিহি ও মোটা কাহিনী (১৯৩৮), আজ কাল পরশুর গল্প (১৯৪৬), সরীসৃপ (১৯৩৯), সমুদ্রের স্বাদ (১৯৪৩), ভেজাল (১৯৪৪), ছোট বকুলপুরের যাত্রী (১৯৪৯), মাটির মাশুল।

**17. সৈয়দ ওয়ালীউল্লাহ্'র জন্মস্থান কোথায়?**

Ⓐ প্যারিস  Ⓑ নোয়াখালী
Ⓒ চট্টগ্রাম  Ⓓ লন্ডন

**Ⓒ Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্র জন্ম : ১৫ আগস্ট ১৯২২ খ্রিষ্টাব্দ; ষোলশহর, চট্টগ্রাম। আদি নিবাস : নোয়াখালী। পিতা : সৈয়দ আহমদউল্লাহ (অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ছিলেন)। মাতা : নাসিম আরা খাতুন।

**18. 'দামিনী' এর প্রতিশব্দ কোনটি?**

Ⓐ রাত্রি  Ⓑ জলধি
Ⓒ বিদ্যুৎ  Ⓓ ধরিত্রী

**Ⓒ Solve** প্রদত্ত শব্দগুলোর সমার্থক শব্দ :

| | |
|---|---|
| রাত্রি | অমা, যামিনী, শর্বরী, বিভাবরী, নিশীথিনী, ক্ষণদা |
| জলধি | সমুদ্র, সাগর, বারিধি, সিন্ধু, পারাবার, জলধর। |
| বিদ্যুৎ | দামিনী, তড়িৎ, বিজলী, চপলা, চিকুর, শম্পা। |
| ধরিত্রী | পৃথিবী, মেদিনী, বসুন্ধরা, অবনি, ধরণি, বসুমতী। |

**19. 'নেকলেস' গল্পে কোন নদীর নাম পাওয়া যায়?**

Ⓐ সিন  Ⓑ টেমস
Ⓒ পদ্মা  Ⓓ রাইন

**Ⓐ Solve** বিশ্ববিখ্যাত গল্পকার গী দ্য মোপাসাঁর শ্রেষ্ঠ গল্পগুলোর মধ্যে 'নেকলেস' অন্যতম। ফরাসি ভাষায় গল্পটির নাম 'La Parure'। ১৮৮৪ সালের ১৭ই ফেব্রুয়ারি ফরাসি পত্রিকা 'La Gaulois'-এ গল্পটি প্রকাশিত হয় এবং সে বছরই ইংরেজিতে অনূদিত হয়। অপ্রত্যাশিত কিন্তু অত্যন্ত আকর্ষণীয় সমাপ্তির জন্য গল্পটি বিপুল জনপ্রিয়তা লাভ করে।

**20. কোন বানানটি শুদ্ধ?**

Ⓐ নিশিথিনি  Ⓑ নিশিথিনী
Ⓒ নীশিথিনী  Ⓓ নিশীথিনী

**Ⓓ Solve** কতিপয় শুদ্ধ বানান : নীরব, নিক্বণ, নিশীথে, নিরীক্ষণ, ন্যস্ত, নির্দোষ, নূপুর, নির্নিমেষ, নির্দ্বন্দ্ব, ন্যূনতম, নৈর্ঋত, নিপীড়ন, নির্ঝঞ্ঝাট, নিরীশ্বর, নির্লক্ষ্য, নিষ্কাশন, নৈপুণ্য, নৈর্ব্যক্তিক, নৈসর্গিক, ন্যক্কার।

**21. 'ঐকতান' রবীন্দ্রনাথের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের কত সংখ্যক কবিতা?**

Ⓐ ৮  Ⓑ ৯
Ⓒ ১১  Ⓓ ১০

**Ⓓ Solve** 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যক কবিতা। কবির মৃত্যুর মাত্র চার মাস আগে ১৩৪৮ বঙ্গাব্দের পহেলা বৈশাখ 'জন্মদিনে' কাব্যগ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। কবিতাটি সমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

**22. বিভূতিভূষণের কোন উপন্যাসটির চলচ্চিত্রায়ন এখনও হয়নি?**

Ⓐ পথের পাঁচালী  Ⓑ অশনি সংকেত
Ⓒ ইছামতি  Ⓓ অপরাজিতা

**Ⓒ Solve** 'ইছামতি' (১৯৫০) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত শেষ উপন্যাস। এটি *রবীন্দ্র পুরস্কার* লাভ করে। ইছামতী নদীর তীরবর্তী গ্রামের মানুষের জীবনকথা এ উপন্যাসের মূল উপজীব্য। উপন্যাসের মূল চরিত্র ভবানী বাঁড়ুয্যে কিংবা তার পুত্রত্রয় তিলু, বিলু, নীলু লেখকের নিজের অভিজ্ঞতায় দেখা মানুষ।

**23. নিকুম্ভিলা যজ্ঞাগারে মেঘনাদ কোন দেবতার উদ্দেশে পূজা নিবেদন করেছিলেন?**

Ⓐ অগ্নিদেবতা  Ⓑ মহাদেব
Ⓒ ব্রহ্মা  Ⓓ ইন্দ্র

**Ⓐ Solve** লঙ্কাপুরীতে মেঘনাদের যজ্ঞস্থান। এখানে যজ্ঞ করে মেঘনাদ যুদ্ধে যেত। 'মেঘনাদবধ-কাব্যে' যুদ্ধযাত্রার প্রাক্কালে নিরস্ত্র মেঘনাদ নিকুম্ভিলা যজ্ঞাগারে ইষ্টদেবতা বৈশ্বানর বা অগ্নিদেবের পূজারত অবস্থায় লক্ষ্মণের হাতে অন্যায় যুদ্ধে নিহত হয়।



CamScanner

24. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস নয়?

Ⓐ রক্তের অক্ষর  Ⓑ বিষাদ-সিন্ধু

Ⓒ রাইফেল রোটি আওরাত  Ⓓ শ্যামল ছায়া

**B Solve** মীর মশাররফ হোসেন রচিত 'বিষাদ-সিন্ধু' (১৮৮৫-'৯১) একটি ইতিহাস আশ্রিত উপন্যাস। ইমাম হাসান-হোসেনের করুণ মৃত্যুকাহিনিই 'বিষাদ-সিন্ধু' উপন্যাসের মূল বিষয়। উপন্যাসটি 'মহরম পর্ব' (১৮৮৫), উদ্ধার পর্ব (১৮৮৭) ও 'এজিদ-বধ পর্ব (১৮৯১)- এ তিনটি পর্বে সম্পন্ন হয়েছে।

25. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা সাহিত্যের সূচনাকাল কোনটি?

Ⓐ ৯৫০ খ্রিষ্টাব্দ  Ⓑ ৬৫০ খ্রিষ্টাব্দ

Ⓒ ৮০০ খ্রিষ্টাব্দ  Ⓓ ১২০০ খ্রিষ্টাব্দ

**B Solve** বাংলা ভাষায় রচিত সাহিত্যকর্ম বাংলা সাহিত্য নামে পরিচিত। আনুমানিক খ্রিষ্টীয় সপ্তম শতাব্দীর মাঝামাঝি বাংলা ভাষায় সাহিত্য রচনার সূত্রপাত হয়।

26. কোনটি কম্পনজাত ধ্বনি?

Ⓐ 'ব়'  Ⓑ 'র'

Ⓒ 'ড়'  Ⓓ 'ল'

**A Solve** 'র', 'ড়' ও 'ল' ধ্বনির পরিচয় :

| | |
|---|---|
| 'র' | 'র' কম্পনজাত ধ্বনি। এ ধ্বনি জিহ্বার অগ্রভাগকে কম্পিত করে এবং দন্তমূলকে একাধিক বার আঘাত করে উচ্চারিত হয়। |
| ড়, ঢ় | 'ড়', 'ঢ়' তাড়নজাত ধ্বনি। এ ধ্বনি জিহ্বার উল্টো পিঠের দ্বারা ওপরের দন্তমূলে দ্রুত আঘাত বা তাড়না করে উচ্চারিত হয়। |
| 'ল' | 'ল' পার্শ্বিক ধ্বনি। জিহ্বার দু'পাশ দিয়ে বায়ু নিঃসৃত হয় বলে একে পার্শ্বিক ধ্বনি বলে। একে আবার তরল ধ্বনিও বলা হয়। |

27. কোন কবি কাব্যনাটক রচনা করেছেন?

Ⓐ জীবনানন্দ দাশ  Ⓑ সৈয়দ শামসুল হক

Ⓒ সুফিয়া কামাল  Ⓓ আবু জাফর ওবায়দুল্লাহ

**B Solve** সৈয়দ শামসুল হকের বিখ্যাত কাব্যনাটক : পায়ের আওয়াজ পাওয়া যায়, গণনায়ক, নূরলদীনের সারাজীবন, এখানে এখন, ঈর্ষা।

28. বাংলা গদ্যের বিকাশে কোন বিদেশির অবদান স্মরণযোগ্য?

Ⓐ লর্ড ক্লাইভ  Ⓑ ডব্লিউ. বি. ইয়েটস

Ⓒ উইলিয়াম কেরি  Ⓓ চার্লস উড

**C Solve** বাংলা সাহিত্যে গদ্যরীতির প্রবর্তক হিসেবে পরিচিত উইলিয়াম কেরি (১৭৬১-১৮৩৪) ছিলেন একজন মিশনারি ও ব্রিটিশ খ্রিষ্টান ধর্মপ্রচারক। তিনি ভারতে ডিগ্রি প্রদানকারী বিশ্ববিদ্যালয় শ্রীরামপুর কলেজ এবং শ্রীরামপুর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন।

29. ব্রিটেনে প্রথম পাবলিক মিউজিয়াম প্রতিষ্ঠিত হয় কত শতকে?

Ⓐ আঠারো শতক  Ⓑ ষোল শতক

Ⓒ সতের শতক  Ⓓ পনের শতক

**C Solve** সতেরো শতকে ব্রিটেনের প্রথম পাবলিক মিউজিয়াম গড়ে ওঠে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে- এখানকার অ্যাশমোলিয়ান মিউজিয়ামের সৃষ্টি পিতাপুত্র দুই ট্র্যাডেসান্ট এবং অ্যাশমোল- এই তিনজনের সংগ্রহ দিয়ে।

30. 'সন্দেশ' শব্দটি মূলত কোন অর্থে ব্যবহৃত হতো?

Ⓐ দূত  Ⓑ সংবাদ

Ⓒ সংগীত  Ⓓ বিবাহ

**B Solve** যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন : সন্দেশ- শব্দ ও প্রত্যয়গত অর্থে 'সংবাদ'। কিন্তু রূঢ়ি অর্থে 'মিষ্টান্ন বিশেষ'।

31. 'সবুজপত্র' পত্রিকার সম্পাদক কে?

Ⓐ রবীন্দ্রনাথ ঠাকুর  Ⓑ প্রমথ চৌধুরী

Ⓒ জীবনানন্দ দাশ  Ⓓ শওকত ওসমান

**B Solve** কতিপয় পত্রিকা ও সম্পাদক :

| পত্রিকা | প্রকাশকাল | সম্পাদক |
|---|---|---|
| কল্লোল | ১৯২৩ | দীনেশরঞ্জন দাশ |
| প্রগতি | ১৯২৭ | বুদ্ধদেব বসু ও অজিতকুমার দত্ত |
| সাধনা | ১৮৯১ | রবীন্দ্রনাথ ঠাকুর |

32. জালালউদ্দিন রুমি কোন ভাষার কবি?

Ⓐ ফারসি  Ⓑ বাংলা

Ⓒ ইংরেজি  Ⓓ ফরাসি

**A Solve** জালাল উদ্দিন মুহাম্মদ রুমি (১২০৭-১২৭৩) ১৩শ শতাব্দীর একজন ফারসি মুসলিম কবি, আইনজ্ঞ, ইসলামি ব্যক্তিত্ব। তিনি ধর্মতাত্ত্বিক, অতীন্দ্রিয়বাদী এবং সুফী ছিলেন। তাঁর লেখা 'মসনবী' কে ফারসি ভাষায় লেখা শ্রেষ্ঠ কাব্যগ্রন্থ হিসেবে গণ্য করা হয়।

33. 'স্বল্পপ্রাণ স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।' কোন রচনার অংশ?

Ⓐ অপরিচিতা  Ⓑ আমার পথ

Ⓒ চাষার দুক্ষু  Ⓓ জীবন ও বৃক্ষ

**D Solve** মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধটি তাঁর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। পরার্থে আত্মনিবেদিত সুকৃতিময় সার্থক বিবেকবোধসম্পন্ন মানবজীবনের মহত্তম প্রত্যাশা থেকে লেখক মানুষের জীবনকাঠামোকে তুলনা করেছেন বৃক্ষের সঙ্গে এবং মনুষ্যত্বের প্রতীক হিসেবে।

34. অভিধানে কোন শব্দটি পরে থাকবে?

Ⓐ স্বয়ং  Ⓑ সামরিক

Ⓒ হোতা  Ⓓ শ্রেয়  **Ans C**

35. বাংলা সাহিত্যে প্রথম মুসলিম কবি কে?

Ⓐ দৌলত উজির বাহরাম খাঁ  Ⓑ সৈয়দ সুলতান

Ⓒ শেখ সাদী  Ⓓ শাহ মুহম্মদ সগীর

**D Solve** শাহ মুহম্মদ সগীর আনুমানিক ১৪ থেকে ১৫ শতকে জন্মগ্রহণ করেন। বিশেষজ্ঞদের মতে তিনি রাজকর্মচারী ছিলেন। মুসলমান কবিদের মধ্যে প্রাচীনতম। তাঁর *ইউসুফ জোলেখা* (১৩৮৯-১৪০৯) কাব্যটি সুলতান গিয়াসউদ্দীন আজম শাহের আমলে রচিত। এ কাব্যে তিনি রাজবন্দনায় সুলতান 'গ্যেছ' (গিয়াসউদ্দীন আযম শাহ) এর প্রশংসায় পঞ্চমুখ হন।



CamScanner

## English

**Read the passage and choose the best alternative (A, B, C or D) to answer the questions (01-06) :**

Influenza, or flu, is a virus that attacks the respiratory system. The flu virus is highly ***contagious :*** when an infected person coughs, sneezes or talks, respiratory droplets are generated and transmitted into the air, and can then be inhaled by anyone nearby. Additionally, a person who touches something with the virus on it and then touches his or her mouth, eyes or nose can become infected.

Before COVID-19, the most severe pandemic in recent history was the 1918 influenza virus, often called "the Spanish Flu". The virus infected roughly 500 million people - one-third of the world's population and caused 50 million deaths worldwide (double the number of deaths in World War I). In the United States, a quarter of the population caught the virus, 675,000 died and life expectancy dropped by 12 years. With no vaccine to protect against the virus, people were urged to isolate, ***quarantine***, practice good personal hygiene and limit social interaction.

The first observations of illness and mortality were documented in the United States (in Kansas) in March 1918 and then in April in France, Germany and the United Kingdom. To maintain morale, World War I censors minimized these early reports. Newspapers were free to report the epidemic's effects in neutral Spain, such as the grave illness of King Alfonso XIII and these stories created a false impression of Spain as especially ***hard hit***. This gave rise to the name "Spanish Flu".

Until February 2020, the 1918 epidemic was largely overlooked in the teaching of American history, despite the ample documentation at the National Archives and elsewhere of the disease and its devastation. The 100-year-old pictures from 1918 that just months ago seemed ***quaint*** and dated now seem oddly prescient.

**01. The word *'quarantine'* in line 11 can be replaced by-**

Ⓐ caging Ⓑ distancing
Ⓒ socializing Ⓓ closeness

Ⓐ Explanation Quarantine - রোগসংক্রমণ প্রতিরোধকল্পে মানুষ/প্রাণীকে আলাদা রাখা, আবদ্ধ করা, Cage অর্থ খাঁচা/খাঁচায় আটকানো/আবদ্ধ রাখা।

**02. The phrase *'hard hit'* in line 18 means-**

Ⓐ to hit strongly Ⓑ to heat very hard
Ⓒ to hardly suffer Ⓓ to be adversely affected

Ⓓ Explanation Hard hit অর্থ মারাত্মকভাবে আক্রান্ত অর্থাৎ adversely affected by any disaster.

**03. The word *'contagious'* in line 2 is closest in meaning to-**

Ⓐ continuous Ⓑ fatal
Ⓒ visible Ⓓ transmissible

Ⓓ Explanation Contagious অর্থ ছোয়াচে, সংক্রামক; transmissible- সংক্রামক অর্থাৎ যে ভাইরাস এক দেহ থেকে অন্য দেহে প্রবাহিত হয় এমন।

**04. The word opposite in meaning to *'quaint'* in line 22 is-**

Ⓐ antiquated Ⓑ regular
Ⓒ hazardous Ⓓ severe

Ⓑ Explanation Quaint অর্থ অদ্ভুত বা খেয়ালি। antiquated - অপ্রচলিত সেকেলে, hazardous - ঝুঁকিপূর্ণ, severe - মারাত্মক, regular - স্বাভাবিক, নিয়মিত।

**05. The 1918 influenza was called "the Spanish Flu" because-**

Ⓐ it originated in Spain
Ⓑ Spain was a neutral country in World War I
Ⓒ King Alfonso XIII of Spain was ill
Ⓓ of the false impression of Spain as hard hit

Ⓓ Explanation 'The Spanish Flue' নামকরণের কারণ ছিলো মূলত ভুল ধারণাপ্রসূত। যেহেতু স্পেন এই ভাইরাসে খুব বাজেভাবে আক্রান্ত হয় এবং স্পেনের সংবাদপত্র তা ফলাও করে প্রচার করে, তাই বিশ্বব্যাপী এটি 'স্পেনিশ ফ্লু' নামে পরিচিতি অর্জন করে। আদতে এই ভাইরাসের উৎস দেশ ছিল মার্কিন যুক্তরাষ্ট্র। কিন্তু, যুদ্ধ চলাকালীন মার্কিন সরকার সৈন্যদের মনোবল ধরে রাখার জন্য এই খবরটি ধামাচাপা দেয়।

**06. According to the passage, all of the following is TRUE about "1918 Influenza" EXCEPT-**

Ⓐ it was beyond censorship
Ⓑ it decreased life expectancy
Ⓒ it was over-looked in American history lessons
Ⓓ it infected one third of world's population

Ⓐ Explanation উপরে উল্লিখিত সকল তথ্যই সঠিক Option A ছাড়া। কারণ, যুদ্ধের সময় যুদ্ধে লিপ্ত দেশসমূহের সংবাদ মাধ্যম কঠোরভাবে সরকারের নিয়ন্ত্রণাধীন ছিল।

**Choose the alternative (A, B, C or D) that best fills in the blanks/completes the meaning of the following (07-12) :**

**07. Which of the following, according to the passage ; is NOT TRUE about 'Flu virus'?**

Ⓐ Cannot be controlled by personal hygiene
Ⓑ examples: Covid-19 and 1918 influenza
Ⓒ communicable
Ⓓ vaccine can protect against the virus

Ⓐ Explanation Passage এর ১৬তম লাইন অনুসারে বলা যায়, টিকার অনুপস্থিতিতে এই ভাইরাস প্রতিরোধের অন্যতম উপায় হলো ব্যক্তিগত পরিচ্ছন্নতা/স্বাস্থ্যবিধি মেনে চলা।

**08. — what extent does her book deal — the problem of air pollution?**

Ⓐ With, about Ⓑ For, to
Ⓒ To, with Ⓓ On, for

Ⓒ Explanation To what extent? অর্থ কী মাত্রায়/পরিমাণে? deal with আচরণ/ব্যবহার করা, বিহিত করা ইত্যাদি।

**09. The physician insisted that the girl — for Covid-19 immediately.**

Ⓐ tests Ⓑ tested
Ⓒ test Ⓓ had tested

Ⓒ Explanation Insist এর পর that clause থাকায় পরবর্তী clause এ Subjunctive এর নিয়মানুযায়ী verb base form হবে।

**10. TV has numerous advantages. —, it has few disadvantages.**

Ⓐ So Ⓑ However
Ⓒ Notwithstanding Ⓓ Despite

Ans Ⓑ



CS CamScanner

**11. I — work half an hour late and I don't think anyone saw me.**

Ⓐ sneaked into Ⓑ sneaked for
Ⓒ sneaked onto Ⓓ sneaked out

Ⓐ Explanation Sneak into - নিঃশব্দে চোরের মতো চলা/আসা/যাওয়া।

**12. Only when each of the committee member — reading the instructions then can you— them to the hall.**

Ⓐ finish, take Ⓑ would finish, took
Ⓒ finishes, take Ⓓ finished, take

Ⓒ Explanation বাক্যটি present tense এ থাকায় each এর verb singular (finishes) হবে।

**13. Neither he himself nor the spectators — satisfied with this answers to the questions.**

Ⓐ is Ⓑ were
Ⓒ has been Ⓓ was

Ⓑ Explanation Neither — nor দ্বারা দুটি subject যুক্ত হলে ২য় subject অনুযায়ী (এখানে spectators) verb বসে।

**14. There were two small rooms in the beach house, — served as a kitchen.**

Ⓐ the samaller of which Ⓑ the amaller of them
Ⓒ the smallest of that Ⓓ the smallest of which

Ⓐ Explanation দুটি বস্তু/ব্যক্তির মাঝে তুলনা বোঝাতে comparative form (smaller) বসে। উল্লেখ্য, একটি বৃহৎ বাক্যে একাধিক (অন্তত দুটি) clause থাকলে তার জন্য এক বা একাধিক clause marker /conjunction ব্যবহার করতে হয়।

**15. I understand you've had a bad day, but pull yourself together and get on with your job will you? The term, 'pull yourself together' means–.**

Ⓐ to stay away from the hard task
Ⓑ to take preparation for the worst
Ⓒ to hire friends for doing the job
Ⓓ to calm down and behave normally

Ⓓ Explanation Pull oneself together অর্থ নিজেকে শান্ত রাখা এবং স্বাভাবিক আচরণ করা।

**16. The boy doesn't tell a lie, —.**

Ⓐ nor does he cheat people Ⓑ he doesn't cheat people
Ⓒ nor he cheats people Ⓓ neither he cheats people

Ⓐ Explanation Nor + auxiliary verb + subject + main verb + বাকি অংশ..... ।

**17. The man whom I — with — the Dean of our faculty.**

Ⓐ was talking, were Ⓑ can talk, were
Ⓒ was talking, was Ⓓ were talking, was

Ⓒ Explanation I এর verb হিসেবে was বসবে এবং the man হলো singular noun, তাই এর verb- হিসেবেও was হবে।

**18. It seems to me that they never gave a thought to probable future problems when the plans — five years ago.**

Ⓐ they laid down Ⓑ were being laid down
Ⓒ to be laid down Ⓓ were not laid down

Ⓑ Explanation Lay down plans - অর্থ পরিকল্পনা আঁটা/গ্রহণ করা।

**19. Quite a few people in our country fail —.**

Ⓐ figuring out their income tax return
Ⓑ to figure out their income tax return
Ⓒ figure out their income tax return
Ⓓ to have figured out their income tax

Ⓑ Explanation Figure out- খুঁজে বের করা, সমাধান করা, বুঝে উঠতে পারা। fail to do sth- কোনো কিছু করতে ব্যর্থ হওয়া।

**20. কোভিড -১৯ মহামারি শিক্ষা ব্যবস্থাকে নানাভাবে ক্ষতিগ্রস্থ করেছে। The correct translation is -**

Ⓐ Education system has variously been affeeting the education system.
Ⓑ Education system has affected in various ways by Covid-19 pandemic.
Ⓒ Covid-19 pandemic has been affecting the education system variously.
Ⓓ Covid-19 pandemic has affected the education system in various ways.

Ⓓ Explanation Pandamic – মহামারি। Affect – ক্ষতি করা।

**21. My wife — the dinner, because I had already cooked it.**

Ⓐ needn't have cooked Ⓑ wouldn't cook
Ⓒ didn't have to cook Ⓓ may not have cooked

Ⓒ Explanation বাক্যের ২য় অংশে বলা হচ্ছে, "কারণ আমি ইতোমধ্যে রান্না করে ফেলেছি"। সুতরাং প্রথম অংশের যৌক্তিক শূন্যস্থান পূরণ হবে– আমার স্ত্রীকে রান্না করতে হয়নি অর্থাৎ my wife didn't have to cook the dinner.

**22. Three-fourths of the assignment —.**

Ⓐ is finish Ⓑ have finished
Ⓒ has been finished Ⓓ have been finished

Ⓒ Explanation Percentage/ভগ্নাংশের পর ব্যবহৃত noun (এখানে assignment) অনুযায়ী verb বসে।

**23. The food supply proved to be the nation's Achilles heel in its defense against terrorist attacks. Here, 'Achilles heel' means —.**

Ⓐ a strong poinl Ⓑ a serious idea
Ⓒ a funny matter Ⓓ a weakness or vulnerable point

Ⓓ Explanation Achilles heel অর্থ দুর্বল দিক বা weak point.

**24. My cousin earns twice —**

Ⓐ as much as I Ⓑ as soon as I
Ⓒ as much as me Ⓓ as many as I

Ⓐ Explanation তুলনা বোঝাতে twice, thrice, four times etc. এদের পর সাধারণত as many/much as বসে। Countable হলে many, uncountable হলে much ব্যবহৃত হয়।

**25. Sports people should maintain — well-balanced diet and have — egg in the morning.**

Ⓐ no article, the Ⓑ a, an
Ⓒ the, an Ⓓ no article, an

Ⓑ Explanation একটি সুষম খাদ্য তালিকা - a well-balanced diet।



CamScanner

**26. —— two months at sea, he came back healthier than ever.**

Ⓐ Having spent Ⓑ Being spent
Ⓒ Spending Ⓓ Having been spent

Ⓐ Explanation সাধারণত পরপর সংঘটিত দুটি কাজের মধ্যে আগে সংঘটিত কাজটি নির্দেশ করতে perfect participle (having + $v_3$) ব্যবহৃত হয়।

**27. If weather forecasters —— warnings of storms on time, telecommunications companies —— to take steps to protect their satellites.**

Ⓐ could have provided/had been able
Ⓑ could provide/would be able
Ⓒ can provide/would been able
Ⓓ could be providing/will be able

Ans Ⓑ

**28. Neither of the stakeholders was happy with the new regulations, —— ?**

Ⓐ were they Ⓑ weren't they Ⓒ did they Ⓓ didn't they

Ⓐ Explanation Neither/either/each of + plural noun + singular verb.

**29. I —— eat all this food.**

Ⓐ would rather not to Ⓑ 'd rather not
Ⓒ 'd not rather Ⓓ rather not to

Ⓑ Explanation Would rather হলো modal auxiliary verb। তাই এর পর not + $v_1$ বসবে।

**30. Most girls in our country —— married early now.**

Ⓐ are not a fraid get Ⓑ are afraid get
Ⓒ are get afraid to Ⓓ are afraid of getting

Ans Ⓓ

**31. Jamila hasn't visited Cox's Bazar yet,—her friend Jahanara.**

Ⓐ not has Ⓑ either has
Ⓒ neither has Ⓓ hasn't

Ⓒ Explanation Negative agreement- এর ক্ষেত্রে Neither + auxiliary verb + sub বা sub + auxiliary verb + not either ব্যবহৃত হয়।

**Identify the alternative (A,B,C or D) that must be changed in order for the sentences (32-35) to be correct.**

**32. William Shakespeare is (Ⓐ) not only prolific (Ⓑ) but too (Ⓒ) interesting (Ⓓ).**

Ⓒ Explanation Not only — থাকলে তার পর অবশ্যই but also থাকা বাঞ্ছনীয়।

**33. I was disappointed (Ⓐ) that I did (Ⓑ) so (Ⓒ) bad (Ⓓ) in the examination.**

Ⓓ Explanation Do sth badly- অর্থাৎ কোনো কিছু খুব বাজেভাবে করা।

**34. Anabil's bilingual ability and previous experience were (Ⓐ) the attributes that which (Ⓑ) helped him (Ⓒ) get the job over all the other (Ⓓ) candidates.**

Ⓑ Explanation দুটি clause-কে যুক্ত করার জন্য এখানে that বসবে। Which উক্ত বাক্যে অতিরিক্ত, ব্যবহারের প্রয়োজন নেই।

**35. Admittance for (Ⓐ) the inauguration (Ⓑ) ceremonies was only by (Ⓒ) special invitation of the (Ⓓ) committee.**

Ⓐ Explanation Admittance to- প্রবেশাধিকার।

## সাধারণ জ্ঞান

**01. আরবি সাহিত্যে প্রথম নোবেল বিজয়ীর নাম কি?**

Ⓐ তাহা হুসেইন Ⓑ খলিল জিবরান
Ⓒ নাগিব মাহফুজ Ⓓ জুরজি জেডান

Ⓒ Solve আরবি ভাষার কিংবদন্তি ঔপন্যাসিক মিশরের নাগিব মাহফুজ ১১ ডিসেম্বর ১৯১১ কায়রোতে আল জামালিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। ১৯৮৮ সালে 'দ্যা কায়রো ট্রিলজি' উপন্যাসের জন্য প্রথম আরব এবং একমাত্র সাহিত্যিক হিসেবে নোবেল পুরস্কার পান।

**02. কোন সাল থেকে ১০ ডিসেম্বর 'বিশ্ব মানবাধিকার দিবস' পালন শুরু হয়?**

Ⓐ ১৯৪৬ Ⓑ ১৯৪৫
Ⓒ ১৯৫০ Ⓓ ১৯৫২

Ⓒ Solve প্রতিবছর ১০ ডিসেম্বর বিশ্বব্যাপী 'মানবাধিকার দিবস' পালন করা হয়। ১৯৪৮ সালে জাতিসংঘ কর্তৃক দিবসটি গৃহীত হয় এবং ১৯৫০ সাল থেকে সারা বিশ্বে দিবসটি পালিত হয়ে আসছে।

**03. রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নির্মিত 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটির শিল্পী কে?**

Ⓐ নিতুন কুণ্ডু Ⓑ হামিদুজ্জামান
Ⓒ মৃণাল হক Ⓓ শামীম সিকদার

Ⓐ Solve রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অবস্থিত 'সাবাস বাংলাদেশ' ভাস্কর্যটি ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণকারী তরুণ মুক্তিযোদ্ধাদের প্রতীক হিসেবে পরিচিত। ১০ ফেব্রুয়ারি ১৯৯২ ভাস্কর্যটি উদ্বোধন করেন শহিদ জননী জাহানারা ইমাম।

**04. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবস কোনটি?**

Ⓐ ২১ নভেম্বর Ⓑ ১৭ নভেম্বর
Ⓒ ১৮ নভেম্বর Ⓓ ১৭ ডিসেম্বর

Ⓒ Solve চট্টগ্রামের হাট হাজারীতে ১৮ নভেম্বর ১৯৬৬ প্রতিষ্ঠিত হয় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। প্রতিবছর ১৮ নভেম্বর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবস পালন করা হয়। বিশ্ববিদ্যালয়টির প্রথম ভিসি ছিলেন ড. আজিজুল রহমান মল্লিক।

**05. মহাকাশযান পার্সিভিয়ারেন্স কোন তারিখে মঙ্গল গ্রহে অবতরণ করে?**

Ⓐ ২১ ফেব্রুয়ারি ২০২১ Ⓑ ২২ ফেব্রুয়ারি ২০২১
Ⓒ ২০ ফেব্রুয়ারি ২০২১ Ⓓ ১৮ ফেব্রুয়ারি ২০২১

Ⓓ Solve মহাকাশযান 'পার্সিভিয়ারেন্স' ৩০ জুলাই ২০২০ মার্কিন মহাকাশ কেন্দ্র থেকে উৎক্ষেপন করা হয়। মহাকাশযানটি পৃথিবী থেকে যাত্রা শুরু করে দীর্ঘ সাত মাস পর ১৮ ফেব্রুয়ারি ২০২১ মঙ্গল গ্রহের জ্যায়েরো গহ্বরে সফলভাবে অবতরণ করে।

**06. সাদৃশ্য বিবেচনা করে সঠিক উত্তরটি বাছাই কর।**

**বাংলাদেশ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান : তুরস্ক ——**

Ⓐ মহাত্মা গান্ধী Ⓑ কামাল আতাতুর্ক
Ⓒ নাজিম হিকমত Ⓓ সুলতান সোলেমান

Ⓑ Solve বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। অন্যদিকে মোস্তফা কামাল আতাতুর্ক ছিলেন তুরস্কের প্রথম প্রেসিডেন্ট। তিনি ছিলেন তুর্কি প্রজাতন্ত্রের প্রতিষ্ঠাতা এবং একাধারে সামরিক ব্যক্তিত্ব লেখক, বিপ্লবী ও জাতীয়তাবাদী রাষ্ট্রনেতা। তাঁকে আধুনিক তুরস্কের জনক বলা হয়।



CamScanner

07. গৌতম বুদ্ধ প্রাচীন ভারতীয় কোন ভাষায় ধর্ম প্রচার করেন?

Ⓐ প্রাকৃত Ⓑ পালি
Ⓒ সংস্কৃত Ⓓ তামিল

**B Solve** গৌতম বুদ্ধ ৫৬৫ খ্রিস্ট পূর্বাব্দে বৈশাখী পূর্ণিমা তিথিতে নেপালের কপিলাবস্তু নগরের লুম্বিনী উদ্যানে ক্ষত্রিয় শাক্য পরিবারে জন্মগ্রহণ করেন। গৌতম বুদ্ধের ব্যবহৃত ভাষা ছিল পালি। গৌতম বুদ্ধ তাঁর ধর্মাদর্শ প্রচারের উদ্দেশ্যে সমগ্র উত্তর ভারত পরিভ্রমণ করেন ফলে পালিভাষা প্রসার লাভ করে।

08. আফ্রিকা মহাদেশের কোন রাষ্ট্র বাংলা ভাষাকে তাদের জাতীয় ভাষার মর্যাদা দেয়?

Ⓐ সুদান Ⓑ সিয়েরালিওন
Ⓒ আইভরি কোস্ট Ⓓ কঙ্গো

**B Solve** ১৯৯১-২০০২ সাল পর্যন্ত গৃহযুদ্ধে বিধ্বস্ত পশ্চিম আফ্রিকার দেশ সিয়েরালিয়নে শান্তি ফেরাতে বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তারই স্বীকৃতি স্বরূপ ২০০২ সালে তৎকালীন প্রেসিডেন্ট আহমাদ তেজান কাব্বাহ বাংলাকে সে দেশের অন্যতম রাষ্ট্রভাষার মর্যাদা দেয়।

09. আটলান্টিক মহাসাগরে ব্রিটিশ বিলাসবহুল জাহাজ টাইটানিক কোন সালে ডুবে যায়?

Ⓐ ১৯১২ Ⓑ ১৯১৫
Ⓒ ১৯১০ Ⓓ ১৯০২

**A Solve** টাইটানিক জাহাজটি ১০ এপ্রিল ১৯১২ ব্রিটেনের সাউদাম্পটন থেকে নিউইয়র্কের উদ্দেশ্যে যাত্রা শুরু করে। ১৫ এপ্রিল মধ্য রাতে আটলান্টিক মহাসাগরে আইসবার্গের সাথে ধাক্কা লেগে প্রথম যাত্রাতেই ডুবে যায়।

10. 'ডি-৮' এর বর্তমান প্রেসিডেন্ট কে?

Ⓐ ইমরান খান Ⓑ এরদোয়ান
Ⓒ শেখ হাসিনা Ⓓ মাহাথির মোহাম্মদ

**C Solve** ডি-৮ (Developing-8) ১৫ জুন ১৯৯৭ (তুরস্ক, ইরান, পাকিস্তান, মিশর, ইন্দোনেশিয়া, মালয়েশিয়া, নাইজেরিয়া ও বাংলাদেশ) নিয়ে গঠিত হয়। সদর দপ্তর তুরস্কের ইস্তানবুল শহরে অবস্থিত। ডি-৮ এর বর্তমান প্রেসিডেন্ট প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ৮ এপ্রিল ২০২১ ডি-৮ এর দশম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ঢাকা, বাংলাদেশ।

11. আধুনিক ভাষাতত্ত্বের জনক কে?

Ⓐ জেকব গ্রিম Ⓑ জন ফক্সে
Ⓒ ফ্রেডরিখ রেনকে Ⓓ নোয়াম চমকি

**D Solve** ১৯২৮ সালে যুক্তরাষ্ট্রের পেনসেলভেনিয়ায় জন্মগ্রহণকারী নোয়াম চমস্কি একজন আমেরিকান ভাষাবিদ, দার্শনিক যুক্তিবিদ এবং রাজনৈতিক ব্যক্তিত্ব। তাঁর তত্ত্বগুলো ভাষাতত্ত্বের আধুনিক বৈজ্ঞানিক অধ্যয়নকে সহজ করেছিলো। অকুপাই, দি সাউন্ড প্যাটার্ন অব ইংলিশ, নেসেসারি ইলুশানস তাঁর বিখ্যাত কয়েকটি গ্রন্থ।

12. স্মার্টফোন প্রথম বাজারজাত করে কোন কোম্পানি?

Ⓐ মটোরোলা Ⓑ আই বি এম
Ⓒ স্যামসাং Ⓓ অ্যাপল

**B Solve** বিশ্বের প্রথম স্মার্ট ফোন সিমন। সেটি ১৯৯৪ সালে আই বি এম এবং মিতসুবিসি ইলেকট্রিক কর্পোরেশন যৌথ উদ্যোগে তৈরি করে। এটি ছিল পুরোপুরি টাচ স্ক্রিন যা ১৬ আগস্ট ১৯৯৪ সালে সবার জন্য উন্মুক্ত করা হয়।

13. 'নিজেকে জানো' কথাটির উদ্ভাবক কে?

Ⓐ প্লেটো Ⓑ বার্ট্রান্ড রাসেল
Ⓒ অ্যারিস্টটল Ⓓ সক্রেটিস

**D Solve** প্রাচীন বিশ্ববিখ্যাত গ্রীক দার্শনিক সক্রেটিস খ্রিস্টপূর্ব ৪৬৯ সালে জন্মগ্রহণ করেন। তিনি জ্ঞান, শিক্ষা, প্রজ্ঞা দিয়ে সকলের হৃদয়ে জায়গা করে নেয়। তৎকালীন গ্রীসের শাসকগণ হেমলক বিষপানের মাধ্যমে ৩৯৯ খ্রিস্ট পূর্বাব্দে মহান এই শিক্ষককে মৃত্যুদণ্ড প্রদান করে।

14. যুক্তরাজ্যসহ কমনওয়েলথভুক্ত রাষ্ট্র কয়টি?

Ⓐ ২১টি Ⓑ ১৬টি
Ⓒ ১১টি Ⓓ ১৫টি

**B Solve** আধুনিক কমনওয়েলথ গঠিত হয় ২৬ এপ্রিল ১৯৪৯। ব্রিটেনের রানী দ্বিতীয় এলিজাবেথ কমনওয়েলভুক্ত ১৫টি দেশের রাষ্ট্রপ্রধান হিসেবে রয়েছে। বাকি ছয়টি দেশে নিজেদের রাজা রয়েছে আর ৩২ টি দেশ প্রজাতন্ত্র। উল্লেখ্য কমনওয়েলথের বর্তমান সদস্য সংখ্যা ৫৪টি দেশ।

15. মহাকাশযান অ্যাপেলো-১৭ মিশনের নভোচারীরা কতদিন মহাশূন্যে কাটিয়েছেন?

Ⓐ ১৫ দিন Ⓑ ১৩ দিন
Ⓒ ২৫ দিন Ⓓ ২৩ দিন

**B Solve** অ্যাপেলো-১৭ সর্বশেষ মনুষ্যবাহী চন্দ্র অভিযান। উৎক্ষেপণ করা হয় ৭ডিসেম্বর ১৯৭২, চাঁদে অবতরণ করে ১১ ডিসেম্বর। পৃথিবীতে প্রত্যাবর্তন করে ১৯ ডিসেম্বর। নভোচারী ছিলেন ৩ জন ইউজিন কারনেন, রোনাল্ড ইভান এবং হ্যারিসন স্মিথ।

16. গিনেস বুক অব ওয়ার্ল্ড রেকর্ডস-এ স্থান পাওয়া 'শস্যচিত্রে বঙ্গবন্ধু' নির্মাণে কোন শস্যের চারা ব্যবহার করা হয়েছে?

Ⓐ আলু Ⓑ পাট
Ⓒ গম Ⓓ ধান

**D Solve** বগুড়া জেলার শেরপুর উপজেলার বালেন্দা গ্রামে ১০০ বিঘা জমিতে ধানের চারা রোপনের মাধ্যমে বঙ্গবন্ধুর প্রতিকৃতি তৈরি করা হয়। সর্ববৃহৎ শস্যচিত্র (Largest Crop Field Mosaic) ক্যাটাগরিতে ১৬ মার্চ ২০২১ গিনেজ বুক অব ওয়ার্ল্ড এই প্রতিকৃতির স্বীকৃতি প্রদান করে।

17. বাংলাদেশের বাগেরহাটে অবস্থিত ষাট গম্বুজ মসজিদ কোন সালে ইউনেস্কোর কালচারাল স্বীকৃতি পায়?

Ⓐ ১৯৮৫ সালে Ⓑ ২০০০ সালে
Ⓒ ১৯৯৬ সালে Ⓓ ১৯৯০ সালে

**A Solve** বাগেরহাট জেলায় অবস্থিত ষাট গম্বুজ মসজিদ বাংলাদেশের অন্যতম প্রাচীন মসজিদ। এটি ১৫শ শতাব্দীতে পীর খান জাহান আলী নিমার্ণ করেন। নামে ষাট গম্বুজ হলেও মসজিদটিতে গম্বুজের সংখ্যা ৮১টি। ১৯৮৫ সালে ইউনেস্কো মসজিদটিকে ৩২১ নং বিশ্ব ঐতিহ্য হিসেবে তালিকাভুক্ত করে।

18. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে 'সুযোগের সমতা'র কথা ঘোষণা করা হয়েছে?

Ⓐ ২৭ নং অনুচ্ছেদে Ⓑ ৪১ নং অনুচ্ছেদে
Ⓒ ৩৬ নং অনুচ্ছেদে Ⓓ ১৯ নং অনুচ্ছেদে

**D Solve** সংবিধানের অনুচ্ছেদ সম্পর্কিত তথ্য :

| অনুচ্ছেদ নং | বিস্তারিত |
|---|---|
| ২৭ নং অনুচ্ছেদ | আইনের দৃষ্টিতে সমতা |
| ৩৬ নং অনুচ্ছেদ | চলাফেরার স্বাধীনতা |
| ৪১ নং অনুচ্ছেদ | ধর্মীয় স্বাধীনতা |



CamScanner

19. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী কত সাল পর্যন্ত অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থে লিপিবদ্ধ হয়েছে?

Ⓐ ১৯৬৬ সাল Ⓑ ১৯৫৫ সাল
Ⓒ ১৯৬০ সাল Ⓓ ১৯৭০ সাল

Ⓑ Solve বঙ্গবন্ধু রচিত অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থটি ইউনিভার্সিটি প্রেস লি. থেকে প্রকাশিত হয় ১৮ জুন ২০১২। বইটিতে বঙ্গবন্ধুর পূর্ব পুরুষদের ইতিহাস থেকে শুরু করে ১৯৫৫ সাল পর্যন্ত বিভিন্ন ঘটনা লিপিবদ্ধ হয়েছে।

20. সুশৃঙ্খলভাবে পরিচালনা করার জন্য সম্রাট আকবর সাম্রাজ্যকে কতটি প্রদেশে ভাগ করেন?

Ⓐ ১৮টি Ⓑ ২০টি
Ⓒ ১৫টি Ⓓ ১২টি

Ⓒ Solve মোগল সাম্রাজ্যের শ্রেষ্ঠ সম্রাট বলা হয় জালালউদ্দীন মুহাম্মদ আকবরকে। মাত্র ১৩ বছর বয়সে ১৫৫৬ খ্রিস্টাব্দে সিংহাসনে বসেন। চাষাবাদের সুবিধার জন্য ১৫৮৪ সালে বাংলা সন প্রবর্তন করে এবং সুশৃঙ্খলভাবে রাষ্ট্র পরিচালনার জন্য সাম্রাজ্যকে ১৫টি প্রদেশে বিভক্ত করেন।

21. বাংলাদেশে এ পর্যন্ত কয়টি জাতীয় শিক্ষা কমিশন প্রতিবেদন পেশ করে?

Ⓐ নয়টি Ⓑ আটটি
Ⓒ সাতটি Ⓓ ছয়টি

Solve বাংলাদেশে এ পর্যন্ত ৫টি শিক্ষা কমিশন গঠিত হয়েছে এবং প্রতিবেদন প্রকাশ করেছে। কুদরত-ই-খুদার নেতৃত্বে প্রথম শিক্ষা কমিশন গঠিত হয় ১৯৭২ সালে। সর্বশেষ শিক্ষা কমিশন গঠিত হয় মনিরুজ্জামান মিঞা শিক্ষা কমিশন (২০০৪)। এছাড়া দেশে এ পর্যন্ত শিক্ষানীতি কমিটি গঠিত হয়েছে ৩টি। সর্বশেষ অধ্যাপক কবীর চৌধুরীর নেতৃত্বে জাতীয় শিক্ষানীতি কমিটি গঠিত হয় ২০০৯ সালে।

22. করোনা ভাইরাসে আক্রান্ত প্রথম রোগী শনাক্ত হয়?

Ⓐ রোমে Ⓑ প্যারিসে
Ⓒ লন্ডনে Ⓓ উহানে

Ⓓ Solve চীনের হুবেই প্রদেশের উহান শহরে বিশ্বে প্রথম করোনা রোগী সনাক্ত হয় ৩১ ডিসেম্বর ২০১৯ এবং প্রথম আক্রান্ত ব্যক্তি মৃত্যুবরণ করে ৯ জানুয়ারি ২০২০।

23. সাদৃশ্য বিবেচনা করে সঠিক উত্তরটি বাছাই কর।

বরাক : ——— : : গঙ্গা : পদ্মা : ——

Ⓐ কর্ণফুলী Ⓑ যমুনা
Ⓒ মেঘনা Ⓓ কুশিয়ারা

Ⓒ Solve বাংলাদেশে মেঘনা নদীর ভারতীয় অংশের নাম বরাক। ঠিক তেমনিভাবে বাংলাদেশে পদ্মা নদীর ভারতীয় অংশের নাম গঙ্গা।

24. জেনারেল ইয়াহিয়া কোন তারিখে বঙ্গবন্ধুকে দেশদ্রোহী আখ্যায়িত করে?

Ⓐ ১৯৭১ সালের ২৬ মার্চ Ⓑ ১৯৭১ সালের ৭ মার্চ
Ⓒ ১৯৬৯ সালের ১৪ ডিসেম্বর Ⓓ ১৯৬৬ সালের ৭ মার্চ

Ⓐ Solve ২৫ মার্চ ১৯৭১ মধ্য রাতে জেনারেল ইয়াহিয়া তৎকালীন পূর্ব পাকিস্তানে 'অপারেশন সার্চলাইট' বাস্তবায়নের সবুজ সংকেত দিয়ে ঢাকা ত্যাগ করেন। পরের দিন ২৬ মার্চ পশ্চিম পাকিস্তানে সংবাদ সম্মেলনে তিনি বঙ্গবন্ধুকে দেশদ্রোহী হিসেবে আখ্যায়িত করেন।

25. রাশিয়া ভ্রমণকালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে কোন কবির দেখা হয়েছিল?

Ⓐ আহমেত আরিফ Ⓑ নাজিম হিকমত
Ⓒ ফারুক নাফিজ Ⓓ আহমেত হাসিম

Ⓑ Solve নাজিম হিকমত ছিলেন তুরস্কের বিখ্যাত কবি ও নাট্যকার। তিনি ১৯৫০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। বঙ্গবন্ধু রাশিয়া ভ্রমণকালে এই কবির সাথে সাক্ষাৎ হয়। এছাড়াও রুশ লেখক অ্যাসিমভের সাথে বঙ্গবন্ধুর আলাপ হয়।

26. কোন সংস্থা ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে?

Ⓐ UNESCO Ⓑ UNICEF
Ⓒ WFP Ⓓ WHO

Ⓒ Solve ক্ষুধামুক্ত বিশ্ব গড়তে এবং সংঘাতকবলিত এলাকাগুলোয় শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখার জন্য ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে জাতিসংঘের অঙ্গসংস্থা বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP)। ২০২২ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন এলিস বিয়ালিয়াৎস্কি এবং দুটি প্রতিষ্ঠান মেমোরিয়াল ও সেন্টার ফর সিভিল লিবার্টিজ।

27. বাংলাদেশ উন্নয়নশীল দেশের স্তরে প্রবেশের আনুষ্ঠানিক স্বীকৃতি লাভ করে কোন তারিখে?

Ⓐ ১৭ মার্চ ২০২১ Ⓑ ২১ ফেব্রুয়ারি ২০২১
Ⓒ ২৬ মার্চ ২০২১ Ⓓ ২৬ ফেব্রুয়ারি ২০২১

Ⓓ Solve বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে প্রাথমিকভাবে উত্তরণ ঘটে মার্চ ২০১৮। জাতিসংঘ উন্নয়নশীল দেশে প্রবেশের আনুষ্ঠানিক স্বীকৃতি দেয় ২৬ ফেব্রুয়ারি ২০২১। সবকিছু ঠিক থাকলে ২০২৬ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা থেকে চূড়ান্তভাবে উন্নয়নশীল দেশে উত্তরণ ঘটবে।

28. ঐতিহাসিক 'বর্ধমান হাউজ' এর বর্তমান নাম কী?

Ⓐ শিল্পকলা একাডেমি Ⓑ আহসান মঞ্জিল
Ⓒ বাংলা একাডেমি Ⓓ কার্জন হল

Ⓒ Solve বাংলা একাডেমি বাংলা ভাষা সংক্রান্ত সর্ববৃহৎ গবেষণা প্রতিষ্ঠান। ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পরিপেক্ষিতে ৩ ডিসেম্বর ১৯৫৫ বর্ধমান হাউসে বাংলা একাডেমি প্রতিষ্ঠিত হয়। ১৯৫৭ সালে বাংলা একাডেমি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের মর্যাদা লাভ করে।

29. বাংলাদেশে কোভিড-১৯ ভ্যাকসিন প্রথম গ্রহণ করেন কে?

Ⓐ রুনো ভেরোনিকা কোস্টা Ⓑ সিস্টার জেবা
Ⓒ সিস্টার পারিজাত Ⓓ রোমেনা কোস্টা

Ⓐ Solve বাংলাদেশে করোনা ভ্যাকসিন কার্যক্রমের উদ্বোধন করা হয় ২৭ জানুয়ারি ২০২১। প্রথম করোনাভাইরাসের টিকা গ্রহণ করেন কুর্মিটোলা জেনারেল হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স রুনো ভেরোনিকা কস্তা। উল্লেখ্য, সারা দেশে একযোগে টিকাদান কর্মসূচি শুরু হয় ৭ ফেব্রুয়ারি ২০২১।

30. জাতিসংঘের কোন তিনটি শাখা নিয়ে ১৯৪৫ সালে ইউনেস্কো গঠিত হয়?

Ⓐ শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি Ⓑ খাদ্য, বিজ্ঞান ও খেলাধুলা
Ⓒ স্বাস্থ্য, বিজ্ঞান ও সংস্কৃতি Ⓓ শিক্ষা, খাদ্য ও সংস্কৃতি

Ⓐ Solve জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতিক বিষয়ক অঙ্গসংস্থা ইউনেস্কো প্রতিষ্ঠার লক্ষ্যে সনদ স্বাক্ষরিত হয় ১৬ নভেম্বর ১৯৪৫ এবং কার্যকর হয় ৪ নভেম্বর ১৯৪৬। সংস্থাটি জাতিসংঘের বিশেষ সংস্থার মর্যাদা লাভ করে ১৪ ডিসেম্বর ১৯৪৬। সদর দপ্তর অবস্থিত ফ্রান্সের রাজধানী প্যারিসে।



CS CamScanner

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**কলা ও মানববিদ্যা অনুষদ**
**ভর্তি পরীক্ষা: ২০২০-২১; ইউনিট-B1; সেট-২**
**অনার্স বিষয় : চারুকলা , নাট্যকলা ও সংগীত**

## বাংলা

**01. 'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি' বলতে কী বোঝানো হয়েছে?**

Ⓐ ধর্মীয় অনুশাসন Ⓑ ধর্মীয় গোঁড়ামি
Ⓒ ধর্মের প্রভাব Ⓓ ধর্মহীনতা

**Ⓐ Solve** উক্তিটির মাধ্যমে ঔপন্যাসিক যে এলাকার বর্ণনা দিয়েছেন, সেখানে প্রচণ্ড অভাবের পাশাপাশি মানুষগুলো ধর্মভীরু। খাদ্য না থাকলেও মানুষের মধ্যে ধর্মচর্চার কার্পণ্য নেই– এটাই বোঝানো হয়েছে।

**02. শামসুর রাহমানের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?**

Ⓐ রৌদ্র করোটিতে Ⓑ বন্দী শিবির থেকে
Ⓒ বিধ্বস্ত নীলিমা Ⓓ প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে

**Ⓓ Solve** ১৯৬০ সালে প্রকাশিত কাব্য "প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে" -এর মাধ্যমে শামসুর রাহমান প্রেম ও প্রকৃতিতে মগ্ন হয়ে আবির্ভূত হয়েছিলেন।

**03. 'দি আগলি এশিয়ান' কে রচনা করেছেন?**

Ⓐ মানিক বন্দ্যোপাধ্যায় Ⓑ সৈয়দ শামসুল হক
Ⓒ সৈয়দ ওয়ালীউল্লাহ্ Ⓓ শামসুর রাহমান

**Ⓒ Solve** The Ugly Asian উপন্যাসটি কদর্য এশীয় (২০০৬) নামে অনুবাদ করেন শিবব্রত বর্মণ।

**04. 'সাম্যবাদী' কবিতায় নজরুলের মতে, পৃথিবীর সবচেয়ে পবিত্র ধর্মপীঠ কোনটি?**

Ⓐ কাশী Ⓑ মসজিদ Ⓒ হিয়া Ⓓ গির্জা

**Ⓒ Solve** আবদুল কাদির সম্পাদিত বাংলা একাডেমি থেকে প্রকাশিত 'নজরুল রচনাবলি'র প্রথম খণ্ড থেকে 'সাম্যবাদী' কবিতাটি সংকলন করা হয়েছে। এ কবিতায় কবি ঈশ্বরকে নিজ হৃদয়ে খোঁজার কথা বলতে গিয়ে বলেন- "মিথ্যা শুনিনি ভাই,/এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই।"

**05. 'সেই অন্ন আমাকে ফিরিয়ে দাও' এখানে 'সেই' কোন পদ?**

Ⓐ বিশেষণ Ⓑ সর্বনাম Ⓒ অব্যয় Ⓓ ক্রিয়া বিশেষণ

**Ⓐ Solve** যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে, তাকে নাম বিশেষণ বলে। যেমন :

| | |
|---|---|
| উপাদানবাচক | বেলে মাটি, পাথুরে মূর্তি, স্বর্ণময় পত্র, স্বর্ণময় সিংহাসন। |
| প্রশ্নবাচক | কত দূর পথ? কেমন অবস্থা? |
| নির্দিষ্টতাজ্ঞাপক | এই লোক, সেই ছেলে, ছাব্বিশে মার্চ। |

**06. 'টাঁার সম্পর্কটাকে ছুরী করিবার ইচ্ছা আমার নাই।' উক্তিটি কার?**

Ⓐ মামার Ⓑ শম্ভুনাথের Ⓒ অনুপমের Ⓓ কল্যাণীর

**Ⓑ Solve** 'অপরিচিতা' গল্পে অনুপম ও কল্যাণীর বিয়ে সম্পূর্ণ হওয়ার পূর্বে অনুপমের মামা প্রাপ্ত গহনা যাচাই করার নামে শম্ভুনাথকে বিব্রত ও অপমান করেন। শম্ভুনাথ বিচলিত না হয়ে কৌশলে বিনয় দেখিয়ে বরযাত্রীদের ভোজনপর্বও শেষ করে তাদের যাওয়ার জন্য গাড়ি ঠিক করার কথা বললেই অনুপমের মামা আশ্চর্য হয়ে বলে ওঠেন, 'ঠাট্টা করিতেছেন নাকি।' এ কথার জবাবে শম্ভুনাথ আলোচ্য উক্তিটি করেন।

**07. 'প্রত্যহ' শব্দের ব্যাসবাক্য কোনটি?**

Ⓐ প্রতি অহ Ⓑ প্রতি অহন
Ⓒ প্রত্যেক দিন Ⓓ প্রত্যেক অহ

**Ⓐ Solve** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। সামীপ্য (নৈকট্য), বীপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, ক্ষুদ্র, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন : আমিষের অভাব = নিরামিষ।

**08. কোনটি কাজী নজরুল ইসলামের কাব্যগ্রন্থ নয়?**

Ⓐ হোমশিখা Ⓑ প্রলয় শিখা
Ⓒ ঝিঙে ফুল Ⓓ ছায়ানট

**Ⓐ Solve** সত্যেন্দ্রনাথ দত্ত (১৮৮২-১৯২২) রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ : সবিতা (১৯০০), সন্ধিক্ষণ (১৯০৫), বেণু ও বীণা (১৯০৬), হোমশিখা (১৯০৭), কুহু ও কেকা (১৯১২), মণিমঞ্জুষা (১৯১৫), অভ্র-আবীর (১৯১৬), হসন্তিকা (১৯১৭), বেলা শেষের গান (১৯২৩), বিদায় আরতি (১৯২৪)।

**09. রবীন্দ্রনাথের মতে, অনাগত ভবিষ্যতের মহৎ কবি হবেন–**

Ⓐ ঐকতান সংলগ্ন Ⓑ মৃত্তিকা সংলগ্ন
Ⓒ একতারা সংলগ্ন Ⓓ সংগীত সভা সংলগ্ন

**Ⓑ Solve** 'ঐকতান' কবিতায় রবীন্দ্রনাথ সেই অনাগত কবিকে আহ্বান করেছেন, যিনি অখ্যাত মানুষের, অব্যক্ত মনের জীবনকে আবিষ্কার করতে সমর্থ হবেন। তাই তিনি বলেছেন– 'যে আছে মাটির কাছাকাছি,/সে কবির বাণী-লাগি কান পেতে আছি।'

**10. 'ঐকতান' কবিতাটি কোন ছন্দে রচিত?**

Ⓐ অক্ষরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত
Ⓒ স্বরবৃত্ত Ⓓ গদ্যছন্দ

**Ⓐ Solve** 'ঐকতান' রবীন্দ্রনাথ ঠাকুরের 'জন্মদিনে' কাব্যগ্রন্থের ১০ সংখ্যক কবিতা। কবির মৃত্যুর মাত্র চার মাস আগে ১৩৪৮ বঙ্গাব্দের পহেলা বৈশাখ 'জন্মদিনে' কাব্যগ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। কবিতাটি সমিল প্রবহমান অক্ষরবৃত্ত ছন্দে রচিত।

**11. বাংলা টপ্পাগানের জনক কে?**

Ⓐ রামপ্রসাদ সেন Ⓑ রামনিধি গুপ্ত
Ⓒ রজনীকান্ত সেন Ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর

**Ⓑ Solve** রামনিধি গুপ্ত (১৭৪১-১৮৩৪) সাধারণত নিধু বাবু নামে পরিচিত। তাঁর ডাকনাম নিধু (বাবু)। বাংলা টপ্পা সঙ্গীতের একজন মহান সংস্কারক ও প্রবর্তক হিসেবে বিখ্যাত। তাঁর টপ্পা সঙ্গীতের সংকলনের নাম 'গীতরত্ন' (১৮৩২)। তাঁর রচিত বিখ্যাত টপ্পার উদাহরণ হলো : নানান দেশের নানান ভাষা/বিনে স্বদেশী ভাষা/পুরে কি আশা?

**12. জীবনানন্দ দাশের উপন্যাস কোনটি?**

Ⓐ বরিশালের যোগেন মণ্ডল Ⓑ মরুভাস্কর
Ⓒ যারা বৃষ্টিতে ভিজেছিল Ⓓ সুতীর্থ

**Ⓓ Solve** প্রদত্ত গ্রন্থ, ধরন ও লেখক :

| গ্রন্থ | ধরন | লেখক |
|---|---|---|
| বরিশালের যোগেন মণ্ডল | উপন্যাস | দেবেশ রায় |
| মরুভাস্কর | কাব্যগ্রন্থ | কাজী নজরুল ইসলাম |
| যারা বৃষ্টিতে ভিজেছিল | কাব্যোপন্যাস | জয় গোস্বামী |
| সুতীর্থ | উপন্যাস | জীবনানন্দ দাশ |



CS CamScanner

13. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়?
Ⓐ শৌরসেনী প্রাকৃত Ⓑ গৌড়ীয় প্রাকৃত
Ⓒ মাগধী প্রাকৃত Ⓓ গৌড়ী প্রাকৃত

Ⓑ Solve বাংলা ভাষার উৎপত্তির সাধারণ ক্রম হলো : মাগধী প্রাকৃত > মাগধী অপভ্রংশ > মাগধী অবহট্‌ঠ > বাংলা। কিন্তু মুহম্মদ শহীদুল্লাহ এ বিষয়ে ভিন্নমত পোষণ করেন, তাঁর মতানুসারে মূলত গৌড়ীয় প্রাকৃত থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে। অর্থাৎ গৌড়ীয় প্রাকৃত > গৌড়ীয় অপভ্রংশ > গৌড়ীয় অবহট্‌ঠ > বাংলা।

14. 'দৃষ্টিপ্রদীপ' উপন্যাসটি কে রচনা করেছেন?
Ⓐ মানিক বন্দ্যোপাধ্যায় Ⓑ তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
Ⓒ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় Ⓓ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

Ⓒ Solve 'দৃষ্টিপ্রদীপ' বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় রচিত একটি উপন্যাস। 'প্রবাসী' মাসিক পত্রিকায় ১৩৪০ সালের ফাল্গুন সংখ্যা থেকে ১৩৪১ সালের চৈত্র সংখ্যা পর্যন্ত ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল। ব্যক্তি ও শিল্পী বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের বিশ্বাসের জগত ও অধ্যাত্মদর্শন সম্পর্কে প্রথম আলো ফেলে এ উপন্যাসটি।

15. বাংলা ভাষার নিজস্ব বিরাম চিহ্ন কোনটি?
Ⓐ দাঁড়ি Ⓑ প্রশ্নবোধক চিহ্ন
Ⓒ কমা Ⓓ বিস্ময়সূচক চিহ্ন

Ⓐ Solve কতিপয় যতি-চিহ্নের আকৃতি, নাম এবং বিরতি কাল :

| আকৃতি | যতি-চিহ্নের নাম | বিরতি কাল-পরিমাণ |
|---|---|---|
| : | কোলন | এক সেকেন্ড |
| । | দাঁড়ি বা পূর্ণচ্ছেদ | এক সেকেন্ড |
| ; | সেমিকোলন বা অর্ধচ্ছেদ | ১ বলার দ্বিগুণ সময় |
| - | হাইফেন | থামার প্রয়োজন নেই |
| ' | ইলেক বা লোপ চিহ্ন | থামার প্রয়োজন নেই |

16. প্রথম বাঙালি নারী কবি কে?
Ⓐ স্বর্ণকুমারী দেবী Ⓑ কামিনী রায়
Ⓒ তুলসী দেবী Ⓓ চন্দ্রাবতী

Ⓓ Solve সংক্ষেপে চন্দ্রাবতী সম্পর্কিত তথ্য :

| | |
|---|---|
| জন্ম | চন্দ্রাবতী কিশোরগঞ্জ জেলার পাটোয়ারি গ্রামে ষোড়শ শতাব্দীতে (১৫৫০ খ্রি.) জন্মগ্রহণ করেন। পিতা : মনসামঙ্গল কাব্যের কবি দ্বিজ বংশীদাস। |
| সাহিত্যকর্ম | মলুয়া, দস্যুকেনারামের পালা, রামায়ণ। |

17. 'লোক-লোকান্তর' কবিতায় চেতনার তুল্যরূপ কোনটি?
Ⓐ পাখি Ⓑ সবুজ অরণ্য
Ⓒ নক্ষত্র Ⓓ কৃষ্ণচূড়া

Ⓐ Solve 'লোক-লোকান্তর' কবিতাটি আল মাহমুদের 'লোক-লোকান্তর' কাব্যের নাম-কবিতা। এটি কবির আত্মপরিচয়মূলক কবিতা। কবির চেতনা যেন সত্যিকারের সপ্রাণ এক অস্তিত্ব পাখিতুল্য সেই কবিসত্তা সুন্দরের ও রহস্যময়তার স্বপ্নসৌধে বিরাজমান।

8. 'আহ্বান' গল্পে বৃদ্ধার মৃত্যু হয় কোন ঋতুতে?
Ⓐ শীত Ⓑ হেমন্ত
Ⓒ শরৎ Ⓓ বসন্ত

Ⓒ Solve 'আহ্বান' গল্পটি বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের রচনাবলি থেকে সংকলিত হয়েছে। এটি একটি উদার মানবিক সম্পর্কের গল্প।

19. 'গণমানুষের কবি' হিসেবে কে সমধিক পরিচিত?
Ⓐ দিলওয়ার Ⓑ আল মাহমুদ
Ⓒ সুকান্ত ভট্টাচার্য Ⓓ কাজী নজরুল ইসলাম

Ⓐ Solve কবি দিলওয়ারে সম্পর্কিত কতিপয় তথ্য :

| | |
|---|---|
| নাম | প্রকৃত নাম : দিলওয়ার খান; সংক্ষিপ্ত নাম : দিলওয়ার। সাধারণ্যে পরিচিত : গণমানুষের কবি। |
| জন্ম পরিচয় | জন্ম : ১ জানুয়ারি ১৯৩৭ খ্রিষ্টাব্দ; ভার্থখলা, সিলেট। পিতা : মৌলভী মোহাম্মদ হাসান খান; মাতা : রহিমুন্নেসা। |
| মৃত্যু | ১০ অক্টোবর ২০১৩ খ্রিষ্টাব্দ। |

21. 'গণনায়ক' সৈয়দ শামসুল হকের কোন ধরনের রচনা?
Ⓐ উপন্যাস Ⓑ নাট্যকাব্য
Ⓒ কাব্যনাটক Ⓓ ছোটগল্প

Ⓒ Solve 'পায়ের আওয়াজ পাওয়া যায়, ঈর্ষা, নূরলদীনের সারাজীবন, গণনায়ক, এখানে এখন'– সব্যসাচী সাহিত্যিক সৈয়দ শামসুল হকের কাব্যনাট্য। ১১৮৯ বঙ্গাব্দে (১৭৮২) সংগঠিত কৃষক বিদ্রোহের প্রেক্ষাপট নিয়ে 'নূরলদীনের সারাজীবন' কাব্যনাট্যটি রচিত।

21. 'চর্যাপদ' বাংলা ভাষায় রচিত। এ বিষয়টি প্রথম কে প্রমাণ করেন?
Ⓐ ড. মুহম্মদ শহীদুল্লাহ Ⓑ সুকুমার সেন
Ⓒ হরপ্রসাদ শাস্ত্রী Ⓓ ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

Ⓓ Solve 'চর্যাপদ' বাংলা ভাষার প্রাচীনতম পদ সংকলন তথা সাহিত্য নিদর্শন। নব্য ভারতীয় আর্যভাষারও প্রাচীনতর রচনা এটি। ১৯০৭ খ্রিষ্টাব্দে মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজদরবারের গ্রন্থশালা থেকে চর্যার একটি খণ্ডিত পুঁথি উদ্ধার করেন।

22. 'আঠারো বছর বয়স' কবিতাটির স্তবক সংখ্যা কত?
Ⓐ আট Ⓑ ছয়
Ⓒ দশ Ⓓ বারো

Ⓐ Solve সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিষ্টাব্দে প্রকাশিত হয়। কবিতাটি তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত। কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

23. কোন কবি বাংলাদেশের রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব পালন করেছেন?
Ⓐ আবু জাফর ওবায়দুল্লাহ Ⓑ সিকান্দার আবু জাফর
Ⓒ শামসুর রাহমান Ⓓ সুফিয়া কামাল

Ⓐ Solve আবু জাফর ওবায়দুল্লাহর কর্মজীবন/পেশা : লেকচারার : ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। সচিব : বাংলাদেশ সচিবালয়; মন্ত্রী : কৃষি ও পানিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সরকার (১৯৮২); রাষ্ট্রদূত : ওয়াশিংটন, যুক্তরাষ্ট্র; মহাপরিচালক : FAO, এশিয়া প্যাসিফিক অঞ্চল।

24. নিচের কোনটি তুর্কি শব্দ?
Ⓐ বাবুর্চি Ⓑ আচার
Ⓒ সাগু Ⓓ রেস্তোরাঁ

Ⓐ Solve প্রদত্ত শব্দগুলোর উৎস ভাষা :

| | |
|---|---|
| তুর্কি | বাবুর্চি, কুরনিশ, খোকা, মোগল, সওগাত, বাবা। |
| পর্তুগিজ | আচার (খাদ্যবস্তু), সাগু, পাউরুটি, গুদাম। |
| ফরাসি | রেস্তোরাঁ, কুপন, ডিপো, আঁতাত, রেনেসাঁ। |



CamScanner

"You will regret it ! Jack growled.

At this moment, the boys heard a **deafening** roar. They turned around and saw, to their horror, huge waves of water rushing at them. "Flash flood!" cried Azmi "Run up the banks!" The boys were in sixes and sevens as they scrambled up the muddy river banks. Luckily all managed to escape the churning waters. Phil ,who was beside Jack, said with a smile, "Hey joker , we' ll believe you next time."

**01. From the story , we know that Jack —.**

Ⓐ likes to play pranks Ⓑ is an alert boy
Ⓒ likes to disobey order Ⓓ is a brave boy

Ⓐ Explanation Passage-এর শেষ বাক্যের 'Hey joker, well believe you next time' অংশ থেকে বোঝা যায় যে, Jack মাঝে মধ্যেই Joke (prank) করতো।

**02. From the sentence, " 'You will regret it ,' Jack growled ",in line 10 we know —.**

Ⓐ he was making animal noises Ⓑ he was keeping his voice low
Ⓒ he was hungry Ⓓ he was angry

Ⓑ Explanation Growl-শব্দের অর্থ: ক্ষোভ বা রাগের সহিত নিচু গলায় কিছু বলা (say something in a low grating voice, typically in a hostile or angry manner) ।

**03. The boys were —.**

Ⓐ on a holiday camping trip Ⓑ long trekking journey
Ⓒ on a climbing expedition Ⓓ students

Ⓑ Explanation Trekking-শব্দের অর্থ: পায়ে হেঁটে ভ্রমণ করে কোথাও যাওয়া: বিশেষ করে প্রাকৃতিক দৃশ্য উপভোগ করতে যাওয়া (go on a long ardous journey, typically on foot) ।

**04. Jack was looking flustered because —.**

Ⓐ he heard rumbling sounds
Ⓑ he wanted the boys to escape
Ⓒ he was a good actor and joker
Ⓓ he knew the boys were in danger

Ⓓ Explanation Flustered (Adj) – হতবাক বা বিক্ষুব্ধ।

**05. The word 'deafening' in line 11 means —.**

Ⓐ feeble Ⓑ extremely loud
Ⓒ melodious Ⓓ euphonious

Ⓑ Explanation Deafening (Adj) – অত্যধিক কোলাহলপূর্ণ।

**06. The first person to discover the flash flood was —.**

Ⓐ Peter Ⓑ Jack Ⓒ Azmi Ⓓ Phil

Ⓒ Explanation Passage-এর "Flash flood! " cried up Azmi "Run up the banks! -অংশটুকু থেকে উত্তরটি বোঝা যায়।

**Choose the alternative (A, B, C or D) that best fills in the blanks/completes the meaning of the following (07-35) :**

**07. Come and see me tomorrow, —?**

Ⓐ don't you Ⓑ won't you
Ⓒ will you Ⓓ do you

Ⓑ Explanation সাধারণত Imperative sentence-এর tag Question-এর ক্ষেত্রে কোন কিছুর উত্তর জানতে চাওয়া হলে won't এবং অন্যান্য ক্ষেত্রে will ব্যবহৃত হয়।

**08. It was very — of Henry to — his hostess a bouquet of flowers.**

Ⓐ considerate...send Ⓑ consideration...sent
Ⓒ considerate...sent Ⓓ considerable...send

Ⓐ Explanation Considerate of (someone) কারো প্রতি সহানুভূতি বা সম্মান দেখানো এবং to + verb এর base form (send) হয়।

**09. Which spelling is correct?**

Ⓐ Guarante Ⓑ Guarantee
Ⓒ Guarrantee Ⓓ Gurantee

Ⓑ Explanation সঠিক বানান - Guarantee (নিশ্চয়তা) ।

**10. Many underprivileged people cannot afford to buy electric fans, — air conditioners.**

Ⓐ let only Ⓑ let alone Ⓒ lest Ⓓ not only

Ⓑ Explanation Let alone-এমন অর্থ প্রকাশে ব্যবহৃত হয় যেখানে কেউ কোন একটি ছোট কাজ করতে পারেনা, আবার বড় কাজ করবে-এমন ক্ষেত্রে।

**11. Rarely — seen far from water.**

Ⓐ have spotted turtles Ⓑ are spotted turtles
Ⓒ spotted turtles are Ⓓ spotted turtles

Ⓑ Explanation বাক্যটির প্রথমে negative word (rarely) থাকায় inversion-এর নিয়ম প্রযোজ্য হয়েছে. অর্থাৎ verb(are spotted), subject (turtles) এর পূর্বে বসেছে।

**12. The passer-by said that he — avail — of the opportunity.**

Ⓐ will...himself of Ⓑ would...himself of
Ⓒ should...himself Ⓓ would...himself

Ⓓ Explanation বাক্যটি past tense এ হওয়ায় he এর পর would বসবে এবং ২য় শূন্যস্থানের পর of থাকায় এখানে শুধু himself হবে (Avail + reflexive pronoun + of..,) ।

**13. She has a little time, —?**

Ⓐ hasn't her Ⓑ has she
Ⓒ doesn't she Ⓓ haven't she

Ⓒ Explanation Has যখন main verb হিসেবে ব্যবহৃত হয় তখন tag question করার সময় auxiliary verb হিসেবে doesn't/ hasn't বসে।

**14. Let's go —?**

Ⓐ fishing Ⓑ to fish
Ⓒ to fishing Ⓓ by fish

Ⓐ Explanation চল মাছ ধরতে যাই -অর্থ বোঝাতে Let's go fishing ব্যবহৃত হয়।

**15. I saw a — of cows in the field.**

Ⓐ herd Ⓑ swarm
Ⓒ group Ⓓ flock

Ⓐ Explanation কোনো প্রাণীর ঝাঁক বা সমষ্টি বোঝাতে herd of phrase টি ব্যবহৃত হয়।

**16. It was not until she had arrived home — remembered her appointment with the doctor.**

Ⓐ when she Ⓑ that she
Ⓒ and she Ⓓ she

Ⓑ Explanation বাক্যে It was not until / it was only after ...... থাকলে এরপর that হয়। অর্থাৎ, It was not until ........ that + extension ব্যবহৃত হয়।



CS CamScanner

17. Ours — building.
Ⓐ have a ten-year-old Ⓑ is a ten-years-old
Ⓒ is a ten-year-old Ⓓ is ten-year-old
**C** Explanation Ours (Possessive pronoun) অর্থ-আমাদেরটি, তাই পরে verb (is) হবে এবং hyphenated adjective এর নিয়মানুযায়ী ten (plural) থাকা সত্ত্বেও year-এর সাথে 'S' যুক্ত হবে না।

18. I tried to convince him to change his mind, but he remained —.
Ⓐ stubborn Ⓑ fixed
Ⓒ aggressive Ⓓ defensive
**A** Explanation Stubborn – কোনোকিছু করার যথেষ্ট কারণ থাকা সত্ত্বেও সেটা করার ব্যাপারে নিজের মনোভাব বা অবস্থা পরিবর্তন না করার প্রতিজ্ঞা।

19. My employer offered me more money or a car and I —.
Ⓐ choose the latter Ⓑ chose the latter
Ⓒ chose the later Ⓓ chose latter
**B** Explanation দুটি জিনিসের মধ্যে শেষের বা ২য়টিকে বোঝাতে latter ব্যবহার করতে হয়।

20. — time suits you better- 12 : 30 or one o'clock?
Ⓐ Which Ⓑ Whose
Ⓒ What Ⓓ Which of the
**C** Explanation What time - কোন সময়।

21. Mina has — friends now — last year.
Ⓐ fewer...then she had Ⓑ less...than she had
Ⓒ less...than Ⓓ fewer...than she had
**D** Explanation Countable noun এর plural হিসেবে fewer বসবে এবং বাক্যটি দ্বারা তুলনা বোঝাচ্ছে বিধায় than বসবে।

22. Because the first pair of pants did not fit properly, he asked for —.
Ⓐ others pairs Ⓑ the other ones
Ⓒ another pants Ⓓ another pair
**D** Explanation Order অনুযায়ী One এর পর another এবং এরপর other বসবে।

23. The students, especially the brighter ones, are going to — their term papers on Wendnesday.
Ⓐ turn in Ⓑ turn on
Ⓒ turn up Ⓓ turn off
**A** Explanation Turn in এর অর্থ : কর্তৃপক্ষের কাছে লিখিত কোন কিছু জমা দেওয়া (give something to someone in authority)।

24. —, the pedestrian took rest under a tree.
Ⓐ Having tired and exhausted
Ⓑ Tired and exhausted
Ⓒ Been tired and exhausted
Ⓓ Be Tired and exhausted
Ans B

25. The active form of "Let him be told to go" is-
Ⓐ Tell him to go Ⓑ Tell him go
Ⓒ Tell him to come Ⓓ Let him go
**A** Explanation Passive বাক্যটির active form হবে - Tell him to go।

26. The sudden breeze made the candles —.
Ⓐ blew out Ⓑ blow out
Ⓒ blown out Ⓓ blow off
**B** Explanation Blow out – নিভে যাওয়া।

27. If they — arrived on time, they would not have missed the train.
Ⓐ were Ⓑ had
Ⓒ would Ⓓ would have
**B** Explanation If ব্যতীত clause এ would have + $v_3$ থাকলে if এর সাথের clause টি past perfect tense এ হয়।

28. I'm looking forward to — with you.
Ⓐ working Ⓑ worked
Ⓒ work Ⓓ will be working
**A** Explanation Look forward to এর পর verb এর সাথে ing যুক্ত করতে হয়।

29. By whom —?
Ⓐ the picture was hanged Ⓑ did the picture hang
Ⓒ was the picture hung Ⓓ was the picture hanged
**C** Explanation Passive অর্থে- বস্তু ঝুলিয়ে রাখার ক্ষেত্রে hang-hung-hung ব্যবহৃত হয়; কিন্তু কোন মানুষকে ফাঁসিতে ঝোলানোর ক্ষেত্রে hang-hanged-hanged ব্যবহৃত হয়।

30. Never — heard such a thing.
Ⓐ I did Ⓑ I have
Ⓒ have I Ⓓ did I
**C** Explanation Never দিয়ে বাক্য শুরু হলে inversion of adverb অনুযায়ী, auxiliary verb + subject + main verb ব্যবহৃত হয়।

31. I — her since 2010.
Ⓐ have been knowing Ⓑ have known
Ⓒ know Ⓓ knew
**B** Explanation Point of time উল্লেখ থাকলে perfect tense হয়।

32. I have — the interactive classes.
Ⓐ had benefited from Ⓑ benefit greatly by
Ⓒ been benefit by Ⓓ benefited greatly from
**D** Explanation স্বাভাবিক নিয়মে present perfect tense এর শর্তপূরণ করতে subject (I) + auxiliary (have) + past participle (benefited) বসবে।

33. She wanted to serve some coffee to her guests; —.
Ⓐ but she hadn't many sugar
Ⓑ however, she has not a little sugar
Ⓒ and she did have much sugar
Ⓓ but she didn't have much sugar
Ans D

34. She behaves as if she — a Minister of a country.
Ⓐ is Ⓑ were
Ⓒ would Ⓓ will
**B** Explanation As if অর্থ-যেন বা ভান করা।

35. The critically ill patient — to take the medicines — days.
Ⓐ was asked...on alternative Ⓑ asked...on alternate
Ⓒ was asked...on alternate. Ⓓ has asked...on alternate
**C** Explanation বাক্যটি passive এ আছে তাই was asked ব্যবহার করতে হবে। Alternate – একদিন পর / পর্যায়ক্রমিক। Alternative অর্থ বিকল্প।


CamScanner

## সাধারণ জ্ঞান

**01. লিওনার্দো দ্য ভিঞ্চির বিখ্যাত চিত্রকর্ম 'মোনালিসা' কোন জাদুঘরে সংরক্ষিত রয়েছে?**

Ⓐ স্টেট হারমিটেজ, সেন্ট পিটার্সবার্গ Ⓑ এক্রোপলিস মিউজিয়াম, এথেন্স
Ⓒ লুভর মিউজিয়াম, প্যারিস Ⓓ ব্রিটিশ মিউজিয়াম, লন্ডন

**C Solve** জগৎ বিখ্যাত শিল্পকর্মের আঁধার ল্যুভর মিউজিয়াম যা পৃথিবীর সবচেয়ে প্রাচীন জাদুঘর গুলোর মধ্যে অন্যতম। এটি ১০ আগস্ট ১৭৯৩ ফ্রান্সের রাজধানী প্যারিসে প্রতিষ্ঠিত হয়। এই জাদুঘরে লিওনার্দো দ্যা ভিঞ্চির আঁকা বিখ্যাত চিত্রকর্ম 'মোনালিসা' ছাড়াও সাইক্লাডিক, মারকাস, দি পিয়েটা অব ভিলেনইউভে এভিগান ইত্যাদি শিল্পকর্ম সংরক্ষিত আছে।

**02. মুজিববর্ষের থিম সংগীত 'তুমি বাংলার ধ্রুবতারা' এর গীতিকার কে?**

Ⓐ কবি কামাল চৌধুরী Ⓑ নকীব খান
Ⓒ আবদুল গাফফার চৌধুরী Ⓓ ফজলুর রহমান বাবু

**A Solve** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শততম জন্মবার্ষিকী পালনের উদ্দেশ্যে ১৭ মার্চ ২০২০ সোহরাওয়ার্দী উদ্যানে 'মুক্তির মহানায়ক' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে সমবেত কণ্ঠে কবি কামাল চৌধুরী রচিত এবং নকীব খান সুরারোপিত 'তুমি বাংলার ধ্রুবতারা' উৎসবের মূল সংগীতটি গাওয়া হয়।

**03. কোনটি 'শেষের কবিতা'র চরিত্র নয়?**

Ⓐ লিলি গাঙ্গুলি Ⓑ অবনীকান্ত Ⓒ নিবারণ চক্রবর্তী Ⓓ যোগমায়া

**B Solve** 'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি রোমান্টিক কাব্যোপন্যাস। ১৯২৮ সালে 'প্রবাসী' পত্রিকায় এটি ছাপা হয়। উপন্যাসের চরিত্রগুলো হলো অমিত, লাবণ্য, কেতকী, লিলি গাঙ্গুলী, অবনীশ দত্ত, শোভন লাল, যোগমায়া, যতি শঙ্কর,কালিদাস, সিসি ও লিসি।

**04. দীনবন্ধু মিত্র রচিত 'নীল দর্পণ' নাটকটির বিষয়বস্তু কী?**

Ⓐ ভাষা আন্দোলন Ⓑ নীলকরদের অত্যাচার
Ⓒ তেভাগা আন্দোলন Ⓓ মুক্তিযুদ্ধ

**B Solve** নীল দর্পন ১৮৬০ সালে ঢাকা থেকে প্রকাশিত প্রথম গ্রন্থ। নাটকটিতে মেহেরপুর অঞ্চলে নীলচাষীদের উপর অত্যাচারের চিত্র অঙ্কিত হয়েছে। নাটকটি প্রথম মঞ্চস্থ হয় ঢাকায় ১৮৮১ সালে। মাইকেল মধুসূদন দত্ত ' Indigo Planting Mirror' নামে নাটকটি ইংরেজিতে অনুবাদ করেন।

**05. একাত্তরের মুক্তিযুদ্ধের পক্ষে আয়োজিত 'কনসার্ট ফর বাংলাদেশ' সংগীত-সন্ধ্যাটির মূল উদ্যোক্তা কে?**

Ⓐ বব ডিলান Ⓑ জর্জ হ্যারিসন
Ⓒ ওস্তাদ আলী আকবর খান Ⓓ পণ্ডিত রবিশঙ্কর

**D Solve** ১ আগস্ট ১৯৭১ মুক্তিযুদ্ধকালে বাংলাদেশি শরণার্থীদের পক্ষে জনমত ও তহবিল সংগ্রহের জন্য 'কনসার্ট ফর বাংলাদেশ' আয়োজন করা হয় নিউইয়র্কের ম্যাডিসন স্কয়ারে। এটির তত্ত্বাবধানে ছিলেন জর্জ হ্যারিসন এবং মূল উদ্যোক্তা ছিলেন পণ্ডিত রবিশঙ্কর।

**6. 'বিশ্ব শান্তি দিবস' কোন তারিখে পালন করা হয়?**

Ⓐ ২২ সেপ্টেম্বর Ⓑ ২১ অক্টোবর
Ⓒ ১৬ ডিসেম্বর Ⓓ ২১ সেপ্টেম্বর

**D Solve** প্রতি বছর ২১ সেপ্টেম্বর সারা বিশ্বে বিশ্ব শান্তি দিবস পালিত হয়। দিবসটি ১৯৮১ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের প্রস্তাব অনুসারে গৃহিত হয়। উল্লেখ্য, সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন শুরু হওয়ার দিনটিকে বিশ্ব শান্তি দিবস হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

**07. দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য পঠন-পাঠন রীতির উদ্ভাবন করেছেন–**

Ⓐ বিল গেটস Ⓑ স্টিভ জবস
Ⓒ মার্ক জাকারবার্গ Ⓓ লুইস ব্রেইল

**D Solve** দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য পঠন-পাঠন রীতির উদ্ভাবন করেন ফরাসি শিক্ষাবিদ লুইস ব্রেইল। ১৮২৯ সালে উদ্ভবিত এই পদ্ধতিটি তার নামানুসারে ব্রেইল পদ্ধতি নামকরণ করা হয়।

**08. কোনটি সোশ্যাল মিডিয়া নয়?**

Ⓐ এপি Ⓑ মিটআপ
Ⓒ ফেইসবুক Ⓓ টুইটার

**A Solve** Associated Press (AP) যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি বৃহৎ সংবাদ সংস্থা। এটি ১৮৪৬ সালে প্রতিষ্ঠিত হয় এবং সদর দপ্তর অবস্থিত নিউইয়র্ক শহরে। অন্যদিকে ফেইসবুক, মিটআপ, টুইটার হলো বহুল প্রচলিত সামাজিক যোগাযোগ মাধ্যম।

**09. 'বিশ্ব নাট্য দিবস' কোন তারিখে পালন করা হয়?**

Ⓐ ১২ আগস্ট Ⓑ ২৬ অক্টোবর
Ⓒ ১২ নভেম্বর Ⓓ ২৭ মার্চ

**D Solve** ১৯৬১ সালের জুন মাসে ভিয়েনায় অনুষ্ঠিত ইন্টারন্যাশনাল থিয়েটার ইনস্টিটিউটের নবম কংগ্রেসে বিশ্ব নাট্য দিবস প্রবর্তনের প্রস্তাব গৃহীত হয়। পরবর্তীতে ১৯৬২ সালে প্যারিসে অনুষ্ঠিত থিয়েটার অব নেশন্স উৎসবের সূচনার দিনটি অর্থাৎ ২৭ মার্চ বিশ্ব নাট্য দিবস উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**10. বিবিসি বাংলার শ্রোতা জরিপে কোন গানটি প্রথম স্থান লাভ করে?**

Ⓐ আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি
Ⓑ কফি হাউসের সেই আড্ডাটা আজ আর নেই
Ⓒ আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
Ⓓ মানুষ মানুষের জন্য

**A Solve** ২০০৬ সালে মার্চ মাস জুড়ে বিবিসি বাংলার শ্রোতারা তাঁদের বিচারে সেরা বাংলা গান নির্বাচন করে। তার ভিত্তিতে মে মাসে বিবিসি বাংলা প্রকাশ করে সেরা ২০টি বাংলা গান। জরিপের শ্রেষ্ঠ গান নির্বাচিত হয় ১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রেক্ষিতে রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'আমার সোনার বাংলা' গানটি।

**11. দূর থেকে আমরা কোন রং আগে দেখতে পাই?**

Ⓐ নীল Ⓑ সবুজ
Ⓒ হলুদ Ⓓ লাল

**D Solve** লাল রংয়ের আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি আর দীর্ঘ তরঙ্গদৈর্ঘ্য বিশিষ্ট আলো অনেক দূর থেকে দেখা যায়। এই কারণে বিভিন্ন ধরনের সিগন্যাল তৈরির ক্ষেত্রে লাল রংকে প্রাধান্য দেওয়া হয়। অন্যদিকে বেগুনি আলোর তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম এবং ছড়িয়ে পড়ে বেশি। এজন্য আকাশ নীল দেখায়।

**12. বাংলাদেশে 'গ্রাম থিয়েটার' ধারণার প্রবক্তা কে?**

Ⓐ রামেন্দু মজুমদার Ⓑ সেলিম আল দীন
Ⓒ আব্দুল্লাহ আল মামুন Ⓓ আবুল হায়াত

**B Solve** বাংলা ভাষার আধুনিক কাল পর্বের অন্যতম নাট্যাচার্য সেলিম আল দীন নাট্য-নির্দেশক নাসির উদ্দিন ইউসুফকে নিয়ে ১৯৮১-৮২ সালে সারা দেশে বাংলাদেশ গ্রাম থিয়েটার গড়ে তোলেন। তাঁর রচিত উল্লেখযোগ্য নাটকগুলোর মধ্যে রয়েছে চাকা, হাতহদায়, হরগজ, বনপাংশুল, কেরামত মঙ্গল, মুনতাসীর ফ্যান্টাসী ইত্যাদি।



CamScanner

13. কোনটি যৌগিক রং?

Ⓐ সবুজ Ⓑ হলুদ
Ⓒ লাল Ⓓ নীল

B Solve এক বা একাধিক রং মিলে যে নতুন রং তৈরি করা যায় তাকে যৌগিক রং বলে। যেমন : লাল+হলুদ= কমলা, নীল+সাদা= আকাশী ইত্যাদি। অন্যদিকে নীল, লাল ও সবুজ এই তিনটি হলো মৌলিক রং।

14. পদ্মা বহুমুখী সেতুর দৈর্ঘ্য কত?

Ⓐ ৬.১৫ কিলোমিটার Ⓑ ৬.২৫ কিলোমিটার
Ⓒ ৫.৭৫ কিলোমিটার Ⓓ ৬.৫০ কিলোমিটার

A Solve পদ্মা সেতু শরীয়তপুরের জাজিরা ও মুন্সিগঞ্জের মাওয়া পয়েন্টকে সংযুক্ত করেছে। পদ্মা সেতুর দৈর্ঘ্য ৬.১৫ কি.মি এবং প্রস্থ ১৮.১০ মিটার। পিলার ৪২টি ও স্প্যান সংখ্যা ৪১টি। ৯ মাত্রায় ভূমিকম্প সহনীয় পদ্মা সেতুর আয়ুষ্কাল ১০০ বছর।

15. মাটির ময়না চলচ্চিত্রের নির্মাতা কে?

Ⓐ হুমায়ূন আহমেদ Ⓑ তারেক মাসুদ
Ⓒ চাষী নজরুল ইসলাম Ⓓ মিশুক মনির

B Solve ২০০২ সালে মুক্তিপ্রাপ্ত 'মাটির ময়না' চলচ্চিত্রটির কাহিনী চিত্রনাট্য রচনা ও পরিচালনা করেছেন তারেক মাসুদ। চলচ্চিত্রটি ২০০২ সালে 'কান চলচ্চিত্র' উৎসবে প্রদর্শিত হয় এবং ক্রিটিক অ্যাওয়ার্ড পুরস্কার লাভ করে। এছাড়া এটি অস্কার পুরস্কারের জন্য মনোনীত প্রথম বাংলাদেশি ছবি।

16. 'আমি বাংলায় গান গাই' গানটির গীতিকার কে?

Ⓐ মান্না দে Ⓑ ডি এল রায়
Ⓒ রবীন্দ্রনাথ ঠাকুর Ⓓ প্রতুল মুখোপাধ্যায়

D Solve 'আমি বাংলায় গান গাই' গানটি বাংলা ভাষার প্রতি শ্রদ্ধা জানিয়ে ১৯৯৪ সালে গীতিকার, গায়ক ও কবি প্রতুল মুখোপাধ্যায় রচনা করেন। গানটি ২০০৬ সালে বিবিসি জরিপে সেরা ২০টি গানের মধ্যে একটি।

17. কোন শিল্পী একাত্তরের মুক্তিযুদ্ধভিত্তিক পোস্টার 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' আঁকেন?

Ⓐ শিল্পী কামরুল হাসান Ⓑ শিল্পী এস এম সুলতান
Ⓒ শিল্পী কাইয়ুম চৌধুরী Ⓓ শিল্পী হাশেম খান

A Solve বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে প্রেসিডেন্ট ইয়াহিয়া খানের বিকৃত মুখমণ্ডল 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' শিরোনামে বিখ্যাত পোস্টার আঁকেন পটুয়া কামরুল হাসান। এছাড়া তিনি ১৯৮৮ সালে এরশাদকে ব্যঙ্গ করে 'দেশ আজ বিশ্ব বেহায়ার খপ্পরে' শিরোনামে স্কেচ আঁকেন।

18. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭১ সালের ২৫ মার্চ রাত কয়টায় বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন?

Ⓐ ১টা ১৫ মিনিটে Ⓑ ১টা ৩০ মিনিটে
Ⓒ ১২ টা ২০ মিনিটে Ⓓ ১২টা ৩০ মিনিটে

C Solve রাত ১টা ৩০ মিনিটে বঙ্গবন্ধু গ্রেফতার হওয়ার পূর্বে ১২টা ২০ মিনিটে অর্থাৎ ২৬ মার্চের প্রথম প্রহরে স্বাধীনতার ঘোষণা দেন। ঘোষণাটি ছিলো ইংরেজিতে, যাতে বিশ্ববাসী বুঝতে পারেন। তিনি ঘোষণাটি জারি করেন ওয়্যারলেসের মাধ্যমে। পরবর্তীতে দেশের সকল স্থানে ইপিআর এর ট্রান্সমিটার, টেলিগ্রাম ও টেলিপ্রিন্টারের মাধ্যমে এ ঘোষণা প্রচার করে। [সূত্রঃ অসমাপ্ত আত্মজীবনী; দ্বিতীয় মুদ্রণ ফেব্রুয়ারি ২০১৬; পৃষ্ঠা নং ২৯৯]

19. বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?

Ⓐ এফ আর খান Ⓑ বশিরুল হক
Ⓒ মাজহারুল ইসলাম Ⓓ লুই আই কান

D Solve বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি এস্তোনীয় বংশোদ্ভূত মার্কিন নাগরিক লুই আই কান। ২১৫ একর জমির উপর প্রতিষ্ঠিত জাতীয় সংসদের অবস্থান ঢাকার শেরে বাংলা নগরে। ভবনের নির্মাণ কাজ শুরু হয় ১৯৬১ সালে এবং উদ্বোধন করা হয় ২৮ জানুয়ারি ১৯৮২।

20. ব্রাহ্মসমাজ প্রতিষ্ঠা করেন কে?

Ⓐ রাজা রামমোহন রায় Ⓑ নিধু গুপ্ত
Ⓒ মনোমোহন দত্ত Ⓓ লালন শাহ

A Solve রাজা রামমোহন রায় ছিলেন ভারতের প্রথম আধুনিক পুরুষ ও উনিশ শতকের বাংলার নবজাগরণের অগ্রদূত। তিনি সমাজ থেকে গোঁড়ামি দূর ও এক অদ্বিতীয় ঈশ্বরের উপাসনা করার জন্য ১৮২৮ সালে ব্রাহ্ম সভা প্রতিষ্ঠা করেন। পরবর্তীতে ১৮৩০ সালে এটি ব্রাহ্ম সমাজে রূপান্তরিত হয়।

21. গ্যাটে কোন দেশের কবি?

Ⓐ রাশিয়া Ⓑ ব্রাজিল
Ⓒ জার্মানি Ⓓ সুইডেন

C Solve বিখ্যাত জার্মান কবি গ্যাটে ২৮ আগস্ট ১৭৪৯ ফ্রাঙ্কফুর্টে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে কবি, ঔপন্যাসিক, নাট্যকার, দার্শনিক, বিজ্ঞানী, চিত্র শিল্পী, কূটনীতিবিদ এবং প্রশাসনিক কর্মকর্তা। তাঁকে আধুনিক যুগের শ্রেষ্ঠ জার্মান সাহিত্যিক বলা হয়।

22. জাতিসংঘের শরণার্থী-বিষয়ক সংস্থার নাম কী?

Ⓐ UNESCO Ⓑ UNHCR
Ⓒ WFP Ⓓ WHO

B Solve United Nations High Commissioner for Refugees (UNHCR) প্রতিষ্ঠিত হয় ১৪ ডিসেম্বর ১৯৫০। সংস্থাটির সদর দপ্তর অবস্থিত সুইজারল্যান্ডের জেনেভায়। UNHCR এর বর্তমান হাইকমিশনার ফিলিপ্পো গ্রান্ডি (ইতালি)।

23. কোন তারিখে পাকিস্তান বাংলাদেশকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়?

Ⓐ ১৯৭৪ সালের ২২ ফেব্রুয়ারি Ⓑ ১৯৭৩ সালের ২১ ফেব্রুয়ারি
Ⓒ ১৯৭২ সালের ২২ ফেব্রুয়ারি Ⓓ ১৯৭৫ সালের ২১ ফেব্রুয়ারি

A Solve ১৯৭৪ সালে লাহোরে অনুষ্ঠিত ওআইসি সম্মেলনের প্রাক-কালে ২২ ফেব্রুয়ারি পকিস্তান বাংলাদেশকে স্বীকৃতি দেয়। একই দিন ইরান ও তুরস্ক বাংলাদেশকে স্বীকৃতি দেয়। উল্লেখ্য, বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয় ভূটান ৬ ডিসেম্বর ১৯৭১।

24. সারাহ বেগম কবরী কোন চলচ্চিত্রে প্রথম অভিনয় করেন?

Ⓐ দেবদাস Ⓑ হীরামন
Ⓒ সুতরাং Ⓓ সারেং বৌ

C Solve ঢাকাইয়া ছবির 'মিষ্টি মেয়ে' খ্যাত সারাহ বেগম কবরী প্রথম অভিনয় করেন 'সুতরাং' চলচ্চিত্রে জরিনা চরিত্রে। ১৯৬৪ সালে মুক্তিপ্রাপ্ত ছবিটির পরিচালক ছিলেন সুভাষ দত্ত। তাঁর অভিনীত উল্লেখযোগ্য চলচ্চিত্র হলো সারেং বৌ, বাহানা, রংবাজ, নীল আকাশের নীচে, দর্পচূর্ণ, জলছবি ইত্যাদি।



CamScanner

25. বাংলাদেশের প্রথম সংবিধানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন তারিখে স্বাক্ষর করেন?

Ⓐ ১৪ ডিসেম্বর, ১৯৭২ Ⓑ ৭ মার্চ, ১৯৭২
Ⓒ ১৬ ডিসেম্বর, ১৯৭২ Ⓓ ২৬ মার্চ, ১৯৭২

Ⓐ Solve বাংলাদেশ সংবিধান ৪ নভেম্বর ১৯৭২ গণপরিষদ কর্তৃক গৃহীত হয়। ১৪ ডিসেম্বর বঙ্গবন্ধু ও গণপরিষদের সদস্যবৃন্দ হস্ত লিখিত মূল সংবিধানে স্বাক্ষর করেন। ১৬ ডিসেম্বর ১৯৭২ বাংলাদেশের সংবিধান কার্যকর হয়।

26. 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি'- গানটির রচয়িতা কে?

Ⓐ শামসুর রাহমান Ⓑ আপেল মাহমুদ
Ⓒ খান আতাউর রহমান Ⓓ গোবিন্দ হালদার

Ⓓ Solve 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি' বিখ্যাত এই গানটির রচয়িতা গোবিন্দ হালদার এবং সুরকার ও শিল্পী আপেল মাহমুদ। ২০০৬ সালে বিবিসির জরিপে শ্রেষ্ঠ ২০টি গানের মধ্যে অন্যতম।

27. 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি .....' গানটির প্রথম সুর করেছিলেন –

Ⓐ মাহমুদুন্নবী Ⓑ আলতাফ মাহমুদ
Ⓒ আবদুল লতিফ Ⓓ সত্য সাহা

Ⓒ Solve 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' বিখ্যাত গানটির গীতকার অবদুল গাফফার চৌধুরী। গানটির প্রথম সুরকার ছিলেন আবদুল লতিফ এবং বর্তমান সুরকার আলতাফ মাহমুদ। ১৯৬৯ সালে জহির রায়হান নির্মিত 'জীবন থেকে নেওয়া' চলচ্চিত্রে গানটি প্রথম ব্যবহৃত হয়।

28. 'টোকাই' কার্টুন চিত্রের শিল্পী হলেন–

Ⓐ শিল্পী অলক রায় Ⓑ শিল্পী শিশির ভট্টাচার্য
Ⓒ শিল্পী রফিকুন নবী Ⓓ শিল্পী জামাল আহমেদ

Ⓒ Solve খ্যাতনামা চিত্রশিল্পী রফিকুন নবীর (ডাকনাম রনবী) অমর সৃষ্টি 'টোকাই' নামক কার্টুন চরিত্রটি। ১৯৭৮ সালের ১৭ মে সাপ্তাহিক বিচিত্রায় 'স্ট্রিপ কার্টুন' হিসেবে এই চরিত্রটির সর্বপ্রথম আত্মপ্রকাশ ঘটে। টোকাই কার্টুন চিত্রের মাধ্যমে তিনি চারপাশের অবহেলিত বিষয়গুলো তুলে ধরার চেষ্টা করেছেন।

29. কোন তারিখে পাকিস্তান সরকার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেয়?

Ⓐ ১৯৭২ সালের ৭ জানুয়ারি Ⓑ ১৯৭২ সালের ৮ জানুয়ারি
Ⓒ ১৯৭২ সালের ৯ জানুয়ারি Ⓓ ১৯৭২ সালের ১০ জানুয়ারি

Ⓑ Solve দীর্ঘ ৯ মাস পাকিস্তানের কারাগারে বন্দি থাকার পর আন্তর্জাতিক চাপের মুখে পাকিস্তান সরকার ৮ জানুয়ারি ১৯৭২ বঙ্গবন্ধুকে মুক্তি দিতে বাধ্য হয়। পরবর্তীতে লন্ডন ও দিল্লি হয়ে ১০ জানুয়ারি স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন করেন।

কোন সালে বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রতিষ্ঠিত হয়?

Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৭৪
Ⓒ ১৯৭৬ Ⓓ ১৯৭৩

Ⓑ Solve শিল্পকলা একাডেমি বাংলাদেশের সাংস্কৃতিক চর্চার একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। বাংলাদেশের সকল জেলা ও উপজেলা পর্যায়ে শিল্পকলার চর্চা ও বিকাশের উদ্দেশ্যে বঙ্গবন্ধু ১৯৭৪ সালে বিশেষ আইন দ্বারা এটি প্রতিষ্ঠা করেন।

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**ভর্তি পরীক্ষা: ২০১৯-২০; ইউনিট: B; সেট: ১ (সকাল)**

বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, ইসলামিক স্টাডিজ, IML (Language & Linguistics) ফারসি ভাষা ও সাহিত্য, পালি, সংস্কৃত, IER (বি.এড), বাংলাদেশ স্টাডিজ

## বাংলা

01. 'অন্তরে যাদের এত গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?' কোন প্রবন্ধের অংশ?

Ⓐ বিড়াল Ⓑ চাষার দুক্ষু Ⓒ আমার পথ Ⓓ জীবন ও বৃক্ষ

Ⓒ Solve 'আমার পথ' প্রবন্ধটি কাজী নজরুল ইসলামের 'রুদ্র-মঙ্গল' প্রবন্ধ থেকে সংকলিত হয়েছে। আমার পথ প্রবন্ধে কাজী নজরুল ইসলাম বলেছেন, অন্তরে যাদের এত গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে? আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।

02. রবীন্দ্রনাথ ঠাকুর 'ঐকতান' বলতে বুঝিয়েছেন-

Ⓐ ধনী-গরিবের মিলন Ⓑ বৃদ্ধ ও তরুণের মিলন
Ⓒ নারী-পুরুষের মিলন Ⓓ জীবনের সর্বপ্রান্তস্পর্শী সমন্বয়

Ⓓ Solve 'ঐকতান' শব্দের অর্থ : বিভিন্ন বাদ্যযন্ত্রের সমন্বয়ে সৃষ্ট সুর, সমন্বয়। কবিতায় বহু সুরের সমন্বয়ে এক সুরে বাঁধা পৃথিবীর সুরকে বোঝানো হয়েছে। সকল মানুষের কথা বলা সাহিত্য-সুরকে তিনি সাহিত্যের ঐকতান বলেছেন।

03. উপসর্গযুক্ত শব্দ কোনটি?

Ⓐ পঙ্কজ Ⓑ জ্বালাতন Ⓒ কদবেল Ⓓ মাচান

Ⓒ Solve বাংলা উপসর্গ 'কদ' সহযোগে গঠিত শব্দ 'কদবেল' যার অর্থ : অম্লস্বাদ বেলসদৃশ ফল বিশেষ। 'কদ' উপসর্গযোগে গঠিত কতিপয় শব্দ : কদর্য, কদাকার, কদবেল।

04. বিশ শতকীয় পুরুষতন্ত্রের অমানবিকতার কাহিনি কোনটি?

Ⓐ নেকলেস Ⓑ রেইনকোট Ⓒ অপরিচিতা Ⓓ আমার পথ

Ⓒ Solve বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের 'অপরিচিতা' গল্পটি মনস্তাপে ভেঙে পড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তির গল্প, তাঁর পাপস্খলনের অকপট কথামালা। গল্পটিতে অনুপমের নিষ্ফল প্রেমের কাহিনির পাশাপাশি পুরুষতন্ত্রের অমানবিকতার স্ফুরণ যেমন ঘটেছে, তেমনি একই সঙ্গে পুরুষের ভাষ্যে নারীর প্রশস্তিও কীর্তিত হয়েছে।

05. 'সভয়ে লোকটি বলল, বাঘ আসছে।' এখানে নিম্নরেখ পদটি কোন বিশেষণের উদাহরণ?

Ⓐ ক্রিয়ার বিশেষণ Ⓑ বিশেষণের বিশেষণ
Ⓒ বিধেয় বিশেষণ Ⓓ বিশেষ্যের বিশেষণ

Ⓐ Solve যে পদ ক্রিয়া সংঘটনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাকে ক্রিয়া বিশেষণ বলে। যথা : ধীরে ধীরে বায়ু বয়। পরে একবার এসো।

06. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি শামসুর রাহমানের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত

Ⓐ রৌদ্র করোটিতে Ⓑ প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে
Ⓒ বন্দী শিবির থেকে Ⓓ নিজ বাসভূমে

Ⓓ Solve 'ফেব্রুয়ারি ১৯৬৯' শীর্ষক কবিতাটি কবি শামসুর রাহমানের 'নিজ বাসভূমে' কাব্যগ্রন্থ থেকে চয়ন করা হয়েছে। কবিতাটি দেশপ্রেম, গণজাগরণ ও সংগ্রামী চেতনার কবিতা। গদ্যছন্দ ও প্রবহমান ভাষার সুষ্ঠু বিকাশে কবিতাটি বাংলা সাহিত্যের এক অনন্য সংযোজন।



CamScanner

**07. ফরাসি লেখক মোপাসাঁর সাহিত্যগুরু কে ছিলেন?**

Ⓐ গুস্তাফ ফ্লবেয়ার Ⓑ এমিল জোলা
Ⓒ ইভান তুর্গেনিভ Ⓓ লিও তলস্তয়

**A Solve** গী দ্য মোপাসাঁ ১৮৫০ খ্রিষ্টাব্দের ৫ আগস্ট ফ্রান্সের নর্মান্ডি শহরে জন্মগ্রহণ করেন। ১৮৬৭ খ্রিষ্টাব্দে মোপাসাঁর পরিচয় হয় গুস্তাভ ফ্লবেয়ারের সঙ্গে। পারিবারিক বন্ধু গুস্তাভ ফ্লবেয়ার মোপাসাঁর সাহিত্য-জীবনে অভিভাবকের ভূমিকায় অবতীর্ণ হন। এ মহান লেখকের নির্দেশনা ও সহযোগিতায় তিনি সাংবাদিকতা ও সাহিত্য জীবনে প্রবেশ করেন।

**08. 'মসজিদ এই, মন্দির এই, গির্জা — 'সাম্যবাদী' কবিতার এ চরণের শূন্যস্থানে কী বসবে.**

Ⓐ দেবালয় Ⓑ এই হৃদয় Ⓒ আনন্দময় Ⓓ ভুবনময়

**B Solve** আবদুল কাদির সম্পাদিত বাংলা একাডেমি থেকে প্রকাশিত 'নজরুল রচনাবলি'র প্রথম খণ্ড থেকে 'সাম্যবাদী' কবিতাটি সংকলন করা হয়েছে। কবিতাটিতে কাজী নজরুল ইসলাম বলেছেন–

মস্‌জিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়,
এইখানে বসে ঈসা মুসা পেল সত্যের পরিচয়।

**09. কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক গল্প?**

Ⓐ আহ্বান Ⓑ সৌদামিনী মালো
Ⓒ মানুষ Ⓓ রেইনকোট

**D Solve** 'রেইনকোট' গল্পটি আখতারুজ্জামান ইলিয়াসের সর্বশেষ গল্পগ্রন্থ 'জাল স্বপ্ন স্বপ্নের জাল' (১৯৯৭) গ্রন্থে সংকলিত হয়। বর্তমান পাঠ গ্রহণ করা হয়েছে আখতারুজ্জামান ইলিয়াস রচনাসমগ্র ১ থেকে। মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত।

**10. 'ইয়ে কেয়া বাত হ্যায়, আপ জেলখানা মে। আমি বললাম, কিসমত।' উক্তিটি কাকে করা হয়েছে?**

Ⓐ মহিউদ্দিনকে Ⓑ আর্মড পুলিশের সুবেদারকে
Ⓒ রেণুকে Ⓓ ডেপুটি জেলারকে

**B Solve** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'বায়ান্নর দিনগুলো' তাঁর *অসমাপ্ত আত্মজীবনী* (২০১২) গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। জেলখানায় আর্মড পুলিশের সুবেদার শেখ মুজিবকে দেখে অবাক হলে শেখ মুজিব আলোচ্য উক্তিটি করেন।

**11. সিরাজউদ্দৌলা নাটকে দ্বিতীয় অঙ্কের প্রথম দৃশ্যের স্থান কোনটি?**

Ⓐ ঘসেটি বেগমের বাড়ি Ⓑ নবাবের দরবার
Ⓒ মীর জাফরের আবাস Ⓓ লুৎফুন্নিসার কক্ষ।

**B Solve** সিকান্দার আবু জাফর রচিত 'সিরাজউদ্দৌলা' নাটকের দ্বিতীয় অঙ্কের প্রথম দৃশ্যের স্থান নবাবের দরবার। সময় : ১৭৫৭ সালের ১০ মার্চ।

**12. 'দয়া করে আমাকে কিছু টাকা দিন।' এটি কী ধরনের বাক্য?**

Ⓐ অনুজ্ঞাবাচক Ⓑ বিস্ময়বাচক Ⓒ প্রশ্নবাচক Ⓓ নেতিবাচক

**C Solve** আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান ও ভবিষ্যৎ কালে মধ্যম পুরুষে ক্রিয়াপদের যে রূপ হয়, তাকে অনুজ্ঞা পদ বলে। যেমন : তুই বাড়ি যা। কাল একবার এসো। ক্ষমা কর মোর অপরাধ

**13. 'সেই অস্ত্র' কবিতাটি আহসান হাবীবের কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?**

Ⓐ রাত্রিশেষ Ⓑ সারাদুপুর Ⓒ বিদীর্ণ দর্পণে মুখ Ⓓ ছায়াহরিণ

**C Solve** 'সেই অস্ত্র' কবিতাটি আহসান হাবীবের 'বিদীর্ণ দর্পণে মুখ' কাব্যগ্রন্থ থেকে সংকলন করা হয়েছে। এই কবিতায় কবির একমাত্র প্রত্যাশা- ভালোবাসা নামক মহান অস্ত্রকে পুনরায় এই মানবসমাজে ফিরে পাওয়া।

**14. 'লালসালু' উপন্যাসে তানু বিবির স্বামীর নাম কী?**

Ⓐ ধলা মিয়া Ⓑ কালু মিয়া
Ⓒ খালেক ব্যাপারী Ⓓ রতন

**C Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত *লালসালু* উপন্যাসটি প্রকাশিত হয় ১৯৪৮ সালে। ধর্ম নিয়ে ব্যক্তিস্বার্থ চরিতার্থকারীদের স্বরূপ উন্মোচন এবং নারী জাগরণের প্রেক্ষাপটে সমাজচেতনা 'লালসালু' উপন্যাসে মূল বিষয়। উপন্যাসটির উল্লেখযোগ্য চরিত্র : মজিদ, খালেক ব্যাপারী, জমিলা, রহিমা, আমেনা, আক্কাস, তাহেরের বাপ, হাসুনির মা।

**15. সৈয়দ ওয়ালীউল্লাহ্ লেখেননি কোনটি?**

Ⓐ নাটক Ⓑ উপন্যাস
Ⓒ গল্প Ⓓ আত্মজীবনী

**D Solve** সৈয়দ ওয়ালীউল্লাহ রচিত কতিপয় সাহিত্যকর্ম :

| | |
|---|---|
| উপন্যাস | চাঁদের অমাবস্যা, কাঁদো নদী কাঁদো, দি আগলি এশিয়ান। |
| গল্পগ্রন্থ | নয়নচারা, দুই তীর ও অন্যান্য গল্প। |
| নাটক | বহিপীর, তরঙ্গভঙ্গ, সুড়ঙ্গ, উজানে মৃত্যু। |

**16. প্রকৃতির সঙ্গে মানব মনের সম্পর্কের দিকটি কোন কবিতায় স্পষ্ট?**

Ⓐ বিভীষণের প্রতি মেঘনাদ Ⓑ তাহারেই পড়ে মনে
Ⓒ সাম্যবাদী Ⓓ ফেব্রুয়ারি ১৯৬৯

**B Solve** 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় কবির ব্যক্তিজীবনের দুঃখময় ঘটনার ছায়াপাত ঘটেছে। গঠনরীতির দিক থেকে এটি সংলাপনির্ভর রচনা।

**17. 'Fairy tale' শব্দের বাংলা পরিভাষা কোনটি?**

Ⓐ কথাসাহিত্য Ⓑ রূপকথা
Ⓒ লোকগীতিকা Ⓓ গীতিনাট্য

**B Solve** কতিপয় পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ | বিদেশি শব্দ | পারিভাষিক শব্দ |
|---|---|---|---|
| Delta | ব-দ্বীপ | Deed | দলিল |
| Justice | ন্যায়বিচার | orion | কালপুরুষ |
| Suit | মামলা | Suite | প্রকোষ্ঠ |
| union | সংঘ | Tariff | শুল্ক |

**18. কোন শব্দটির প্রয়োগ শুদ্ধ?**

Ⓐ বৈশিষ্ট্যতা Ⓑ সৌন্দর্যতা
Ⓒ আধিক্যতা Ⓓ সুন্দরতা

**D Solve** কতিপয় অপপ্রয়োগ ও শুদ্ধপ্রয়োগ :

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ | অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|---|---|
| সৌন্দর্যতা | সৌন্দর্য | বৈশিষ্ট্যতা | বৈশিষ্ট্য |
| সৌজন্যতা | সৌজন্য | সুস্বাগত | স্বাগত |
| আধিক্যতা | আধিক্য | অশ্রুজল | অশ্রু |

**19. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় রূপসীর নাম কী?**

Ⓐ মানিকমালা Ⓑ শঙ্খমালা
Ⓒ কঙ্কাবতী Ⓓ বনলতা

**B Solve** জীবনানন্দ দাশের 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় শঙ্খমালা হলো বাংলার রূপকথার লৌকিক নারী চরিত্র। বাংলার সৌন্দর্যকে কবি শঙ্খমালার রূপ সৌন্দর্যে খুঁজে পেয়েছেন। কবির বিশ্বাস, পৃথিবীর আর কোথাও শঙ্খমালাদের পাওয়া যাবে না।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**20. 'ঐহিক' শব্দের বিপরীত শব্দ হলো–**

Ⓐ বিষণ্ণ Ⓑ বিবাদ Ⓒ বৈরাগ্য Ⓓ পারত্রিক

Ⓓ Solve কতিপয় গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ :

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ | প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|---|---|
| বিষণ্ণ | প্রসন্ন | বিবাদ | বন্ধুতা |
| দিবাকর | নিশাকর | পাশবিক | মানবিক |

**21. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় নিচের কোন নদীর উল্লেখ নেই?**

Ⓐ পদ্মা Ⓑ করতোয়া

Ⓒ সুরমা Ⓓ কর্ণফুলী

Ⓑ Solve 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় দিলওয়ার সাগরদুহিতা ও নদীমাতৃক বাংলাদেশের বন্দনা করেছেন। কবিতায় তিনি ছয়টি নদীর কথা উল্লেখ করেছেন। যথা : পদ্মা, যমুনা, সুরমা, মেঘনা, গঙ্গা, কর্ণফুলী।

**22. মুমূর্ষু অবস্থা থেকে কৃষকদের মুক্তির জন্য রোকেয়া গ্রামে গ্রামে কী প্রতিষ্ঠার ওপর গুরুত্ব দিয়েছে?**

Ⓐ গো-খামার Ⓑ কল-কারখানা

Ⓒ হাসপাতাল Ⓓ পাঠশালা

Ⓓ Solve রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত 'চাষার দুক্ষু' শীর্ষক রচনাটি বাংলা একাডেমি প্রকাশিত 'রোকেয়া রচনাবলি' থেকে চয়ন করা হয়েছে। ভারতবর্ষের সভ্যতা ও অগ্রগতির ফিরিস্তি তুলে ধরে তিনি দেখিয়েছেন, সেখানে কৃষকদের অবস্থা কত শোচনীয়। আর এই মুমূর্ষু অবস্থা থেকে কৃষকদের মুক্তির জন্য তিনি গ্রামে গ্রামে পাঠশালা প্রতিষ্ঠার কথা বলেছেন।

**23. নূরলদীনের ডাকে কত সালে বাংলার মানুষ জেগে উঠেছিল?**

Ⓐ ১৭৫৭ Ⓑ ১৮৫৭ Ⓒ ১৯৭১ Ⓓ ১৭৮৩

Solve ১৭৮২ খ্রিষ্টাব্দে (১১৮৯ বঙ্গাব্দে) নূরলদীনের ডাকে বাংলার মানুষ জেগে উঠেছিল।

**24. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কোন ছন্দে রচিত?**

Ⓐ স্বরবৃত্ত Ⓑ মাত্রাবৃত্ত

Ⓒ অক্ষরবৃত্ত Ⓓ গদ্য

Ⓓ Solve আবু জাফর ওবায়দুল্লাহর বিখ্যাত কাব্যগ্রন্থ 'আমি কিংবদন্তির কথা বলছি'-র নাম কবিতা 'আমি কিংবদন্তির কথা বলছি'। কবিতাটিতে বিষয় ও আঙ্গিকগত অভিনবত্ব রয়েছে।

**25. 'স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে সংসার পরিপূর্ণ।' কোন প্রবন্ধের অংশ?**

Ⓐ জীবন ও বৃক্ষ Ⓑ আত্মচরিত

Ⓒ আমার পথ Ⓓ মানব-কল্যাণ

Ⓐ Solve মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধটি তাঁর 'সংস্কৃতি কথা' গ্রন্থ থেকে সংকলিত হয়েছে। প্রাবন্ধিক এ প্রবন্ধে স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় অর্থাৎ সমাজের মানুষের বিকশিত জীবনের পথে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী মানুষের কথা বলেছেন।

**26. কোন গল্পটিতে স্বামীর নির্যাতনের শিকার পিতৃমাতৃহীন তরুণীর জীবন কাহিনি ফুটে উঠেছে?**

Ⓐ অপরিচিতা Ⓑ বিলাসী

Ⓒ আহ্বান Ⓓ মাসি-পিসি

Ⓓ Solve 'মাসি-পিসি' গল্পটি প্রথম প্রকাশিত হয় কলকাতার 'পূর্বাশা' পত্রিকায় ১৩৫২ বঙ্গাব্দের চৈত্র সংখ্যায় (মার্চ-এপ্রিল ১৯৪৬)। পরে এটি সংকলিত হয় পরিস্থিতি (অক্টোবর ১৯৪৬) নামক গল্পগ্রন্থে।

**27. 'তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ-দরিদ্রের ক্ষুধা কেহ বুঝে না' কোন রচনা থেকে নেওয়া?**

Ⓐ চাষার দুক্ষু Ⓑ বিড়াল

Ⓒ মানব কল্যাণ Ⓓ মানুষ

Ⓑ Solve বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রসাত্মক ও ব্যঙ্গধর্মী রচনার সংকলন 'কমলাকান্তের দপ্তর'। তিন অংশে বিভক্ত এ গ্রন্থটিতে যে কটি প্রবন্ধ আছে, তার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য রচনা 'বিড়াল'। প্রবন্ধটির একটি বিখ্যাত উক্তি : তেলা মাথায় তেল দেওয়া মনুষ্যজাতির রোগ-দারিদ্রের ক্ষুধা কেহ বুঝে না।

**28. কোনটি আনিসুজ্জামান রচিত গ্রন্থ নয়?**

Ⓐ বাঙালি নারী : সাহিত্যে ও সমাজে Ⓑ বিপুলা পৃথিবী

Ⓒ মুসলিম মানস ও বাংলা সাহিত্য Ⓓ সংস্কৃতি কথা

Ⓓ Solve 'সংস্কৃতি কথা' গ্রন্থটি মোতাহের হোসেন চৌধুরীর গদ্যগ্রন্থ। বাঙালি নারী, বিপুলা পৃথিবী, মুসলিম মানস ও বাংলা সাহিত্য গ্রন্থ তিনটির রচয়িতা আনিসুজ্জামান।

**29. রাবণি বলতে কাকে বোঝানো হয়?**

Ⓐ মেঘনাদকে Ⓑ রাবণকে

Ⓒ রামচন্দ্রকে Ⓓ বিভীষণকে

Ⓐ Solve মাইকেল মধুসূদন দত্ত তাঁর 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় মেঘনাদের বিশেষণ রূপে দশটি শব্দের ব্যবহার করেছেন। যথা : অরিন্দম, ভ্রাতৃপুত্র, বাসববিজয়ী, ধীমান, রাবণি, দাস, আত্মজ, বৎস, বাসবত্রাস, বীরেন্দ্রবলী।

**30. 'আঠারো বছর বয়সের নেই ভয়' পরের লাইনটি কী?**

Ⓐ পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা

Ⓑ তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা

Ⓒ এ বয়সে কেউ মাথা নোয়াবার নয়

Ⓓ এ বয়সে তাই নেই কোন সংশয়

Ⓐ Solve সুকান্ত ভট্টাচার্যের 'আঠারো বছর বয়স' কবিতাটি ১৯৪৮ খ্রিস্টাব্দে প্রকাশিত তাঁর 'ছাড়পত্র' কাব্যগ্রন্থ থেকে সংকলিত হয়েছে। এ কবিতায় কবি নিজের অভিজ্ঞতার আলোকে বয়ঃসন্ধিকালের বৈশিষ্ট্যকে তুলে ধরেছেন। প্রশ্নে প্রদত্ত চরণের পরের চরণ : পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা।

**31. কোনটিতে ব-ফলার উচ্চারণ বহাল রয়েছে?**

Ⓐ বিধ্বস্ত Ⓑ উর্দ্বতন

Ⓒ স্বত্ব Ⓓ দ্বন্দ্ব

Note : শব্দটি 'উদ্বর্তন' হলে শুদ্ধ উত্তর হতো Ⓑ।

**32. অভিধানে কোন শব্দটি আগে থাকবে?**

Ⓐ নেশা Ⓑ নীলিমা

Ⓒ নৃশংসতা Ⓓ নৃশংস

Ⓑ Solve বাংলা অভিধানের কার ও ফলার ক্রম নিম্নরূপ :

| | |
|---|---|
| কার চিহ্ন | া ি ু ূ ৃ ে ৈ ো ৌ। |
| ফলা চিহ্ন | ্ন ্ম ্য ্ব ্র ্ল । |

**33. 'চা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?**

Ⓐ গ্রিক Ⓑ হিব্রু

Ⓒ ল্যাটিন Ⓓ চীনা

Ⓓ Solve কতিপয় চীনা শব্দ : চা, চিনি, লিচু, লুচি, সাম্পান ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

34. বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের গল্পগ্রন্থ কোনটি?
Ⓐ ইছামতি Ⓑ অশনি সংকেত Ⓒ মেঘমল্লার Ⓓ অপরাজিত

Ⓒ Solve বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের কতিপয় গ্রন্থ :

| | |
|---|---|
| উপন্যাস | পথের পাঁচালী, অপরাজিত, ইছামতি, আরণ্যক, দৃষ্টি প্রদীপ, আদর্শ হিন্দু হোটেল, দেবযান, আশনি সংকেত। |
| গল্পগ্রন্থ | মেঘমল্লার, মৌরিফুল, যাত্রাবদল, কিন্নর দল। |

35. কোনটি বাগ্‌ধারার উদাহরণ?
Ⓐ কিংকর্তব্যবিমূঢ় Ⓑ অহোরাত্র
Ⓒ ভবনদী Ⓓ ননীর পুতুল

Ⓓ Solve কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : ননীর পুতুল (অত্যন্ত আদুরে, শ্রমবিমুখ), নেই আঁকড়া (একগুঁয়ে), পালের গোদা (দলপতি), চাঁদের হাট (আনন্দের প্রাচুর্য)।

## English

**Choose the alternative A, B, C or D that is closest in meaning to the sentence/the underlined word (01-07)**

01. **If I had brought my cheque book, I would have paid by cheque.**
Ⓐ I didn't bring my cheque book, so I couldn't pay by cheque
Ⓑ After I check my cheque book, I' 11 pay you back.
Ⓒ I' 11 write you a cheque when I get my cheque book.
Ⓓ If I could have paid by cheque, I would have brought the cheque book.

Ⓐ Explanation আমি যদি চেকবুক আনতাম, চেক দিয়ে বিল পরিশোধ করতে পারতাম। অর্থাৎ, আমি চেকবুক আনিনি, তাই চেক দিয়ে বিল পরিশোধ করতে পারিনি।

02. **Samia measured the flour, sugar, and spices and then mixed in the eggs.**
Ⓐ Samia was doing a chemistry experiment.
Ⓑ Sumia was baking.
Ⓒ Samia became confused.
Ⓓ Samia made a mistake.

Ⓑ Explanation এখানে egg baking এর রেসিপি দেখানো হয়েছে।

03. **Mr. Belal will fill you in on what happened at the meeting. The sentence means :**
Ⓐ He will give you the information you missed.
Ⓑ He will schedule one last meeting for you.
Ⓒ He will ask you what happened at the meeting.
ⒹHe will give you some forms to complete.

Ⓐ Explanation বেলাল তোমাকে মিটিং সম্পর্কে সব তথ্য জানাবে।

04. **In certain types of quartz, <u>bands</u> of colour form an irregular pattern.**
Ⓐ shades Ⓑ grains
Ⓒ drops Ⓓ stripes

Ⓓ Explanation Bands of color- বিভিন্ন রঙের মিশ্রণ (stripes of color)।

05. **Laurels are valued for their aromatic oils and spices, edible fruits and <u>timber.</u>**
Ⓐ blossoms Ⓑ leaves
Ⓒ wood Ⓓ sap

Ⓒ Explanation Timber অর্থ কাঠ (wood)।

06. **Regional planning deals with proposals concerning <u>outlying</u> communities and highways as well as with urban affairs.**
Ⓐ outlandish Ⓑ exclusive
Ⓒ exempted Ⓓ remote

Ⓓ Explanation Outlying অর্থ কেন্দ্র হতে দূরবর্তী (remote)।

07. **Rats are nocturnal animals and <u>tend to</u> sleep during the day.**
Ⓐ are certain Ⓑ are prone
Ⓒ are afraid Ⓓ are induced

Ⓑ Explanation Tend to - ঝোঁক (prone)।

**Choose the alternative A, B, C or D that best completes the sentence (08 – 24)**

08. **He —— to see us if he had been able to.**
Ⓐ had come Ⓑ would have come
Ⓒ is coming Ⓓ came

Ⓑ Explanation 3rd conditional এর নিয়মানুসারে sub + would have/could have + $v_3$.

09. **His father —— tomorrow morning.**
Ⓐ operates on Ⓑ will operate on
Ⓒ will be operated on Ⓓ being operated

Ⓑ Explanation Operate - কার্যক্রম পরিচালনা করা। Tomorrow থাকার কারণে বাক্যটি future tense এ হবে।

10. **The book —— is not in the library.**
Ⓐ That are needed Ⓑ I am needed
Ⓒ which I needed Ⓓ I need

Ⓓ Explanation The book I need - যে বইটি আমার দরকার।

11. **The indirect speech of: He said to her, "What a cold day!" is —**
Ⓐ He told her that it was a cold day.
Ⓑ He exclaimed sorrowfully that it was a cold day.
Ⓒ He exclaimed sadly that it was a cold day.
Ⓓ He exclaimed that it was a very cold day.

Ⓓ Explanation Exclamatory sentence এর indirect এ exclaimed that হবে এবং what এর পরিবর্তে very হবে।

12. **The correctly spelled word is ——.**
Ⓐ cacophone Ⓑ cacophoney
Ⓒ cacophoni Ⓓ cacophony

Ⓓ Explanation সঠিক বানান cacophony (বেসুরো)।

13. **Where —— to spend your holidays next summer?**
Ⓐ you are going Ⓑ are you going
Ⓒ you will go Ⓓ you going

Ⓑ Explanation নিকট ভবিষ্যৎ প্রকাশে মাঝে মাঝে future এর পরিবর্তে modal verb হিসেবে be going to বসে।

14. **The student could not answer the question, so he ——.**
Ⓐ gave off Ⓑ gave into
Ⓒ gave up Ⓓ gave away

Ⓒ Explanation Give up - চেষ্টা ত্যাগ করা।



CamScanner

**15. I — travelling by bus.**

Ⓐ am not used to　　Ⓑ did not used to
Ⓒ used to　　Ⓓ do not use to

Ⓐ Explanation Be used to/get used to এর পর v + ing হয়।

**16. If — I will tell him you called.**

Ⓐ I'll see him　　Ⓑ I see him
Ⓒ I'd see him　　Ⓓ I saw him　　Ans Ⓑ

**17. I — told him if I had known he was your brother.**

Ⓐ hadn't　　Ⓑ wouldn't
Ⓒ wouldn't have　　Ⓓ haven't

Ⓒ Explanation 3rd conditonal এর নিয়মানুসারে sub + would have/could have + $v_3$.

**18. If your friend always thinks the best will happen, she's —.**

Ⓐ despondent　　Ⓑ creative
Ⓒ optimistic　　Ⓓ critical

Ⓒ Explanation Optimistic - আশাবাদী।

**19. Technology is not always — to humans.**

Ⓐ benefit　　Ⓑ benefited
Ⓒ beneficial　　Ⓓ beneficiary

Ⓒ Explanation Beneficial - উপকারী।

**20. Passengers must — their seat-belt while travelling by air.**

Ⓐ knot　　Ⓑ hold
Ⓒ fasten　　Ⓓ bent

Ⓒ Explanation Fasten - কোনো কিছু একত্রে বাঁধা বা যুক্ত করা।

**21. The synonym of 'arduous' is —.**

Ⓐ easy　　Ⓑ laborious
Ⓒ simple　　Ⓓ straight.

Ⓑ Explanation Arduous (কষ্টসাধ্য) এর সমার্থক শব্দ laborious (শ্রমসাধ্য)।

**22. The committee consists — five mimbers.**

Ⓐ of　　Ⓑ in
Ⓒ with　　Ⓓ about

Ⓐ Explanation Consist of - গঠিত হওয়া।

**23. I couldn't sleep last night — very tired.**

Ⓐ because of　　Ⓑ despite of
Ⓒ despite　　Ⓓ because I was

Ⓓ Explanation ঘুমাতে না পারার কারণ বোঝাচ্ছে তাই because হবে।

**24. The weather is better today, —?**

Ⓐ hasn't it　　Ⓑ isn't it
Ⓒ does it　　Ⓓ is it

Ⓑ Explanation Is এর tag question হবে isn't।

**Identify the alternative A,B C or D that must be changed to correct the sentence (25 - 29).**

**25. In an editorial (Ⓐ) a writer may criticize, praise (Ⓑ), or merely to discuss (Ⓒ) the actions of some public official (Ⓓ) or group.**

Ⓒ Explanation Parallelism অনুযায়ী option C তে discuss হবে।

**26. Ancient drawings indicate (Ⓐ) that juggling is at least (Ⓑ) a three thousand (Ⓒ) years (Ⓓ) – old skill.**

Ⓓ Explanation Adjective কখনও plural হয় না। এখানে year শব্দটি adjective হিসেবে বসেছে।

**27. Take this medicine (Ⓐ) and you will (Ⓑ) soon (Ⓒ) come about (Ⓓ).**

Ⓓ Explanation Come round অর্থ সুস্থ হওয়া। সুতরাং option D- তে about এর হলে round হবে।

**28. He could (Ⓐ) not do well (Ⓑ) in the examination because (Ⓒ) he studied hardly (Ⓓ)**

Ⓒ Explanation দুটি বিপরীত idea কে যুক্ত করতে though বা although হয়।

**29. The younger (Ⓐ) you are (Ⓑ) the easy (Ⓒ) it is to learn (Ⓓ).**

Ⓒ Explanation The + comparative ..... the + comparative এর নিয়মানুযায়ী option C- তে easier হবে।

**Read the passage below and then choose the alternative A, B, C or D to answer the questions (30 -35).**

The Man Booker Prize for Fiction is awarded every year for a novel written in the English language and published in the Commonwealth countries and Ireland and it aims to represent the very best in contemporary fiction. The prize was originally called the Booker-Mc Connell Prize, which was the name of the company that sponsord it, though it was better-known as simply the Booker Prize' In 2002, the Man Group became the sponsor and they chose the new name, keeping Booker'.

Publishers can submit books for consideration for the prize, but the judges can also ask for books to be submitted they think should be included. Firstly, the Advisory Committee gives advice if there have been any changes to the rules for the prize and selects the people who will judge the books. The judging panel changes every year and usually a person can be a judge once only.

Great efforts are made to ensure that the judging panel is balanced in terms of gender and professions within the industry, so that a writer, a critic, an editor and an academic are chosen along with a well-known person from wider society. However, when the panel of judges has been finalized, they are left to make their own decisions without any further involvement or interference from the prize sponsor.

The Man Booker judges include critics, writers and academic to maintain the consistent quality of the prize and its influence is such that the winner will almost certainly see the sales increase considerably, in addition to the £50,000 that comes with the prize.

**30. Books can be submitted —.**

Ⓐ by publishers　　Ⓑ by writers
Ⓒ by judges　　Ⓓ by the sponsors

Ⓐ Explanation Submit (V) – জমা দেওয়া/ দাখিল করা।



CS CamScanner

31. The Man Group —.
Ⓐ was forced to deep the name ' Booker'
Ⓑ decided to include the name ' Booker'
Ⓒ decided to keep the name 'Booker-McConnell'
Ⓓ decided to use only the name ' Booker'.
B Explanation The Man Group Booker নামটি অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত নিয়েছিলেন।

32. The word 'sponsor' in line 16 refers to —.
Ⓐ academic Ⓑ councillor
Ⓒ counsellor Ⓓ patron
Ans D

33. The consistent quality of the prize —
Ⓐ is guaranteed by the prize money.
Ⓑ is guaranteed by the gender of the judges.
Ⓒ is guaranteed by the increase in sales of the winner.
Ⓓ is guaranteed by the make-up of the panel of judges.
D Explanation Consistent (Adj) – সংগতিপূর্ণ/ সামঞ্জস্যপূর্ণ।

34. The sponsors of the prize —.
Ⓐ are not involved at all
Ⓑ are involved in choosing the winner.
Ⓒ are involved in choosing the judges.
Ⓓ choose the academic for the panel of judes.
A Explanation Sponsor কে অন্তর্ভূক্ত করা হয় না।

35. The judging panel —
Ⓐ doesnt include women.
Ⓑ includes only women.
Ⓒ is only chosen from representatives of the industry.
Ⓓ includes someone from outside the industry.
D Explanation Man Booker Prize – এর judging panel-এ সমাজের অন্যান্য অঙ্গনের ব্যক্তিদেরকেও সম্পৃক্ত করা হয়।

## সাধারণ জ্ঞান

01. "যতদিন রবে পদ্মা মেঘনা গৌরী যমুনা বহমান ততদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান।" - এই বিখ্যাত কবিতাংশটি কোন কবির রচনা?
Ⓐ মধুসূদন দত্ত Ⓑ নির্মলেন্দু গুণ
Ⓒ অন্নদাশঙ্কর রায় Ⓓ শামসুর রাহমান
C Solve বাংলাদেশের মুক্তিযুদ্ধের একেবারে শেষ পর্যায়ে বাংলা সাহিত্যের খ্যাতিমান লেখক অন্নদাশঙ্কর রায় বঙ্গবন্ধুকে নিয়ে এ কবিতাটি লিখেছিলেন। অন্নদাশঙ্কর রায়ের গ্রন্থ 'কাঁদো প্রিয় দেশ' এ কবিতাটি প্রকাশিত হয়েছিল ২০১০ সালে অন্বেষা প্রকাশনীর মাধ্যমে।

02. আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধুর পক্ষে প্রসিকিউটর হিসেবে নিযুক্ত হয়েছিলেন কে?
Ⓐ স্যার উইলিয়াম থমাস Ⓑ উইলিয়াম কেরি
Ⓒ উইলিয়াম হান্টার Ⓓ উইলিয়াম জোন্স
A Solve 'আগরতলা ষড়যন্ত্র' মামলা পাকিস্তান আমলে পূর্ব পাকিস্তানে দায়ের করা একটি রাষ্ট্রদ্রোহের মামলা। ১৯৬৮ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে প্রধান আসামী করে ৩৫ জনের বিরুদ্ধে এ মামলা দায়ের করা হয়।

03. আন্তর্জাতিক গণতন্ত্র দিবস কত তারিখে পালিত হয়?
Ⓐ ১৬ আগস্ট Ⓑ ১৫ সেপ্টেম্বর
Ⓒ ১৫ নভেম্বর Ⓓ ১৫ ডিসেম্বর
B Solve আন্তর্জাতিক গণতন্ত্র দিবস জাতিসংঘ কর্তৃক ২০০৭ সাল থেকে সদস্যভুক্ত দেশগুলোতে গণতন্ত্র সম্পর্কে আগ্রহ সৃষ্টি এবং গণতন্ত্র চর্চাকে উৎসাহিত করার জন্য একটি বিশেষ দিন।

04. মণিপুরী নৃত্য বাংলাদেশের কোন অঞ্চলের ঐতিহ্য?
Ⓐ রাজশাহী Ⓑ রাঙামাটি
Ⓒ সিলেট Ⓓ নেত্রকোনা
C Solve বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের নৃত্যের মধ্যে ঝুমুর-রংপুর, রাজশাহী; ধুপ-খুলনা, ফরিদপুর, বল-যশোর; জারি-ঢাকা ও ময়মনসিংহ।

05. ইমরুল কায়েস কোন ভাষার কবি?
Ⓐ আরবি Ⓑ ফারসি
Ⓒ হিন্দি Ⓓ উর্দু
A Solve ইমরুল কায়েস হলেন ৬ষ্ঠ শতকের আরবি ভাষার উল্লেখ্যযোগ্য ও শ্রেষ্ঠ কবি। আরবি ভাষায় লেখা বিখ্যাত কাব্য সংকলন 'মুআল্লাকার' অন্যতম ও শ্রেষ্ঠ লেখক।

06. 'গুয়ানতানামো বে' কী?
Ⓐ কারাগার Ⓑ আদালত
Ⓒ সামুদ্রিক মাছ Ⓓ প্রাচীন স্থাপত্য
A Solve গুয়ানতানামো বে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি কারাগার যা বন্দীদের ওপর অমানুষিক নির্যাতনের জন্য বিখ্যাত। ২০০২ সালে এটিকে কিউবার মাটিতে স্থাপন করে মার্কিন যুক্তরাষ্ট্র। এটিকে মর্ত্যের নরক বলেও আখ্যায়িত করা হয়।

07. ম্যাক্সিম গোর্কি তাঁর বিখ্যাত মা উপন্যাস কোন ভাষায় লিখেছেন?
Ⓐ ইংরেজি Ⓑ রুশ
Ⓒ ফরাসি Ⓓ তুর্কি
B Solve মা রুশ কথাসাহিত্যিক ম্যাক্সিম গোর্কি রচিত এক কালজয়ী উপন্যাস যা ১৯০৬ সালে প্রথম প্রকাশিত হয়। উপন্যাসটি বিপ্লবী শ্রমিক আন্দোলনের পটভূমিকায় রচিত।

08. রবীন্দ্রনাথের গীতাঞ্জলি-র ইংরেজি অনুবাদ প্রথম প্রকাশিত হয়-
Ⓐ ১৯১২ সালে Ⓑ ১৯১০ সালে
Ⓒ ১৯১৬ সালে Ⓓ ১৯১৪ সালে
A Solve নোবেল পুরস্কার বিজয়ী বাঙালি কবি রবীন্দ্রনাথ ঠাকুরে গীতাঞ্জলী কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের নাম Song offerings এটি ইংরে ভাষায় অনূদিত, ১৯১২ সালে লন্ডনে প্রথম প্রকাশিত হয়।

09. বঙ্গবন্ধু স্যাটেলাইট-১-এর গ্রাউন্ড স্টেশন কোথায় স্থাপন করা হয়েছে?
Ⓐ গাজীপুর ও বেতবুনিয়া Ⓑ ঢাকা ও গাজীপুর
Ⓒ চট্টগ্রাম ও খুলনা Ⓓ মানিকগঞ্জ ও কেরাণীগঞ্জ
A Solve বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ বাংলাদেশের প্রথম যোগাযোগ সম্প্রচার উপগ্রহ। এটি ১১ মে ২০১৮ কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষে করা হয়।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

10. 'তুমি শুয়ে র'বে তেতালার' পরে, আমরা রহিব নিচে, অথচ তোমারে দেবতা বলিব, সে ভরসা আজ মিছে।'- কাজী নজরুল ইসলামের কোন কবিতার চরণ?
Ⓐ সাম্যবাদী Ⓑ চোর-ডাকাত
Ⓒ মানুষ Ⓓ কুলি-মজুর
Ⓓ Solve 'কুলি-মজুর' কবিতাটি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের সাম্যবাদী কাব্যগ্রন্থের অন্তর্গত। কবিতায় কবি মানব সভ্যতার যথার্থ রূপকার শ্রমজীবী মানুষের অধিকার আদায়ের কথা বলেছেন।

11. ২০১৯ সালে ২ অক্টোবর কোন নেতার সার্ধশত জন্মজয়ন্তী পালিত হয়?
Ⓐ মতিলাল নেহরু Ⓑ আবুল কালাম আজাদ
Ⓒ মহাত্মা গান্ধী Ⓓ জওহরলাল নেহরু
Ⓒ Solve মোহনদাস করমচাঁদ গান্ধী ১৮৬৯ সালে ২ অক্টোবর ব্রিটিশ ভারতের গুজরাটে জন্মগ্রহণ করেছিলেন। ভারতের জাতিরজনক মহাত্মা গান্ধীর জন্মদিনে অর্থাৎ ২ অক্টোবর গান্ধী জয়ন্তী যথাযোগ্য মর্যাদায় পালিত হয়।

12. 'দেশবন্ধু' উপাধি পেয়েছিলেন কোন রাজনীতিবিদ?
Ⓐ সুভাষচন্দ্র বসু Ⓑ এ কে ফজলুল হক Ⓒ চিত্তরঞ্জন দাশ Ⓓ শরৎচন্দ্র বসু
Ⓒ Solve দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ হলেন একজন বাঙালি আইনজীবী এবং রাজনীতিবিদ। তিনি স্বরাজ পার্টির প্রতিষ্ঠাতা। উদার মতবাদ ও দেশের প্রতি দরদের কারণে জনগণ তাকে 'দেশবন্ধু' খেতাবে ভূষিত করেন।

13. পেলোপনেশীয় যুদ্ধ কাদের মধ্যে সংঘটিত হয়েছিল?
Ⓐ এথেন্স ও স্পার্টার মধ্যে Ⓑ এথেন্স ও করিন্থ-এর মধ্যে
Ⓒ করিন্থ ও করথিয়ার মধ্যে Ⓓ করিন্থ ও স্পার্টার মধ্যে
Ⓐ Solve সামরিক নগররাষ্ট্র স্পার্টা এবং গণতান্ত্রিক নগররাষ্ট্র এথেন্সের মধ্যে ৪৬০-৪০৪ খ্রিস্টপূর্বাব্দ পর্যন্ত মোট তিনবার যে যুদ্ধ সংঘটিত হয় ইতিহাসে তা পেলোপনেশীয় যুদ্ধ নামে পরিচিত। এই মরণপণ যুদ্ধে এথেন্সের মান-মর্যাদা ও স্বাধীনতা বিলীন হয়ে যায়। ৩৬৯ খ্রিস্টপূর্বাব্দে এথেন্স চলে যায় স্পার্টার অধীনে।

14. ব্রাহ্মধর্ম কোনটি প্রচারে উদ্যোগী হয়েছিল?
Ⓐ বহু ঈশ্বরবাদ Ⓑ একেশ্বরবাদ
Ⓒ শূন্যবাদ Ⓓ কোনো কিছুই নয়
Ⓑ Solve ব্রাহ্মধর্ম হল উনিশ শতাব্দীর বাংলায় একটি ধর্মীয় আন্দোলন। রাজা রামমোহন রায় ব্রাহ্মসমাজ আন্দোলনের প্রথম প্রবক্তা।

15. ২০১৯ সাল পর্যন্ত আন্তর্জাতিক ক্রিকেটে সর্বকনিষ্ঠ অধিনায়ক কে?
Ⓐ সাকিব আল হাসান Ⓑ মুশফিকুর রহিম
Ⓒ রশিদ খান Ⓓ ব্রায়ান লারা
Ⓒ Solve আফগানিস্তানে জন্মগ্রহণকারী রশিদ খান একজন উদীয়মান আন্তর্জাতিক ক্রিকেটার। ১৮ অক্টোবর ২০১৫ তারিখে জিম্বাবুয়ের বিপক্ষে তার একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক ঘটে। মাত্র ২০ বছর বয়সে তিনি অধিনায়কত্ব লাভ করেন।

16. বাংলাদেশের জাতীয় সংসদ ভবনের স্থপতি লুই আই কানের জন্ম কোন দেশে?
Ⓐ এস্তোনিয়া Ⓑ সার্বিয়া
Ⓒ বুলগেরিয়া Ⓓ লিথুয়ানিয়া
Ⓐ Solve লুই ইসাডোর কান সংক্ষেপে লুই আই কান একজন পৃথিবী বিখ্যাত মার্কিন স্থপতি এস্তোনীয় ইহুদী বংশোদ্ভূত। তিনি আমেরিকার ফিলাডেলফিয়া আর পেনসিলভানিয়ায় স্থাপত্য চর্চা করেছিলেন।

17. জর্জ অরওয়েলের জন্মস্থান কোথায়?
Ⓐ ফ্রান্স Ⓑ ইংল্যান্ড
Ⓒ ভারত Ⓓ জার্মানি
Ⓒ Solve এরিক আর্থার ব্লেয়ার বিশ্ব সাহিত্য অঙ্গনে জর্জ অরওয়েল ছদ্মনামে সমধিক পরিচিত। তাঁর দুটি বিখ্যাত উপন্যাস- 'এনিমেল ফার্ম' ও 'নাইন্টিন এইটি ফোর'।

18. ব্ল্যাক হোলের মাধ্যাকর্ষণ কেমন?
Ⓐ শক্তিশালী Ⓑ দুর্বল
Ⓒ হালকা Ⓓ কোনো অস্তিত্ব নেই
Ⓐ Solve কৃষ্ণগহ্বর (ব্ল্যাক হোল) মহাবিশ্বের অস্তিত্ব ও প্রকৃতিবিষয়ক একটি বহুল প্রচলিত ধারণা। অষ্টাদশ শতাব্দীতে প্রথম তৎকালীন মহাকর্ষ ধারণার ভিত্তিতে কৃষ্ণগহ্বরের অস্তিত্বের বিষয়টি উত্থাপিত হয়।

19. ইবনে বতুতা কোন দেশের নাগরিক?
Ⓐ সিরিয়া Ⓑ মরক্কো
Ⓒ ব্যাবিলন Ⓓ তিউনিসিয়া
Ⓑ Solve ইবনে বতুতা ১৩০৪ খ্রিষ্টাব্দের ফেব্রুয়ারি মরোক্কোর তাঞ্জিয়ারে জন্মগ্রহণ করেন। চীনসহ পৃথিবীর অনেক জায়গায় তিনি শামস-উদ্-দীন নামেও পরিচিত। পৃথিবী ভ্রমণের জন্যই তিনি মূলত বিখ্যাত হয়ে আছেন।

20. বাংলাদেশের বৃহত্তম স্থল বন্দর কোনটি?
Ⓐ বুড়িমারী Ⓑ জাফলং
Ⓒ সোনা মসজিদ Ⓓ বেনাপোল
Ⓓ Solve বাংলাদেশ ও ভারতের মধ্যকার স্থল বাণিজ্যের প্রধান কেন্দ্র হিসেবে বেনাপোল স্থল বন্দর ব্যবহৃত হয়। মোট স্থলবাণিজ্যের ৯০% এই বেনাপোলের মাধ্যমে সংগঠিত হয়ে থাকে।

21. শেখ হাসিনা কিসের জন্য ইউনেস্কো'র 'ফেলিক্স-হোফে-বোইনি শান্তি পদক' -এ ভূষিত হন?
Ⓐ সমুদ্র সীমা মামলায় জয়ের জন্য
Ⓑ পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি জন্য
Ⓒ গঙ্গা পানি বণ্টন চুক্তির জন্য
Ⓓ ছিটমহল সমস্যা সমাধানের জন্য
Ⓑ Solve প্রধানমন্ত্রী শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রামে সুদীর্ঘ ২৫ বছরের গৃহযুদ্ধ অবসানের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ইউনেস্কো প্রদত্ত 'ফেলিক্স হোফে বোইনি শান্তি পুরস্কার' পান ১৯৯৮ সালে।

22. অ্যাশেস ক্রিকেট সিরিজ প্রতিবছর কোন দুটি দেশের মধ্যে অনুষ্ঠিত হয়?
Ⓐ ইংল্যান্ড ও অস্ট্রেলিয়া Ⓑ অস্ট্রেলিয়া ও ভারত
Ⓒ নিউজিল্যান্ড ও ইংল্যান্ড Ⓓ নিউজিল্যান্ড ও ওয়েস্ট ইন্ডিজ
Ⓐ Solve 'অ্যাশেস' ইংল্যান্ড ও আস্ট্রেলিয়া ক্রিকেট দলের মধ্যকার টেস্ট সিরিজ বিশেষ। ১৯৯৮ সাল থেকে ধারাবাহিকভাবে পাঁচটি টেস্ট নিয়ে এ সিরিজ অনুষ্ঠিত হচ্ছে।

23. ঐতিহাসিক লাহোর প্রস্তাব কে উত্থাপন করেছিলেন?
Ⓐ হোসেন শহীদ সোহরাওয়ার্দী Ⓑ চৌধুরী খালেকুজ্জামান
Ⓒ আবুল হাশিম Ⓓ এ কে ফজলুল হক
Ⓓ Solve ১৯৪০ সালের ২৩ মার্চ পাকিস্তানের লাহোরে মুসলিম লীগের সম্মেলনে শেরে বাংলা এ কে ফজলুল হক কর্তৃক প্রস্তাবটি উত্থাপিত হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

24. ১৯৬৯ সালে কোন তারিখের জনসভায় শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়?

Ⓐ ২১ ফেব্রুয়ারি Ⓑ ২২ ফেব্রুয়ারি
Ⓒ ২৩ ফেব্রুয়ারি Ⓓ ২৪ ফেব্রুয়ারি

Ⓒ Solve বঙ্গবন্ধু উপাধি ছাড়াও স্বাধীন বাংলাদেশের স্থপতি শেখ মুজিবুর রহমানকে ৩ মার্চ ১৯৭১ রাষ্ট্রীয়ভাবে বাংলাদেশের 'জাতির জনক' বা 'জাতির পিতা' হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে।

25. কোন খেলোয়াড় ২০১৯ সালে ইউএস ওপেন (পুরুষ-একক) শিরোপা জেতেন।

Ⓐ রাফায়েল নাদাল Ⓑ রজার ফেদেরার
Ⓒ নোভাক ইউকোভিচ Ⓓ ডি. মেডভেডেভ

Ⓐ Solve রাফায়েল নাদাল স্পেনের একজন পেশাদার টেনিস খেলোয়াড়। 'কিং অফ ক্লে' বলে পরিচিত নাদালকে সর্বকালের সেরা ক্লে-কোর্ট খেলোয়াড় বলে অভিহিত করা হয়। ইউএস ওপেন- ২০২২ (পুরুষ একক) শিরোপা জেতেন স্পেনের কার্লোস এ্যালকারেজ।

26. ১৯৪৭ সালে গঠিত বেঙ্গল বাউন্ডারি কমিশনের চেয়ারম্যান কে ছিলেন?

Ⓐ স্যার স্ট্যাফোর্ড ক্রিপস Ⓑ লর্ড ওয়াভেল
Ⓒ সি. সি. বিশ্বাস Ⓓ সিরিল র‍্যাডক্লিফ

Ⓓ Solve সিরিল জন র‍্যাডক্লিফ ছিলেন ব্রিটিশ আইনজীবী এবং ভারতের সীমানা নির্ধারণে গঠিত র‍্যাডক্লিফ কমিশনের প্রধান। তিনি ১৯৬৫ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ওয়ার উইক বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাকালীন চ্যান্সেলর হিসেবে দায়িত্ব পালন করেন।

27. জাতিসংঘ কয়টি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) নির্ধারণ করেছে?

Ⓐ ১৬টি Ⓑ ১৭টি
Ⓒ ১৮টি Ⓓ ১৯টি

Ⓑ Solve SDG এর পূর্ণরূপ হলো- Sustainable Development Goals। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্র ও ১৬৯ টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে। SDGs-এর মেয়াদ ২০১৬ থেকে ২০৩০ সাল।

28. মুজিবনগর সরকারের অস্থায়ী সদর দপ্তর কোথায় ছিল?

Ⓐ মেহেরপুর Ⓑ কলকাতা
Ⓒ দিল্লি Ⓓ আগরতলা

Ⓑ Solve মুজিবনগর সরকার বাংলাদেশের মুক্তিযুদ্ধকে সঠিকভাবে পরিচালনা করার জন্য ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত হয়েছিল মেহেরপুর জেলায়। অস্থায়ী সচিবালয় ৮নং থিয়েটার রোড, কলকাতা।

29. জাতিসংঘ শরণার্থী বিষয়ক কমিশন (UNHCR)- এর সদর দপ্তর কোথায় অবস্থিত?

Ⓐ নিউইয়র্ক Ⓑ রোম
Ⓒ জুরিখ Ⓓ জেনেভা

Ⓓ Solve জাতিসংঘের শরণার্থী বিষয়ক সংস্থা UNHCR ১৯৫০ সালের ১৪ ডিসেম্বর প্রতিষ্ঠিত হয়। UNHCR ২ বার নোবেল শান্তি পুরস্কার লাভ করে (১৯৫৪ ও ১৯৮১)।

30. আমাজন ফরেস্ট কোন মহাদেশে অবস্থিত?

Ⓐ অস্ট্রেলিয়া Ⓑ দক্ষিণ আমেরিকা
Ⓒ এশিয়া Ⓓ ইউরোপ

Ⓑ Solve আমাজন ফরেস্ট দক্ষিণ আমেরিকার আমাজন নদী বিধৌত অঞ্চলে অবস্থিত বিশাল বনভূমি। ৯টি দেশ জুড়ে এই অরণ্য বিস্তৃত। এর মধ্যে ৬০% ব্রাজিলে রয়েছে। পৃথিবীর ২০% অক্সিজেন আসে আমাজন থেকে। এজন্য একে পৃথিবীর ফুসফুস বলা হয়।

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

কলা ও মানববিদ্যা অনুষদ

**ভর্তি পরীক্ষা: ২০১৯-২০; ইউনিট: B; সেট: ২ (বিকাল)**

বাংলা, ইংরেজি, ইতিহাস, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, আরবি, ইসলামিক স্টাডিজ, IML (Language & Linguistics) ফারসি ভাষা ও সাহিত্য, পালি, সংস্কৃত, IER (বি.এড), বাংলাদেশ স্টাডিজ।

## বাংলা

01. 'সে যেন খাঁচায় ধরা পড়েছে।' 'লালসালু' উপন্যাসে কার সম্পর্কে এ কথা বলা হয়েছে?

Ⓐ মজিদ Ⓑ জমিলা Ⓒ রহিমা Ⓓ খ্যাংটা বুড়ি

Ⓑ Solve সৈয়দ ওয়ালীউল্লাহ্ রচিত 'লালসালু' উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র ধর্মব্যবসায়ী মজিদ অর্থ ও প্রভাব বৃদ্ধির সঙ্গে অল্পবয়সী দ্বিতীয় স্ত্রী জমিলাকে নিজের বশীভূত করে রাখতে চায়। জমিলা সম্পর্কে লেখক তাই আলোচ্য উক্তিটি করেছেন।

02. 'রেইনকোট' গল্পের নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন?

Ⓐ কেমিস্ট্রি Ⓑ ইংরেজি
Ⓒ বাংলা Ⓓ জিওগ্রাফি

Ⓐ Solve মুক্তিযুদ্ধের সময়কার ঢাকার পরিস্থিতি নিয়ে 'রেইনকোট' গল্পটি রচিত হয়েছে। গল্পটির কেন্দ্রীয় চরিত্র নুরুল হুদার জবানিতে গল্পের অধিকাংশ ঘটনা বিবৃত হয়েছে। বর্ণিত হয়েছে পাকিস্তানি বাহিনীর বর্বর নিপীড়ন ও হত্যাযজ্ঞের মধ্যে ঢাকা শহরের আতঙ্কগ্রস্ত জীবনের চিত্র।

03. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কোন ঋতুর আগমনের কথা বলা হয়েছে?

Ⓐ শীত Ⓑ বসন্ত
Ⓒ গ্রীষ্ম Ⓓ বর্ষা

Ⓑ Solve 'তাহারেই পড়ে মনে' কবিতাটি ১৯৩৫ খ্রিষ্টাব্দে 'মাসিক মোহাম্মদী' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। এ কবিতায় প্রকৃতি ও মানবমনের সম্পর্কের একটি গুরুত্বপূর্ণ দিক তাৎপর্যময় অভিব্যক্তি পেয়েছে। কবিতাটিতে বসন্ত প্রকৃতির অপরূপ সৌন্দর্যের কথা বিবৃত হয়েছে।

04. কোন বাক্যটিতে অপপ্রয়োগ ঘটেনি?

Ⓐ তিনি সন্ত্রাস দূরীকরণে কিছু পরামর্শ দেন।
Ⓑ পরবর্তিতে দুজনকে গ্রেফতার করা হয়।
Ⓒ এ তথ্য গ্রাহ্যযোগ্য নয়।
Ⓓ সভায় সকল সদস্যরা উপস্থিত ছিল।

Ⓐ Solve অপপ্রয়োগ ও শুদ্ধ প্রয়োগ :

| অপপ্রয়োগ | শুদ্ধ প্রয়োগ |
|---|---|
| পরবর্তিতে দুজনকে গ্রেফতার করা হয়। | পরবর্তীতে দুজনকে গ্রেফতার করা হয়। |
| এ তথ্য গ্রাহ্যযোগ্য নয়। | এ তথ্য গ্রহণযোগ্য নয়। |
| সভায় সকল সদস্যরা উপস্থিত ছিল | সভায় সকল সদস্য উপস্থিত ছিল। |

05. ফরিদপুর জেল থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয়টি চিঠি লিখেছিলেন?

Ⓐ চারটি Ⓑ তিনটি
Ⓒ দুইটি Ⓓ পাঁচটি

Ⓐ Solve বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুর জেলে বন্দি থাকা অবস্থায় আব্বার কাছে একটা, রেণুর কাছে একটা, আর দুইটা শহীদ সাহেব ও ভাসানী সাহেবের কাছে মোট চারটি চিঠি লিখেছিলেন।



CamScanner